প্রকাশকের নিবেদন

‘মহাভারতম্’ মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন ‘মহাভারতম্’-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর ‘মহাভারতম্’—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। ‘মহাভারতম্’-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

নিবেদন

ভগবানেব অনুগ্রহে মহাভাবতেব ভীষ্মপর্ব্ব প্রকাশিত হইল। এই পর্ব্বটী প্রকাশ করিতে অপেক্ষাকৃত অধিক সময় লাগিয়াছে। তাহাব কাবণ, এই পর্ব্বে বিভিন্নভাবে চাবিটী দুরূহ বিষয় উপস্থিত হইয়াছিল। প্রথমে, কুরুপাণ্ডব উভযপক্ষ যুদ্ধ কবিবাব জন্য প্রস্তুত হইলে, সেই যুদ্ধ নিবৃত্তি কবাইবাব নিমিত্ত ভগবান্ বেদব্যাস বাজা ধৃতবাষ্ট্রেব নিকট উপস্থিত হইয়া যে সকল উৎপাতেব বর্ণনা কবিয়াছেন, তাহাব মধ্যে বহুতব জ্যোতিষিক বিষয় সন্নিবেশিত আছে, সেই অংশেব টীকা কবিবাব সময়ে অপ্রকাশিত অনেক জ্যোতিষগ্রন্থ পর্য্যালোচনা কবিতে হইয়াছে। পবে—"মঘাবিষয়গঃ সোমস্তদ্দিনং প্রত্যপদ্যত" ইতি শ্লোকার্দ্ধটুকুব ব্যাখ্যা করিবাব সময়ে বাধ্য হইয়াই বিভিন্নপ্রকার বিরুদ্ধ বচনেব সামঞ্জস্য কবিবার জন্য মহাভাবতের বহুস্থানে অনুসন্ধান করিতে হইযাছিল এবং সেই প্রসঙ্গে কুরুপাণ্ডবেব যুদ্ধ-কালেব সংক্ষিপ্ত ইতিহাসও টীকায় লিপিবদ্ধ কবিতে অনেক সময় অতিবাহিত কবিয়াছি। তা'ব পব ভগবদ্গীতাব প্রক্ষিপ্তবাদের প্রতিবাদকল্পে টীকা ও বঙ্গানুবাদ লিখিবাব সময়ে বহু বিষয় পর্য্যালোচনা কবা আবশ্যক হইয়াছিল। চতুর্থ—জগৎপ্রসিদ্ধ দুরূহগ্রন্থ ভগবদ্-গীতাব নূতন টীকা, বঙ্গানুবাদ ও তাৎপর্য্যার্থ লিখিতেও যথেষ্ট সময় লাগিয়াছে। সে বিষয়ে এইটুকু বক্তব্য যে, জগদ্গুরু ভগবান্ শঙ্কবাচার্য্য, সমীচীনসিদ্ধান্তদর্শী শ্রীধবস্বামী ও পবমহংস-পবিব্রাজকাচার্য্য মধুসূদনসবস্বতীপ্রভৃতি মহাপুরুষগণ যে গ্রন্থেব ব্যাখ্যা কবিয়া গিয়াছেন, সেই গ্রন্থেব উপবে আমাব মত এক জন নগণ্য ব্যক্তিব ব্যাখ্যা কবিবাব জন্য হস্তক্ষেপ কবা যে অত্যন্ত বাতুলতাব পবিচয় দেওয়া মাত্র, তাহা আমি উহাব প্রত্যেক শ্লোকেব ব্যাখ্যা করিবাব সময়েই মনে মনে ধারণা করিয়াছি। তথাপি মহানদীতে নৌকা বাহিয়া যাইবাব সময়ে সম্মুখে ভীষণ আবর্ত্ত (ঘোলা) উপস্থিত হইলে যেমন তাহা পবিত্যাগ কবিয়া যাইবাব উপায় থাকে না, তেমন সম্পূর্ণ মহাভাবতেব টীকা কবিতে প্রবৃত্ত হইয়া অত্যন্ত দুরূহ বলিয়া ভগবদ্গীতা পবিত্যাগ করিয়া টীকা কবা যাইতে পাবে না, ইহা ভাবিয়া শক্তি অনুসাবে তাহাবও টীকা কবিয়াছি। তবে—তিমি-মকবাদি মহাজলজন্তুসঙ্কুল মহাসমুদ্রে যেমন প্রোষ্ঠীপ্রভৃতি ক্ষুদ্রমৎস্যেবও স্থান হইয়া থাকে এবং সিংহ-শার্দ্দূলাদি-বিশাল-প্রাণি-পরিপূর্ণ মহাবনে যেরূপ কাঠবিড়ালীপ্রভৃতিবও স্থান হয়, সেইরূপ ভগবদ্গীতাব ব্যাখ্যাতেও আমাব স্থান হইবে বলিয়া মনে করা অসঙ্গত নহে।

তবে এ কথা সাহস কবিয়া বলা যাইতে পাবে যে, ভগবান্ শঙ্কবাচার্য্যপ্রভৃতিব সময়ে কোন বৈদেশিকভাবেব আবির্ভাব না হওয়ায় প্রক্ষিপ্তবাদপ্রভৃতিবও আবির্ভাব হয় নাই।

সুতরাং তাহার প্রতিবাদকল্পে ভগবান্ শঙ্করাচার্য্যপ্রভৃতিরও মাথা ঘামাইতে হয় নাই। তা'র পর তৎকালে গ্রন্থকার হাতে গ্রন্থ লিখিয়া ঘরে রাখিতেন, আর বিদ্যার্থীরা হাতে হাতে সেই গ্রন্থের নকল করিয়া নানাদেশে লইয়া যাইতেন, তাহাতেই তখন গ্রন্থের প্রচার হইয়া যাইত। অতএব সে সময়ে গ্রন্থপ্রচারের জন্য গ্রন্থকারের কোন অর্থব্যয় বা বিশেষ পরিশ্রমের প্রয়োজন হইত না। কিন্তু বর্ত্তমান সময়ে গ্রন্থ রচনা করিতে যেমন গ্রন্থকারের প্রাণান্ত চিন্তা করিতে হয়, তেমন তাহা প্রচার করিবার জন্যও যথেষ্ট অর্থব্যয় এবং দারুণ পরিশ্রম করার প্রয়োজন হইয়া থাকে। সুতরাং পূর্ব্বের ন্যায় আধুনিক গ্রন্থকার আর গ্রন্থ রচনার দিকে সমস্ত শক্তি নিয়োগ করিতে পারেন না, আমিও পারি নাই। তথাপি আমি ভগবদ্গীতার টীকায় প্রত্যেক শ্লোকেরই অন্বয়মুখে যথাশ্রুত সরল ব্যাখ্যা করিয়াছি বলিয়া তাহা পাঠক মহোদয়গণের কথঞ্চিৎ দৃষ্টি আকর্ষণ করিবে এরূপ আশা করিতে পারি।

পরিশেষে বক্তব্য—বর্ত্তমান সময়ে ভারতবর্ষে ভগবদ্গীতার বহুতর সংস্করণ বাহির হইয়াছে। তাহার মধ্যে অনেক মনীষীই পাঠকের ধৈর্য্যের দিকে লক্ষ্য না রাখিয়া আপন আপন ভাবানুবাদ অত্যন্ত বিস্তৃত করিয়া যথেষ্ট কৃতিত্ব দেখাইয়াছেন, কিন্তু আমি ভগবদ্-গীতার তাৎপর্য্যানুবাদ সেরূপ বিস্তৃত করিতে পারি নাই। কারণ, তাঁহাদের লক্ষ্য—একমাত্র ভগবদ্গীতা, আর আমার লক্ষ্য—সম্পূর্ণ মহাভারত। যে লোক কেবল একটী জলাশয়ে সন্তরণ করে, সে তাহাতে যথেষ্ট নৈপুণ্য দেখাইতে পারে, আর যে লোক সম্পূর্ণ মহানদীতে সন্তরণ করিবে, সে লোক কোন এক জায়গায় নৈপুণ্য দেখাইয়া পরিশ্রমে ক্লান্ত হইবার সাহস করিতে পারে না। তবে এই ভগবদ্গীতার তাৎপর্য্যানুবাদ পড়িবার সময়ে কোন পাঠকই ধৈর্য্য হারাইবেন না, এরূপ ভরসা করা যায়।

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিমহাশয়লিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।
বা—বাপুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।
ব—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।
রা—রামশাস্ত্রিসংশোধিত মুদ্রিত দাক্ষিণাত্যপুস্তক।
নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণপ্রকাশিত পুস্তক।
বিশেষ বিশেষ স্থানে অন্যান্য পুস্তকও আদর্শরূপে ব্যবহৃত হইয়াছে। ইতি—

কলিকাতা ৪১ নং স্থরিলেন
সিদ্ধান্তবিদ্যালয়।
১৩৪৩ সাল, ১৮ ফাল্গুন।

চিরবিধেয়—
শ্রীহরিদাসদেবশর্ম্মা।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

—:*:—

ভীষ্মপর্ব্ব

—:*:—

পাঠক্রমে ভীষ্মপর্ব্বের বৃহৎ সূচীপত্র সমাপ্ত ॥০॥

ভীষ্মপর্ব্বের অধ্যায় ও শ্লোক সংখ্যা।

—:•:—

মহর্ষি বেদব্যাস মহাভারতের আদিপর্ব্ব-দ্বিতীয় অধ্যায়ে গণনা করিয়াছেন —

"অধ্যায়ানাং শতং প্রোক্তং তথা সপ্তদশাপরে।
পঞ্চ শ্লোকসহস্রাণি সংখ্যয়াষ্টৌ শতানি চ ॥২৫৪
শ্লোকাশ্চ চতুরশীতিরস্মিন্ পর্ব্বণি কীর্ত্তিতাঃ।
ব্যাসেন বেদবিদুষা সংখ্যাতা ভীষ্মপর্ব্বণি ॥২৫৫"

অর্থাৎ এই ভীষ্মপর্ব্বে ১১৭ অধ্যায় এবং ৫৮৮৪ শ্লোক আছে। নিম্নলিখিত তালিকা দেখিলেই ইহার সম্পূর্ণ মিল বুঝা যাইবে।

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
১	৩৪	২৬	৭২	৫১	৩০
২	৩৩	২৭	৪৩	৫২	৪২
৩	৮৮	২৮	৪১	৫৩	৪১
৪	২১	২৯	২৯	৫৪	১২৭
৫	১৭	৩০	৪৭	৫৫	৪৫
৬	৫৭	৩১	৩০	৫৬	২২
৭	৩২	৩২	২৮	৫৭	৪০
৮	২১	৩৩	৩৪	৫৮	৪৭
৯	৭৬	৩৪	৪২	৫৯	১৩৮
১০	১৫	৩৫	৫৫	৬০	৩০
১১	৩৯	৩৬	২০	৬১	১০১
১২	৫১	৩৭	৩৫	৬২	৫৯
১৩	১৩	৩৮	২৭	৬৩	৮০
১৪	৭৯	৩৯	২০	৬৪	৭৫
১৫	২০	৪০	২৪	৬৫	৪২
১৬	২৮	৪১	২৮	৬৬	২৪
১৭	৪০	৪২	৭৮	৬৭	২০
১৮	১৮	৪৩	১০৪	৬৮	২২
১৯	৪৫	৪৪	৩১	৬৯	২১
২০	২০	৪৫	৮৭	৭০	৪৪
২১	১৭	৪৬	৫৯	৭১	৭৫
২২	১৬	৪৭	৭৭	৭২	৪২
২৩	২৮	৪৮	১২১	৭৩	৫১
২৪	৭	৪৯	৫৩	৭৪	১৪২
২৫	৪৬	৫০	৫৯	৭৫	৫০
	৮৬১		১২২৫		১৭৮০

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
৭৬	৬৭	৯০	৪৯	১০৪	৫৯
৭৭	১৯	৯১	৮৫	১০৫	৩৯
৭৮	৪৬	৯২	৮০	১০৬	৪৮
৭৯	৬২	৯৩	৪৩	১০৭	৫৭
৮০	৫৯	৯৪	৫১	১০৮	৪১
৮১	৫৫	৯৫	৩০	১০৯	৫৩
৮২	৩৯	৯৬	৫২	১১০	৪৬
৮৩	৫৭	৯৭	৫৮	১১১	৪৩
৮৪	৩৯	৯৮	৪০	১১২	১৪৯
৮৫	৪৪	৯৯	৪৭	১১৩	৫৩
৮৬	৪০	১০০	৩৭	১১৪	১২৫
৮৭	৯১	১০১	৩৭	১১৫	৭১
৮৮	৭৪	১০২	৮৪	১১৬	৫৮
৮৯	৪৩	১০৩	১০৮	১১৭	৩৯
	৭৩৫		৮০১		৮৮১

একুন—৮৬১ + ১২২৫ + ১৩৮১ + ৭৩৫ + ৮০১ + ৮৮১ = ৫৮৮৪

ভীষ্মপর্ব্বের উপপর্ব্ব।

ভীষ্মপর্ব্ব

———∘⁂∘———

(১। জম্বুখণ্ডবিনির্ম্মাণপর্ব্ব।)

প্রথমোঽধ্যায়ঃ।

———∘⁂∘———

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ॥

জনমেজয় উবাচ।

কথং যুযুধিরে বীরাঃ কুরুপাণ্ডবসোমকাঃ।
পার্থিবাশ্চ মহাত্মানো নানাদেশসমাগতাঃ॥১॥

ভাবতকৌমুদী

ভূমিস্তোয়ং দহনপবনৌ ব্যোমযষ্টেন্দুসূর্য্যৌ
সংদৃশ্যন্তে দিশি দিশি সদা মূর্ত্তয়োঽষ্টৌ তবৈতাঃ।
তত্রাপি ত্বং ন খলু ভগবন্। দৃশ্যসে ক্বাপি হন্ত
জ্ঞেয়াজ্ঞেয়োভয়বিধমপি ত্বাং নমামো মহাত্মন্।॥
সদ্বিতীয়োঽপ্যদ্বিতীয়ো ভোগহীনোঽপি ভোগবান্।
মায়ামুক্তোঽপি মায়াবী শবোঽপ্যবতু নঃ শিবঃ॥

অথ সম্বন্ধসাম্যেঽপি ভক্তাধীন এব ভগবানিতি ভগবতঃ পাণ্ডবপক্ষপাতপ্রদর্শনেন প্রদর্শ্য জ্ঞানকর্ম্মোপাসনানির্দ্দেশিন্যা তদুক্তিরূপয়া গীতয়া তাপত্রয়াৎ সাংসারিকানুদ্দিধীর্ষু-র্ভগবান্ বাদরায়ণিরুদ্যোগপর্ব্বান্তিমাধ্যায়সূচিতং ভীষ্মপর্ব্বারম্ভে জনমেজয় উবাচ। কথ-মিতি। নায়কপ্রতিনায়কযুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাং সর্ব্বত্রৈবানুস্যূতত্বাদ্‌যুধিষ্ঠিরপর্ব্ব দুর্য্যোধন-

---

(১) পার্থিবাশ্চ মহাভাগাঃ—পি, পার্থিবাঃ সুমহাত্মানঃ—বা ব রা।

বৈশম্পায়ন উবাচ।

যথা যুযুধিরে বীরাঃ কুরুপাণ্ডবসোমকাঃ।
ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে শৃণু ত্বং পৃথিবীপতে! ॥২॥
তেঽবতীর্য্য কুরুক্ষেত্রং পাণ্ডবাঃ সহসোমকাঃ।
কৌরবানভ্যবর্ত্তন্ত জিগীষন্তো মহাবলাঃ ॥৩॥
বেদাধ্যয়নসম্পন্নাঃ সর্ব্বে যুদ্ধাভিনন্দিনঃ।
আশংসন্তো জয়ং যুদ্ধে বলেনাভিমুখা রণে ॥৪॥

ভাবতকৌমুদী

পর্ব্বেত্যাত্তভিধানে বিশেষবুদ্ধির্নোপজায়ত ইতি ভীষ্মপ্রধানং পর্ব্ব ভীষ্মপর্ব্বেত্যাদিব্যুৎপত্ত্যা গ্রন্থবিশেষবুদ্ধিজননায ভীষ্মপর্ব্বেত্যাদিনামকরণমিত্যবধেয়ম্। কথং কীদৃক্ ॥১॥

যথেতি। অত্র বীরপদেন প্রাগুক্তাঃ পার্থিবা গৃহ্যন্ত ইতি ন ন্যূনত্বাপত্তিঃ। যথা যুযুধিরে তথা শৃণ্বিত্যর্থঃ। স্নানতপস্যাদিনা ধর্ম্মজননং ক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রম্ ॥২॥

ত ইতি। অভ্যবর্ত্তন্ত অভ্যগচ্ছন্, জিগীষন্তো জেতুমিচ্ছন্তঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

শ্রীগণেশায নমঃ।

শ্রীলক্ষ্মণার্য্যগুরবে জড়জন্তুচক্ষুর্বন্ধাপনোদনমৃতে ন হি রোচতেঽন্যৎ।
পাদাবনেজনমুখাপচিতিস্ততস্ত শ্রীভীষ্মপর্ব্বণি বিদধ্মহি ভাবদীপম্ ॥

পূর্ব্বস্মিন্ পর্ব্বণি ভগবদ্ভক্তঃ সত্যপি সামর্থ্যে যঃ সত্যং পালয়ত্যৈশ্বর্য্যঞ্চ ন প্রকাশয়তি কালে প্রাপ্তেঽস্মৈ উপকরোতি চেতি পাণ্ডবাচারপ্রদর্শনব্যাজেন দর্শিতং তমেবম্ভূতং স্বয়ং ভগবান্ হিতোপদেশেনানুগৃহ্লাতি তদীয়াং প্রতিজ্ঞাঞ্চ স্বপ্রতিজ্ঞাবাধেনৈব সত্যাং করোতীত্যর্জ্জুনোপদেশেন ভীষ্মবধার্থং ভগবতঃ শস্ত্রধারণেন চ দর্শয়িষ্যন্ ভীষ্মপর্ব্বারভতে। পূর্ব্বত্র যুদ্ধোদ্‌যোগং শ্রুত্বা যুদ্ধং শ্রোতুকামো জনমেজয় উবাচ—কথং যুযুধিরে বীরা ইতি ॥১॥ তপঃক্ষেত্রে ইতি খড্গ-ধারাতীর্থেঽস্মিন্ স্নানমত্যুচিতমিতি ভাবঃ ॥২॥ জিগীষন্তোঽন্যোন্যং জেতুমিচ্ছন্তঃ ॥৩—৪॥

জনমেজয় বলিলেন—"বীর কৌরবগণ, পাণ্ডবগণ ও সোমকগণ এবং নানাদেশ হইতে আগত মহাত্মা রাজগণ কিভাবে যুদ্ধ করিয়াছিলেন?" ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! কৌরবগণ, পাণ্ডবগণ ও সোমকগণ এবং অন্যান্য বীরগণ ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্রে যে ভাবে যুদ্ধ করিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥২॥

মহাবল ও জয়াভিলাষী পাণ্ডবেরা সোমকগণের সহিত কুরুক্ষেত্রে অবতীর্ণ হইয়া কৌরবগণের অভিমুখে অবস্থান করিলেন ॥৩॥

---

(২) কুরুক্ষেত্রে তপঃক্ষেত্রে—বা ব রা নি। (৩) অবতীর্য্য মহার থাঃ—পি। (৪) বধঞ্চাভিমুখা রণে—পি।

অভিযায চ দুর্দ্ধর্ষাং ধার্ত্তরাষ্ট্রস্য বাহিনীম্।
প্রাঙ্‌মুখাঃ পশ্চিমে ভাগে ন্যবিশন্ত সসৈনিকাঃ ॥৫॥ (যুগ্মকম্)
সমন্তপঞ্চকাদ্বাহ্যং শিবিবাণি সহস্রশঃ।
কাবযামাস বিধিবৎ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৬॥
শূন্যেব পৃথিবী সর্ব্বা বালবৃদ্ধাবশেষিতা।
নিবশ্বপুরুষেবাসীদ্রথকুঞ্জরবর্জ্জিতা ॥৭॥
যাবত্তপতি সূর্য্যো হি জম্বূদ্বীপস্য মণ্ডলম্।
তাবদেব সমাবৃত্তং বলং পার্থিবসত্তম। ॥৮॥
একস্থাঃ সর্ব্ববর্ণাস্তে মণ্ডলং বহুযোজনম্।
পর্য্যাক্রামন্ত দেশাংশ্চ নদীঃ শৈলান্ বনানি চ ॥৯॥

ভাবতকৌমুদী

বেদেতি। যুদ্ধমভিনন্দন্তি প্রশংসন্তীতি তে। বলেন শক্ত্যা যুদ্ধে জয়মাশংসন্তঃ, রণে রণাঙ্গনে অভিমুখাশ্চ সন্তঃ। অভিযায় অভিগম্য ॥৪—৫॥

সমন্তেতি। সমন্তপঞ্চকাৎ তদাখ্যাৎ কুরুক্ষেত্রীয়প্রদেশবিশেষাৎ, বাহ্যং বহিঃ ॥৬॥

শূন্যেতি। বৃদ্ধবালপদং স্ত্রীণামপ্যুপলক্ষণম্ ॥৭॥

উক্তার্থে হেতুমাহ—যাবদিতি। তাবদেব তাবতঃ স্থানাদেব, সমাবৃত্তমাগতম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

অভিযায় অভ্যেত্য, ন্যবিশন্ত পাণ্ডবীয়া ইতি শেষঃ ॥৫॥ বাহ্যং বহিঃ ॥৬—৭॥ যাবত্তপতি সূর্য্য ইত্যনেন কৃৎস্নং সপ্তদ্বীপাত্মকং ভূবলয়ং জম্বূদ্বীপশব্দেনোচ্যতে লিঙ্গসমবায়াচ্ছত্রিণো গচ্ছন্তীতি-

---

বেদাধ্যযনশালী, যুদ্ধাভিনন্দী, শক্তির প্রভাবে জযাভিলাষী এবং সমরাঙ্গনে কৌরবগণেব অভিমুখবর্ত্তী পাণ্ডবেবা সকলে দুর্দ্ধর্ষ কৌবববাহিনীর সম্মুখে উপস্থিত হইয়া কুরুক্ষেত্রের পশ্চিমভাগে সৈন্যগণের সহিত পূর্ব্বমুখে সন্নিবিষ্ট হইলেন ॥৪—৫॥

কুন্তীনন্দন যুধিষ্ঠিব পূর্ব্বেই সমন্তপঞ্চকের বহির্দ্দেশে যথাবিধানে সহস্র সহস্র শিবির নির্ম্মাণ করাইযাছিলেন ॥৬॥

তৎকালে বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকমাত্র গৃহে অবশিষ্ট ছিল, কিন্তু অশ্ব ও সক্ষম পুরুষ, কিংবা রথ ও হস্তী গৃহে ছিল না, সুতরাং পৃথিবী যেন শূন্য হইযা গিযাছিল ॥৭॥

রাজশ্রেষ্ঠ! সূর্য্য জম্বূদ্বীপের যতটা স্থান সন্তপ্ত করেন, তত স্থান হইতেই সৈন্য আসিযাছিল ॥৮॥

---

(৫) অভ্যধাবন্ত পুরুষা ধার্ত্তরাষ্ট্রস্য বাহিনীম্—পি। (৭) বৃদ্ধবালাবশেষিতা। গতাশ্বপুরুষেবাসীৎ—পি। (৯) ··সর্ব্ববর্ণাস্ত পর্য্যক্রামংস্ত—পি।

ততো যুধিষ্ঠিরো রাজা সর্ব্বেষাং পুরুষর্ষভ ।
আদিদেশ সবাহ্যানাং ভক্ষ্যভোজ্যমনুত্তমম্ ॥১০॥
সংজ্ঞাশ্চ বিবিধাস্তাস্তাস্তেষাং চক্রে যুধিষ্ঠিরঃ ।
এবংবাদী বেদিতব্যঃ পাণ্ডবেয়োঽযমিত্যুত ॥১১॥
অভিজ্ঞানানি সর্ব্বেষাং সংজ্ঞাশ্চাভরণানি চ ।
যোজযামাস কৌরব্যো যুদ্ধকাল উপস্থিতে ॥১২॥
দৃষ্ট্বা ধ্বজাগ্রং পার্থস্য ধার্ত্তরাষ্ট্রো মহামনাঃ ।
সহ সর্বৈর্মহীপালৈঃ প্রত্যব্যূহত পাণ্ডবান্ ॥১৩॥

ভারতকৌমুদী

একেতি। দ্রোণাদয়ো ব্রাহ্মণাঃ, ভীষ্মাদয়ঃ ক্ষত্রিয়াঃ, প্রাগুক্তাপণাদিমন্তো বৈশ্যাঃ, গোপত্বেন শূদ্রাশ্চ নারায়ণসৈনিকা ইতি সর্ববর্ণাঃ। পর্য্যাক্রামন্ত ব্যাপ্নুবন্ত ॥৯॥

তত ইতি। বাহৈর্ভৃত্যাদিভিঃ সহেতি তেষাম্, ভক্ষ্যভোজ্যং খাদ্যপেয়ম্ ॥১০॥

সংজ্ঞা ইতি। তাস্তাঃ পাঞ্চালীমাৎস্যীপ্রভৃতীঃ, তেষাং সৈন্যানাম্। পাণ্ডবেয়ঃ পাণ্ডব-পক্ষীয়ঃ। সঙ্কুলযুদ্ধকালে স্বপক্ষবিপক্ষজ্ঞানায়েদমিতি ভাবঃ। পরপক্ষেঽপ্যেবং বোধ্যম্ ॥১১॥

অভীতি। অভিজ্ঞানানি চিহ্নভূতানি। কৌরব্যো যুধিষ্ঠিরো দুর্য্যোধনশ্চ ॥১২॥

দৃষ্টেতি। পার্থস্য পাণ্ডবগণস্য। পাণ্ডবান্ প্রতি অব্যূহত ব্যূহমরচয়ৎ ॥১৩॥

ভারতভাবদীপঃ

বৎ ॥৮—৯॥ সবাহ্যানাং কৈবর্ত্তম্লেচ্ছান্ধ্রাদিপ্রান্ত্যদেশবাসিনো বাহ্যাস্তৎসহিতানাম্ ॥১০॥ ভক্ষ্যাদিদানফলমাহ—এবমিতি। এবংবেদী বিদ্বান্ ইতি অন্যৈঃ পাণ্ডবেয়ো জ্ঞাতব্য ইত্যেত-দর্থমিত্যর্থঃ ॥১১॥ অভিজ্ঞানানি স্বকীয়চিহ্নানি স্বীয়া এব স্বীয়ান্মা নিহন্যুরিত্যেতদর্থম

সেই সমস্ত বর্ণ একস্থানস্থ হইয়া বহুযোজন ভূমণ্ডল, কুরুক্ষেত্রদেশ, নদী, পর্ব্বত ও বন ব্যাপ্ত করিয়াছিল ॥৯॥

নরশ্রেষ্ঠ! তাহার পর রাজা যুধিষ্ঠির ভৃত্যপ্রভৃতির সহিত সমস্ত সৈন্যের খাদ্য ও পেযবস্তুর সংগ্রহ রাখিবার জন্য ভৃত্যবর্গকে আদেশ করিলেন ॥১০॥

আর যুধিষ্ঠির ভিন্ন ভিন্ন সৈন্যদলের ভিন্ন ভিন্ন প্রকার নামকরণ করিলেন। তাহার কারণ এই যে, সেইরূপ নাম বলিলে, তাহাকে পাণ্ডবপক্ষ বলিয়া অন্যে জানিতে পারিবে ॥১১॥

যুদ্ধের সময় উপস্থিত হইলে, যুধিষ্ঠির ও দুর্য্যোধন—উভয়েই আপন আপন সৈন্যের চিহ্নস্বরূপ নাম ও আভরণ দিয়া দিলেন ॥১২॥

---

(১০) তেষাং যুধিষ্ঠিরঃ—বা ব রা নি, ব্যাদিদেশ—বা ব রা, ব্যাদিদেশ সবাহানাম্—নি। (১১) শব্যাশ্চ বিবিধাস্তাত। তেষাং রাত্রৌ যুধিষ্ঠিরঃ। এবং বেদী বা ব রা, সংজ্ঞাশ্চ বিবিধাস্তাত!—নি,…পাণ্ডুপুত্রোঽহমিত্যুত—পি। (১৩) পাণ্ডবম্—বা ব রা নি।

পাণ্ডুরেণাতপত্রেণ ধ্রিয়মাণেন মূর্দ্ধনি।
মধ্যে নাগসহস্রস্য ভ্রাতৃভিঃ পরিবারিতম্ ॥১৪॥
দৃষ্ট্বা দুর্য্যোধনং হৃষ্টাঃ সর্ব্বে পাণ্ডবসৈনিকাঃ।
সর্ব্বে দধ্মুর্মহাশঙ্খান্ ভেরীর্জঘ্নুশ্চ সর্ব্বশঃ ॥১৫॥ (যুগ্মকম্)
ততঃ প্রহৃষ্টাং স্বাং সেনামভিবীক্ষ্যাথ পাণ্ডবাঃ।
বভূবুর্হৃষ্টমনসো বাসুদেবশ্চ বীর্য্যবান্ ॥১৬॥
স্বযোধান্ হর্ষয়ন্তৌ চ বাসুদেবধনঞ্জয়ৌ।
দধ্মতুঃ পুরুষব্যাঘ্রৌ দিব্যৌ শঙ্খৌ রথে স্থিতৌ ॥১৭॥
পাঞ্চজন্যস্য নির্ঘোষং দেবদত্তস্য চোভয়োঃ।
শ্রুত্বা সবাহনা যোধাঃ শকৃন্মূত্রং প্রসুস্রুবুঃ ॥১৮॥

ভারতকৌমুদী

পাণ্ডুরেণেতি। নাগসহস্রস্য হস্তিসমূহস্য। সর্ব্বে সেনাপতয়শ্চ ॥১৪—১৫॥
তত ইতি। হৃষ্টমনসো বভূবুঃ, যুদ্ধোৎসাহাবধারণাদিতি ভাবঃ ॥১৬॥
স্বেতি। দধ্মতুর্বাদয়ামাসতুঃ, দিব্যৌ অলৌকিকৌ ॥১৭॥
পাঞ্চেতি। দেবদত্তস্য তদাখ্যস্যার্জ্জুনশঙ্খস্য। যোধা বিপক্ষযোদ্ধারঃ ॥ ৮॥

ওদিকে মহামনা দুর্য্যোধন পাণ্ডবগণের ধ্বজাগ্র দেখিয়া সমস্ত রাজার সহিত মিলিত হইয়া পাণ্ডবদের বিপক্ষে ব্যূহরচনা করিলেন ॥১৩॥

দুর্য্যোধনের মস্তকের উপরে শ্বেতবর্ণ ছত্র ধারণ করিয়াছে এবং তিনি ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া হস্তিসৈন্যমধ্যে রহিয়াছেন—ইহা দেখিয়া সমস্ত পাণ্ডবসৈন্য আনন্দিত হইল, সেনাপতিরা সকলে মহাশঙ্খধ্বনি করিয়া উঠিলেন এবং বাদ্যকারেরা সকল দিক্ হইতে ভেরী বাজাইতে আরম্ভ করিল ॥১৪—১৫॥

তখন বলবান্ কৃষ্ণ ও পাণ্ডবগণ আপন সৈন্যদিগকে আনন্দিত দেখিয়া নিজেরাও আনন্দিত হইলেন ॥১৬॥

পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন রথে থাকিয়া আপন যোদ্ধাদিগকে আনন্দিত করতঃ দিব্য শঙ্খযুগলের ধ্বনি করিলেন ॥১৭॥

বাহনগণের সহিত বিপক্ষযোদ্ধারা কৃষ্ণের পাঞ্চজন্যশঙ্খ ও অর্জ্জুনের দেবদত্তশঙ্খের ধ্বনি শুনিয়া বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিল ॥১৮॥

---

(১৪) পরিবারিতঃ—বা ব রা নি। (১৫) হৃষ্টাঃ পাঞ্চালা যুদ্ধনন্দিনঃ। দধ্মুঃ প্রীতাঃ—বা ব রা নি, ভের্য্যশ্চ মধুরস্বনাঃ—বা ব রা, ভেরীর্জঘ্নু সহস্রশঃ—নি। (১৭) ততো যোধান্—পি, ততো হর্ষং সমাগম্য—বা ব রা। (১৮) শ্রুত্বা তু নিনদং যোধাঃ—বা ব রা নি।

যথা সিংহস্য নদতঃ স্বনং শ্রুত্বেতরে মৃগাঃ।
ত্রসেয়ুস্তদ্বদেবাসীদ্ধার্ত্তরাষ্ট্রবলং তদা ॥১৯॥
উদতিষ্ঠদ্রজো ভৌমং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
অস্তং গত ইবাদিত্যঃ সৈন্যেন রজসা বৃতঃ ॥২০॥
ববর্ষ তত্র পর্জ্জন্যো মাংসশোণিতবৃষ্টিমান্।
দিক্ষু সর্ব্বাণি সৈন্যানি তদদ্ভুতমিবাভবৎ ॥২১॥
বায়ুস্ততঃ প্রাদুরাসীন্নীচৈঃ শর্করকর্ষণঃ।
বিনিঘ্নংস্তান্যনীকানি বিষমঞ্চৈব তদ্রজঃ ॥২২॥
উভে সৈন্যে চ রাজেন্দ্র! যুদ্ধায় মুদিতে ভৃশম্।
কুরুক্ষেত্রে স্থিতে যত্তে সাগরক্ষুভিতোপমে ॥২৩॥

ভাবতকৌমুদী

যথেতি। স্বনং গর্জ্জনম্। মৃগাঃ পশবঃ, "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥১৯॥
উদিতি। রজো ধূলিঃ, ভৌমং ভূমিসম্বন্ধি। সৈন্যেন সৈন্যোত্থাপিতেন ॥২০॥
ববর্ষেতি। পর্জ্জন্যো মেঘঃ। সর্ব্বাণি সৈন্যানি লক্ষ্যীকৃত্যেতি শেষঃ ॥২১॥
বায়ুরিতি। নীচৈরধোদেশাৎ শর্করকর্ষণঃ স্থূলবালুকাকর্ষী। বিষমং ভয়ানকম্ ॥২২॥
উভে ইতি। যত্তে যত্নযুক্তে, ক্ষুভিতঃ সাগর ইতি সাগরক্ষুভিতঃ অগ্নিষ্টোমাদিবৎ বিশেষণস্য পরনিপাতঃ। তদুপমে ॥২৩॥

কারণ, অন্য পশুরা যেমন সিংহের গর্জ্জন শুনিয়া ভীত হয়, সেইরূপ তখন দুর্য্যোধনের সৈন্যেরা ভীত হইয়াছিল ॥১৯॥

ভূতল হইতে ধূলি উঠিল, কিছুই দেখা যাইতে লাগিল না এবং সৈন্যোত্তোলিত ধূলিতে আবৃত হইয়া সূর্য্য যেন অস্ত গেলেন ॥২০॥

তখন মেঘ, সকল দিকে সকল সৈন্যের উপরে রক্ত ও মাংস বর্ষণ করিল। তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥২১॥

তাহার পর বায়ু ভূতল হইতে কাকর আকর্ষণ করিয়া সেই সৈন্যগণকে আঘাত করিতে থাকিয়া বহিত হইতে লাগিল। সে কাকর ভয়ঙ্করই ছিল বটে ॥২২॥

রাজশ্রেষ্ঠ! উদ্বেলিত সমুদ্রের ন্যায় সেই উভয় সৈন্য যুদ্ধের জন্য অত্যন্ত যত্নবান্ ও আনন্দিত হইয়া কুরুক্ষেত্রে অবস্থান করিতে লাগিল ॥২৩॥

---

(১৯)···ত্রসেয়ুর্নিনদং শ্রুত্বা তথাসীদত তদ্বলম্—ব র া নি। (২১) ববর্ষ চাত্র—পি,·· ব্যক্তন্ সর্ব্বাণি সৈন্যানি—নি। (২২)···অনীকানি শতশোঽথ সহস্রশঃ—ব র া নি।

তয়োস্তু সেনযোবাসীদদ্ভুতঃ স তু সঙ্গমঃ।
যুগান্তে সমনুপ্রাপ্তে দ্বযোঃ সাগবযোবিব ॥২৪॥
শূন্যাসীৎ পৃথিবী সর্ব্বা বৃদ্ধবালাবশেষিতা।
নিরশ্বপুরুষেবাসীদ্রথকুঞ্জববর্জ্জিতা।
তেন সেনাসমূহেন সমানীতেন কৌববৈঃ ॥২৫॥
ততস্তে সমযং চক্রুঃ কুরুপাণ্ডবসোমকাঃ।
ধর্ম্মান্ সংস্থাপযামাসুর্য়ুদ্ধানাং ভরতর্ষভ। ॥২৬॥
নিবৃত্তে বিহিতে যুদ্ধে স্যাৎ প্রীতির্নঃ পবস্পবম্।
যথা পুবা যথাযোগং ন তৎ স্যাচ্ছলনং স্ম নঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

তয়োরিতি। সঙ্গমো যুদ্ধায সম্মেলনম্। যুগান্তে প্রলয়কালে ॥২৪॥

হেত্বভিধানার্থং পুনরুচ্যতে—শূন্যেতি। তেনেত্যাদির্হেতুরুক্তঃ। কৌরবৈঃ পাণ্ডব-ধার্ত্তরাষ্ট্রৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

তত ইতি। সমযং শপথম্। ধর্ম্মান্ শপথবিষয়ীভূতান্ নিযমান্ ॥২৬॥

অথ কে তে ধর্ম্মা ইত্যাহ—নিবৃত্ত ইতি। পুরা যথা প্রীতিরাসীৎ, যথাযোগং যথাসম্ভবং তথা প্রীতিঃ স্যাৎ। কিন্তু তৎ যুদ্ধকালীনং ছলনং পুনর্ন স্যাৎ ॥২৭॥

ভারতভাবদীপঃ

॥১২—১৭॥ শকৃৎ পুরীষম্ ॥১৮॥ অসীদত অবসন্নমভূৎ ॥১৯—২১॥ শর্করাঃ স্থূলবালুকাঃ কর্ষযতীতি তথা বিনিঘ্নন্ শর্করাভিরিত্যর্থঃ ॥২২॥ সাগরক্ষুভিতোপমে ক্ষুভিতসাগরোপমে ॥২৩—২৬॥ ধর্ম্মান্—পরাঙ্মুখস্ত্যক্তশস্ত্রঃ শরণাগতোঽন্যেন সংযুক্তশ্চ ন হন্তব্য ইত্যাদীন্ ॥২৭॥

প্রলযকাল উপস্থিত হইলে দুইটা সমুদ্রেব সম্মেলনেব ন্যায সেই দুইটা সৈন্যেব সেই সম্মেলনটা অদ্ভুতই হইযাছিল ॥২৪॥

পাণ্ডবগণ ও ধার্ত্তবাষ্ট্রগণ সেই সৈন্যসমূহ আনযন করিযাছিলেন বলিযা বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকমাত্র স্বস্বস্থানে অবশিষ্ট থাকায সমগ্র পৃথিবীই যেন শূন্য হইযা গিযাছিল এবং সক্ষম পুরুষ, অশ্ব, রথ ও হস্তী যেন অন্যত্র মোটেই ছিল না ॥২৫॥

ভবতশ্রেষ্ঠ। তাহাব পর সেই কৌরব, পাণ্ডব ও সোমকেরা যুদ্ধেব নিযম স্থাপন কবিলেন এবং সে বিষযে শপথও করিলেন—॥২৬॥

'যুদ্ধ নিবৃত্তি পাইলে, আবার আমাদেব পূর্ব্বের ন্যায যথাসম্ভব পবস্পর প্রীতি হইবে, কিন্তু পুনরায আমাদের ছলনা হইবে না ॥২৭॥

---

(২৫) শূন্যেব পৃথিবী সর্বা—পি। (২৭)· যথাপরং যথাযোগং ন চ স্যাৎ কস্যচিৎ পুনঃ—বা ব রা নি।

বাচা যুদ্ধে প্রবৃত্তে নো বাচৈব প্রতিযোধনম্ ।
নিষ্ক্রান্তাঃ পৃতনামধ্যান্ন হন্তব্যাঃ কদাচন ॥২৮॥
রথী চ রথিনা যোধ্যো গজেন গজধূর্গতঃ ।
অশ্বেনাশ্বী পদাতিশ্চ পাদাতেনৈব ভারত ! ॥২৯॥
যথাযোগং যথাকামং যথোৎসাহং যথাবলম্ ।
সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে ॥৩০॥
একেন সহ সংযুক্তঃ প্রপন্নো বিমুখস্তথা ।
ক্ষীণশস্ত্রো বিবর্ম্মা চ ন হন্তব্যঃ কদাচন ॥৩১॥

ভারতকৌমুদী

বাচেতি। নঃ অস্মাকম্। পৃতনামধ্যাৎ সৈন্যসংঘমধ্যাৎ ॥২৮॥

রথীতি। গজধূর্গতঃ হস্তিপৃষ্ঠবর্ত্তী। অশ্বী অশ্বারোহী ॥২৯॥

যথেতি। যথাযোগং যোগ্যতামনতিক্রম্য, যথাকামং যুদ্ধেচ্ছামনতিক্রম্য, যথোৎসাহম্ উৎসাহমনতিক্রম্য, যথাবলং শক্তিস্থানতিক্রম্য, সমাভাষ্য পরং সম্ভাষ্য ॥৩০॥

একেনেতি। সংযুক্তো যুদ্ধপ্রবৃত্তঃ, প্রপন্নঃ শরণাপন্নঃ। বিবর্ম্মা বর্ম্মহীনঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মসংস্থাপনমেবাহ—যথাপরমিতি। যথাযোগং তুল্যয়োর্যোগস্তানতিক্রমণং যথা যেন প্রকারেণ অপরম্ অনুৎকৃষ্টম্ অন্যায্যমিত্যর্থঃ। তথা ন কস্যচিত্ন্যাযোগাদিক্রমঃ স্যাদিতি ভাবঃ ॥২৮॥ গজধূর্গতঃ গজস্কন্ধগতঃ ॥২৯—৩৪॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

আমাদের বাক্যযুদ্ধ উপস্থিত হইলে, বাক্যদ্বারাই প্রতিযুদ্ধ করিতে হইবে; আর যাহারা সৈন্যমধ্য হইতে নির্গত হইবে, কখনও তাহাদিগকে বধ করা হইবে না ॥২৮॥

ভরতনন্দন ! রথী রথারোহীর সহিত, গজারোহী গজারোহীর সহিত, অশ্বারোহী অশ্বারোহীর সহিত এবং পদাতি পদাতির সহিত যুদ্ধ করিবেন ॥২৯॥

যোগ্যতা, ইচ্ছা, উৎসাহ ও শক্তি অনুসারে বিপক্ষকে বলিয়া আমরা প্রহার করিব; কিন্তু বিশ্বস্ত বা বিহ্বল লোককে প্রহার করিব না ॥৩০॥

অন্যের সহিত যুদ্ধে প্রবৃত্ত, শরণাগত, পরাঙ্মুখ, ক্ষীণশস্ত্র ও বর্ম্মবিহীন লোককে আমরা কখনও আঘাত করিব না ॥৩১॥

---

(২৮) বাচ্চা যুদ্ধপ্রবৃত্তানাম্—বা ব রা, বাচা যুদ্ধে প্রবৃত্তানাম্—নি। (৩০) যথোৎসাহং যথাবয়ঃ—পি। (৩১) পরেণ সহ সংযুক্তঃ প্রমত্তঃ—নি।

ন সূতেষু ন ধুর্য্যেষু ন চ শস্ত্রোপনায়িষু।
ন ভেরীশঙ্খবাদেষু প্রহর্ত্তব্যং কথঞ্চন ॥৩২॥
এবং তে সময়ং কৃত্বা কুরুপাণ্ডবসোমকাঃ।
বিস্ময়ং পরমং জগ্মুঃ প্রেক্ষমাণাঃ পরস্পরম্ ॥৩৩॥
নিবিশ্য চ মহাত্মানস্ততস্তে পুরুষর্ষভাঃ।
হৃষ্টরূপাঃ সুমনসো বভূবুঃ সহসৈনিকাঃ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে সৈন্যশিক্ষণে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ পূর্ব্বাপরে সৈন্যে সমীক্ষ্য ভগবানৃষিঃ।
সর্ব্ববেদবিদাং শ্রেষ্ঠো ব্যাসঃ সত্যবতীসুতঃ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। সূতেষু স্তুতিপাঠকেষু, ধুর্য্যেষু ভারবাহকেষু গোগর্দ্দভাদিষু, শস্ত্রোপনায়িষু বীরান্তিকে শস্ত্রদাতৃষু। ভেরীশঙ্খানাং বাদেষু বাদকেষু। দর্শকাদীনামুপলক্ষণমেতৎ ॥৩২॥

এবমিতি। সময়ং নিয়মম্। পরমং বিস্ময়ং জগ্মুঃ, অসাধারণদর্শনাদিতি ভাবঃ ॥৩৩॥

নিবিশ্যেতি। নিবিশ্য যথাস্থানমবস্থায়। সুমনসঃ প্রসন্নচিত্তাঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

—(ঃ*ঃ)—

তত ইতি। পূর্ব্বাপরে সৈন্যে পূর্ব্বদিগবস্থিতং কৌরবসৈন্যং পশ্চিমদিগবস্থিতং পাণ্ডবসৈন্যঞ্চ, ভগবান্ তপোমাহাত্ম্যবান্। ভবিষ্যতি ভাবিনি। ভরতানাং যুধিষ্ঠিরদুর্য্যোধনা-

স্তুতিপাঠক, ভারবাহী, অস্ত্রদাতা এবং ভেরী ও শঙ্খপ্রভৃতি বাদ্যবাদকগণের উপরে কোন প্রকারে আমরা প্রহার করিব না' ॥৩২॥

সেই কৌরব, পাণ্ডব ও সোমকেরা এইরূপ নিয়ম করিয়া পরস্পর দেখিতে থাকিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥৩৩॥

তাহার পর সৈন্যগণের সহিত সেই পুরুষশ্রেষ্ঠ মহাত্মারা যথাস্থানে অবস্থিত হইয়া আনন্দিত ও প্রসন্নচিত্ত হইলেন ॥৩৪॥

——০——

ভবিষ্যতি রণে ঘোরে ভবতানাং পিতামহঃ।
প্রত্যক্ষদর্শী ভগবান্ ভূতভব্যভবিষ্যবিৎ ॥২॥
বৈচিত্রবীর্য্যং রাজানং রহস্যমিদমব্রবীৎ।
শোচন্তমার্ত্তং ধ্যায়ন্তং পুত্রাণামনয়ং তদা ॥৩॥ (বিশেষকম্)

ব্যাস উবাচ।

রাজন্! পরীতকালাস্তে পুত্রাশ্চান্যে চ পার্থিবাঃ।
তে হনিষ্যন্তি সংগ্রামে সমাসাদ্যেতরেতরম্ ॥৪॥
তেষু কালপরীতেষু বিনশ্যৎসু চ ভারত!।
কালপর্য্যায়মাজ্ঞায় মাস্ম শোকে মনঃ কৃথাঃ ॥৫॥
যদি চেচ্ছসি সংগ্রামং দ্রষ্টুমেনং বিশাংপতে!।
চক্ষুর্দ্দদানি তে পুত্র! যুদ্ধমেতন্নিশাময় ॥৬॥

ভারতকৌমুদী

দীনাম্। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্। বৈচিত্রবীর্য্যং ধৃতরাষ্ট্রম্, রহসি নির্জ্জনস্থানে তিষ্ঠতীতি তম্, "শিট্যঘোষে বিসর্জ্জনীয়স্য" ইতি বিসর্গলোপঃ। অনয়ং দুর্নীতিম্ ॥১—৩॥

রাজন্নিতি। পরীতকালা উপস্থিতমৃত্যবঃ। সমাসাদ্য প্রাপ্য, ইতরেতরং পরস্পরম্ ॥৪॥

তেম্বিতি। কালস্য সময়স্য পর্য্যায়ম্, ঈদৃশীমেব পরিবৃত্তিম্ ॥৫॥

যদীতি। নিশাময় পশ্য। দর্শনার্থত্বাৎ "শমোঽদর্শনে" ইতি ন হ্রস্বঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর মাহাত্ম্যশালী, সমস্ত বেদজ্ঞশ্রেষ্ঠ, যুধিষ্ঠির ও দুর্য্যোধনপ্রভৃতির পিতামহ, জগতের সমস্ত বস্তুরই প্রত্যক্ষদর্শী এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানবেত্তা ভগবান্ সত্যবতীনন্দন বেদব্যাস ভাবী ভয়ঙ্কর যুদ্ধের পূর্ব্বে পূর্ব্বদিগবস্থিত কৌরবসৈন্য এবং পশ্চিমদিগবস্থিত পাণ্ডবসৈন্য দর্শন করিয়া আসিয়া, তৎকালে পুত্রগণের দুর্নীতির বিষয় চিন্তাকারী, শোকার্ত্ত ও নির্জ্জনস্থ রাজা ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন ॥১—৩॥

বেদব্যাস বলিলেন—"রাজা! তোমার পুত্রগণের ও অন্যান্য রাজগণের কাল নিকটবর্ত্তী হইয়াছে; সুতরাং তাঁহারা যুদ্ধে পরস্পর পরস্পরকে পাইয়া সংহার করিবেন ॥৪॥

ভরতনন্দন! তাঁহারা কালাক্রান্ত হইয়া বিনষ্ট হইতে লাগিলে, উহা কাল-পরিবর্ত্তনেরই ফল—ইহা বুঝিয়া তুমি শোক করিও না ॥৫॥

---

(৩) স রহস্যব্রবীদিদম্—পি, সরহস্যং ব্রবীদিদম্—বা ব রা। (৪) তে হিংসন্তীব সংগ্রামে—বা ব রা নি। (৫) বিনশ্যৎস্বেব—বা ব রা নি। (৬) যদি ত্বিচ্ছসি দ্রষ্টু-মেতান্ তে হন্ত যুদ্ধং পুত্র! নিশাময়—পি বা ব রা।

ধৃতরাষ্ট্র উবাচ।

ন রোচয়ে জ্ঞাতিবধং দ্রষ্টুং ব্রহ্মর্ষিসত্তম।!
যুদ্ধমেতত্ত্বশেষেণ শৃণুয়াং তব তেজসা ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্ননিচ্ছতি দ্রষ্টুং সংগ্রামং শ্রোতুমিচ্ছতি।
বরাণামীশ্বরো ব্যাসঃ সঞ্জয়ায় বরং দদৌ ॥৮॥

ব্যাস উবাচ।

এষ তে সঞ্জয়ো রাজন্। যুদ্ধমেতদ্বদিষ্যতি।
এতস্য সর্ব্বং সংগ্রামে ন পরোক্ষং ভবিষ্যতি ॥৯॥
চক্ষুষা সঞ্জয়ো রাজন্। দিব্যেনৈষ সমন্বিতঃ।
কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি ॥১০॥
প্রকাশং বাঽপ্রকাশং বা দিবা বা যদি বা নিশি।
মনসা চিন্তিতমপি সর্ব্বং বেৎস্যতি সঞ্জয়ঃ ॥১১॥

ভারতকৌমুদী

নেতি। ন রোচয়ে নেচ্ছামি, তস্য সাতিশয়কষ্টজনকত্বাৎ। তেজসা প্রভাবেণ ॥৭॥
তস্মিন্নিতি। তস্মিন্ ধৃতরাষ্ট্রে। ঈশ্বরো দানসমর্থঃ ॥৮॥
এষ ইতি। ন পরোক্ষম্ অপি তু প্রত্যক্ষমেব ভবিষ্যতি ॥৯॥
চক্ষুষেতি। সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি, অস্মান্মদ্বরদানাদিতি ভাবঃ ॥১০॥
সর্ব্বজ্ঞতাফলমাহ—প্রকাশমিতি। মনসা চিন্তিতমপি অপরেণেতি শেষঃ ॥১১॥

নরনাথ। পুত্র। তুমি যদি এই যুদ্ধ দেখিতে ইচ্ছা কর. তবে তোমাকে আমি চক্ষু দান করি, তুমি এই যুদ্ধ দেখ" ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ। আমি জ্ঞাতিবধ দেখিতে ইচ্ছা করি না, কিন্তু আপনার প্রভাবে এই যুদ্ধের বিবরণ সমস্তই শুনিতে চাই" ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—ধৃতরাষ্ট্র যুদ্ধ দর্শন করিবার ইচ্ছা না করিলে এবং তাহার বিবরণ শুনিবার ইচ্ছা করিলে, বরদানসমর্থ বেদব্যাস সঞ্জয়কে বর দান করিলেন ॥৮॥

বেদব্যাস বলিলেন—"রাজা। এই সঞ্জয় তোমার নিকট এই যুদ্ধের বিবরণ বলিবেন। কারণ, যুদ্ধের সমস্ত বিষয়ই ইঁহার প্রত্যক্ষ হইবে ॥৯॥

রাজা। এই সঞ্জয় দিব্যচক্ষুসমন্বিত হইয়া তোমার নিকট যুদ্ধের বিবরণ বলিবেন এবং ইনি সর্ব্বজ্ঞ হইবেন ॥১০॥

---

(৮) এতস্মিন্ নেচ্ছতি দ্রষ্টুম্—পি।

নৈনং শস্ত্রাণি ভেৎস্যন্তি নৈনং বাধিষ্যতে শ্রমঃ।
গাবল্গনিরয়ং জীবন্ যুদ্ধাদস্মাদ্বিমোক্ষ্যতে ॥১২॥
অহন্তু কীর্ত্তিমেতেষাং কুরূণাং ভরতর্ষভ।।
পাণ্ডবানাঞ্চ সর্ব্বেষাং প্রথয়িষ্যামি মা শুচঃ ॥১৩॥
দিষ্টমেতন্নরব্যাঘ্র! নাভিশোচিতুমর্হসি।
ন চৈব শক্যং সংযন্তুং যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ভগবান্ কুরূণাং প্রপিতামহঃ।
পুনরেব মহাভাগো ধৃতরাষ্ট্রমুবাচ হ ॥১৫॥
ইহ যুদ্ধে মহারাজ! ভবিষ্যতি মহান্ ক্ষয়ঃ।
তথৈব চ নিমিত্তানি ভযদান্যুপলক্ষয়ে ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। ভেৎস্যন্তি বিদারয়িষ্যন্তি। গাবল্গনিঃ গবল্গনপুত্রঃ সঞ্জয়ঃ ॥১২॥
অহমিতি। প্রথয়িষ্যামি গ্রন্থনির্ম্মাণেন পৃথিব্যামিত্যাশয়ঃ ॥১৩॥
দিষ্টমিতি। দিষ্টং দৈবম্। সংযন্তুং নিবারয়িতুম্। যতো যত্র, ততস্তত্র ॥১৪॥
এবমিতি। স ব্যাসঃ, কুরূণাম্ অভিমন্যুপ্রভৃতীনাম্ ॥১৫॥

সুতরাং প্রকাশই হউক বা অপ্রকাশই হউক, কিংবা দিনেই হউক বা রাত্রিতেই হউক, এমন কি অন্যে মনে মনেও যাহা চিন্তা করিবে, সে সমস্তও সঞ্জয় জানিতে পারিবেন ॥১১॥

কোন অস্ত্র উঁহাকে বিদীর্ণ কবিতে পাবিবে না, কিংবা পরিশ্রম উঁহাকে ক্লান্ত করিবে না এবং এই সঞ্জয় জীবিত থাকিযাই এই যুদ্ধ হইতে মুক্তি পাইবেন ॥১২॥

ভবতশ্রেষ্ঠ! আর আমি এই সকল কৌরব ও পাণ্ডবগণের কীর্ত্তি বলিব। তুমি শোক করিও না ॥১৩॥

নরশ্রেষ্ঠ! এটা দৈব; সুতরাং তুমি ইহার জন্য শোক করিতে পাব না এবং কেহই ইহাকে বাবণ করিতেও পারে না। তবে যেদিকে ধর্ম্ম আছেন, সেই দিকেই জয় হইবে" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—অভিমন্যুপর্য্যায় কৌরবগণের প্রপিতামহ ও মহাত্মা ভগবান্ বেদব্যাস এই কথা বলিযা পুনরায ধৃতরাষ্ট্রকে বলিলেন—॥১৫॥

---

(১২)…গাবল্গনিরয়ং সৌম্য!—পি। (১৬)‥ মহাক্ষয়ঃ। তথেমানি নিমিত্তানি ভয়ায়াদ্যোপলক্ষয়ে—পি।

শ্যেনা গৃধ্রাশ্চ কাকাশ্চ কঙ্কাশ্চ সহিতা বকৈঃ।
সম্পতন্তি ধ্বজাগ্রেষু সমবায়াংশ্চ কুর্ব্বতে ॥১৭॥
অভ্যগ্রঞ্চ প্রপশ্যন্তি যুদ্ধমানন্দিনো দ্বিজাঃ।
ক্রব্যাদা ভক্ষয়িষ্যন্তি মাংসানি গজবাজিনাম্ ॥১৮॥
নির্দ্দয়ঞ্চাভিবাশন্তো ভৈরবা ভয়বেদিনঃ।
কঙ্কাঃ প্রযান্তি মধ্যেন দক্ষিণামভিতো দিশম্ ॥১৯॥
উভে পূর্ব্বাপরে সন্ধ্যে নিত্যং পশ্যামি ভারত।।
উদয়াস্তমনে সূর্য্যং কবন্ধৈঃ পরিবারিতম্ ॥২০॥

ভারতকৌমুদী

ইহেতি। নিমিত্তানি লক্ষণানি, ভয়দানি ভয়জনকানি ॥১৬॥
শ্যেনা ইতি। কঙ্কা অপি পক্ষিবিশেষাঃ। সমবায়ান্ সম্মেলনানি ॥১৭॥
অভ্যগ্রমিতি। অভ্যগ্রমাসন্নম্। ক্রব্যাদা মাংসভোজিনঃ, দ্বিজাস্তে পক্ষিণঃ ॥১৮॥
নির্দ্দয়মিতি। অভিবাশন্তঃ শব্দায়মানাঃ। অভিতঃ প্রতি ॥১৯॥
উভে ইতি। কবন্ধৈঃ শিরোহীনদেহৈঃ, পরিবারিতং পরিবেষ্টিতম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ ভবিষ্যতি ভাবিনী ॥২—৩॥ হিংসন্তীব নাশয়িষ্যন্তোব ॥৪॥ পর্য্যাস্বং বৈপরীত্যম্ ॥৫॥ নিশাময় পশ্য ॥৬॥ ন পরোক্ষমিতি পাঠে প্রত্যক্ষম্ ॥৭—১৬॥ নগাগ্রেষু বৃক্ষাগ্রেষু, সম্পতন্তি একীভূয় পতন্তি, সমবায়ান্ সঙ্ঘান্ ॥১৭॥ অভ্যগ্রং সমীপম্, ক্রব্যাদা মাংসভক্ষকাঃ শৃগালকাকাদয়ঃ ॥১৮॥ বাশন্তঃ শব্দং কুর্ব্বন্তঃ ॥১৯—২০॥ পরিঘাঃ পরিবেষাঃ

মহারাজ! এই যুদ্ধে গুরুতর ক্ষয় হইবে। সেইরূপ ভয়জনক লক্ষণ সকলই আমি লক্ষ্য করিতেছি ॥১৬॥

শ্যেন, গৃধ্র (শকুন), কাক ও কঙ্ক (হাড়গিলা) পক্ষী বকের সহিত মিলিত হইয়া ধ্বজের উপরে পড়িতেছে এবং সমবেত হইতেছে ॥১৭॥

এই সকল মাংসভোজী পক্ষী যুদ্ধ নিকটবর্ত্তী দেখিতেছে, তাই হস্তী ও অশ্বপ্রভৃতির মাংস ভক্ষণ করিবে বলিয়া আনন্দিত হইয়াছে ॥১৮॥

ভয়সূচক ও ভয়ঙ্করমূর্ত্তি কঙ্কপক্ষিসমূহ নিষ্ঠুর রব করতঃ অন্যান্য পক্ষীর মধ্যে থাকিয়া দক্ষিণদিকে যাইতেছে ॥১৯॥

ভরতনন্দন! নিত্যই দেখিতে পাই—প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যার সময়ে উদয় ও অস্তকালে কতকগুলি কবন্ধ সূর্য্যমণ্ডলকে পরিবেষ্টন করে ॥২০॥

---

(১৭) বলৈঃ—পি, সম্পতন্তি নগাগ্রেষু—পি বা ব রা। (১৮) অত্যুগ্রঞ্চ প্রপশ্যন্তি—পি। (১৯) কটকটেতি বাশন্তঃ··· কঙ্কাঃ ক্রোশন্তি মধ্যাহ্নে—নি।

শ্বেতলোহিতপর্য্যন্তাঃ কৃষ্ণগ্রীবাঃ সবিদ্যুতঃ।
ত্রিবর্ণাঃ পরিঘাঃ সন্ধৌ ভানুমাবারয়ন্ত্যত ॥২১॥
জ্বলিতার্কেন্দুনক্ষত্রং নির্বিশেষদিনক্ষপম্।
অহোরাত্রং ময়া দৃষ্টং তদ্ভয়ায় ভবিষ্যতি ॥২২॥
আলক্ষ্যে প্রভয়া হীনাং পৌর্ণমাসীঞ্চ কার্ত্তিকাম্।
চন্দ্রোঽভূদগ্নিবর্ণশ্চ পদ্মবর্ণে নভস্তলে ॥২৩॥
স্বপ্স্যন্তি নিহতা বীরা ভূমিমাবৃত্য পার্থিবাঃ।
রাজানো রাজপুত্রাশ্চ শূরাঃ পরিঘবাহবঃ ॥২৪॥

ভারতকৌমুদী

শ্বেতেতি। পরিঘাঃ পরিঘাস্ত্রসদৃশচিহ্নানি, সন্ধৌ সন্ধ্যাকালে ॥২১॥

জ্বলিতেতি। জ্বলিতানি অর্কেন্দুনক্ষত্রাণি যস্মিন্ তৎ, অতএব নির্বিশেষে সমানালোকাভেদরহিতে দিনক্ষপে দিনরাত্রৌ যত্র তৎ। ভয়ায় ভয়জননায় ॥২২॥

আলক্ষ ইতি। আলক্ষ্যে অচিরমপশ্যম্। অব্যবহিতাতীতত্বাৎ কার্ত্তিকীম্ ॥২৩॥

স্বপ্স্যন্তীতি। পার্থিবাঃ পৃথিবীসম্বন্ধিনঃ। পরিঘা ইব বাহবো যেষাং তে ॥২৪॥

ভারতভাবদীপঃ

কৃষ্ণগ্রীবাঃ শ্বেতলোহিতপর্য্যন্তাশ্চ মধ্যে কৃষ্ণাস্ততো বহিঃ শ্বেতাস্ততো বহির্লোহিতা ইতি ত্রিবর্ণাঃ। সন্ধৌ সন্ধ্যায়াম্, অবারয়ন্ অবেষ্টয়ন্ ॥২১॥ নির্ব্বিশেষদিনক্ষয়ম্ অহোরাত্রং নিশ্চয়েন বিগতঃ শেষো যস্য তস্য দিনস্য তিথেঃ ক্ষয়ো যস্মিন্ সূর্য্যোদয়দ্বয়াস্পর্শিনী ক্ষয়তিথির্যস্মিন্ অহোরাত্রে তন্ময়া দৃষ্টম্। তদেব বিশিনষ্টি—জ্বলিতেতি। অর্কেন্দোর্নক্ষত্রমমাবাস্যায়ামুভাভ্যামাক্রান্তং নক্ষত্রং তদেব জ্বলিতং পাপগ্রহাক্রান্তং যস্মিন্ দর্শে ক্ষয়তিথিঃ তন্নক্ষত্রে চ পাপগ্রহ ইত্যয়ং মহান্ দুর্যোগ ইত্যর্থঃ ॥২২॥ পদ্মবর্ণে রক্তপদ্মবর্ণে। "লোহিনীদ্যৌর্ভবতি

শ্বেত, রক্ত ও কৃষ্ণ—এই ত্রিবর্ণযুক্ত এবং বিদ্যুৎসমন্বিত পরিঘ-(অস্ত্রবিশেষ) সকল সন্ধ্যাকালে সূর্য্যকে আবৃত করে ॥২১॥

আমি আজকাল দেখিতেছি—দিন ও রাত্রির কোন ভেদ থাকে না, সর্ব্বদাই চন্দ্র, সূর্য্য ও নক্ষত্র জ্বলিতে থাকে; সুতরাং তাহাই ভয় জন্মাইবে ॥২২॥

আমি দেখিয়াছি—গত কার্ত্তিকী পূর্ণিমাতেও সেরূপ প্রভা ছিল না এবং পদ্মবর্ণ আকাশে অগ্নিবর্ণ চন্দ্র উদয় পাইয়াছিল ॥২৩॥

অতএব পৃথিবীর রাজারা ও পরিঘবাহু বীর রাজপুত্রেরা যুদ্ধে নিহত হইয়া ভূতল আবৃত করিয়া শয়ন করিবেন ॥২৪॥

---

(২১) ·ভানুমস্তমবারয়ন্—পি বা ব রা। (২২) ·নির্বিশেষদিনক্ষয়ম্—পি বা ব রা। (২৩) অলক্ষ্যঃ প্রভয়া হীনঃ· ·পদ্মবর্ণনভস্তলে—পি বা ব রা। (২৪) ; ভূমিমাবৃত্য বিষ্ঠিতাঃ —পি।

অন্তরীক্ষে ববাহস্য বৃষদংশস্য চোভযোঃ।
প্রণাদং যুধ্যতো রাত্রৌ রৌদ্রং নিত্যং প্রলক্ষযে ॥২৫॥
দেবতাপ্রতিমাশ্চৈব কম্পন্তি চ হসন্তি চ।
বমন্তি রুধিবঞ্চাস্যৈঃ স্বিদ্যন্তি প্রপতন্তি চ ॥২৬॥
অনাহতা দুন্দুভযঃ প্রণদন্তি বিশাংপতে।।
অযুক্তাশ্চ প্রবর্ত্তন্তে ক্ষত্রিযাণাং মহাবথাঃ ॥২৭॥
কোকিলাঃ শতপত্রাশ্চ চাষা ভাসাঃ শুকাস্তথা।
সারসাশ্চ মযূবাশ্চ বাচো মুঞ্চন্তি দারুণাঃ ॥২৮॥
গৃহীতশস্ত্রাঃ ক্রোশন্তি চর্ম্মিণো বাজিপৃষ্ঠগাঃ।
অরুণোদযে প্রদৃশ্যন্তে শতশঃ শলভব্রজাঃ ॥২৯॥

ভাবতকৌমুদী

অন্তরীক্ষ ইতি। বৃষদংশস্য বিড়ালস্য। যুধ্যতোর্যুধ্যমানযোঃ ॥২৫॥

দেবতেতি। আস্যৈর্বদনৈঃ, স্বিদ্যন্তি ঘর্ম্মাক্তা ভবন্তি ॥২৬॥

অনাহতা ইতি। অযুক্তা অশ্বৈরসংসৃষ্টা অপি, প্রবর্ত্তন্তে চলন্তি ॥২৭॥

কোকিলা ইতি। শতপত্রাঃ পক্ষিবিশেষাঃ। বাচো রবান্ ॥২৮॥

গৃহীতেতি। গৃহীতানি শস্ত্রাণি শস্ত্রতুল্যাশ্চঞ্চবো যৈস্তে, চর্ম্মিণো ভৃঙ্গরিটিনামানো দংশনকারিণঃ কীটবিশেষাঃ। "চর্ম্মী ফলকপাণৌ স্যাদ্ভূর্জ্জে ভৃঙ্গরিটাবপি" ইতি বিশ্বঃ। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। শলভব্রজাঃ পতঙ্গশ্রেণয়ঃ ॥২৯॥

ভাবতভাবদীপঃ

যথা মঞ্জিষ্ঠে"তি শ্রুতের্দিবো রক্তত্বমশুভসূচকম্ ॥২৩—২৪॥ বরাহো গৃহকোলো বৃষদংশো মার্জ্জারস্তয়োর্ভূচরয়োরপ্যন্তরিক্ষে উৎপ্লুত্য যুধ্যতোঃ প্রণাদম্ ॥২৫—২৬॥ অযুক্তা অশ্বৈরযোজিতা অপি প্রবর্ত্তন্তে চলন্তি। মহান্তো রথা মহারথাঃ ॥২৭—২৮॥ গৃহীতশস্ত্রা আত্তলোহা

আজকাল প্রত্যহই রাত্রিতে শূকর ও বিড়াল যুদ্ধ করে, তাহাদের ভযঙ্কর রব আকাশে শুনিতে পাই ॥২৫॥

দেবতাদেব প্রতিমাগুলি কখনও কাঁপে, কখনও হাসে, কখনও মুখ দিযা রক্ত বমন করে, কখনও ঘর্ম্মাক্ত হয এবং কখনও পডিযা যায় ॥২৬॥

নরনাথ! আঘাত না কবিলেও দুন্দুভিগুলি শব্দ করে এবং ক্ষত্রিযগণের বিশাল বথ সকল অশ্বযুক্ত না হইযাও চলিতে থাকে ॥২৭॥

কোকিল, কুডলিয়া, চাষ, ভাস, শুক, সাবস ও মযূরসকল ভযঙ্কব রব কবে ॥২৮॥

---

(২৬) প্রকম্পন্তে হসন্তি চ—পি।

উভে সন্ধ্যে প্রকাশেতে দিশাং দাহসমন্বিতে।
পর্জ্জন্যঃ পাংশুবর্ষী চ মাংসবর্ষী চ ভারত। ॥৩০॥
যা চৈষা বিশ্রুতা রাজন্! ত্রৈলোক্যে সাধুসম্মতা।
অরুন্ধতী তয়াপ্যেষ বশিষ্ঠঃ পৃষ্ঠতঃ কৃতঃ ॥৩১॥
রোহিণীং পীড়য়ন্নেষ স্থিতো রাজন্! শনৈশ্চরঃ।
ব্যাবৃত্তং লক্ষ্ম সোমস্য ভবিষ্যতি মহদ্ভয়ম্ ॥৩২॥
অনভ্রে চ মহাঘোরং স্তনিতং শ্রূয়তেঽনিশম্।
বাহনানাঞ্চ রুদতাং নিপতন্ত্যশ্রুবিন্দবঃ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে উৎপাতকথনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

উভে ইতি। উভে সন্ধ্যে প্রাতঃসায়ংসন্ধ্যে। পর্জ্জন্যো মেঘঃ ॥৩০॥
যেতি। সাধুসম্মতা সাধ্বীরূপেণাঙ্গীকৃতা। সা তু সর্ব্বদা বশিষ্ঠমগ্রে করোতি ॥৩১॥
রোহিণীমিতি। পীড়য়ন্ সংস্রবাৎ। ব্যাবৃত্তং তিরোহিতম্, লক্ষ্ম কলঙ্কঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

লোহতুণ্ডা ইতি যাবৎ। "শস্ত্রমায়ুধলোহয়োঃ" ইত্যমরঃ। চর্ম্মিণো ভৃঙ্গরিটিসংজ্ঞাঃ কৃষ্ণশলভবিশেষাঃ। "চর্ম্মী ফলকপাণৌ স্যাদ্ভূর্জ্জে ভৃঙ্গরিটাবপি" ইতি মেদিনী। বাজিপৃষ্ঠগা অশ্বাস্তুদন্তো দৃশ্যন্ত ইত্যর্থঃ ॥২৯—৩১॥ ব্যাবৃত্তং নষ্টং লক্ষ্মহীনশ্চন্দ্রো দৃশ্যত ইত্যর্থঃ ॥৩২॥ স্তনিতঃ স্বনো গর্জ্জিতরূপঃ শব্দঃ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

দৃঢ়চঞ্চু ভেমকুলগুলি অশ্বের পৃষ্ঠে পতিত হইয়া তীব্র ধ্বনি করে এবং অরুণোদয়কালে শত শত পতঙ্গশ্রেণি দেখিতে পাওয়া যায় ॥২৯॥

প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যাকালে দিগ্‌দাহ প্রকাশ পায়। আর ভরতনন্দন! মেঘ ধূলি ও মাংস বর্ষণ করে ॥৩০॥

রাজা! ত্রিভুবনমধ্যে যিনি সাধ্বী বলিয়া বিখ্যাত, সেই অরুন্ধতীও এই বশিষ্ঠকে পৃষ্ঠদিকে রাখিয়াছেন ॥৩১॥

রাজা! এই শনিগ্রহ রোহিণীনক্ষত্রকে উৎপীড়িত করিয়া রহিয়াছেন এবং চন্দ্রের কলঙ্কটা তিরোহিত হইয়াছে; সুতরাং গুরুতর ভয় হইবে ॥৩২॥

---

(৩০) উভে সন্ধ্যে প্রকাশন্তে দিশো দাহসমন্বিতে—বা ব রা নি। (৩৩) অনভ্রে চ মহাঘোরঃ স্তনিতঃ শ্রূয়তে স্বনঃ—বা ব বা, অনভ্রে চ মহাঘোরস্তনিতং শ্রূয়তে ভৃশম্—নি।

তৃতীয়োঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

ব্যাস উবাচ।

খরা গোষু প্রজায়ন্তে রমন্তে মাতৃভিঃ সুতাঃ।
অনার্ত্তবং পুষ্পফলং দর্শয়ন্তি বনদ্রুমাঃ ॥১॥
গর্ভিণ্যো রাজপুত্রাংশ্চ জনয়ন্তি বিভীষণান্।
ক্রব্যাদাঃ পক্ষিভিশ্চাপি সহাশ্নন্তি পরস্পরম্ ॥২॥
ত্রিবিষাণাশ্চতুর্নেত্রাঃ পঞ্চপাদা দ্বিমেহনাঃ।
দ্বিশীর্ষাশ্চ দ্বিপুচ্ছাশ্চ দংষ্ট্রিণঃ পশবোঽশিবাঃ ॥৩॥
জায়ন্তে বিবৃতাস্যাশ্চ ব্যাহরন্তোঽশিবা গিরঃ।
ত্রিপদাঃ শিখিনস্তার্ক্ষ্যাশ্চতুর্দংষ্ট্রা বিষাণিনঃ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অনভ্র ইতি। অনভ্রে নির্মেঘে গগনে, স্তনিতং মেঘনির্ঘোষঃ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

খরা ইতি। খরা গর্দ্দভাঃ। অনার্ত্তবং ভিন্ন-ঋতুসম্বন্ধি ॥১॥

গর্ভিণ্য ইতি। গর্ভিণ্যো রাজভার্য্যাঃ। ক্রব্যাদা মাংসভোজিনঃ পশবঃ ॥২॥

ত্রীতি। ত্রিবিষাণাঃ ত্রিশৃঙ্গাঃ। দ্বিমেহনাঃ শিশ্নদ্বয়যুক্তাঃ। অশিবা অমঙ্গলসূচকাঃ। বিবৃতাস্যাঃ প্রকটিতবদনাঃ। গিরো রবান্। তার্ক্ষ্যা গরুড়াকৃতয়ঃ পক্ষিণঃ ॥৩—৪॥

আর, মেঘশূন্য আকাশেও সর্ব্বদা মহাভয়ঙ্কর মেঘগর্জ্জন শুনা যায় এবং রোদন-প্রবৃত্ত বাহনগণের অশ্রুবিন্দু সকল পতিত হয়” ॥৩৩॥

——ঃ*ঃ——

বেদব্যাস বলিলেন—“গরুর গর্ভে গর্দ্দভ জন্মিতেছে, পুত্রেরা মাতাদের সহিত রমণ করিতেছে এবং বন্য বৃক্ষ সকল অন্যান্য ঋতুর ফল ও পুষ্প দেখাইতেছে ॥১॥

গর্ভবতী রাজভার্য্যারা অতি ভীষণাকৃতি পুত্র সকল প্রসব করিতেছেন এবং মাংসভোজী পশুগণ পক্ষিগণের সহিত মিলিত হইয়া পরস্পর ভোজন করি-তেছে ॥২॥

(১) খরা গোষু প্রসূয়ন্তে—পি। (২) গর্ভিণ্যোঽজাতপুত্রাশ্চ—বা ব রা নি।

তথৈবান্যাশ্চ দৃশ্যন্তে স্ত্রিয়ো বৈ ব্রহ্মবাদিনাম্।
বৈনতেয়ান্ ময়ূরাংশ্চ জনয়ন্তি পুরে তব ॥৫॥
গোবৎসং বড়বা সূতে শ্বা শৃগালং মহীপতে।।
কুক্কুবান্ করভাশ্চৈব শুকাশ্চাশুভবাদিনঃ ॥৬॥
স্ত্রিয়ঃ কাশ্চিৎ প্রসূয়ন্তে চতস্রঃ পঞ্চ কন্যকাঃ।
জাতমাত্রাশ্চ নৃত্যন্তি গায়ন্তি চ হসন্তি চ ॥৭॥
পৃথগ্জনস্য সর্ব্বস্য ক্ষুদ্রকাঃ প্রহসন্তি চ।
নৃত্যন্তি পরিগায়ন্তি বেদয়ন্তো মহদ্ভয়ম্ ॥৮॥

ভারতকৌমুদী

তথেতি। ব্রহ্মবাদিনাং ব্রাহ্মণানাম্। বৈনতেয়ান্ গরুড়াকৃতীন্ সন্তানান্ ॥৫॥
গবিতি। বড়বা অশ্বা, শ্বা কুর্কুরঃ। করভাঃ পশুবিশেষাঃ ॥৬॥
স্ত্রিয় ইতি। জাতমাত্রাশ্চ তাঃ কন্যাঃ ॥৭॥
পৃথগিতি। পৃথগ্জনস্য চাণ্ডালাদিনীচলোকস্য, ক্ষুদ্রকাঃ পঙ্গুপ্রভৃতয়ো বিকলাঙ্গাঃ।

ভারতভাবদীপঃ

খরা ইতি। খরাঃ প্রজায়ন্তে মিথুনীভবন্তি উৎপদ্যন্ত ইতি বা ॥১॥ ক্রব্যাদাঃ সারমেয়াদয়ঃ ॥২—৩॥ বিষাণিনঃ শৃঙ্গবন্তস্তার্ক্ষ্যা এব ॥৪—৫॥ বড়বা অশ্বা, শ্বা শুনী, করভো মৃগবিশেষঃ। "করভঃ কলভো বাষ্টাপদে প্রোক্তো মৃগান্তরে" ইতি বিশ্বঃ ॥৬॥ প্রজায়ন্তে জনয়ন্তি ॥৭॥ পৃথগ্জনস্য নীচজনস্য সম্বন্ধিনঃ ক্ষুদ্রকা ব্যঙ্গাঃ চণ্ডালাদিষু জাতাঃ কাণকুব্জাদয় ইত্যর্থঃ।

কতকগুলি ত্রিশৃঙ্গ, কতকগুলি চতুর্নয়ন, কতকগুলি পঞ্চচরণ, কতকগুলি দ্বিশিশ্ন, কতকগুলি দ্বিমস্তক, কতকগুলি দ্বিপুচ্ছ এবং কতকগুলি পশু বিকটদন্তযুক্ত হইয়া অমঙ্গল সূচনা করিতে থাকিয়া জন্মিতেছে; আবার কতকগুলি পশু জন্মিয়াই মুখ ব্যাদান করিয়া অমঙ্গলসূচক রব করিতেছে গরুড়াকৃতি পক্ষিগণ ত্রিপদ, শিখাযুক্ত চতুর্দন্ত ও শৃঙ্গশালী হইয়া জন্মিতেছে ॥৩—৪॥

রাজা! আবার তোমার রাজধানীতে ব্রাহ্মণভার্য্যাগণকে দেখা যাইতেছে, তাঁহারা গরুড়াকৃতি পক্ষী ও ময়ূর প্রসব করিতেছেন ॥৫॥

রাজা! অশ্ব গোবৎসকে, কুর্কুর শৃগালকে এবং মৃগ কুর্কুরকে উৎপাদন করিতেছে; আর শুকপক্ষিগণও অমঙ্গলসূচক রব করিতেছে ॥৬॥

কতকগুলি স্ত্রী চারিটী ও পাঁচটী করিয়া কন্যা প্রসব করিতেছে, আবার সেই কন্যাগুলিও জন্মিবামাত্রই হাসিতেছে, গাহিতেছে ও নাচিতেছে ॥৭॥

---

(৭) স্ত্রিয়ঃ কাশ্চিৎ প্রজায়ন্তে—বা ব রা নি।

প্রতিমাশ্চালিখন্ত্যেতাঃ সশস্ত্রাঃ কালচোদিতাঃ।
অন্যোন্যমভিধাবন্তি শিশবো দণ্ডপাণয়ঃ ॥৯॥
অন্যোন্যমবমৃদ্নন্তি নগরাণি যুযুৎসবঃ।
পদ্মোৎপলানি বৃক্ষেষু জায়ন্তে কুমুদানি চ ॥১০॥ (যুগ্মকম্)
বিষ্বগ্বাতাশ্চ বান্ত্যুগ্রা রজো নাপ্যুপশাম্যতি।
অভীক্ষ্ণং কম্পতে ভূমিরর্কং রাহুরুপৈতি চ ॥১১॥

ভারতকৌমুদী

"ক্ষুদ্রা ব্যঙ্গা নটী বেশ্যা" ইত্যমরঃ। তথা চ তেষাং সর্ব্বথা বিষাদসম্ভবেঽপি নিতরামানন্দোদয়েন প্রকৃতিবিপর্য্যয়াদুৎপাতত্বমিতি ভাবঃ ॥৮॥

প্রতিমা ইতি। সশস্ত্রা এতাঃ প্রতিমা দেবতাবিগ্রহাশ্চ, কালেন চোদিতাঃ প্রণোদিতাঃ সত্যঃ, আলিখন্তি ভাবিসর্ব্বনাশং গগনে চিত্রয়ন্তীব। কিঞ্চ যুযুৎসবঃ, অতএব দণ্ডপাণয়ঃ শিশবঃ, অন্যোন্যমভিধাবন্তি, তথা স্বস্বনির্ম্মিতানি নগরাণি, অন্যোন্যম্, অবমৃদ্নন্তি ভঞ্জন্তি। সরলমনসাং দ্বেষাদ্যুৎপত্তিরেবোৎপাত ইত্যাশয়ঃ। কিঞ্চ পদ্মানি অব্জানি চ উৎপলানি নীলোৎপলানি চ তানি, কুমুদানি শ্বেতোৎপলানি চ, বৃক্ষেষু জায়ন্তে। প্রকৃতিবিপর্য্যাসাদেবামুৎপাতত্বমিত্যভিপ্রায়ঃ ॥৯—১০॥

বিষ্বগিতি। উগ্রা বাতাশ্চ বিষ্বক্ সর্ব্বাভ্য এব দিগ্ভ্যো বান্তি। অতএব রজো ধূলিরপি নোপশাম্যতি। বাতানাং বিষ্বক্প্রবৃত্তিরেবোৎপাতঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। পুনঃ পুনর্ভূকম্প এবোৎপাতঃ। এতাবতা প্রকৃতিবিপর্য্যাসরূপমুৎপাতমভিধায়েদানীং গ্রহাদীনাং বিনিয়মরূপমুৎপাতমভিধত্তে অর্কমিতি। রাহুর্গ্রসিতুমর্কমুপৈতি চ ॥১১॥

ভাবতভাবদীপঃ

"ক্ষুদ্রা ব্যঙ্গা নটী"ত্যাদি মেদিনী ॥৮—৯॥ নগরাণি কৃত্রিমাণি শিশব এবাবমৃদ্নন্তি পদ্মানি মহান্তি উৎপলানি ক্ষুদ্রাণীতি ভেদঃ। কুমুদানি চন্দ্রোদয়বিকাসীনি তান্যেব ॥১০॥ বর্ত্ততে বর্ত্তয়তি দীপ্যত ইত্যর্থঃ। নিত্যং দাবদাহো ভবতীতি যাবৎ। কল্পত ইতি পাঠেঽপি স এবার্থঃ। কার্ত্তিক্যাঃ পরং হি সংগ্রামারম্ভস্তত্র তুলাস্থমর্কং রাহুরুপৈতি ॥১১॥ তদৈব শ্বেতো

সমস্ত নীচসমাজের পঙ্গুপ্রভৃতি বিকলাঙ্গ লোকেরা গুরুতর ভয়ের সূচনা করতঃ কখনও হাসিতেছে, কখনও নাচিতেছে এবং কখনও গাহিতেছে ॥৮॥

অস্ত্রধারী এই সকল দেববিগ্রহ কালপ্রেরিত হইয়াই যেন আকাশে ভাবী সর্ব্বনাশের বিষয় লিখিতেছে। যুদ্ধার্থী ও যষ্টিধারী শিশুরা পরস্পরের প্রতি ধাবিত হইতেছে এবং স্বনির্ম্মিত নগরগুলিকে ভাঙ্গিয়া ফেলিতেছে। আর পদ্ম, নীলোৎপল ও শ্বেতোৎপল বৃক্ষে জন্মিতেছে ॥৯—১০॥

সকল দিক্ হইতে ভয়ঙ্কর বায়ু বহিতেছে, ধূলি নিবৃত্তি পাইতেছে না, বার বার

---

(১০) অন্যোন্যমভিমৃদ্নন্তি—বা ব রা নি।

শ্বেতো গ্রহস্তথা চিত্রাং সমতিক্রম্য তিষ্ঠতি ।
অভাবং হি বিশেষেণ কুরূণাং তত্র পশ্যতি ॥১২॥
ধূমকেতুর্মহাঘোরঃ পুষ্যঞ্চাক্রম্য তিষ্ঠতি ।
সেনয়োরশিবং ঘোরং করিষ্যতি মহাগ্রহঃ ॥১৩॥
মঘাস্বঙ্গারকো বক্রঃ শ্রবণে চ বৃহস্পতিঃ ।
ভগং নক্ষত্রমাক্রম্য সূর্য্যপুত্রেণ পীড্যতে ॥১৪॥

ভারতকৌমুদী

শ্বেত ইতি। শ্বেতপদং কেতোঃ কথনম্। তিষ্ঠতি স্বাতীনক্ষত্রে। অত্রায়মাশয়ঃ—"হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্। প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে।" ইতি ভারতসাবিত্রীবচনেন মার্গশীর্ষশুক্লত্রয়োদশ্যাং যুদ্ধারম্ভঃ, অমাবাস্যা চ তৎপূর্ব্বদিনে। এবঞ্চ তদানীং রবির্বৃশ্চিকে একাত্রিংশতদ্গ্রাসানোপগতো রাহুরপি বৃশ্চিক এবাসীৎ। তেন চ রাহুকেত্বোঃ পরস্পরসপ্তমরাশ্যবস্থাননিয়মাৎ কেতুনা বৃষরাশাবেব স্থাতব্যম্, কিন্তু তদানীং তস্য স্বাতীনক্ষত্রাবস্থানেন তুলারাশ্যবস্থানাৎ গ্রহস্থিতিবিনিময়যোগোঽয়ং মহোৎপাতঃ। তচ্চ প্রধাননরপতিক্ষয়সূচনাৎ কৌরবাণামেব বিশেষেণাভাবং পশ্যতি শ্বেতো গ্রহ ইতি। এতৎ প্রমাণঞ্চ জ্যোতিস্তত্ত্বে সর্ব্বতোভদ্রচক্রাদিপ্রকরণে দ্রষ্টব্যম্ ॥১২॥

ধূমেতি। মহাঘোরো ধূমকেতুশ্চ, নক্ষত্রং পুষ্যমাক্রম্য তিষ্ঠতি। অতএবাসৌ মহাগ্রহঃ, উভয়োরেব সেনয়োঃ, ঘোরমশিবমমঙ্গলং করিষ্যতি। তথা চ "হস্তিন্যাং তথা পুষ্যে রেবত্যাঞ্চ পুনর্বসৌ। বিদ্ধে সতি ক্রমাদ্বেধো বর্ণেষু ব্রাহ্মণাদিষু।" ইতি জ্যোতিস্তত্ত্বধৃতম্ ॥১৩॥

ভারতভাবদীপঃ

গ্রহঃ কেতুশ্চিত্রামতিক্রামতি স্বাত্যাদৌ বর্ত্ততে নিত্যং সমসপ্তমস্থৌ রাহুকেতু ইদানীমেকরাশিগতৌ মহানিষ্টসূচকাবিতি ভাবঃ ॥১২॥ ধূমকেতুরূপগ্রহবিশেষঃ স পুষ্যং অত্রিদৈবনক্ষত্রমাক্রম্য তিষ্ঠতি তথা বক্ষ্যমাণরীত্যা জ্যেষ্ঠাহ্বেনাপি কেতুনা পুষ্যো বিদ্ধস্তথা চ স্বনক্ষত্রে ক্রূরাক্রান্তে ক্রূরবিদ্ধে চ সত্যবশ্যং ক্ষত্রিয়াণাং নাশো ভবতীত্যর্থঃ। যথোক্তম্—"হস্তিকায়াং তথা পুষ্যে রেবত্যাঞ্চ পুনর্বসৌ। বেধে সতি ক্রমাদ্বেধো বর্ণেষু ব্রাহ্মণাদিষু।" ইতি নরপতিবিজয়ে ॥১৩॥ ভগং নক্ষত্রং পূর্ব্বাফাল্গুনী শ্রুতিমতে তূত্তরাফাল্গুনী ॥১৪॥ পূর্ব্বে প্রোষ্ঠপদে

ভূমিকম্প হইতেছে এবং গ্রাস করিবার জন্য রাহু সূর্য্যের নিকট যাইতেছে ॥১১॥

কেতু চিত্রানক্ষত্রকে অতিক্রম করিয়া স্বাতীনক্ষত্রে অবস্থান করিতেছে; সুতরাং সে, বিশেষভাবে কৌরবগণেরই অভাব দেখিতেছে ॥১২॥

অতিভয়ঙ্কর ধূমকেতু পুষ্যানক্ষত্রকে আক্রমণ করিয়াছে; অতএব সে, উভয় সৈন্যেরই ভয়ঙ্কর অমঙ্গল করিবে ॥১৩॥

---

(১৪)···ভাগ্যং নক্ষত্রমাক্রম্য—পি।

শুক্রঃ প্রোষ্ঠপদে পূর্ব্বে সমারুহ্য বিরোচতে।
উত্তরে তু পরিক্রম্য সহিতঃ সমুদীক্ষতে ॥১৫॥
শ্যামো গ্রহঃ প্রজ্বলিতঃ সধূম ইব পাবকঃ।
ঐন্দ্রং তেজস্বি নক্ষত্রং জ্যেষ্ঠামাক্রম্য তিষ্ঠতি ॥১৬॥
ধ্রুবঃ প্রজ্বলিতো ঘোরমপসব্যং প্রবর্ত্ততে।
রোহিণীং পীড়য়ত্যেবমুভৌ চ শশিভাস্করৌ।
চিত্রাস্বাত্যন্তরে চৈব বিষ্ঠিতঃ পরুষগ্রহঃ ॥১৭॥

ভারতকৌমুদী

মঘাস্বিতি। অঙ্গারকো মঙ্গলগ্রহো বক্রঃ সন্, মঘাসু পৈত্রে নক্ষত্রে বর্ত্ততে। তেন চ ভীষ্মদ্রোণাদীনাং পিতৃরূপাণামমঙ্গলম্, "ক্রূরবেধসমাযোগে যস্যোপগ্রহসম্ভবঃ। তস্য মৃত্যুর্ন সন্দেহো রোগাদ্বাথ রণাদপি ॥" ইতি জ্যোতিষতত্ত্ববচনাৎ। ন চ তথাত্বে অভিমন্যুপ্রভৃতি-পিতৃরূপাণামর্জ্জুনাদীনাং কথং নামঙ্গলমিতি বাচ্যং তত্র প্রধানপিতৄণামেব গ্রহণাৎ। বৃহস্পতিশ্চ শ্রবণে ব্রহ্মনক্ষত্রে বর্ত্ততে। তেন চ ব্রাহ্মণানাং শুভসূচনাৎ কৃপাশ্বত্থাম্নোঃ স্থিতিঃ। দ্রোণস্য তু ক্রূরাক্রমণাদভাব এব। সূর্য্যপুত্রেণ শনিনা, ভগং ভগদৈবতং নক্ষত্রং পূর্ব্বফল্গুনী, আক্রম্য পীড্যতে। তেন চ বহ্বীনামেব ভগবতীনাং নারীণাং বৈধব্যসম্ভবঃ ॥১৪॥

শুক্র ইতি। শুক্রঃ, পূর্ব্বে প্রোষ্ঠপদে পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে সমারুহ্য, বিরোচতে প্রদীপ্যতে। পরঞ্চাসৌ উত্তরে উত্তরভাদ্রপদনক্ষত্রে, পরিক্রম্য গত্বা, ক্রূরগ্রহেণ সহিতঃ সন্, সমুদীক্ষতে স্বক্ষেত্রং পশ্যতি। তেন চ শুভক্রূরগ্রহয়োর্যোগাৎ শুভমশুভঞ্চ ফলম্। তত্র ধর্ম্মানুকূল্যাৎ পাণ্ডবানাং শুভং কৌরবাণাঞ্চ তদভাবাদশুভম্ ॥১৫॥

শ্যাম ইতি। শ্যামো গ্রহো রাহুঃ, সধূমঃ পাবক ইব, প্রজ্বলিতঃ সন্, ঐন্দ্রমিন্দ্রদেবতাকং তেজস্বি নক্ষত্রং জ্যেষ্ঠামাক্রম্য তিষ্ঠতি সূর্য্যগ্রাসায় বর্ত্ততে। তদানীং রবের্বৃশ্চিকাবস্থানাৎ রাহোরপি তত্রৈবাবস্থানে গ্রহণসম্ভবঃ, পূর্ব্বোক্তেঃ কেতোশ্চ তুলাবস্থানে স্থিতিবিনিয়মাদুৎ-পাত এবেতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বাভাদ্রপদানক্ষত্রং সমারুহ্য পরিক্রম্য পরিঘাখ্য উপগ্রহস্তেন সহিত উত্তরে উত্তরাভাদ্রপদা-নক্ষত্রম্ উদীক্ষতে আক্রান্তুমিচ্ছতি ॥১৫॥ শ্বেতো দ্বিতীয় উপগ্রহঃ কেতুসংজ্ঞ ঐন্দ্রং জ্যেষ্ঠা-

---

মঙ্গল বক্র হইয়া মঘানক্ষত্রে গিয়াছেন, বৃহস্পতি শ্রবণানক্ষত্রে রহিয়াছেন, আর শনি মঘানক্ষত্রকে আক্রমণ করিয়া পীড়া দিতেছেন ॥১৪॥

শুক্র পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে আরোহণ করিয়া দীপ্তি পাইতেছেন এবং তিনি উত্তর-ভাদ্রপদনক্ষত্রে যাইয়া ক্রূরগ্রহের সহিত মিলিত হইয়া স্বক্ষেত্র দেখিতেছেন ॥১৫॥

রাহু ধূমযুক্ত অগ্নির ন্যায় প্রজ্বলিত হইয়া ইন্দ্রদৈবত তেজস্বী নক্ষত্র জ্যেষ্ঠাকে আক্রমণ করিয়া রহিয়াছে ॥১৬॥

---

(১৭) ধ্রুবং প্রজ্বলিতো ঘোরম্—রা নি।

বক্রানুবক্রং কৃত্বা চ শ্রবণং পাবকপ্রভঃ।
ব্রহ্মরাশিং সমাবৃত্য লোহিতাঙ্গো ব্যবস্থিতঃ ॥১৮॥
সর্ব্বশস্যপরিচ্ছন্না পৃথিবী শস্যশালিনী।
পঞ্চশীর্ষা যবাশ্চাপি শতশীর্ষাশ্চ শালয়ঃ ॥১৯॥
প্রধানাঃ সর্ব্বলোকস্য যাস্বায়ত্তমিদং জগৎ।
তা গাবঃ প্রস্নুতা বৎসৈঃ শোণিতং প্রক্ষরন্ত্যুত ॥২০॥

ভারতকৌমুদী

ধ্রুব ইতি। প্রজ্বলিতো ধ্রুবো নক্ষত্রবিশেষঃ, ঘোরমপসব্যং বামাবর্ত্তঞ্চ যথা স্যাত্তথা প্রবর্ত্ততে। তেন চামুনা মহামারী সূচ্যতে। কিঞ্চ পরুষগ্রহঃ কেতুঃ, চিত্রাস্বাত্যোরন্তরে, বিষ্ঠিতঃ অবস্থিতঃ সন্, রোহিণীং নক্ষত্রম্, উভৌ শশিভাস্করৌ চ পীড়য়ত্যেব। ততশ্চানেন গান্ধারীপ্রভৃতীনাং নারীণাং ক্ষত্রিয়াণাং বৈশ্যানাঞ্চ পীড়া ব্যজ্যতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

বক্রেতি। কিঞ্চ পাবকপ্রভো লোহিতাঙ্গো মঙ্গলঃ, বক্রানুবক্রং পুনঃ পুনর্বক্রগমনং কৃত্বা, ব্রহ্মণো বৃহস্পতে রাশিং "শ্রবণে চ বৃহস্পতিঃ" ইতি প্রাগুক্তত্বাৎ তৎকালীনভোগাশ্রয়ং মকর-রাশিং তেন ভুজ্যমানং শ্রবণং নক্ষত্রঞ্চ, সমাবৃত্য গত্বা, ব্যবস্থিতঃ। ততশ্চ ক্ষত্রিয়েণ ব্রাহ্মণপীড়নসূচনাৎ ধৃষ্টদ্যুম্নেন দ্রোণবধঃ সূচ্যতে ॥১৮॥

ইদানীং পুনঃ প্রকৃতিবিপর্য্যাসরূপমুৎপাতমাহ—সর্ব্বেতি। তদানীং হেমন্তকালত্বাৎ সর্ব্বৈঃ শস্যৈঃ পরিচ্ছন্না আবৃতা। পঞ্চ শীর্ষাণি শিখা যেষাং তে। শতং শীর্ষাণি শিখা যেষাং তে চ, শালয়ো হৈমন্তিকধান্যানি। পঞ্চাদিশীর্ষত্বমেবোৎপাতঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

নক্ষত্রমিতি যোজ্যম্ ॥১৬॥ ধ্রুবমিতি। পুরুষগ্রহো রাহুরেকনক্ষত্রস্থৌ শশিভাস্করৌ পীড়যতি অপসব্যং সর্ব্বদা বক্রী সন্ সর্ব্বতোভদ্রচক্রে বেধেন স্বাতীস্থঃ সন্ রোহিণীনক্ষত্রঞ্চ পীড়য়তীত্যর্থঃ ॥১৭॥ বক্রেতি। তত্রৈব সর্ব্বতোভদ্রচক্রে মঘাস্থো লোহিতাঙ্গোঽঙ্গারকো বক্রানুবক্রং কৃত্বা পুনঃ পুনর্বক্রীভূয় ব্রহ্মণা বৃহস্পতিনাঽক্রান্তং রাশিং নক্ষত্রং শ্রবণং সমাবৃত্য সম্যক্ পূর্ণদৃষ্ট্যা বিদ্ধা তিষ্ঠতি ॥১৮॥ পরিচ্ছন্না আচ্ছাদিতা। পঞ্চশীর্ষাণি

উজ্জ্বল ধ্রুবনক্ষত্র ভয়ঙ্করভাবে বামাবর্ত্তে চলিতেছে এবং কেতু চিত্রা ও স্বাতীনক্ষত্রের মধ্যে থাকিয়া রোহিণীনক্ষত্রকে এবং চন্দ্র ও সূর্য্যকে পীড়ন করিতেছে ॥১৭॥

আর অগ্নির ন্যায় উজ্জ্বল মঙ্গলগ্রহ বার বার বক্র গমন করিয়া বর্ত্তমান সময়ে বৃহস্পতির রাশি মকরে ও শ্রবণানক্ষত্রে যাইয়া অবস্থান করিয়াছে ॥১৮॥

পৃথিবী সমস্ত শস্যে আবৃত হইয়া শস্যশালিনী হইয়াছেন বটে; কিন্তু বহু যবেরই পাঁচটা শিখা এবং অনেক ধান্যেরই শত শিখা হইয়াছে ॥১৯॥

নিশ্চেরুরর্চ্চিষশ্চাপাৎ খড়্গাশ্চ জ্বলিতা ভৃশম্।
ব্যক্তং পশ্যন্তি শস্ত্রাণি সংগ্রামং সমুপস্থিতম্ ॥২১॥
অগ্নিবর্ণা যথা ভাসঃ শস্ত্রাণামুদকস্য চ।
কবচানাং ধ্বজানাঞ্চ ভবিষ্যতি মহাক্ষয়ঃ ॥২২॥
পৃথিবী শোণিতাবর্ত্তা ধ্বজোড়ুপসমাকুলা।
কুরূণাং বৈশসে রাজন্। পাণ্ডবৈঃ সহ ভারত। ॥২৩॥
দিক্ষু প্রজ্বলিতাস্যাশ্চ ব্যাহরন্তি মৃগদ্বিজাঃ।
অত্যাহিতং দর্শয়ন্তঃ ক্ষত্রিয়াণাং মহদ্ভয়ম্ ॥২৪॥
একপক্ষাক্ষিচরণঃ শকুনিঃ খচরো নিশি।
রৌদ্রং বদতি সংরব্ধঃ শোণিতং ছর্দ্দয়ন্নিব ॥২৫॥

ভারতকৌমুদী

প্রধানা ইতি। যাসু আরব্ধং দুগ্ধেন পুষ্যমাণত্বাদধীনম্। বৎসৈঃ প্রস্নুতাঃ চোষণেনাকৃষ্ট-দুগ্ধা অপি, শোণিতং প্রক্ষরন্তি নিঃসারয়ন্তি। উতশব্দঃ পাদপূরণে ॥২০॥

নিশ্চেরুরিতি। অর্চ্চিষঃ শিখাঃ। ব্যক্তং ধ্রুবম্ ॥২১॥

অগ্নীতি। যথা যতঃ, ভাসো দীপ্তয়ঃ প্রসরন্তি। ততো মহাক্ষয়ো ভবিষ্যতি ॥২২॥

পৃথিবীতি। শোণিতানামেব আবর্ত্তো ভ্রমির্যস্যাং সা রক্তস্রোতোবহেত্যর্থঃ, ধ্বজা এব উড়ুপানি প্লবাস্তৈঃ সমাকুলা ব্যাপ্তা। বৈশসে হিংসায়াং যুদ্ধে ॥২৩॥

দিক্ষ্বিতি। প্রজ্বলিতাস্যা উজ্জ্বলবদনাঃ, মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

শিম্বীসদৃশানি যেষাং তে পঞ্চশীর্ষাঃ ॥১৯—২২॥ শোণিতময়া আবর্ত্তাঃ যস্যাং রক্তপ্রবাহ-বতীত্যর্থঃ। অতএব ধ্বজা এব উড়ুপানি ক্ষুদ্রনাবস্তৈঃ সমাকুলা। বৈশসে বিরোধে

এই জগৎটাই যাহাদের অধীন, সর্ব্বলোকপ্রধান সেই গোসকল বৎসের চোষণের পরে বাঁট (বাণ) হইতে রক্ত নিঃসারণ করিতেছে ॥২০॥

ধনু হইতে শিখা নির্গত হইতেছে এবং তরবারিগুলি অত্যন্ত জ্বলিতেছে, সুতরাং অস্ত্রগুলিও যেন নিশ্চয়ই যুদ্ধ উপস্থিতির সম্ভাবনা করিতেছে ॥২১॥

অস্ত্র, জল, কবচ ও ধ্বজগুলির যখন অগ্নিবর্ণ দীপ্তি প্রকাশ পাইতেছে, তখন মহামারীই হইবে ॥২২॥

ভরতনন্দন রাজা। পাণ্ডবগণের সহিত কৌরবগণের যুদ্ধে পৃথিবীতে রক্তের স্রোত বহিবে এবং তাহাতে ধ্বজগুলি ভেলা হইবে ॥২৩॥

উজ্জ্বলমুখ পশুপক্ষিগণ ক্ষত্রিয়গণের জীবননাশক মহাভয়ের সূচনা করিতে থাকিয়া সকল দিকেই রব করিয়া বেড়াইতেছে ॥২৪॥

---

(২৫) রৌদ্রং নদতি ভূয়িষ্ঠং শোণিতং ছর্দ্দয়ন্ বহু—পি, একপক্ষাক্ষিচরণঃ শকুনঃ খেচরো নিশি। রৌদ্রং বদতি সংরব্ধঃ শোণিতং ছর্দ্দয়ংশ্চ—নি।

শস্ত্রাণি চৈব রাজেন্দ্র ! প্রজ্বলন্তীব সংপ্রতি ।
সপ্তর্ষীণামুদারাণাং সমবচ্ছাদ্যতে প্রভা ॥২৬॥
সংবৎসরস্থায়িনৌ চ গ্রহৌ প্রজ্বলিতাবুভৌ ।
বিশাখায়াঃ সমীপস্থৌ বৃহস্পতিশনৈশ্চরৌ ॥২৭॥

ভারতকৌমুদী

একেতি। শকুনিঃ পক্ষী। সংরব্ধঃ ক্রুদ্ধঃ, ছর্দ্দয়ন্ বমন্ ॥২৫॥

শস্ত্রাণীতি। উদারাণাং বিশালাকৃতীনামপি, সমবচ্ছাদ্যতে নক্ষত্রান্তরপ্রভয়া ॥২৬॥

সংবৎসরেতি। প্রজ্বলিতৌ উজ্জ্বলৌ। অতএব দৃষ্টিগোচরাবিতি ভাবঃ। উভৌ বৃহস্পতিশনৈশ্চরৌ গ্রহৌ, সংবৎসরস্থায়িনৌ চ একৈকস্মিন্ রাশৌ একৈকবৎসরান্যূনকাল-স্থায়িনাবপি, ইদানীং বিশাখায়াঃ সমীপস্থৌ জাতৌ। "বর্ষমেকং সুরাচার্য্যঃ" ইতি জ্যোতি-র্বচনাদেকৈকস্মিন্ রাশৌ বৃহস্পতেরেকৈকবর্ষস্থায়িত্বং নিয়তম্। "শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষম্" ইতি জ্যোতির্বচনাচ্ছনেরপি একৈকস্মিন্ রাশৌ একৈকবৎসরান্যূনকালস্থায়িত্বমব্যাহতমেব। কিন্ত্বস্মিন্ বর্ষে "শ্রবণে চ বৃহস্পতিঃ" ইত্যনেন পূর্ব্বং বৃহস্পতের্মকরস্থায়িত্বং "ভগং নক্ষত্র-মাক্রম্য সূর্য্যপুত্রেণ পীড্যতে" ইত্যনেন চ শনেঃ সিংহগতত্বং নিবেদিতম্, ইদানীন্তু বিশাখা-সমীপস্থতানিবেদনেন স্বাতীঘটিততুলাস্থতানিবেদনাৎ স্থিতিবিনিয়মরূপ উৎপাতো নিবেদিতঃ। জ্যোতিষতত্ত্বোক্তশতপদচক্রানুসারেণ বেধরূপো বোৎপাতঃ সূচিতঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

॥২৩—২৪॥ ছর্দ্দয়ন্ শ্রোতৃণাং ক্লেশকরত্বেন রক্তবমনং কারয়ন্নিব ॥২৫॥ শস্ত্রাণি প্রভয়া জ্বলন্তীব ॥২৬॥ সংবৎসরেতি। পূর্ব্বং শ্রবণস্থো বৃহস্পতির্ভগনক্ষত্রস্থঃ সূর্য্যপুত্র ইত্যুক্তং তাবুভৌ বিশাখাসমীপে তির্য্যগ্‌বেধেন শতপদে চক্রে বিশাখানক্ষত্রং বিধ্যত ইত্যর্থঃ। তথাহি—তস্মিংশ্চক্রে খুখেখো ইতি শ্রবণান্ত্যপাদত্রয়ং ব্যুৎক্রমেণ বিশাখাদ্যপাদত্রয়েণ তিতুতে ইত্যনেন বিধ্যতে তৃতীয়েন চতুর্থো দ্বিতীয়েন তৃতীয়ঃ প্রথমেন দ্বিতীয় ইতি। তথা উত্তরাফল্গুন্যা অন্ত্যপাদত্রয়েণ টোপাপীত্যনেন ক্রমেণ তিতুতে ইতি বিশাখাদ্যপাদত্রয়ং তত্রৈব চক্রে বিধ্যত

একপক্ষ, একনয়ন ও একচরণ একপ্রকার পক্ষী ক্রুদ্ধ হইয়া রাত্রিতে আকাশে বিচরণ করিতে থাকিয়া রক্ত বমন করতই যেন ভয়ঙ্কর রব করিতেছে ॥২৫॥

রাজশ্রেষ্ঠ! বর্ত্তমান সময়ে সমস্ত অস্ত্রই যেন জ্বলিতেছে এবং বিশালাকৃতি সপ্তর্ষিগণের প্রভাও যেন অন্য নক্ষত্রের প্রভায় আবৃত হইতেছে ॥২৬॥

বৃহস্পতি ও শনি—এই দুইটা উজ্জ্বল গ্রহই এক এক রাশিতে এক এক বৎসরের অন্যূনকালস্থায়ী হইয়াও বর্ত্তমানে বিশাখানক্ষত্রের নিকটে আসিয়া রহিয়াছে (টীকা দ্রষ্টব্য) ॥২৭॥

---

(২৬) গ্রহৌ তাম্রারুণনিভৌ প্রজ্বলন্তাবিব স্থিতৌ। সপ্তর্ষীণামুদারাণাং সমবচ্ছাদ্য বৈ প্রভাম্ ॥—নি, প্রজ্বলন্তীব সংযতি—পি। (২৭)·· বিশাখয়োঃ সমীপস্থৌ—নি।

চন্দ্রাদিত্যাবুভৌ গ্রস্তাবেকাহ্না হি ত্রয়োদশীম্।
অপর্ব্বণি গ্রহং যাতৌ প্রজাসংক্ষয়মিচ্ছতঃ ॥২৮॥
অশোভিতা দিশঃ সর্ব্বাঃ পাংশুবর্ষৈঃ সমন্ততঃ।
উৎপাতমেঘা রৌদ্রাশ্চ রাত্রৌ বর্ষন্তি শোণিতম্ ॥২৯॥
কৃত্তিকাসু গ্রহস্তীক্ষ্ণো নক্ষত্রে প্রথমে জ্বলন্।
বপূংষ্যপহরংস্তাসাং ধূমকেতুরবস্থিতঃ।
কৃত্তিকাং পীড়য়ংস্তীক্ষ্ণং নক্ষত্রং পৃথিবীপতে। ॥৩০॥

ভারতকৌমুদী

চন্দ্রেতি। উভৌ চন্দ্রাদিত্যৌ, একাহ্না হি একেনৈব দিবসেন, ত্রয়োদশীং প্রাপ্য, রাহুণা গ্রস্তৌ। অতএব অপর্ব্বণি পূর্ণিমামাবস্যাব্যতিরিক্তায়াং ত্রয়োদশ্যাম্, গ্রহং রাহুগ্রহণম্, যাতৌ প্রাপ্তৌ তৌ চন্দ্রাদিত্যৌ, প্রজাসংক্ষয়মেবেচ্ছতঃ ॥২৮॥

অশোভিতা ইতি। ধূলিবর্ষণং শোণিতবর্ষণঞ্চাশুভসূচকমিত্যাশয়ঃ ॥২৯॥

কৃত্তিকাস্বিতি। হে পৃথিবীপতে! তীক্ষ্ণঃ গ্রহঃ কেতুঃ, জ্বলন্ ধূমকেতুশ্চ, তাসাং প্রজানাম্, বপূংষি অপহরন্ তদপহরণং সূচয়ন্, যথাক্রমং তীক্ষ্ণং নক্ষত্রং কৃত্তিকাং পীডয়ন্ কৃত্তিকাসু, প্রথমে নক্ষত্রে অশ্বিন্যাঞ্চ অবস্থিতঃ। "শ্বেতো গ্রহস্তথা চিত্রাং সমতিক্রম্য তিষ্ঠতি" ইত্যনেন পূর্ব্বং কেতোস্তত্রাস্থিতিং বিজ্ঞাপ্য ইদানীং দ্রুতমেব বৃষস্থিতিবিজ্ঞাপনাদুৎপাতঃ সূচিতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

পদ্মপত্রসুগন্ধাশ্চ জায়ন্তে তত্র মানবাঃ ॥১২॥

ভারতকৌমুদী

মহেতি। মুদিতমানসাঃ সর্ব্বদা হৃষ্টচিত্তাঃ। আয়ুঃপ্রমাণং যথা স্যাত্তথা ॥৭—৮॥

একমিতি। রৌক্মং স্বর্ণময়ম্। স্বয়ংপ্রভা স্বত এব জ্যোতিঃপ্রকাশা, শাণ্ডিলী নাম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

উত্তরেণেতি। শৃঙ্গস্য শৃঙ্গিণঃ পর্ব্বতস্য। শৃঙ্গবতঃ সত্ত্বাৎ পরমুৎকৃষ্টম্ ॥১০॥

নেতি। রাত্রৌ চন্দ্রমাঃ, দিবা চ নক্ষত্রমিত্যর্থঃ, অপরো জ্যোতির্ভূতঃ সূর্য্যীভূতঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

শৃঙ্গাণি শৃঙ্গবতঃ ষষ্ঠস্য বর্ষপর্ব্বতস্য সানূনি ॥৮—৯॥ শৃঙ্গস্য শৃঙ্গবতঃ ॥১০॥ শৃঙ্গং শৃঙ্গবৎ যস্মাৎ "সর্ব্বধাতুবিচিত্রশ্চ শৃঙ্গবান্নাম পর্ব্বত" ইত্যুক্তমহিম্না পর্ব্বতেন পরিচ্ছিন্নম্ ইদম্ ঐরাবতাখ্যং বর্ষং তস্মাৎ অতঃ পূর্ব্বোক্তাদ্বর্ষগণাৎ পরং শ্রেষ্ঠমিদং বর্ষমিত্যর্থঃ। এতদেবাহ—ন

সহস্র ও পঞ্চদশ বৎসর জীবিত থাকে। নরনাথ। শৃঙ্গিপর্ব্বতের তিনটা শৃঙ্গ আছে ॥৭—৮॥

সেই তিনটা শৃঙ্গের মধ্যে একটা মণিময়, একটা অদ্ভুত সুবর্ণময় এবং একটা রত্নময়, আর তিনটা শৃঙ্গেই গৃহে পরিশোভিত। সেই পর্ব্বতে ব্রহ্মজ্ঞানশালিনী শাণ্ডিলীদেবী সর্ব্বদাই বাস করেন ॥৯॥

নরনাথ। শৃঙ্গিপর্ব্বতের উত্তরে সমুদ্রপর্য্যন্ত ঐরাবতবর্ষ; শৃঙ্গিপর্ব্বত নিকটে থাকায় ঐ বর্ষ অত্যন্ত উৎকৃষ্ট ॥১০॥

সে বর্ষে সূর্য্য তাপ দান করেন না; কিন্তু রাত্রিতে চন্দ্র এবং দিনে একটা নক্ষত্র যেন অপর সূর্য্যের ন্যায় প্রকাশ পায়। আর সে দেশে মানুষেরা জরাজীর্ণ হয় না ॥১১॥

---

(১১)…জ্যোতির্ভূত ইবাবৃতঃ—বা ব রা নি।

অনিষ্পন্দা ইষ্টগন্ধা নিরাহারা জিতেন্দ্রিয়াঃ।
দেবলোকচ্যুতাঃ সর্বে তথা বিরজসো নৃপ ! ॥১৩॥
ত্রয়োদশ সহস্রাণি বর্ষাণাং তে জনাধিপ ! ।
আয়ুঃপ্রমাণং জীবন্তি নবা ভরতসত্তম ! ॥১৪॥
ক্ষীরোদস্য সমুদ্রস্য তথৈবোত্তরতঃ প্রভুঃ।
হরির্বসতি বৈকুণ্ঠঃ শকটে কনকোজ্জ্বলে ॥১৫॥

ভারতকৌমুদী

পদ্মেতি। পদ্মপ্রভাঃ পদ্মকান্তয়ঃ। পদ্মপত্রসুগন্ধা অঙ্গেষু ॥১২॥
অনিষ্পন্দা ইতি। অনিষ্পন্দা নির্নিমেষাঃ। বিরজসো রজোগুণজনিতকামাদিশূন্যাঃ ॥১৩॥
ত্রয়োদশেতি। আয়ুঃপ্রমাণং যথা স্যাত্তথা ॥১৪॥
ক্ষীরোদস্যেতি। বৈকুণ্ঠঃ অকুণ্ঠিতশক্তিঃ শকটে যানবিশেষে ॥১৫॥

ভারতভাবদীপঃ

তত্রেত্যাদিনা ॥১১—১২॥ অনিস্যন্দা অস্বেদাঃ দেবতুল্যা ইত্যর্থঃ ॥১৩—১৪॥ আদিত্যতাপতপ্তাস্তে বিশন্তি শশিমণ্ডলমিতি বিরাড্ভাবং ত্যক্ত্বা সূত্রাত্মভাবং গচ্ছন্তীত্যুক্তং স্থূলসূক্ষ্মরূপং কার্য্যদ্বয়ম্। ইদানীং পিপ্পলস্তু বদিষ্যসীত্যুক্তঃ সঞ্জয়োঽবসরং প্রাপ্য পিপ্পলাখ্যং কারণমপ্যাহ—ক্ষীরোদস্যেতি। তত্রাধিদৈবং লবণেক্ষুসুরাসর্পির্দধিক্ষীরশুদ্ধোদকানাং সপ্তসমুদ্রাণামুপান্ত্যঃ ক্ষীরোদঃ অধ্যাত্মম্। অন্নময়ঃ কোশ আত্মা প্রাণময়স্তু ইন্দ্রিয়ময়প্রাণময়ভেদেন দ্বিবিধ ইতি দ্বৌ। চতুর্থো মনোময়ঃ। পঞ্চমো বিজ্ঞানময়ঃ। ষষ্ঠ আনন্দময়ঃ। সর্ব্বকারণভূতঃ সপ্তমঃ। শুদ্ধং ব্রহ্মেতি। তত্র ক্ষীরোদাৎপরতো মহাবিষ্ণোর্জ্জগজ্জন্মাদিহেতোঃ স্থানমস্তি যদিদং দহরাদ্যুপাসকৈঃ প্রাপ্যতে। যত্রারণ্যশ্চার্ণবৌ যত্র প্রভুবিমিতং হিরণ্ময়ং বেশ্ম যত্রাশ্বত্থঃ সোমসবন ইত্যাদি চিহ্নযুক্তং শ্রুতিপ্রতিপ্রসিদ্ধং স প্রভুরন্তর্যামী হরিঃ সর্ব্বসংহর্ত্তা বৈকুণ্ঠোঽকুণ্ঠিতসামর্থ্যঃ। শকটে শকটবদচেতনে কনকাময়ে কনকবদ্ভাস্বরজ্যোতির্ময়ে। অন্যেভ্যোঽপি দৃশ্যতে ইতি দীর্ঘঃ। চিন্ময়ে শরীরে বসতি ॥১৫॥ অস্য

সে দেশে মানুষেরা পদ্মকান্তি, পদ্মবর্ণ, পদ্মদলতুল্যনয়ন এবং অঙ্গে পদ্মপত্রতুল্য-সৌরভযুক্ত হইয়া জন্ম গ্রহণ করে ॥১২॥

রাজা ! দেবলোকভ্রষ্ট সেই সকল মানুষ নয়ননিমেষশূন্য, অঙ্গে প্রিয়সৌরভ, নিরাহার, জিতেন্দ্রিয় ও রজোগুণরহিত হইয়া থাকে ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ ! আর সেই সকল মানুষ তের হাজার বৎসর জীবিত থাকে ॥১৪॥

ক্ষীরোদসাগরের উত্তরে স্বর্ণোজ্জ্বল শকটে (ভ্রমণসময়ে) জগতের প্রভু এবং সর্ব্বত্র অকুণ্ঠিতশক্তি স্বয়ং নারায়ণ বাস করেন ॥১৫॥

(১৫) · কনকাময়ে—পি বা ব রা।

অষ্টচক্রং হি তদ্‌যানং ভূতযুক্তং মনোজবম্।
অগ্নিবর্ণং মহাতেজো জাম্বূনদবিভূষিতম্ ॥১৬॥
স প্রভুঃ সর্ব্বভূতানাং বিভুশ্চ ভরতর্ষভ।।
সংক্ষেপো বিস্তরশ্চৈব কর্ত্তা কারয়িতা তথা ॥১৭॥
পৃথিব্যাপস্তথাকাশং বায়ুস্তেজশ্চ পার্থিব।।
স যজ্ঞঃ সর্ব্বভূতানামাস্যং তস্য হুতাশনঃ ॥১৮॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তঃ সঞ্জয়েন ধৃতরাষ্ট্রো মহামনাঃ।
ধ্যানমন্বগমদ্রাজা পুত্রান্ প্রতি জনাধিপ। ॥১৯॥

ভাবতকৌমুদী

অষ্টেতি। ভূতযুক্তং দেবযোনিবিশেষান্বিতম্, মনস ইব জবো বেগে যস্য তৎ ॥১৬॥
স ইতি। প্রভুরধিপতিঃ বিভুর্ব্যাপকঃ। সংক্ষেপঃ সংহর্ত্তা, বিস্তরো রচয়িতা ॥১৭॥
পৃথিবীতি। আপো জলম্। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। আস্যং মুখম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

বস্তুবৃত্ত্যা যদ্যপি চিন্ময়ত্বং তথাপি হি লোকপ্রসিদ্ধম্ অষ্টচক্রম্ অষ্টাভির্ভগবত্তনুভিরুহ্যত ইতি অষ্টচক্রং যানম্ ইহলোকপরলোকগতিসাধনম্। অষ্টৌ চক্রাণি তু—কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং জ্ঞানেন্দ্রিয়পঞ্চকং মন-আদিচতুষ্কং প্রাণপঞ্চকম্ সূক্ষ্মভূতপঞ্চকম্ অবিদ্যা কামঃ কর্ম্ম চেতি পুর্য্যষ্টকাত্মকং লিঙ্গং শকটবদচেতনমচলমপি ভূতযুক্তং ভূতেন নিত্যসিদ্ধেন ব্রহ্মণা অনুপ্রবিষ্টং সৎ মনোজবং শীঘ্রগং ভবতি প্রাণনাদিক্রিয়াঃ করোতীত্যর্থঃ। অতএব শ্রূয়তে—"কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যা"দিতি। অগ্নিবর্ণম্ অগ্নিবৎ বর্ণো বর্ণনা যস্য অত্যন্তং সংসারদুঃখপ্রদমিত্যর্থঃ। মহাতেজঃ অনেকবিধজ্ঞানেন্দ্রিয়প্রধানম্। জাম্বূনদং দিব্যসুবর্ণং চেতোহরণং বাসনাজালং তেন বিভূষিতং তন্ময়মিত্যর্থঃ। অধিদৈবন্তু স্পষ্ট এবার্থঃ ॥১৬॥ স প্রভুরিতি। যোঽস্মিন্ শকটে বসতি স এব সর্ব্বেষাং জীবানাং প্রভুর্নিয়ন্তা। বিভুর্ব্যাপকঃ। সঙ্ক্ষেপঃ সংহর্ত্তা। বিস্তরঃ সম্যক্‌বিরচয়িতা। কর্ত্তা জীবরূপেণ, কারয়িতা ঈশ্বররূপেণ ॥১৭॥ এবমধ্যাত্মাদিদৈবরূপত্বমুক্ত্বা আধিভূতাধিযজ্ঞরূপত্বমপি তস্যৈবাহ—পৃথিবীতি। সর্ব্বেষাং ভূতানাং সম্বন্ধী যথাধিকারং নির্ব্বর্ত্ত্যো যজ্ঞঃ স এব আস্যং তস্য

বিষ্ণুর সেই যানখানা অষ্টচক্রসমন্বিত, ভূতযুক্ত, মনের ন্যায় দ্রুতগামী, অগ্নিবর্ণ, অত্যন্ত তেজস্বী ও স্বর্ণভূষিত ॥১৬॥

ভরতশ্রেষ্ঠ! সেই বিষ্ণু সর্ব্বভূতের অধিপতি, ব্যাপক, সংহর্ত্তা, সৃষ্টিকর্ত্তা, কর্ত্তা ও কারয়িতা ॥১৭॥

রাজা! আর তিনিই পৃথিবী, জল, আকাশ, বায়ু ও তেজ, আবার সর্ব্বভূতের যজ্ঞ এবং অগ্নি তাঁহার মুখ" ॥১৮॥

স বিচিন্ত্য মহাতেজাঃ পুনরেবাব্রবীদ্বচঃ।
অসংশয়ং সূতপুত্র! কালঃ সংক্ষিপতে জগৎ।
সৃজতে চ পুনঃ সর্ব্বং নেহ বিদ্যতি শাশ্বতম্ ॥২০॥
নরো নারায়ণশ্চৈব সর্ব্বজ্ঞঃ সর্ব্বভূতহৃৎ।
দেবা বৈকুণ্ঠ ইত্যাহুর্বেদা বিষ্ণুরিতি প্রভুম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে ধৃতরাষ্ট্রবাক্যে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

এবমিতি। ধ্যানং চন্তাম্, অন্বগমৎ প্রাপৎ ॥১৯॥

স ইতি। সংক্ষিপতে সংহরতি। বিদ্যতি বিদ্যতে, শাশ্বতং নিত্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

হুতাশনঃ, বিশেষতস্ত স যজ্ঞেনৈব তৃপ্যতীতি ভাবঃ ॥১৮॥ এবং সঞ্জয়েন উক্ত উপদিষ্টো ধৃতরাষ্ট্রো মহামনাঃ মহৎ পিপ্পলাপরপর্য্যায়বিশ্বরূপদর্শনযোগ্যং মনো যস্য স এবম্ভূতো ধ্যানং সবিকল্পসমাধিম্ অন্বগমৎ সঞ্জয়বাক্যশ্রবণমনুপ্রাপ্তবান্ ॥১৯॥ তত্র চ যথার্জ্জুনেন বিশ্বরূপ-দর্শনকালে ভাবী ক্ষত্রক্ষয়ো দৃষ্টস্তদ্বৎ সোঽপি নরনারায়ণাভ্যাং ক্রিয়মাণং সর্ব্বক্ষত্রক্ষয়ং দৃষ্ট্বা স্বপুত্রান্ প্রতি বিচিন্ত্য পুনরেবাব্রবীৎ, তদেব বচনমাহ—অসংশয়মিতি। ইহ লোকে ত্বদুক্তে জম্বূখণ্ডে শাশ্বতং শশ্বদ্ভবং মের্ব্বাদিকমপি নাস্তি কিন্তু সর্ব্বং দৃষ্টনষ্টস্বভাবং সঙ্কল্প-মাত্রোত্থম্ ॥২০॥ কিং তর্হি শাশ্বতমস্তি নরো নারায়ণশ্চেতি, জীবেশ্বরাবেব শাশ্বতৌ, নেত্যাহ—উভয়ং মিলিত্বা এক এব সর্ব্বজ্ঞঃ সর্ব্বভূতহৃচ্চ তমেবেশ্বরং দেবা বৈকুণ্ঠমাহুঃ, অধিদৈবং স এব বৈকুণ্ঠাধিপতিরিত্যুচ্যত ইত্যর্থঃ। নরা জীবাস্ত তমেব বিষ্ণুম্ অধ্যাত্মম্ অন্তঃপ্রবিষ্টং জনানাং শাস্তারম্ অষ্টচক্রস্য শকটস্য চালকমাহুঃ। তথাপি প্রভুং কৃত্বাপি লেপশূন্যম্, অত ঈশ্বরস্য চিকীর্ষিতঃ ক্ষত্রক্ষয়ো নাস্মদোষজ ইতি ভাবঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টমোঽধ্যায়ঃ ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ জনমেজয়! সঞ্জয় এইরূপ বলিলে, মহামনা ধৃতরাষ্ট্র আপন পুত্রগণের বিষয়ে চিন্তা করিলেন ॥১৯॥

মহাতেজা ধৃতরাষ্ট্র কিয়ৎকাল চিন্তা করিয়া পুনরায় এই কথা বলিলেন—"সূতপুত্র সঞ্জয়! নিশ্চয়ই কাল সমগ্র জগৎ সৃষ্টি করেন এবং সংহার করেন, সুতরাং এই জগতে কোন বস্তুই চিরস্থায়ী নহে ॥২০॥

নর ও নারায়ণ দুই জনই সর্ব্বজ্ঞ এবং সর্ব্বভূতসংহর্ত্তা। সেই প্রভুকে দেবতারা বলেন—'বৈকুণ্ঠ', আর বেদ বলেন—'বিষ্ণু' ॥২১॥

---

(২১) সর্ব্বভূতকৃৎ—পি, দেবা বৈকুণ্ঠমিত্যাহুর্নরা বিষ্ণুমিতি প্রভুম্—পি বা ব রা।

নবমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

যদিদং ভারতং বর্ষং যত্রেদং মূর্চ্ছিতং বলম্।
যত্রাতিমাত্রলুব্ধোঽয়ং পুত্রো দুর্য্যোধনো মম ॥১॥
যত্র গৃদ্ধাঃ পাণ্ডুপুত্রা যত্র মে সজ্জতে মনঃ।
এতন্মে সর্ব্বমাচক্ষ্ব ত্বং হি মে বুদ্ধিমান্ মতঃ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

ন তত্র পাণ্ডবা গৃদ্ধাঃ শৃণু রাজন্! বচো মম।
গৃদ্ধো দুর্য্যোধনস্তত্র শকুনিশ্চাপি সৌবলঃ ॥৩॥
অপরে ক্ষত্রিয়াশ্চৈব নানাজনপদেশ্বরাঃ।
যে গৃদ্ধা ভারতে বর্ষে ন মৃষ্যন্তি পরস্পরম্ ॥৪॥

ভারতকৌমুদী

নর ইতি। সর্ব্বভূতহৃৎ সর্ব্বভূতসংহর্ত্তা। বেদা ইতি "তদ্বিষ্ণোঃ পরমং পদম্" ইতি শ্রুতেঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে অষ্টমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

যদিতি। মূর্চ্ছিতমত্রাগমনেন বৃদ্ধিং প্রাপ্তম্। গৃদ্ধা লুব্ধাঃ, সজ্জতে লগতি ॥১—২॥
নেতি। পাণ্ডবা ন গৃদ্ধাঃ, তেষাং পৈতৃকত্বেন ন্যায্যলাভত্বাদিতি ভাবঃ ॥৩॥
অপর ইতি। অপরে গৃদ্ধা ইত্যনুবৃত্তিঃ। ন মৃষ্যন্তি ন সহন্তে ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! এই যে ভারতবর্ষ রহিয়াছে, যেখানে এই সকল সৈন্য আসিয়া বৃদ্ধি পাইয়াছে, আমার পুত্র দুর্য্যোধন যাহাতে অত্যন্ত লোভী হইয়াছে, যাহাতে পাণ্ডবেরাও লুব্ধ হইয়া পড়িয়াছে এবং যাহাতে আমার মনও আসক্ত হইয়াছে, তুমি এই সমগ্র ভারতবর্ষটার বর্ণনা কর। কারণ, তোমাকে আমি বুদ্ধিমান্ বলিয়া মনে করি" ॥১—২॥

সঞ্জয় বলিলেন—"রাজা! আপনি আমার কথা শুনুন। পাণ্ডবেরা লোভী হন নাই; কিন্তু দুর্য্যোধন এবং সুবলনন্দন শকুনিই লুব্ধ হইয়াছেন ॥৩॥

---

(২) এতন্মে তত্ত্বমাচক্ষ্ব—বা ব রা নি।

তত্র তে কীর্ত্তয়িষ্যামি বর্ষং ভারত! ভারতম্।
প্রিয়মিন্দ্রস্য দেবস্য মনোর্বৈবস্বতস্য চ ॥৫॥
পৃথোস্তু রাজন্! বৈণ্যস্য তথেক্ষ্বাকোর্মহাত্মনঃ।
যযাতেরম্বরীষস্য মান্ধাতুর্নহুষস্য চ ॥৬॥
তথৈব মুচুকুন্দস্য শিবেরৌশীনরস্য চ।
ঋষভস্য তথৈলস্য নৃগস্য নৃপতেস্তথা ॥৭॥
কুশিকস্য চ দুর্দ্ধর্ষ! গাধেশ্চৈব মহাত্মনঃ।
সোমকস্য চ রাজর্ষে! দিলীপস্য তথৈব চ ॥৮॥
অন্যেষাঞ্চ মহারাজ! ক্ষত্রিয়াণাং বলীয়সাম্।
সর্ব্বেষামেব রাজেন্দ্র! প্রিয়ং ভারত! ভারতম্ ॥৯॥ (কুলকম্)
তত্তে বর্ষং প্রবক্ষ্যামি যথাশ্রুতমরিন্দম!।
শৃণু মে গদতো রাজন্! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥১০॥
মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষবানপি।
বিন্ধ্যশ্চ পারিপাত্রশ্চ সপ্তৈতে কুলপর্ব্বতাঃ ॥১১॥

ভারতকৌমুদী

অত্রেতি। প্রিয়ম্, ভারতস্য কর্ম্মভূমিতয়া আত্মলব্ধব্যভাগকর্ম্মাশ্রয়ত্বাদিত্যাশয়ঃ। বৈণ্যস্য বেণরাজপুত্রস্য পৃথোঃ। ঔশীনরস্য উশীনরপুত্রস্য শিবেঃ। ঐলস্য পুরূরবসঃ। অন্ধস্যাপি ধৃতরাষ্ট্রস্য দুর্দ্ধর্ষত্বং সহায়বাহুল্যাৎ। প্রিয়ত্বম্ উর্ব্বরত্বাদিতি ভাবঃ ॥৫—৯॥

তদিতি। প্রবক্ষ্যামি বর্ণয়িষ্যামি। গদতো ব্রুবতঃ ॥১০॥

আর নানাদেশের অধীশ্বর অন্যান্য ক্ষত্রিয়েরাও ভারতবর্ষের প্রতি লোভী হইয়াছেন; যাঁহারা লোভী হইয়া পরস্পর পরস্পরকে সহ্য করিতেছেন না ॥৪॥

সে যাহা হউক, ভরতনন্দন! আমি এখন আপনার নিকট ভারতবর্ষের বর্ণনা করিব। রাজা! এই ভারতবর্ষ দেবরাজ ইন্দ্রের প্রিয় এবং বৈবস্বতমনু, বেণপুত্র পৃথু, মহাত্মা ইক্ষ্বাকু, যযাতি, অম্বরীষ, মান্ধাতা, নহুষ, মুচুকুন্দ, উশীনরপুত্র শিবি, ঋষভ, পুরূরবা, নৃগ, কুশিক, মহাত্মা গাধি, সোমক, দিলীপ এবং বলবান্ অন্যান্য সকল ক্ষত্রিয়েরই ভারতবর্ষ প্রিয় ছিল ॥৫—৯॥

অরিন্দম রাজা! আমি যেমন শুনিয়াছি, তেমন ভাবেই আপনার নিকট সেই ভারতবর্ষের বর্ণনা করিব। আপনি যাহার বিষয় জিজ্ঞাসা করিয়াছেন, আমি তাহা বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥১০॥

---

(৫) তত্র তে বর্ত্তয়িষ্যামি—পি। (৮) সোমকস্য চ দুর্দ্ধর্ষ!—বা ব রা নি। (১০)… যথাযথমরিন্দম!—বা ব রা নি। (১১) বিন্ধ্যশ্চ পারিযাত্রশ্চ—বা ব রা নি।

তেষাং সহস্রশো রাজন্। পর্ব্বতাস্তু সমীপতঃ।
অবিজ্ঞাতাঃ সারবন্তো বিজ্ঞাতাশ্চিত্রসানবঃ ॥১২॥
অন্যে ততোঽপরিজ্ঞাতা হ্রস্বা হ্রস্বোপজীবিনঃ।
আর্য্যা ম্লেচ্ছাশ্চ কৌরব্য। তৈর্মিশ্রাঃ পুরুষা বিভো। ॥১৩॥
নদীং পিবন্তি বিপুলাং গঙ্গাং সিন্ধুং সরস্বতীম্।
গোদাবরীং নর্ম্মদাঞ্চ বাহুদাঞ্চ মহানদীম্ ॥১৪॥
শতদ্রুং চন্দ্রভাগাঞ্চ যমুনাঞ্চ মহানদীম্।
দৃষদ্বতীং বিপাশাঞ্চ বিপাপাং স্থূলবালুকাম্ ॥১৫॥
নদীং বেত্রবতীঞ্চৈব কৃষ্ণবেণ্বাঞ্চ নিম্নগাম্।
ইরাবতীং বিতস্তাঞ্চ পয়োষ্ণীং দেবিকামপি ॥১৬॥
বেদস্মৃতাং বেদবতীং ত্রিদিবামিক্ষুলাং কৃমিম্।
করীষিণীং চিত্রবাহাং চিত্রসেনাঞ্চ নিম্নগাম্ ॥১৭॥

ভাবতকৌমুদী

মহেন্দ্র ইতি। কুলপর্ব্বতা দেশীয়পর্ব্বতাঃ, "কুলং জনপদে গোত্রে" ইত্যাদি মেদিনী ॥১১॥
তেষামিতি। সারবন্তো ধনবন্তঃ, চিত্রসানবো বিচিত্রসমভূময়ঃ ॥১২॥
অন্য ইতি। ততস্তেভ্যঃ। হ্রস্বোপজীবিনঃ কিরাতাদিক্ষুদ্রজনাশ্রিতাঃ। ম্লেচ্ছা "গোমাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে।" ইতি স্মৃত্যুক্তলক্ষণাঃ। বিপুলাম্ অতিদীর্ঘত্বাদ্গঙ্গায়াঃ। বিপাপাং পাপনাশিনীম্। নিম্নগাং নদীম্। ইক্ষুলাম্ ইক্ষুরসতুল্যসুরসজলত্বাৎ। ত্রিদিবামিতি নদ্যন্তরম্। অনেকোক্তাবন্যত্রা-

মহেন্দ্র, মলয, সহ্য, শুক্তিমান্, ঋক্ষবান্, বিন্ধ্য ও পারিপাত্র—এই সাতটা কুলপর্ব্বত ॥১১॥

রাজা! সেইগুলির নিকটে জ্ঞাত ও অজ্ঞাত এবং সারবান্ ও বিচিত্র সমভূমি সহস্র সহস্র পর্ব্বত আছে ॥১২॥

কৌরবনন্দন! তদ্ভিন্ন অপরিজ্ঞাত অনেক ক্ষুদ্র পর্ব্বত রহিয়াছে, সেগুলিতে ক্ষুদ্র লোকেরা বাস করে। রাজা! আর্য্য ও ম্লেচ্ছ এবং তাঁহাদের সহিত মিলিত অনেক মানুষ এই নদীগুলির জল পান করে। যথা—বিশাল গঙ্গা, সিন্ধু, সরস্বতী, গোদাবরী, নর্ম্মদা, মহানদী বাহুদা, শতদ্রু, চন্দ্রভাগা, মহানদী যমুনা দৃষদ্বতী, পাপনাশিনী ও স্থূলবালুকাযুক্তা বিপাশা, বেত্রবতী, কৃষ্ণবেণ্বা, ইরাবতী, বিতস্তা, পয়োষ্ণী, দেবিকা, বেদস্মৃতা, বেদবতী, ত্রিদিবা, ইক্ষুলা,

(১২) · পর্ব্বতাস্তে সমীপতঃ· বিপুলাশ্চিত্রসানবঃ—বা ব রা নি। (১৬) · কৃষ্ণবেণীম্ বা নি· ·কৃষ্ণবেণাম্—রা। (১৭) বেদস্মৃতিং বেদশিলাম্—পি।

গোমতীং ধূতপাপাঞ্চ বন্দনাঞ্চ মহানদীম্।
কৌশিকীং ত্রিদিবাং কৃত্যাং নিচিতাং লোহিতারণীম্ ॥১৮॥
রহস্যাং শতকুম্ভাঞ্চ সরযূঞ্চ তথৈব চ।
চর্ম্মণ্বতীং বেত্রবতীং হস্তিসোমাং দিশং তথা ॥১৯॥
শরাবতীং পয়োষ্ণাঞ্চ বেণ্ণাং ভীমরথীমপি।
কাবেরীং চুলুকাঞ্চাপি বাণীং শতবলামপি ॥২০॥
নীবারামহিতাঞ্চাপি সুপ্রয়োগাং জনাধিপ।।
পবিত্রাং কুণ্ডলাং সিন্ধুং রাজনীং পুরমালিনীম্ ॥২১॥
পূর্ব্বাভিরামাং চীরাঞ্চ ভীমামোঘবতীং তথা।
পলাশিনীং পাপহরাং মহেন্দ্রাং পাটলাবতীম্ ॥২২॥
করীষিণীমসিক্নীঞ্চ কুশচীরাং মহানদীম্।
মকরীং প্রবরাং মেনাং হেমাং ঘৃতবতীং তথা ॥২৩॥
পুণ্যবতীমনুষ্ণাঞ্চ সেব্যাং ছায়াঞ্চ ভারত।।
সদানীরামধৃষ্যাঞ্চ কুশধারাং মহানদীম্ ॥২৪॥
সদাকান্তাং শিবাঞ্চৈব তথা বীরবতীমপি।
বস্ত্রাং সুবস্ত্রাং গৌরীঞ্চ কম্পনাং সহিরণ্বতীম্ ॥২৫॥

ভারতকৌমুদী

প্যেবম্। দিশমপি নদীম্। বাণীমিত্যাপি নদ্যন্তরম্। নীবারাং মুনিধান্যান্বিতত্বাৎ। ওঘবতীং বেগবদোঘত্বাৎ। মকরীং মকরাক্রান্তজলত্বাৎ। অধৃষ্যাং বেগাতিরেকাৎ।

কৃমি, করীষিণী, চিত্রবাহা, চিত্রসেনা, গোমতী, পাপনাশিনী মহানদী বন্দনা, কৌশিকী, ত্রিদিবা, কৃত্যা, নিচিতা, লোহিতারণী, রহস্যা, শতকুম্ভা, সরযূ, চর্ম্মণ্বতী, বেত্রবতী, হস্তিসোমা, দিক্, শরাবতী, পয়োষ্ণা, বেণ্ণা, ভীমরথী, কাবেরী, চুলুকা, বাণী, শতবলা, নীবারা, অহিতা, সুপ্রয়োগা, পবিত্রা, কুণ্ডলা, সিন্ধু, রাজনী, পুরমালিনী, পূর্ব্বাভিরামা, চীরা, ভীমা, ওঘবতী, পলাশিনী, পাপহরা মহেন্দ্রা, পাটলাবতী, করীষিণী, অসিক্নী, মহানদী কুশচীরা, মকরী, প্রবরা, মেনা, হেমা, ঘৃতবতী, পুণ্যবতী, অনুষ্ণা, সেব্যা, ছায়া, সদানীরা, অধৃষ্যা, মহানদী কুশধারা, সদাকান্তা, শিবা, বীরবতী, বস্ত্রা, সুবস্ত্রা, গৌরী, কম্পনা,

(১৮) লোহিতারণীম্—পি। (২০) পয়োষ্ণীঞ্চ বেণ্ণাম্—বা ব রা নি। (২১) কুণ্ডলীম্—বা ব রা নি। (২২) বীরাঞ্চ পাশাশিনীম্—বা ব রা নি। (২৩) মকরং প্রবরাম্—পি। (২৪) পুণ্যবতীমনুষ্ণাঞ্চ শৈব্যাং কাপীঞ্চ ভারত।—বা ব রা নি, কুশচীরাম্—পি। (২৫) চীরবতীমপি—পি।

রেবাং বীবকরাঞ্চাপি পঞ্চমীঞ্চ মহানদীম্ ।
রথচিত্রাং জ্যোতিরথাং বিশ্বামিত্রাং কপিঞ্জলাম্ ॥২৬॥
উপেন্দ্রাং বহুলাঞ্চৈব কুবীরামম্বুবাহিনীম্ ।
বৈনন্দীং পিঞ্জলাং বেণ্ণাং তুঙ্গবেণাং মহানদীম্ ॥২৭॥
বিদিশাং কৃষ্ণবেণাঞ্চ তাম্রাঞ্চ কপিলামপি ।
খলুং সুবামাং বেদাশ্বাং হরিশ্রাবাং মহাপগাম্ ॥২৮॥
শীঘ্রাঞ্চ পিচ্ছিলাঞ্চৈব ভারদ্বাজীঞ্চ নিম্নগাম্ ।
কৌশিকীং নিম্নগাং শোণাং বাহুদামথ চন্দ্রমাম্ ॥২৯॥
দুর্গাং চিত্রশিলাঞ্চৈব ব্রহ্মবেধ্যাং বৃহদ্বতীম্ ।
যবক্ষামথ রোহীঞ্চ তথা জাম্বূনদীমপি ॥৩০॥
সুরসাং তমসাং দাসীং সামান্যাং বরণামসিম্ ।
নীলাং ধৃতিকরীঞ্চৈব পর্ণাশাঞ্চ মহানদীম্ ॥৩১॥
মানবীং বৃষভাঞ্চৈব ব্রহ্মমেধ্যাং বৃহদ্ঘনীম্ ।
এতাশ্চান্যাশ্চ বহ্ব্যো বৈ মহানদ্যো জনাধিপ। ॥৩২॥ (কুলকম্)
সদা নিরাময়াং কৃষ্ণাং মন্দগাং মন্দবাহিনীম্ ।
ব্রাহ্মণীঞ্চ মহাগৌরীং দুর্গামপি চ ভারত ! ॥৩৩॥

ভারতকৌমুদী

হিরণ্বতী চান্যা। পঞ্চমীঞ্চ নাম। অম্বুবাহিনীত্যপরা। মহাপগাং মহানদীম্। চন্দ্রমেত্যেব নাম। জাম্বূনদীং জাম্বূনদবর্ণতীরমৃত্তিকাবত্ত্বাৎ। সামান্যেত্যেব নাম। মহানদ্যো দেশ-বিশেষেষু বর্ত্তন্ত ইতি শেষঃ॥১৩—৩২॥

হিরণ্বতী, রেবা, বীরকরা, মহানদী পঞ্চমী, রথচিত্রা, জ্যোতিরথা, বিশ্বামিত্রা, কপিঞ্জলা, উপেন্দ্রা, বহুলা, কুবীরা, অম্বুবাহিনী, বৈনন্দী, পিঞ্জলা, বেণ্ণা, মহানদী তুঙ্গবেণা, বিদিশা, কৃষ্ণবেণা, তাম্রা, কপিলা, খলু, সুবামা, বেদাশ্বা, মহানদী হরিশ্রাবা, শীঘ্রা, পিচ্ছিলা, ভারদ্বাজী, কৌশিকী, শোণা, বাহুদা, চন্দ্রমা, দুর্গা, চিত্রশিলা, ব্রহ্মবেধ্যা, বৃহদ্বতী, যবক্ষা, রোহী, জাম্বূনদী, সুরসা, তমসা, দাসী, সামান্যা, বরণা, অসি, নীলা, ধৃতিকরী, মহানদী পর্ণাশা, মানবী, বৃষভা, ব্রহ্মমেধ্যা ও বৃহদ্ঘনী। নরনাথ! এইগুলি আরও অনেকগুলি মহানদী ভারতবর্ষে রহিয়াছে ॥১৩—৩২॥

---

(২৬) বরাং বীরকরাঞ্চাপি—বা ব রা নি। (২৭) বিনদীম্ বেণাম্—বা ব রা নি। (২৮) বিশদাং কৃষ্ণবেণাঞ্চ—পি। (৩১) সুনসাম্ ··বসামন্যাং বরাণসীম্। নীলাং ঘৃতবতীঞ্চৈব—বা ব রা নি। (৩২) এতাশ্চান্যাশ্চ বহুধা—বা ব রা নি।

চিত্রোপলাং চিত্ররথাং মঞ্জুলাং বাহিনীং তথা।
মন্দাকিনীং বৈতরণীং কোষাঞ্চাপি মহানদীম্ ॥৩৪॥
শুক্তিমতীমনঙ্গাঞ্চ তথৈব বৃষসাহ্বয়াম্।
লোহিত্যাং করতোয়াঞ্চ তথৈব বৃষকাহ্বয়াম্ ॥৩৫॥
কুমারীমৃষিকুল্যাঞ্চ মারিষাঞ্চ সরস্বতীম্।
মন্দাকিনীং সুবর্ণাঞ্চ সর্ব্বাং গঙ্গাঞ্চ ভারত। ॥৩৬॥ (কলাপকম্)
বিশ্বস্য মাতরঃ সর্ব্বাঃ সর্ব্বাশ্চৈব মহাফলাঃ।
তথা নদ্যস্ত্বপ্রকাশাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩৭॥
ইত্যেতাঃ সরিতো রাজন্। সমাখ্যাতা যথাস্মৃতি।
অত ঊর্দ্ধং জনপদান্ নিবোধ গদতো মম ॥৩৮॥
তত্রেমে কুরুপাঞ্চালাঃ শাল্বা মাদ্রেয়জাঙ্গলাঃ।
শূরসেনাঃ পুলিন্দাশ্চ বোধা মালাস্তথৈব চ ॥৩৯॥

ভারতকৌমুদী

সদেতি। সদা নিরাময়ামিতি কৃষ্ণাবিশেষণম্। তথা পিবন্তীত্যনুবৃত্তিঃ। বৃষসাহ্বয়াং বৃষাম্। বৃষকাহ্বয়াং বৃষকাম্। সর্ব্বাং নদীম্, গঙ্গাং গঙ্গাসদৃশীম্ ॥৩৩—৩৬॥

বিশ্বস্যেতি। মাতরো জলেন পরিপোষণাৎ। অপ্রকাশা অন্তঃসলিলত্বাৎ ॥৩৭॥

ইতীতি। যথাস্মৃতীত্যনেন অন্যা অপি সরিতঃ সন্তীতি সূচিতম্ ॥৩৮॥

তত্রেতি। কুরুপাঞ্চালা ইত্যেক এব দেশঃ পঞ্চালদেশস্য পরত্র পৃথগভিধানাৎ। "বহুত্ববদস্বাদেরসংখ্যোকাধিকরণস্য প্রায়েণ" ইতি দেশবাচিত্বাৎ সর্ব্বত্র বহুবচনম্। কান্তি-

---

ভরতনন্দন! আর্য্য ও ম্লেচ্ছগণের সহিত মিলিত হইয়া ভারতবাসী অন্যান্য লোকেরা এই নদীগুলির জলও পান করে। যথা—সর্ব্বদা আরোগ্যকারিণী কৃষ্ণা, মন্দগা, মন্দবাহিনী, ব্রাহ্মণী, মহাগৌরী, দুর্গা, চিত্রোপলা, চিত্ররথা, মঞ্জুলা, বাহিনী, মন্দাকিনী, বৈতরণী, মহানদী কোষা, শুক্তিমতী, অনঙ্গা, বৃষা, লোহিত্যা, করতোয়া, বৃষকা, কুমারী, ঋষিকুল্যা, মারিষা, সরস্বতী, মন্দাকিনী ও সুবর্ণা। ভরতনন্দন! ইহার মধ্যে প্রায় নদীই গঙ্গার তুল্য ॥৩৩—৩৬॥

এই সকল নদীই সকলের মাতৃতুল্য এবং সকল নদীই মহাফল উৎপাদন করে। অন্য শত শত ও সহস্র সহস্র নদী অপ্রকাশিত অবস্থায় আছে ॥৩৭॥

রাজা! আমার স্মরণ অনুসারে এই নদীগুলি বলিলাম। ইহার পর দেশের নাম বলিতেছি, আপনি আমার নিকট শ্রবণ করুন ॥৩৮॥

---

(৩৬) ·মন্দাকিনীং সুপুণ্যাঞ্চ—পি।

মৎস্যাঃ কুশল্যাঃ সৌশল্যাঃ কুন্তয়ঃ কান্তিকোশলাঃ।
চেদি-মৎস্য-করূষাশ্চ ভোজাঃ সিন্ধু-পুলিন্দকাঃ ॥৪০॥
উত্তমাশ্চ দশার্ণাশ্চ মেকলাশ্চোৎকলৈঃ সহ।
পঞ্চালাঃ কোশলাশ্চৈব নৈকপৃষ্ঠা যুগন্ধরাঃ ॥৪১॥
গোধা মদ্রাঃ কলিঙ্গাশ্চ কাশয়োঽপরকাশয়ঃ।
জঠরাঃ কুকুরাশ্চৈব সদশার্ণাশ্চ ভারত! ॥৪২॥
কুন্তয়োঽবন্তয়শ্চৈব তথৈবাপরকুন্তয়ঃ।
গোমন্তা মন্দকাঃ ষণ্ডা বিদর্ভা রূপবাহিকাঃ ॥৪৩॥
অশ্মকাঃ পাণ্ডুরাষ্ট্রাশ্চ গোপরাষ্ট্রাঃ করীতয়ঃ।
অধিরাজ্যকুশাদ্যাশ্চ মল্লরাষ্ট্রঞ্চ কেবলম্ ॥৪৪॥
বারবাস্যায়বাহাশ্চ চক্রাশ্চক্রাতয়ঃ শকাঃ।
বিদেহা মগধাঃ সুহ্মা মলজা বিজয়াস্তথা ॥৪৫॥
অঙ্গা বঙ্গাঃ কলিঙ্গাশ্চ যকৃল্লোমান এব চ।
মল্লাঃ সুদেষ্ণাঃ প্রহ্লাদা মাহিকাঃ শশিকাস্তথা ॥৪৬॥
বাহ্লীকা বাটধানাশ্চ আভীরাঃ কালতোযকাঃ।
অপরান্তাঃ পরান্তাশ্চ পঞ্চালাশ্চর্ম্মমণ্ডলাঃ ॥৪৭॥

ভাবতকৌমুদী

কোশলা ইত্যপ্যেকো দেশঃ। নৈকপৃষ্ঠ ইত্যেব দেশনাম। দশার্ণদেশস্য প্রাগভিধানাৎ সদশার্ণ ইত্যেব দেশনাম দশার্ণান্তরং বা। কুন্তয় ইতি নামসাম্যেঽপি প্রাগুক্তাদন্যো দেশঃ।

তাহার মধ্যে এই কুরুপাঞ্চাল, শাল্ব, মাদ্রেয়, জাঙ্গল, শূরসেন, পুলিন্দ, বোধ, মাল, মৎস্য, কুশল্য, সৌশল্য, কুন্তি, কান্তিকোশল, চেদি, মৎস্য, করূষ, ভোজ, সিন্ধু, পুলিন্দ, উত্তম, দশার্ণ, মেকল, উৎকল, পঞ্চাল, কোশল, নৈকপৃষ্ঠ, যুগন্ধর, গোধ, মদ্র, কলিঙ্গ, কাশি, অপরকাশি, জঠর, কুকুর, দশার্ণ, কুন্তি, অবন্তি, অপরকুন্তি, গোমন্ত, মন্দক, ষণ্ড, বিদর্ভ, রূপবাহিক, অশ্মক, পাণ্ডুরাষ্ট্র, গোপরাষ্ট্র, করীতি, অধিরাজ্য, কুশাদ্য, মল্লরাষ্ট্র, বারবাস্য, আযবাহ, চক্র, চক্রাতি, শক, বিদেহ, মাগধ, সুহ্ম, মলজ, বিজয়, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, যকৃল্লোমা, মল্ল, সুদেষ্ণ, প্রহ্লাদ, মাহিক, শশিক, বাহ্লীক, বাটধান, আভীর, কালতোযক,

---

(৪০) মৎস্যাঃ শকুন্তাঃ কৌশল্যাঃ কুন্তঃ কাশিকোশলাঃ—পি। (৪১)…নৈকপৃষ্ঠ—ধুরন্ধরাঃ—বা ব রা নি। (৪২) গোধা মদ্রকলিঙ্গাশ্চ—বা ব রা নি। (৪৩)… মন্দকাঃ সণ্ডাঃ—বা ব রা নি। (৪৫)… মগধাঃ স্বক্ষাঃ—বা ব রা নি। (৪৬)…সকৃল্লোমানঃ—পি।

অটবীশিখরাশ্চৈব মেরুভূতাশ্চ মারিষ।।
উপাবৃত্তানুপাবৃত্তাঃ স্বরাষ্ট্রাঃ কেকযাস্তথা ॥৪৮॥
কুন্দাপরান্তা মাহেযাঃ কক্ষাঃ সামুদ্রনিষ্কুটাঃ।
অন্ধ্রাশ্চ বহবো রাজন্নন্তর্গির্য্যাস্তথৈব চ ॥৪৯॥
বহির্গির্য্যাঙ্গমলজা মগধা মানবর্জ্জকাঃ।
সমন্তরাঃ প্রাবৃষেযা ভার্গবাশ্চ জনাধিপ। ॥৫০॥
পুণ্ড্রা ভর্গাঃ কিরাতাশ্চ সুদৃষ্টা যামুনাস্তথা।
শকা নিষাদা নিষধাস্তথৈবানর্ত্তনৈর্ঋতাঃ ॥৫১॥
দুকূলাঃ পূতিমৎস্যাশ্চ কুন্তলাঃ কুশকাস্তথা।
তীরগ্রাহাঃ শূরসেনা ঈজিকাঃ কন্যকা গুণাঃ ॥৫২॥
তিলভারা মসীরাশ্চ মধুমন্তঃ সকুন্দকাঃ।
কাশ্মীরাঃ সিন্ধুসৌবীরা গান্ধারা দর্শকাস্তথা ॥৫৩॥
অভীষভাঃ কুলূতাশ্চ সৈবলা বাহ্লিকাস্তথা।
দর্বীচরা লবা দর্বা বাতজামরথোরগাঃ ॥৫৪॥
বহুবাদ্যাশ্চ কৌরব্য। সুদামানঃ সুমল্লিকাঃ।
বধ্রাঃ করীষকাশ্চাপি কুলিন্দোপত্যকাস্তথা ॥৫৫॥

ভারতকৌমুদী

এবমগ্রত্র। কেবলং মুখ্যম্। বারবাস্যাশ্চ আম্ববাহাশ্চেতি দ্বৌ দেশৌ। বক্কল্লোমা নামৈকো দেশঃ। পঞ্চালা ইত্যপি পূর্ব্বোক্তাৎ পৃথক্। বিসন্ধিদোষ আর্ষত্বাৎ সোঢব্যঃ। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। অন্তর্গির্য্যাশ্চ তথৈব বহব এব। মানবর্জ্জকা ইত্যেকো দেশঃ। অত্র শকদেশস্য ভারতান্তর্গতত্বেন গণনাৎ "শকা দেশান্তরাদত্রাগতাঃ" ইত্যুক্তির্হেয়া। শূরসেনা ইতি প্রাগুক্তাদন্যঃ। কুন্দকৈঃ সহেতি সকুন্দকাঃ। বাতজাশ্চ

অপরান্ত, পরান্ত, পঞ্চাল, চর্ম্মমণ্ডল, অটবীশিখর, মেরুভূত, উপাবৃত্ত, অনুপাবৃত্ত, স্বরাষ্ট্র, কেকয, কুন্দাপরান্ত, মাহেয়, কক্ষ, সামুদ্র, নিষ্কুট, অন্ধ্র ও অন্তর্গির্য্যদেশ বহুতর, বহির্গির্য্য, অঙ্গমলজ, মগধ, মানবর্জ্জক, সমন্তর, প্রাবৃষেয, ভার্গব, পুণ্ড্র, ভর্গ, কিরাত, সুদৃষ্ট, যামুন, শক, নিষাদ, নিষধ, আনর্ত্ত, নৈর্ঋত, দুকূল, পূতিমৎস্য, কুন্তল, কুশক, তীরগ্রাহ, শূরসেন, ঈজিক, কন্যক, গুণ, তিলভার, মসীর, মধু-মান্, কুন্দক, কাশ্মীর, সিন্ধু, সৌবীর, গান্ধার, দর্শক, অভীষভ, কুলূত, সৈবল,

(৪৮) উপাবৃত্তানুপাবৃত্তাঃ স্বরাষ্ট্রাঃ—পি। (৫৪) অভীসারা উলূতাশ্চ শৈবলা বাহ্লিকাস্তথা। দার্বী চ বানবা দর্বাঃ—বা ব রা নি।

বনায়বো দশাপার্শ্বরোমাণঃ কুশবিন্দবঃ ।
কচ্ছা গোপালকক্ষাশ্চ জাঙ্গলাঃ কুরুবর্ণকাঃ ॥৫৬॥
কিবাতা বর্ববাঃ সিদ্ধা বৈদেহাস্তাম্রলিপ্তকাঃ ।
ওড্রা ম্লেচ্ছাঃ সসৈবিন্ধ্রাঃ পার্বতীযাশ্চ মাবিষ । ॥৫৭॥ (কুলকম্)
অথাপরে জনপদা দক্ষিণা ভরতর্ষভ । ।
দ্রবিড়াঃ কেরলাঃ প্রাচ্যা ভূষিকা বনবাসিকাঃ ॥৫৮॥
কর্ণাটকা মহিষকা বিকল্পা মূষকাস্তথা ।
ঝিল্লিকাঃ কুন্তলাশ্চৈব সৌহৃদা নভকাননাঃ ॥৫৯॥
কৌকুট্টকাস্তথা চোলাঃ কোঙ্কণা মালবা নবাঃ ।
সমঙ্গাঃ কবকাশ্চৈব কুকুবাঙ্গারমারিষাঃ ॥৬০॥
ধ্বজিন্যুৎসবসঙ্কেতাস্ত্রিগর্ত্তাঃ শাল্বসেনয়ঃ ।
ব্যূকাঃ কোকরকাঃ প্রোষ্ঠাঃ সমবেগবশাস্তথা ॥৬১॥
তথৈব বিন্ধ্যচুলিকাঃ পুলিন্দা বল্কলৈঃ সহ ।
মালবা বল্লবাশ্চৈব তথৈবাপবপল্লবাঃ ॥৬২॥
কুলিন্দাঃ কালদাশ্চৈব কুণ্ডলাঃ করটাস্তথা ।
মূষকাস্তনবালাশ্চ সনীপা ঘটসৃঞ্জযাঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

আমরথাশ্চ উরগাশ্চেতি ত্রয়ো দেশাঃ। কুলিন্দা উপত্যকাশ্চেতি দ্বৌ দেশৌ। দশাপার্শ্বা রোমাণশ্চেতি দেশদ্বয়ম্। সৈরিন্ধ্রৈঃ সহেতি সসৈরিন্ধ্রাঃ। এতে দেশা ভারতবর্ষস্য প্রতীচ্যাং মধ্যভাগে চ বর্ত্তন্ত ইতি শেষঃ, পূর্ব্বদক্ষিণোত্তরভাগস্থানাং বক্ষ্যমাণত্বাৎ ॥৩৯—৫৭॥

অথেতি। উচ্যন্ত ইতি শেষঃ। নভকাননা ইত্যেকো দেশঃ। নরা ইত্যেকো দেশঃ। ধ্বজিনীতি দেশেঽপি স্ত্রীত্বং হরীতকী ফলমিত্যাদিবৎ। উৎসবসঙ্কেতো নামৈকো দেশঃ।

বাহ্লিক, দর্বীচর, লব, দর্ব্ব, বাতজ, আমরথ, উরগ, বহুবাদ্য, সুদামা, সুমতল্লিক, বধ্র, করীষক, কুলিন্দ, উপত্যক, বনায়ু, দশাপার্শ্ব, রোমা, কুশবিন্দু, কচ্ছ, গোপালকক্ষ, জাঙ্গল, কুরুবর্ণক, কিবাত, বর্বর, সিদ্ধ, বৈদেহ, তাম্রলিপ্ত, ওড্র, ম্লেচ্ছ, সৈরিন্ধ্র ও পার্ব্বতীয ॥৩৯—৫৭॥

ভরতশ্রেষ্ঠ! ইহাব পর ভারতবর্ষের দক্ষিণভাগস্থ অপব দেশগুলিব নাম বলিতেছি। দ্রবিড, কেবল, প্রাচ্য, ভূষিক, বনবাসিক, কর্ণাটক, মহিষক, বিকল্প, মূষক, ঝিল্লিক, কুন্তল, সৌহৃদ, নভকানন, কৌকুট্টক, চোল, কোঙ্কণ মালব, নর, সমঙ্গ, কবক, কুকুর, অঙ্গার, মারিষ, ধ্বজিনী, উৎসবসঙ্কেত, ত্রিগর্ত্ত,

---

(৫৭) ··ওড্রা ম্লেচ্ছাঃ—বা ব রা নি।

অনিদাঘাঃ শিবাটাশ্চ তনযাঃ স্থনযাস্তথা।
ঋষিকা বিদভাঃ কাকাস্তঙ্গণাঃ পবতঙ্গণাঃ ॥৬৪॥ (কুলকম্)
উত্তবাশ্চাপবে মেচ্ছাঃ ক্রূবা ভবতসত্তম।।
যবনাশ্চীনকাম্বোজা দারুণা ম্লেচ্ছজাতযঃ ॥৬৫॥
সকৃদ্‌গ্রহাঃ কুলথাশ্চ হূণাঃ পাবসিকৈঃ সহ।
তথৈব বমণাশ্চীনাস্তথৈব দশমালিকাঃ ॥৬৬॥
ক্ষত্রিযোপনিবেশাশ্চ বৈশ্যশূদ্রকুলানি চ।
শূদ্রাভীবাশ্চ দরদাঃ কাশ্মীবাঃ পশুভিঃ সহ ॥৬৭॥
খাসীবাশ্চান্তচাবাশ্চ পহ্নবা গিবিগহ্ববাঃ।
আত্রেযাঃ সভবদ্বাজাস্তথৈব স্তনপোষিকাঃ ॥৬৮॥
প্রোষকাশ্চ কলিঙ্গাশ্চ কিবাতানাঞ্চ জাতযঃ।
তোমবা হন্যমানাশ্চ তথৈব করভঞ্জকাঃ ॥৬৯॥ (কুলকম্)

ভাবতকৌমুদী

বল্কলনামাপি কশ্চিদ্দেশঃ। নীপৈঃ সহেতি সনীপাঃ, নীপো নাম দেশঃ। পূর্ব্বমুক্তা বিদর্ভা অত্র তু বিদভা ইতি ভেদঃ। এতে দক্ষিণদেশা বর্ত্তন্তে ॥ ৫৮—৬৪॥

উত্তরা ইতি। এতেষু দারুণা ম্লেচ্ছজাতয়ো বিগুন্ত ইতি শেষঃ। দিগ্‌ভেদেন চীনদ্বয়ম্। অত্র চীনপারসিকোদানাদেতদ্দেশদ্বয়ং তদানীং ভারতবর্ষ এবাসীৎ। তেন চেদানীন্তনা-ভারতাত্তদানীন্তনং ভারতমতিবিশালায়তনং বভূবেতি প্রতীয়তে। বৈশ্যশূদ্রয়োঃ কুলানি দেশাঃ। পশুভিঃ সহেতি পশুনামাপি দেশঃ। সভরদ্বাজা ইতি ভরদ্বাজনামাপি দেশঃ। কিরাতানাং জাতয়শ্চ প্রোষকাদিষু দেশেষু বর্ত্তন্ত ইতি শেষঃ ॥৬৫—৬৯॥

শাল্বসেনি ব্যূক, কোকবক, প্রোষ্ঠ, সমবেগবশ, বিন্ধ্যচুলিক, পুলিন্দ, বল্কল, মালব, বল্লব, অপববল্লব, কুলিন্দ, কালদ, কুণ্ডল, করট, মূষক, তনবাল, নীপ, ঘটসৃঞ্জয়, অনিদাঘ, শিবাট, তনয, স্থনয়, ঋষিক, বিদভ, কাক, তঙ্গণ ও পরতঙ্গণ ॥৫৮—৬৪॥

ভরতশ্রেষ্ঠ! এখন ভারতবর্ষীয় উত্তরদিগ্‌বর্ত্তী ক্রূর ম্লেচ্ছদেশগুলির নাম বলিতেছি। যবন, চীন ও কাম্বোজদেশে দারুণ ম্লেচ্ছজাতিবা বাস করে। সকৃদ্‌গ্রহ, কুলথ, হূণ, পারসিক, বমণ, চীন দশমালিক, ক্ষত্রিযোপনিবেশ, বৈশ্য ও শূদ্রের দেশ, শূদ্র ও আভীবের দেশ, দরদ, কাশ্মীব, পশু, খাসীর, অন্তচার, পহ্নব, গিরিগহ্বব, আত্রেয, ভরদ্বাজ ও স্তনপোষিক। তা'ব পর,

---

(৬৪) অঠিদাঃ পাশিবাটাশ্চ—বা ব ন্না নি। (৬৮) খাসীরাশ্চান্তরাবাশ্চ—পি।

এতে চান্যে জনপদাঃ প্রাচ্যোদীচ্যাস্তথৈব চ।
উদ্দেশমাত্রেণ ময়া দেশাঃ সঙ্কীর্ত্তিতা বিভো। ॥৭০॥
যথাগুণবলঞ্চাপি ত্রিবর্গস্য মহাফলম্।
দুহ্যাদ্ধেনুঃ কামধুক্ চ ভূমিঃ সম্যগনুষ্ঠিতা ॥৭১॥
তস্যাং গৃধ্যন্তি রাজানঃ শূরা ধর্ম্মার্থকোবিদাঃ।
তে ত্যজন্ত্যাহবে প্রাণান্ বসুগৃদ্ধাস্তরস্বিনঃ ॥৭২॥
দেবমানুষকায়ানাং কামং ভূমিঃ পরায়ণম্।
অন্যোন্যস্যাবলুম্পন্তি সারমেয়া যথামিষম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

এত ইতি। প্রাচ্যোদীচ্যাঃ কিয়ন্তঃ প্রাচ্যাঃ কিয়ন্ত উদীচ্যাঃ কিয়ন্তশ্চ তদুভয়াত্মককোণবর্ত্তিন ইত্যর্থঃ। উদ্দেশমাত্রেণ নামমাত্রেণ ॥৭০॥

ইদানীং পূর্ব্বপৃষ্টং ভূমিগুণমাহ—যথেতি। ভূমিঃ সম্যক্ অনুষ্ঠিতা পালিতা সতী, কামান্ অভীষ্টান্ দোগ্ধি দদাতীতি কামধুক্ ধেনুরিব, গুণাঃ সত্ত্বরজস্তমাংসি বলং শক্তিশ্চ তেষামনতিক্রমেণ, ত্রিবর্গস্য ধর্ম্মার্থকামানাম্, মহাফলং দুহ্যাৎ দদ্যাৎ, সাত্ত্বিকস্য ধর্ম্মফলং স্বর্গং রাজসিকস্য অর্থফলং সুখং তামসিকস্য চ কামফলং ভোগং দদ্যাদিত্যর্থঃ ॥৭১॥

তস্যামিতি। গৃধ্যন্তি অভিলাষং কুর্ব্বন্তি। বসুগৃদ্ধা ধনলুব্ধাঃ, তরস্বিনো বলবন্তঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

যদিদমিতি ॥১॥ গৃদ্ধা লোভযুক্তাঃ, এতৎ এতস্য, মে মহ্যম্, তত্ত্বং যাথার্থ্যম্ ॥২—৪॥ প্রিয়মিতি কর্ম্মভূমিত্বাদিন্দ্রাদীনামিদং প্রিয়ম্ ॥৫॥ অগ্রে স্পষ্টার্থো গ্রন্থঃ ॥৬—১০॥ যথাগুণবলমিতি। যথাগুণং সত্ত্বাদিগুণান্ অনতিক্রম্য তদ্বৎ যথাবলং শৌর্য্যং চানতিক্রম্য ত্রিবর্গস্য ধর্ম্মার্থকামাত্মকস্য মহাফলম্ উৎকৃষ্টফলং হৈরণ্যগর্ভপদপ্রাপ্ত্যন্তং সম্যগনুষ্ঠিতা সম্যক্পালিতা ভূমির্দুহেত প্রপূরয়েৎ, ধেনুরিব কামান্ অন্যাংশ্চ দুগ্ধে ইতি কামধুক্ ॥৭১॥ গৃধ্যন্তি অভি-

---

প্রোষক, কলিঙ্গ, তোমর, হংসমান ও করভঞ্জক—এই দেশগুলিতে কিরাতজাতিরা বাস করে ॥৬৫—৬৯॥

রাজা! এই সকল দেশ ও অন্যান্য অনেক দেশ পূর্ব্বদিকে, উত্তরদিকে এবং ঐ উভয়দিকের কোণে রহিয়াছে; কিন্তু আমি এই দেশগুলির নামমাত্র বলিলাম ॥৭০॥

যথানিয়মে প্রতিপালিত ভূমি, কামদায়িনী ধেনুর ন্যায় গুণ ও শক্তি অনুসারে ধর্ম্ম, অর্থ ও কামের মহাফল দান করিয়া থাকে ॥৭১॥

বীর, বলবান্ এবং ধর্ম্মে ও অর্থে বিচক্ষণ রাজারা সেই ভূমির আকাঙ্ক্ষা করেন এবং ধনলোভী হইয়া যুদ্ধে প্রাণত্যাগ করিয়া থাকেন ॥৭২॥

---

(৭২)···রণগৃদ্ধাস্তরস্বিনঃ—পি।

রাজানো ভরতশ্রেষ্ঠ। ভোক্তু কামা বসুন্ধরাম্।
ন চাপি তৃপ্তিঃ কামানাং বিদ্যতেঽদ্যাপি কস্যচিৎ ॥৭৪॥ (যুগ্মকম্)
তস্মাৎ পরিগ্রহে ভূমের্যতন্তে কুরুপাণ্ডবাঃ।
সাম্না ভেদেন দানেন দণ্ডেনৈব চ ভারত ! ॥৭৫॥
পিতা ভ্রাতা চ পুত্রাশ্চ খং দ্যৌশ্চ নরপুঙ্গব ! ।
ভূমির্ভবতি ভূতানাং সম্যগচ্ছিদ্রদর্শনা ॥৭৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে ভারতীয়নদীদেশাদিনামকথনে নবমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

দেবেতি। ভূমিঃ, কামং পর্য্যাপ্তমেব, দেবমানুষকায়ানাং পরায়ণমাশ্রয়ঃ যজ্ঞেন দেবদেহানাম অন্নেন চ মানুষশরীরাণাং পুষ্টিজনিকেত্যর্থঃ। অতএব সারমেয়াঃ কুর্কুরা যথা, অন্যোন্যস্য আমিষমবলুম্পন্তি, তথা রাজানোঽপি ভোক্তু কামাঃ সন্তঃ অন্যোন্যস্য বসুন্ধরামবলুম্পন্তি। কিন্তু অদ্যাপি কস্যচিদপি কামানাং তৃপ্তিশ্চাপি ন বিদ্যতে ॥৭৩—৭৪॥

তস্মাদিতি। পরিগ্রহে আযত্তীকরণে। অতো নৈষামলৌকিকতেতি ভাবঃ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

কাঙ্ক্ষাং কুর্ব্বন্তি, বসুগৃদ্ধাঃ ধনলুব্ধাঃ ॥৭২॥ দেবকায়ানাং যজ্ঞেন মানুষকায়ানামন্নপ্রসবেন ভূমিঃ পরায়ণং শরণম্ ॥৭৩—৭৪॥ তস্মাৎ অতৃপ্তত্বাৎ ॥৭৫॥ এবমাধিদৈবিকং ভূমিজয়ফলমুক্তম্, অথাধ্যাত্মং ভূমিজয়ফলমাহ—পিতেতি। অচ্ছিদ্রং সম্পূর্ণং দর্শনং যস্যাঃ সা ভূমিঃ যোগমার্গরীত্যা কার্ৎস্ন্যেন দৃষ্টা সতী পিত্রাদিবদিহ ভৌতিকেভ্য আঘাতেভ্যঃ পাতি বজ্রকায়ত্বং প্রযচ্ছতীত্যর্থঃ। খং খত্বং সূর্য্যাদীনাং পদং দ্যৌঃ স্বর্গপদঞ্চ সৈব ভাবতি ভক্তং প্রাপয়তীত্যর্থঃ ॥৭৬॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

আর ভূমি, দেবশরীর ও মানুষশরীরের যথেষ্ট পুষ্টি করে; সুতরাং ভরতশ্রেষ্ঠ! কুকুর যেমন ভোজনাভিলাষী হইয়া পরস্পরের পরিগৃহীত মাংস গ্রহণ করে, সেইরূপ রাজারাও ভোগার্থী হইয়া পরস্পরের ভূমি অপহরণ করেন। তাহাতে অদ্যাপি কাহারও কামনার তৃপ্তি হয় নাই ॥৭৩—৭৪॥

ভরতনন্দন! সেই জন্যই কৌরবগণ ও পাণ্ডবগণ সাম, দান, ভেদ ও দণ্ডদ্বারা ভূমি গ্রহণ করিবার জন্য চেষ্টা করিতেছেন ॥৭৫॥

নরশ্রেষ্ঠ! যথানিয়মে সর্ব্বদা পর্য্যবেক্ষণ করিলে, ভূমি প্রাণিগণের পিতা, ভ্রাতা, পুত্র, আকাশ ও স্বর্গস্বরূপ হইয়া থাকে” ॥৭৬॥

---

(৭৬) · সম্যগচ্ছিদ্রদর্শিনাম্—পি।

দশমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ।

ভারতস্যাস্য বর্ষস্য তথা হৈমবতস্য চ।
প্রমাণমায়ুষঃ সূত। বলঞ্চাপি শুভাশুভম্ ॥১॥
অনাগতমতিক্রান্তং বর্ত্তমানঞ্চ সঞ্জয়!।
আচক্ষ্ব মে বিস্তরেণ হরিবর্ষং তথৈব চ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

চত্বারি ভারতে বর্ষে যুগানি ভরতর্ষভ।
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ তিষ্যঞ্চ কুরুবর্দ্ধন। ॥৩॥
পূর্ব্বং কৃতযুগং নাম ততস্ত্রেতাযুগং প্রভো।।
সংক্ষেপাদ্দ্বাপরস্যাথ ততস্তিষ্যং প্রবর্ত্ততে ॥৪॥

ভারতকৌমুদী

ভূমেঃ সর্ব্বথোৎকর্ষমাহ—পিতেতি। ভূমিঃ সম্যক্ অচ্ছিদ্রদর্শনা নিরন্তরপর্য্যবেক্ষণা সতী, ভূতানাম্, পিতা দেহোৎপাদনাৎ, ভ্রাতা সর্ব্বত্র সহায়তাবিধানাৎ, পুত্রাঃ পরিপোষণাৎ, খমাকাশম্ অবকাশদানাৎ, দ্যৌঃ স্বর্গশ্চ নিরতিশয়সুখাস্পদত্বাৎ, ভবতি ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে নবমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভারতস্যেতি। ভারতস্য বর্ষস্য ভারতবর্ষবাসিনো মানুষস্য। প্রমাণং পরিমাণম্। অনাগতং ভবিষ্যৎ অনাগতাদিকালমিত্যর্থঃ ॥১—২॥

যুগভেদেনায়ুর্ভেদং বক্তুং প্রথমং যুগভেদমাহ—চত্বারীতি। ভারতে বর্ষে ইত্যনেন বর্ষান্তরে ন তাদৃগ্‌যুগভেদপ্রকাশ ইতি সূচিতম্। কৃতং সত্যযুগম্। তিষ্যং কলিযুগম্, "তিষ্যো নক্ষত্রভেদে স্যাৎ কলৌ ধাত্র্যাঞ্চ যোষিতি" ইতি মেদিনী ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সূত সঞ্জয়! এই ভারতবর্ষ, হৈমবতবর্ষ ও হরিবর্ষবাসী মানুষের আয়ুর পরিমাণ, শক্তি, মঙ্গল, অমঙ্গল এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কাল আমার নিকট বিস্তরক্রমে বল" ॥১—২॥

সঞ্জয় বলিলেন—"ভরতশ্রেষ্ঠ! কুরুবংশবর্দ্ধন! এই ভারতবর্ষে সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি, এই চারিটা যুগই হইয়া থাকে ॥৩॥

---

(১) ভারতস্য চ দুর্দ্ধর্ষ।—পি।

চত্বারি তু সহস্রাণি বর্ষাণাং কুরুসত্তম।।
আয়ুঃসংখ্যা কৃতযুগে সংখ্যাতা রাজসত্তম।॥৫॥
তথা ত্রীণি সহস্রাণি ত্রেতায়াং মনুজাধিপ!।
দ্বে সহস্রে দ্বাপরে তু ভুবি তিষ্ঠন্তি সাম্প্রতম্ ॥৬॥
ন প্রমাণস্থিতির্হ্যস্তি তিষ্যেঽস্মিন্ ভরতর্ষভ!।
গর্ভস্থাশ্চ ম্রিয়ন্তেঽত্র তথা জাতা ম্রিয়ন্তি চ ॥৭॥
মহাবলা মহাসত্ত্বাঃ প্রজ্ঞাগুণসমন্বিতাঃ।
প্রজায়ন্তে চ জাতাশ্চ শতশোঽথ সহস্রশঃ ॥৮॥
জাতাঃ কৃতযুগে রাজন্। ধনিনঃ প্রিয়দর্শনাঃ।
প্রজায়ন্তে চ জাতাশ্চ মুনয়ো বৈ তপোধনাঃ ॥৯॥
মহোৎসাহা মহাত্মানো ধার্ম্মিকাঃ সত্যবাদিনঃ।
প্রিয়দর্শা বপুষ্মন্তো মহাবীর্য্যা ধনুর্দ্ধরাঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পূর্ব্বমিতি। পূর্ব্বং সৃষ্টিপ্রথমম্। দ্বাপরস্য সংক্ষেপাদবসানাৎ পরম্ ॥৪॥
চত্বারীতি। আয়ুঃসংখ্যা মানুষাণামিতি শেষঃ। সংখ্যাতা উক্তা ॥৫॥
তথেতি। তিষ্ঠন্তি বর্ষাণাং দ্বে সহস্রে যাবন্মানুষাঃ, সাম্প্রতং দ্বাপরে ॥৬॥
নেতি। প্রমাণস্থিতিঃ আয়ুঃপরিমাণনিয়মঃ, অস্মিন্ ইতঃ পরমেব ভাবিনি ॥৭॥
সর্ব্বযুগধর্ম্মমাহ—মহেতি। মহাসত্ত্বাঃ প্রবলাধ্যবসায়াঃ। প্রজায়ন্তে প্রজাং জনয়ন্তি ॥৮॥
সত্যযুগস্য নিয়তং ধর্ম্মমাহ—জাতা ইতি। বপুষ্মন্তঃ প্রশস্তদেহাঃ ॥৯—১০॥

রাজা! সৃষ্টির পরে প্রথমে সত্য, তৎপরে ত্রেতা, তাহার পরে দ্বাপর এবং তদনন্তর কলিযুগ প্রবৃত্ত হয় ॥৪॥

কৌরবপ্রধান! রাজশ্রেষ্ঠ! সত্যযুগে মানুষের আয়ুর পরিমাণ ছিল—চারি হাজার বৎসর ॥৫॥

নরনাথ! ত্রেতাযুগে তিন হাজার বৎসর এবং দ্বাপরযুগে দুই হাজার বৎসর মানুষের আয়ুর পরিমাণ। এখনও পৃথিবীতে দুই হাজার বৎসরের অনেক মানুষ আছে ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! কিন্তু কলিযুগে মানুষের আয়ুর পরিমাণের স্থিরতা নাই। কারণ, তখন মানুষ গর্ভে থাকিয়া কিংবা জন্মিবার পরেও মরে ॥৭॥

সকল যুগেই মহাবল, মহাধ্যবসায়, বুদ্ধিমান্ ও গুণবান্ শত শত ও সহস্র সহস্র লোক জন্মে ও সন্তান জন্মাইয়া থাকে ॥৮॥

---

(১০)· প্রিয়দর্শনা বপুষ্মন্তঃ—বা ব রা নি।

ববার্হা যুধি জায়ন্তে ক্ষত্রিয়াঃ শূরসত্তমাঃ।
ত্রেতায়াং ক্ষত্রিয়া রাজন্! সর্ব্বে বৈ চক্রবর্ত্তিনঃ ॥১১॥
সর্ব্ববর্ণাশ্চ জায়ন্তে সদৈব দ্বাপরে যুগে।
মহোৎসাহা বীর্য্যবন্তঃ পরস্পরজয়ৈষিণঃ ॥১২॥
তেজসাল্পেন সংযুক্তাঃ ক্রোধনাঃ পুরুষা নৃপ!।
লুব্ধা অনৃতকাশ্চৈব তিষ্যে জায়ন্তি ভারত! ॥১৩॥
ঈর্ষ্যা মানস্তথা ক্রোধো মায়াঽসূয়া তথৈব চ।
তিষ্যে ভবতি ভূতানাং রাগো লোভশ্চ ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

বরেতি। বরার্হাঃ প্রশস্তপরিচ্ছদযোগ্যাঃ। চক্রবর্ত্তিনঃ সার্ব্বভৌমা ভবিতুমিচ্ছন্তি ॥১১॥
সর্ব্বেতি। জায়ন্তে ভবন্তি ॥১২॥
তেজসেতি। অনৃতকা মিথ্যাবাদিনঃ, তিষ্যে কলিযুগে ॥১৩॥
ঈর্ষ্যেতি। মানো গর্ব্বঃ, মায়া কাপট্যম্। রাগো বিষয়াভিলাষঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

ভারতস্যেতি ॥১—২॥ তিষ্যং কলিযুগম্ ॥৩—৭॥ প্রজায়ন্তে প্রজাং জনয়ন্তি ॥৮—৯॥ বপুষ্মন্তঃ প্রশস্তদেহাঃ ॥১০—১১॥ সর্ব্বে বর্ণাঃ পরস্পরজয়ৈষিণো জায়ন্ত ইতি সম্বন্ধঃ ॥১২—১৩॥ ঈর্ষ্যা পরোৎকর্ষাসহিষ্ণুত্বম্। মানঃ স্বস্মিন্ পূজ্যতাবুদ্ধিঃ। ক্রোধোঽভিজ্বলনম্। মায়া

রাজা! সত্যযুগে মুনি, তপস্বী, ধনী, প্রিয়দর্শন, মহোৎসাহ, মহাত্মা, ধার্ম্মিক, সত্যবাদী, সকলকেই প্রিয়রূপে দর্শনকারী, প্রশস্তদেহ, মহাবীর ও ধনুর্দ্ধর মানুষ জন্মে এবং সেইরূপ সন্তান উৎপাদন করে ॥৯—১০॥

রাজা! ত্রেতাযুগে ক্ষত্রিয়েরা উত্তম পরিচ্ছদের যোগ্য ও যুদ্ধে মহাবীর হইয়া থাকেন এবং সকল ক্ষত্রিয়ই সম্রাট্ হইবার ইচ্ছা করেন ॥১১॥

দ্বাপরযুগে সমস্ত বর্ণই মহোৎসাহ, বলবান্ এবং সর্ব্বদাই পরস্পর জয়াভিলাষী হইয়া থাকে ॥১২॥

আর ভরতনন্দন রাজা! কলিযুগে মানুষ অল্পতেজা, কোপনস্বভাব, লোভী ও মিথ্যাবাদী হয় ॥১৩॥

ভরতনন্দন! এবং কলিযুগে মানুষের ঈর্ষ্যা, অহঙ্কার, ক্রোধ, কপটতা, অসূয়া, বিষয়ে আসক্তি ও লোভ হইয়া থাকে ॥১৪॥

---

(১২) সদা চৈব চ দ্বাপরে—বা ব ন্না নি।

সংক্ষেপো বর্ত্ততে রাজন্। দ্বাপরেঽস্মিন্ নরাধিপ।।
গুণোত্তরং হৈমবতং হরিবর্ষং ততঃ পরম্ ॥১৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে ভারতবর্ষে কৃতাদ্যনুবোধেনায়ুর্নিরূপণে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

———°※°———

(২। ভূমিপর্ব্ব।)

একাদশোঽধ্যায়ঃ।

———°※°———

ধৃতরাষ্ট্র উবাচ।
জম্বূখণ্ডস্ত্বয়া প্রোক্তো যথাবদিহ সঞ্জয়।।
বিষ্কম্ভমস্য চ ব্রূহি পরিমাণন্তু তত্ত্বতঃ ॥১॥

ভারতকৌমুদী

সংক্ষেপ ইতি। সংক্ষেপঃ অল্পাবশেষঃ, এতজ্জ্ঞাপনার্থমেবাস্যোপাদানাৎ। গুণা উত্তরা ভারতাপেক্ষয়া শ্রেষ্ঠা যত্র তৎ। হরিবর্ষন্তু ততো হৈমবতাদপি পরং শ্রেষ্ঠম্ ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি জম্বূখণ্ডবিনির্ম্মাণে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

———°⁄°———

জম্বূখণ্ড ইতি। বিষ্কম্ভং বিস্তৃতং পরিমাণমিতি সম্বন্ধঃ ॥১॥

ভারতভাবদীপঃ

কপটম্। অসূয়া পরগুণেষু দোষাবিষ্করণম্। রাগো বিষয়েষু প্রীতিঃ। লোভস্তল্লিপ্সা ॥১৪॥ সংক্ষেপো গুণানামিতি শেষঃ ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

নরনাথ রাজা! এখন এই দ্বাপরযুগের অল্পই অবশিষ্ট আছে। ভারতবর্ষ অপেক্ষা হৈমবতবর্ষের গুণ অধিক এবং হৈমবতবর্ষ অপেক্ষাও হরিবর্ষ উৎকৃষ্ট" ॥১৫॥

—°※°—

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! তুমি যথাযথভাবেই জম্বূখণ্ডের বিষয় বলিয়াছ; এখন আবার যথাযথভাবে উহার বিস্তৃত পরিমাণ বল ॥১॥

---

(১) বিষ্কম্ভমস্য প্রব্রূহি—বা ব রা নি।

সমুদ্রস্য প্রমাণঞ্চ সম্যগচ্ছিদ্রদর্শনম্ ।
শাকদ্বীপঞ্চ মে ব্রূহি কুশদ্বীপঞ্চ সঞ্জয ! ॥২॥
শাল্মলিঞ্চৈব তত্ত্বেন ক্রৌঞ্চদ্বীপং তথৈব চ ।
ব্রূহি গাবল্গনে ! সর্ব্বং রাহোঃ সোমার্কয়োস্তথা ॥৩॥

সঞ্জয় উবাচ ।

রাজন্ ! সুবহবো দ্বীপা যৈরিদং সন্ততং জগৎ ।
সপ্ত দ্বীপান্ প্রবক্ষ্যামি চন্দ্রাদিত্যৌ গ্রহং তথা ॥৪॥
অষ্টাদশ সহস্রাণি যোজনানি বিশাংপতে ! ।
ষট্ শতানি চ পূর্ণানি বিষ্কম্ভো জম্বুপর্ব্বতঃ ॥৫॥
লাবণস্য সমুদ্রস্য বিষ্কম্ভো দ্বিগুণঃ স্মৃতঃ ।
নানাজনপদাকীর্ণো মণিবিদ্রুমচিত্রিতঃ ॥৬॥

ভারতকৌমুদী

সমুদ্রস্যেতি । অচ্ছিদ্রং নির্দোষং দর্শনং যস্মিন্ তৎ যথাযথজ্ঞানেনেত্যর্থঃ ॥২॥
শাল্মলিমিতি । গাবল্গনে ! গবল্গনপুত্র ! সর্ব্বং বিষযম্ ॥৩॥
রাজন্নিতি । সন্ততং ব্যাপ্তম্ । গ্রহং রাহুম্, তস্যৈব প্রাকৃপৃষ্ঠত্বাৎ ॥৪॥
অষ্টেতি । বিষ্কম্ভো বিস্তৃতঃ, পর্ব্বতাকৃতিজম্বুবৃক্ষপ্রধানত্বাজ্জম্বুপর্ব্বত এব জম্বুদ্বীপঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

জম্বূখণ্ড ইতি ॥১—৩॥ গ্রহং রাহুম্ ॥৪॥ অষ্টাদশসহস্রাণি ষট্শতানি চ যোজনানি বিষ্কম্ভশ্চতুর্দ্দলকমলাকারস্য জম্বুদ্বীপস্য পত্রান্তপরিধিঃ, তাদৃশবিস্তার এব পিণ্ডপ্রমাণমন্তর্ভাব্য পর্ব্বতাকৃতিত্বাজ্জম্বুপর্ব্বত ইত্যুচ্যতে ॥৫॥ লাবণস্যেতি । ক্ষেত্রফলতঃ পঞ্চসহস্রায়ামত্বাজ্জম্বুদ্বীপস্য তদুভয়তঃ পঞ্চপঞ্চভিঃ সহস্রৈঃ সমুদ্রস্য বিষ্কম্ভো বিস্তারঃ, তেন সসমুদ্রস্য দ্বীপস্য পঞ্চদশসহস্রযোজনো ব্যাসঃ । দ্বিগুণঃ দশসহস্রযোজনঃ পরিমণ্ডলশ্চেদুভয়তঃ সমুদ্রবেষ্টনেন

সঞ্জয় ! তুমি তোমার যথাযথ জ্ঞান অনুসারে সমুদ্রের পরিমাণ, শাকদ্বীপ ও কুশদ্বীপের বিষয় আমার নিকট বল ॥২॥

গবল্গননন্দন ! শাল্মলিদ্বীপ, ক্রৌঞ্চদ্বীপ, রাহু, চন্দ্র ও সূর্য্যের বিষয়ও যথাযথভাবে বল” ॥৩॥

সঞ্জয় বলিলেন—“রাজা ! যে দ্বীপগুলি এই জগৎ ব্যাপ্ত করিয়া রহিয়াছে, সে দ্বীপ অনেক ; তবে আপনার নিকট সপ্ত দ্বীপ, চন্দ্র, সূর্য্য ও রাহুর বিষয় বলিব ॥৪॥

নরনাথ ! এই জম্বুদ্বীপ, পূর্ণ অষ্টাদশ সহস্র ও ছয় শত যোজন বিস্তৃত ॥৫॥

---

(২) সমুদ্রস্য প্রমাণঞ্চ—পি ।

নৈকধাতুবিচিত্রৈশ্চ পর্ব্বতৈরুপশোভিতঃ।
সিদ্ধচারণসঙ্কীর্ণঃ সাগরঃ পরিমণ্ডলঃ ॥৭॥ (যুগ্মকম্)
শাকদ্বীপঞ্চ বক্ষ্যামি যথাবদিহ পার্থিব!।
শৃণু মে ত্বং যথান্যায়ং ব্রুবতঃ কুরুনন্দন! ॥৮॥
জম্বুদ্বীপপ্রমাণেন দ্বিগুণঃ স নরাধিপ!।
বিষ্কম্ভেণ মহারাজ! সাগরোঽপি বিভাগশঃ।
ক্ষীরোদো ভরতশ্রেষ্ঠ! যেন সংপরিবারিতঃ ॥৯॥
তত্র পুণ্যা জনপদাস্তত্র ন ম্রিয়তে জনঃ।
কুত এব হি দুর্ভিক্ষং ক্ষমাতেজোযুতা হি তে ॥১০॥
শাকদ্বীপস্য সংক্ষেপো যথাবদ্ভরতর্ষভ!।
উক্ত এষ মহারাজ! কিমন্যৎ কথয়ামি তে ॥১১॥

ভারতকৌমুদী

লাবণস্যেতি। বিষ্কম্ভোঽত্র বিস্তারঃ। ইদানীন্তনমানচিত্রেণ সহাস্যাসামঞ্জস্যাৎ এতদ্বিবরণং নিষ্ফলমিব প্রতিভাতি। পরিমণ্ডলো গোলাকারঃ ॥৬—৭॥

শাকেতি। ন্যায়ম্ অনতিক্রম্যেতি যথান্যায়ং প্রথমং সংক্ষেপেণ পরঞ্চ বিস্তারেণ ॥৮॥

জম্বুদ্বীপেতি। বিষ্কম্ভেণ বিস্তারেণ। বিভাগশো বহির্ভাগে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

তত্রেতি। ন ম্রিয়তে অকালে। তে তত্রত্যা জনাঃ ॥১০॥

শাকেতি। সংক্ষেপঃ সংক্ষিপ্তবিষয়ঃ ॥১১॥

লবণসমুদ্রের বিস্তার জম্বুদ্বীপ অপেক্ষা দ্বিগুণ। ঐ সমুদ্রের তীরে বহুতর দেশ আছে, ঐ সমুদ্র মণি ও প্রবালে বিচিত্র, গোলাকার এবং অনেক ধাতুবিচিত্র পর্ব্বতসমূহে পরিশোভিত ও সিদ্ধচারণগণে ব্যাপ্ত ॥৬—৭॥

কৌরবনন্দন রাজা! এখন আমি যথাযথভাবে ও ন্যায় অনুসারে শাকদ্বীপের বিষয় বলিব। আপনি আমার নিকট তাহা শ্রবণ করুন ॥৮॥

নরনাথ মহারাজ! সেই শাকদ্বীপ জম্বুদ্বীপ অপেক্ষা দ্বিগুণ বিস্তৃত এবং ভরতশ্রেষ্ঠ! যে ক্ষীরোদসাগর উহাকে পরিবেষ্টন করিয়া বহির্ভাগে রহিয়াছে, তাহার পরিমাণও দ্বিগুণ ॥৯॥

সেই দ্বীপে অনেক পবিত্র দেশ আছে এবং সে সকল দেশে লোকের অকালমৃত্যু হয় না, দুর্ভিক্ষ আর হইবে কেন? তত্রত্য লোক সকল ক্ষমাশীল ও তেজস্বী ॥১০॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! আমি যথাযথভাবে ও সংক্ষেপে এই শাকদ্বীপের বিষয় বলিলাম; এখন আর আপনার নিকট কি বলিব (বলুন)" ॥১১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

শাকদ্বীপস্য সংক্ষেপো যথাবদিহ সঞ্জয়!।
উক্তস্ত্বয়া মহাপ্রাজ্ঞ! বিস্তরং ব্রূহি তত্ত্বতঃ ॥১২॥

সঞ্জয় উবাচ।

তথৈব পর্ব্বতা রাজন্! সপ্তাত্র মণিভূষিতাঃ।
রত্নাকরাস্তথা নদ্যস্তেষাং নামানি মে শৃণু ॥১৩॥
অতীব গুণবৎ সর্ব্বং তত্র পুণ্যং জনাধিপ!।
দেবর্ষিগন্ধর্ব্বযুতঃ প্রথমো মেরুরুচ্যতে ॥১৪॥
প্রাগায়তো মহারাজ! মলয়ো নাম পর্ব্বতঃ।
ততো মেঘাঃ প্রবর্ত্তন্তে প্রভবন্তি চ সর্ব্বশঃ ॥১৫॥
ততঃ পরেণ কৌরব্য! জলধারো মহাগিরিঃ।
ততো নিত্যমুপাদত্তে বাসবঃ পরমং জলম্ ॥১৬॥

ভারতকৌমুদী

শাকেতি। বিস্তরং শাকদ্বীপস্যৈব, তত্ত্বতো যথার্থ্যেন ॥১২॥
তথেতি। তথা নদ্যশ্চ সন্তীতি শেষঃ, তেষাং পর্ব্বতাদীনাম্ ॥১৩॥
অতীবেতি। গুণবৎ উৎকর্ষবৎ, পুণ্যং পবিত্রঞ্চ। মেরুর্নাম পর্ব্বতঃ ॥১৪॥
প্রাগিতি। প্রাগায়তঃ পূর্ব্বপশ্চিমদীর্ঘঃ। প্রভবন্তি বারিবর্ষণে শক্নুবন্তি ॥১৫॥
তত ইতি। জলধারো নাম। উপাদত্তে গৃহ্লাতি, বাসব ইন্দ্রঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সহ চত্বারিংশৎসহস্রঃ। এবং তৃতীয়োঽশীতিসহস্রঃ। চতুর্থঃ ষষ্টিসহস্রাধিকং লক্ষম্। পঞ্চমো লক্ষত্রয়ং বিংশতিসহস্রাণি। ষষ্ঠো লক্ষষট্কং চত্বারিংশৎ সহস্রাণি। সপ্তমো

ধৃতরাষ্ট্র বলিলেন—"মহাপ্রাজ্ঞ সঞ্জয়! তুমি যথাযথভাবে ও সংক্ষেপে শাকদ্বীপের বিষয় বলিলে, এখন যথার্থরূপে উহার বিস্তৃত বিবরণ বল" ॥১২॥

সঞ্জয় বলিলেন—"রাজা! এই শাকদ্বীপেও রত্নের আকর এবং মণিভূষিত সাতটা পর্ব্বত আছে, বহুতর নদীও আছে; আপনি সেগুলির নাম আমার নিকট শ্রবণ করুন ॥১৩॥

নরনাথ! সে দেশে সকল বস্তুই অত্যন্ত উৎকৃষ্ট ও পবিত্র। সে দেশের প্রথম পর্ব্বতের নাম—'মেরু', তাহাতে দেবগণ, ঋষিগণ ও গন্ধর্ব্বগণ আছেন ॥১৪॥

মহারাজ! তাহার পর পূর্ব্ব ও পশ্চিমে দীর্ঘ মলয়পর্ব্বত রহিয়াছে; তাহা হইতে মেঘ সকল আবির্ভূত হয় এবং সর্ব্বত্র বারি বর্ষণ করে ॥১৫॥

কৌরবনন্দন! তৎপরে 'জলধার'-নামে মহাপর্ব্বত আছে; ইন্দ্র তাহা হইতেই সর্ব্বদা উত্তম জল গ্রহণ করেন ॥১৬॥

ততো বর্ষং প্রভবতি বর্ষাকালে জনেশ্বর ! ।
উচ্চৈর্গিবী বৈবতকো যত্র নিত্যং প্রতিষ্ঠিতা ॥১৭॥
বেবতী দিবি নক্ষত্রং পিতামহকৃতো বিধিঃ।
উত্তবেণ তু বাজেন্দ্র। শ্যামো নাম মহাগিরিঃ ॥১৮॥
নবমেঘপ্রভঃ প্রাংশুঃ শ্রীমানুজ্জ্বলবিগ্রহঃ।
যতঃ শ্যামত্বমাপন্না প্রজা জনপদেশ্বব। ॥১৯॥ (বিশেষকম্)

ধৃতরাষ্ট্র উবাচ।

সুমহান্ সংশযো মেঽদ্য প্রোক্তোঽযং সঞ্জয়। ত্বযা।
প্রজাঃ কথং সূতপুত্র। সংপ্রাপ্তাঃ শ্যামতামিহ ॥২০॥

সঞ্জয় উবাচ।

সর্ব্বেষ্বেব মহাবাজ। দ্বীপেষু কুরুনন্দন ! ।
গৌরঃ কৃষ্ণশ্চ বর্ণৌ দ্বৌ তয়োর্বর্ণান্তবে নৃপ ! ।
শ্যামো যস্মাৎ প্রবৃত্তো বৈ তস্মাচ্ছ্যামো গিবিঃ স্মৃতঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। যত্র যদূর্দ্ধে। এষ বিধির্নিয়মঃ পিতামহেন ব্রহ্মণা কৃতঃ। প্রাংশুরুচ্চঃ, শ্রীমান্ কান্তিমান্। আপন্নাঃ প্রাপ্তাঃ, প্রজা জনাঃ ॥১৭—১৯॥

সুমহানিতি। সংশয়ঃ সংশয়বিষয়ঃ। ইহ শ্যামগিরৌ ॥২০॥

ভারতভাবদীপঃ

দ্বাদশলক্ষাণ্যশীতিসহস্রাণি। এতেষাং সঙ্কলনে পঞ্চবিংশতিলক্ষাণি পঞ্চত্রিংশৎসহস্রাণি যোজনানি সপ্তানাং দ্বীপানাং সসমুদ্রাণাং বিস্তারঃ ॥৬—১৭॥ রেবতী জ্যোতির্মণ্ডলরূপেণ দিবি বিভ্রম্যমাণাপি দিব্যেন রূপেণাঽপি বর্ত্ততে এবং বিধির্মর্য্যাদা পিতামহনে কৃতা

নরনাথ! তদনন্তর বর্ষাকালে বর্ষা হইযা থাকে। তাহার পর 'রৈবতক'-নামে একটা উচ্চ পর্ব্বত আছে; যাহার উপবে আকাশে সর্ব্বদাই রেবতীনক্ষত্র বিদ্যমান বহিয়াছে। এই ঘটনা স্বয়ং ব্রহ্মাই কবিযাছেন। রাজশ্রেষ্ঠ! তাহাব উত্তবে নূতন মেঘেব ন্যায় শ্যামবর্ণ, উচ্চ, কান্তিমান্ ও উজ্জ্বলমূর্ত্তি 'শ্যাম'-নামে একটা মহাপর্ব্বত আছে; বাজা! যাহার গুণে তত্রত্য লোকেবা শ্যাম-বর্ণ হইযাছে" ॥১৭—১৯॥

ধৃতবাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! তুমি আজ আমাব নিকট গুরুতর সন্দেহের বিষযই বলিলে। কাবণ, সূতপুত্র! সে স্থানের লোকেরা শ্যামবর্ণ হইল কেন?" ॥২০॥

---

(১৭)···যত্র নিত্যং প্রতিষ্ঠিতঃ—পি। (২১)·গৌরঃ কৃষ্ণশ্চ পতগঃ—বা ব রা নি।

ততঃ পরং কৌরবেন্দ্র। দুর্গশৈলো মহোদয়ঃ।
কেসরঃ কেসরযুতো যতো বাতঃ প্রবর্ত্ততে ॥২২॥
তেষাং যোজনবিষ্কম্ভো দ্বিগুণঃ পবিভাগশঃ।
বর্ষাণি তেষু কৌরব্য। সপ্তোক্তানি মনীষিভিঃ ॥২৩॥
মহামেরুর্ম্মহাকাশো জলদঃ কুমুদোদ্ভবঃ।
জলধারো মহারাজ। সুকুমার ইতি স্মৃতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সর্ব্বেম্বিতি। তয়োর্বর্ণান্তরে যোগশ্চ ভবতীতি শেষঃ। যস্মাৎ নিয়তসংসর্গেণ প্রজ স্ব শ্যামো বর্ণঃ, প্রবৃত্তো জাতঃ, তস্মাদেবাসৌ গিরিঃ শ্যামো নাম স্মৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। দুর্গশৈলো মহোদয়ো মহোচ্চঃ। কেসরো নাম ॥২২॥

তেষামিতি। যোজনে বিষযে বিষ্কম্ভো বিস্তারঃ, পরিভাগশঃ ক্রমশঃ ॥২৩॥

কানি তানি বর্ষাণীত্যাহ—মহেতি। মহ'মেরুস্তদাখ্যঃ পর্ব্বতঃ, তৎসন্নিহিতো দেশো মহাকাশো নাম তদাখ্যং বর্ষমিত্যর্থঃ। এবং সর্ব্বত্র। জলদো জলদোৎপত্তিস্থানত্বান্মলয়ো নাম প্রাগুক্তো গিরিঃ, তৎসন্নিহিতো দেশঃ কুমুদোদ্ভবো নাম। জলধারান্তিকে সুকুমারঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥১৮—২০॥ পতগবর্ণং ব্যাচষ্টে—তয়োরিতি। মিশ্রো বর্ণঃ পতগ ইত্যর্থঃ। "কারণগুণাঃ কার্য্যগুণানারভন্ত' ইতি ন্যায়েন শ্যামপর্ব্বতভবঃ শ্যামবর্ণঃ, শাকাত্ত্বন্নপরিণামেন মনুষ্যা অপি শ্যামত্বং গতা ইত্যর্থঃ। যস্মাৎ শ্যামো গিরিস্তস্মাত্তৎ স্থানাৎ শ্যামো বর্ণঃ প্রবৃত্ত ইত্যর্থঃ ॥২১—৩৯॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

সঞ্জয় বলিলেন—"কৌরবনন্দন মহারাজ। সকল দ্বীপেই মানুষেব গৌব ও কৃষ্ণবর্ণ এবং সেই দুই বর্ণের মিশ্রিত বর্ণ হয়, কিন্তু সেখানে শ্যামপর্ব্বতের সংসর্গে যেহেতু মানুষের শ্যামবর্ণ হইযা থাকে, সেই হেতু সেই পর্ব্বতটাকেও 'শ্যাম' বলিয়া থাকে ॥২১॥

কৌবৰশ্রেষ্ঠ। তাহার পর অত্যুচ্চ দুর্গশৈল, তৎপরে কেসরযুক্ত কেসর-পর্ব্বত, যাহা হইতে বাযু আবির্ভূত হয় ॥২২॥

কৌরবনন্দন। সেই পর্ব্বতগুলির বিস্তার ক্রমশঃ দ্বিগুণ এবং অভিজ্ঞ লোকেরা বলেন—সেই সাতটা পর্ব্বতের নিকটে সাতটা বর্ষ আছে ॥২৩॥

মহারাজ। মেরুগিরির নিকটে মহাকাশবর্ষ, মলযের নিকটে কুমুদোত্তব-বর্ষ, জলধারপর্ব্বতের নিকটে সুকুমারবর্ষ ॥২৪॥

---

(২৪)…কুমুদোত্তরঃ—বা ব রা নি।

বৈবতস্য তু কৌমাবঃ শ্যামস্য মণিকাঞ্চনঃ।
কেসরস্যাথ মৌদাকী পরেণ তু মহাপুমান্ ॥২৫॥
পবিবার্য্য তু কৌবব্য। দৈর্ঘ্যং হ্রস্বত্বমেব চ।
জম্বুদ্বীপেন সংখ্যাতস্তস্য মধ্যে মহাদ্রুমঃ ॥২৬॥
শাকো নাম মহারাজ। প্রজা তস্য সদানুগা।
তত্র পুণ্যা জনপদাঃ পূজ্যতে তত্র শঙ্করঃ ॥২৭॥ (যুগ্মকম্)
তত্র গচ্ছন্তি সিদ্ধাশ্চ চাবণা দৈবতানি চ।
ধার্ম্মিকাশ্চ প্রজা রাজংশ্চত্বারোঽতীব ভারত। ॥২৮॥
বর্ণাঃ স্বকর্ম্মনিরতা ন চ স্তেনোঽত্র দৃশ্যতে।
দীর্ঘায়ুষো মহারাজ। জবামৃত্যুবিবর্জ্জিতাঃ ॥২৯॥
প্রজাস্তত্র বিবর্দ্ধন্তে বর্ষাস্বিব সমুদ্রগাঃ।
নদ্যঃ পুণ্যজলাস্তত্র গঙ্গা চ বহুধা গতা ॥৩০॥

ভাবতকৌমুদী

বৈবতস্যেতি। পরেণ দুর্গশৈলসন্নিধানে, মহাপুমান্ নাম দেশঃ। পরেণেত্যব্যয়ম্ ॥২৫॥

পরীতি। তেষাং গিরীণাং দৈর্ঘ্যং হ্রস্বত্বঞ্চ পরিবার্য্য পরিবেষ্ট্য তে দেশা বর্ত্তন্ত ইতি শেষঃ। তস্য শাকদ্বীপস্য মধ্যে শাকো নাম মহাদ্রুমঃ, জম্বুদ্বীপেন জম্বুদ্বীপস্থজম্বুবৃক্ষেণ, সংখ্যাতঃ সমানতয়া উক্তঃ। অনুগা উপজীবিনী ॥২৬—২৭॥

তত্রেতি। চত্বারঃ প্রজা বর্ণা অতীবধার্ম্মিকাঃ। প্রজাশব্দস্য পুংস্ত্বমার্ষম্ ॥২৮॥

বর্ণা ইতি। বর্ণা ব্রাহ্মণাদয়শ্চত্বারঃ। স্তেনশ্চৌরঃ। জরামৃত্যুবিবর্জ্জিতা অকালে ॥২৯॥

রৈবতকগিরির পার্শ্বে কৌমাববর্ষ, শ্যামগিবিব নিকটে মণিকাঞ্চনবর্ষ, কেসর-পর্ব্বতের নিকটে মৌদাকীবর্ষ এবং দুর্গশৈলের পার্শ্বে মহাপুরুষবর্ষ ॥২৫॥

কৌরবনন্দন। এই সকল বর্ষ সেই পর্ব্বতগুলির দৈর্ঘ্য ও হ্রস্বতা বেষ্টন করিয়া রহিযাছে। আব সেই শাকদ্বীপের মধ্যস্থানে 'শাক'-নামে একটা মহাবৃক্ষ আছে, সেটা জম্বুদ্বীপের জম্বুবৃক্ষেরই সমান। তত্রত্য লোকেরা সেই বৃক্ষেরই উপজীবী। আর সে দ্বীপে অনেক পবিত্র দেশ আছে এবং সে সকল দেশে শিবের পূজা হয ॥২৬—২৭॥

ভরতনন্দন। সিদ্ধগণ, চাবণগণ ও দেবগণ সে দেশে গমন করিয়া থাকেন এবং রাজা। সে দেশেব চাবি বর্ণই অত্যন্ত ধার্ম্মিক ॥২৮॥

মহারাজ। সে দেশে চারি বর্ণই আপন আপন কর্ম্মে নিবত রহিযাছে, তাহারা দীর্ঘায়ু ও অকালে জরা-মৃত্যুবহিত এবং সে দেশে চোর দেখা যায় না ॥২৯॥

সুকুমারী কুমারী চ শীতাশী বেণিকা তথা।
মহানদী চ কৌরব্য। তথা মণিজলা নদী ॥৩১॥
চক্ষুর্বর্দ্ধনিকা চৈব নদী ভরতসত্তম।।
তত্র প্রবৃত্তাঃ পুণ্যোদা নদ্যঃ কুরুকুলোদ্বহ। ॥৩২॥
সহস্রাণাং শতান্যেব যতো বর্ষতি বাসবঃ।
ন তাসাং নামধেযানি পরিমাণং তথৈব চ ॥৩৩॥
শক্যন্তে পরিসংখ্যাতুং পুণ্যাস্তা হি সরিদ্বরাঃ।
তত্র পুণ্যা জনপদাশ্চত্বারো লোকসম্মতাঃ ॥৩৪॥ (বিশেষকম্)
মঙ্গাশ্চ মশকাশ্চৈব মানসা মন্দগাস্তথা।
মঙ্গা ব্রাহ্মণভূয়িষ্ঠাঃ স্বকর্ম্মনিরতা নৃপ। ॥৩৫॥
মশকেষু তু রাজন্যা ধার্ম্মিকাঃ সর্ব্বকামদাঃ।
মানসাশ্চ মহারাজ। বৈশ্যধর্ম্মোপজীবিনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

প্রজা ইতি। প্রজা লোকাঃ। সমুদ্রগা নদ্যঃ। বহুধা বহুপ্রকারতান্ ॥৩০॥

সুকুমারীতি। সুকুমারীপ্রভৃতিকং চতুষ্টয়ং মহানদী, মণিজলা চ নদী। ॥৩১॥

চক্ষুরিতি। পুণ্যোদাঃ পুণ্যজলাঃ, সহস্রাণাং শতানি লক্ষং নদ্য ইতি সম্বন্ধঃ। বাসব ইন্দ্রঃ বর্ষতি প্রাচুর্য্যেণেতি ভাবঃ। পুণ্যাঃ পবিত্রাঃ ॥৩২—৩৪॥

অথ কে তে চত্বারো জনপদা ইত্যাহ—মঙ্গা ইতি। এষপি দেশবাচকত্বাদেব বহুবচনম্। ব্রাহ্মণানাং স্বকর্ম্মনিরতত্বাত্তদ্দেশস্থাপি স্বকর্ম্মনিরতত্বম্ ॥৩৫॥

সে দেশের লোকেরা বর্ষাকালের নদীর ন্যায় বৃদ্ধি পায় এবং সে দেশে পুণ্যজলা বহুতর নদী আছে, আর গঙ্গা বহুপ্রকারে প্রবাহিত হইতেছেন ॥৩০॥

কৌরবনন্দন! সে দেশে সুকুমারী, কুমারী, শীতাশী ও বেণিকা—এই চারিটা মহানদী এবং মণিজলা একটা সাধারণ নদী ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ! চক্ষু ও বর্দ্ধনিকানামে আরও দুইটা সাধারণ নদী আছে। কৌরবধুরন্ধর। সে দেশে পবিত্রজলা লক্ষ লক্ষ নদী রহিয়াছে। তাহার কারণ, ইন্দ্র সে দেশে প্রচুর বর্ষা করিয়া থাকেন। সে নদীগুলির নাম ও পরিমাণ বলিতে পারা যায় না, তবে সে নদীশ্রেষ্ঠগুলি পবিত্র। আর সেই শাকদ্বীপে পবিত্র ও লোকপ্রিয় চারিটা দেশ আছে ॥৩২—৩৪॥

রাজা! সে চারিটা দেশের নাম—মঙ্গ, মশক, মানস ও মন্দগ। তাহার মধ্যে মঙ্গদেশে স্বকর্ম্মনিরত ব্রাহ্মণই বহুসংখ্যক বাস করেন ॥৩৫॥

---

(৩২) বংক্ষুর্বর্দ্ধনিকা চৈব—পি। (৩৬) মশকেষু চ রাজন্যাঃ—বা ব রা নি।

সর্ব্বকামসমাযুক্তাঃ শূরা ধর্ম্মার্থনিশ্চিতাঃ।
শূদ্রাস্তু মন্দগা নিত্যং পুরুষা ধর্ম্মশীলিনঃ ॥৩৭॥
ন তত্র রাজা রাজেন্দ্র। ন দণ্ডো ন চ দণ্ডিকাঃ।
স্বধর্ম্মেণৈব ধর্ম্মজ্ঞাস্তে রক্ষন্তি পরস্পরম্ ॥৩৮॥
এতাবদেব শক্যন্তু তত্র দ্বীপে প্রভাষিতুম্।
এতদেব চ শ্রোতব্যং শাকদ্বীপে মহৌজসি ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভূমৌ শাকদ্বীপবর্ণনে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

মশকেষ্বিতি। ধর্ম্মোপজীবিনো বৈশ্যা যেষু তে, অগ্নিষ্টোকাদিবৎ পরনিপাতঃ ॥৩৬॥

সর্ব্বেতি। ধর্ম্মার্থয়োর্নিশ্চিতা নিশ্চিতজ্ঞানসম্পন্নাঃ। মন্দগা মন্দগদেশস্থাঃ ॥৩৭॥

নেতি। দণ্ড এষামস্তীতি দণ্ডিকা দণ্ডার্হাঃ। ইন্‌বিষয়ে মত্বর্থীয় ইকঃ ॥৩৮॥

এতাবদিতি। শক্যম্, তন্মাত্রশ্রবণাৎ। মহৌজসি তদ্বাসিনাং মহৌজস্ত্বাৎ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভূমৌ একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

মহারাজ! মশকদেশে ধার্ম্মিক ও সকলের অভীষ্টদাতা ক্ষত্রিয়েরা অবস্থিতি করেন; মানসদেশে ধর্ম্মোপজীবী বৈশ্যেরা রহিয়াছেন ॥৩৬॥

আর মন্দগদেশে বীর, ধর্ম্মার্থজ্ঞানসম্পন্ন, ধার্ম্মিক ও সর্ব্বাভীষ্টপ্রাপী শূদ্রেরা বাস করিয়া থাকেন ॥৩৭॥

রাজশ্রেষ্ঠ! সে সকল দেশে রাজা নাই, দণ্ড নাই এবং দণ্ডের যোগ্য লোকও নাই, তাঁহারা সকলেই ধর্ম্ম জানেন বলিয়া আপন আপন ধর্ম্ম অনুসারেই পরস্পর পরস্পরকে রক্ষা করেন ॥৩৮॥

সেই শাকদ্বীপের বিষয় এই পর্য্যন্তই আমি বলিতে পারি, সুতরাং মহারাজ! আপনারও মহাতেজা শাকদ্বীপের বিষয় এইটুকু মাত্রই শুনিতে হইবে" ॥৩৯॥

—:*:—

দ্বাদশোঽধ্যায়ঃ।

—— ঃ*ঃ ——

সঞ্জয় উবাচ।

উত্তরেষু চ কৌরব্য। দ্বীপেষু শ্রূয়তে কথা।
যথাশ্রুতং মহারাজ। ব্রুবতশ্চ নিবোধ মে ॥১॥
ঘৃততোয়ঃ সমুদ্রোঽত্র দধিমণ্ডোদকঃ পরঃ।
সুরোদঃ সাগরশ্চৈব তথান্যো জলসাগরঃ ॥২॥
পরস্পরেণ দ্বিগুণাঃ সর্ব্বে দ্বীপা নরাধিপ।।
পর্ব্বতাশ্চ মহারাজ। সমুদ্রৈঃ পরিবারিতাঃ ॥৩॥
গৌরস্তু মধ্যমে দ্বীপে গিরির্মণিশিলো মহান্।
পর্ব্বতঃ পশ্চিমে কৃষ্ণো নারায়ণসখো নৃপ! ॥৪॥
তত্র রত্নানি দিব্যানি স্বয়ং রক্ষতি কেশবঃ।
প্রসন্নশ্চাভবত্তত্র প্রজানাং ব্যদধৎ সুখম্ ॥৫॥

ভারতকৌমুদী

উত্তরেষ্বিতি। উত্তরেষু অবশিষ্টেষু। কথা তত্তৎস্বরূপাখ্যানম্ ॥১॥
ঘৃতেতি। ঘৃতাদীনাং তোয়ত্বং ঘনত্বাদিসাম্যাদিতি দিক্ ॥২॥
পরস্পরেণেতি। পরস্পরেণ পরপর ইত্যর্থঃ। পরিবারিতাঃ পরিবেষ্টিতাঃ ॥৩॥
গৌর ইতি। গৌরো নাম। মণয় এব শিলা যস্মিন্ সঃ। কৃষ্ণো নাম ॥৪॥
তত্রেতি। প্রসন্নঃ প্রজাস্বেব, অতএব ব্যদধদকরোৎ ॥৫॥

সঞ্জয় বলিলেন—"কুরুনন্দন মহারাজ! অবশিষ্ট দ্বীপগুলির যেরূপ উপাখ্যান শুনিয়াছি, সেইরূপই আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥১॥

সেই সকল দ্বীপের নিকটে ঘৃতোদক, দধিমণ্ডোদক ও সুরোদক সাগর এবং জলসাগর রহিয়াছে ॥২॥

নরনাথ মহারাজ। সকল দ্বীপই পর পর দ্বিগুণ এবং সেই দ্বীপগুলির পর্ব্বত সকল সমুদ্রে পরিবেষ্টিত রহিয়াছে ॥৩॥

রাজা! মধ্যমদ্বীপে 'গৌর'-নামে মণিময় শিলাযুক্ত একটা বিশাল পর্ব্বত এবং পশ্চিমে 'কৃষ্ণ'-নামে নারায়ণের প্রিয় আর একটা পর্ব্বত আছে ॥৪॥

---

(১)…এবং তত্র মহারাজ!—বা ব রা নি। (৪)…গিরির্মানঃশিলো মহান্—বা ব রা নি। (৫)…প্রজাপতিমুপাসীনঃ প্রজানাম্—পি।

কুশদ্বীপে কুশস্তম্বো মধ্যে জনপদস্য হ।
সংপূজ্যতে শাল্মলিশ্চ দ্বীপে শাল্মলকে নৃপ। ॥৬॥
ক্রৌঞ্চদ্বীপে মহাক্রৌঞ্চো গিরী রত্নচয়াকরঃ।
সংপূজ্যতে মহারাজ। চাতুর্বর্ণ্যেন নিত্যদা ॥৭॥
গোমন্তঃ পর্ব্বতো রাজন্। সুমহান্ সর্ব্বধাতুমান্।
যত্র নিত্যং নিবসতি শ্রীমান্ কমললোচনঃ ॥৮॥
মোক্ষিভিঃ সংস্তুতো নিত্যং প্রভুর্নারায়ণো হরিঃ।
কুশদ্বীপে তু রাজেন্দ্র। পর্ব্বতো বিদ্রুমৈশ্চিতঃ ॥৯॥
সুদামা নাম দুর্দ্ধর্ষো দ্বিতীয়ো হেমভূষিতঃ।
দ্যুতিমান্ নাম কৌরব্য। তৃতীয়ঃ কুমুদো গিরিঃ ॥১০॥
চতুর্থঃ পুষ্পবান্ নাম পঞ্চমস্তু কুশেশয়ঃ।
ষষ্ঠো হরিগিরির্নাম ষড়েতে পর্ব্বতোত্তমাঃ ॥১১॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

কুশেতি। শাল্মলিস্তদাখ্যো বৃক্ষঃ, শাল্মলকে শাল্মলিনাম্নি ॥৬॥

ক্রৌঞ্চেতি। মহাক্রৌঞ্চো নাম, রত্নচয়স্য আকরঃ খনিঃ ॥৭॥

গোমন্ত ইতি। সর্ব্বধাতুমান্ গৈরিকাদিসর্ব্বধাতুযুক্তঃ। বিদ্রুমৈঃ প্রবালৈশ্চিতো ব্যাপ্তঃ দুর্দ্ধর্ষঃ, হিংস্রজন্তুপূর্ণত্বাৎ। কুমুদো নাম। পর্ব্বতোত্তমাঃ কুশদ্বীপে ॥৮—১১॥

স্বয়ং নারায়ণ তত্রত্য দিব্য রত্ন সকল রক্ষা করেন এবং প্রজাদের উপরে প্রসন্ন হইয়া তাহাদের সুখ সম্পাদন করেন ॥৫॥

রাজা। কুশদ্বীপে দেশের মধ্যস্থানবর্ত্তী কুশস্তম্বকে এবং শাল্মলিদ্বীপে শাল্মলিবৃক্ষকে তত্রত্য লোকেরা বিশেষ আদর করে ॥৬॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ। সেই সমরাঙ্গনে তখন দুই পক্ষের যোদ্ধারাই আনন্দিত হইয়াছিল, দুই পক্ষেই পুষ্পমালা সমান ছিল এবং দুই পক্ষেই সৌরভ বাহির হইতেছিল ॥৪॥

---

(৫) সন্নদ্ধানামনীকানাম্ সংসর্প্য গামুদীর্ণানাম্—পি।

বাদিত্রশব্দস্তুমুলঃ শঙ্খভেরীবিমিশ্রিতঃ।
শূরাণাং রণশূরাণাং গর্জতামিতরেতরম্ ॥৬॥
উভয়োঃ সেনয়ো রাজন্! মহান্ ব্যতিকরোঽভবৎ।
অন্যোন্যং বীক্ষমাণানাং যোধানাং ভরতর্ষভ!।
কুঞ্জরাণাঞ্চ নদতাং সৈন্যানাঞ্চ প্রহৃষ্যতাম্ ॥৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি ধৃতরাষ্ট্রসঞ্জয়সংবাদে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

তানাম্, সমুদীর্ণানাং সমরোৎসাহেন সমুদ্ধতানাম্, অনীকানাম্ উভয়েষামেব সৈন্যানাম্, সংসর্গাৎ পরস্পরসম্পর্কাৎ, সুমহান্, বিমর্দ্দঃ সংঘর্ষঃ, অভূৎ ॥৫॥

বাদিত্রেতি। রণশূরাণাং সমরদক্ষাণামিত্যর্থঃ। ইতরেতরং পরস্পরম্ ॥৬॥

উভয়োরিতি। ব্যতিকরঃ সংঘর্ষঃ। কুঞ্জরাণাং হস্তিনাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভরতশ্রেষ্ঠ! সম্মিলিত, ব্যূহভাবে সন্নিবেশিত এবং সমরোৎসাহে উদ্ধত উভয় সৈন্যের সংস্রবে গুরুতর সংঘর্ষ হইয়াছিল ॥৫॥

শঙ্খ ও ভেরীর শব্দ, অন্যান্য বাদ্যের শব্দ এবং পরস্পর গর্জনকারী সমরদক্ষ বীরগণের কোলাহল মিলিত হইয়া তুমুল হইয়াছিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ রাজা! উভয় সেনারই প্রধান যোদ্ধারা, সাধারণ সৈন্যেরা ও হস্তিসমূহ আনন্দিত হইয়া পরস্পর দর্শন করিতে থাকিয়া গর্জন করিয়াছিল, পরে তাহাদের গুরুতর সংঘর্ষ হইয়াছিল" ॥৭॥

—ঃ*ঃ—

ভগবদ্গীতায়াং প্রক্ষিপ্তিবাদপ্রতিবাদঃ।

—:※:—

ভারতকৌমুদী

উময়া বময়া চ সংশ্রিতং পবমাত্মানমিব স্বমায়যা।
প্রণতোঽস্মি হবং হবিঞ্চ তং চিবমেকপ্রকৃতিং পৃথক্তনুম্॥

অথ কেচিদ্ভগবদ্গীতাং প্রক্ষিপ্তাং বদন্তি। তত্র পৃচ্ছায়ঃ—ভগবতা গীতেযমুপনিষৎ মহাভাবতে ভীষ্মপর্ব্বণি প্রক্ষিপ্তেতি ভবদ্ভির্দৃষ্টং শ্রুতমনুমিতং বা? নাদ্যঃ, কালাদিনা নিতান্তব্যবহিতে দর্শনাসম্ভবাৎ, ন দ্বিতীযঃ, অদৃঢনিশ্চাযিনঃ শ্রাবযিতুঃ শ্রবণস্যৈবাপ্রামাণ্যাৎ, ন তৃতীয়ঃ, নির্দোষহেত্বভাবাৎ। অথাপ্রাসঙ্গিকত্বমেব নির্দোষহেতুবিতি চেন্ন, আদিতো ধাবাবাহিন্যা ধৃতবাষ্ট্রজিজ্ঞাসায়া এব প্রসঙ্গত্বাৎ। ন চ সমুদ্ধতসৈন্যসমবসমুত্থমে নিরুদ্বেগবিধেয়মধ্যাত্ম-সমালোচনম্, প্রচণ্ডমার্ত্তণ্ডসন্তাপে বিলাসবনবিহবণমিব সর্ব্বথৈবাসম্ভবমিতি বাচ্যম্, তদানীং বক্তুঃ শ্রোতুর্বা কলযাপ্যুদ্বেগেনাস্পর্শাৎ। অথ ঝণবণাযিতে প্রহাবার্থিনাং বিপক্ষাণাং প্রহবণবাশৌ লক্ষ্যযোবেব কৃষ্ণার্জ্জুনযোর্নোদ্বেগলেশ ইতি কোঽয়ং প্রলাপঃ, অহো ভ্রান্তোঽসি, "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" ইত্যেতৎপ্রথমাধ্যাযগতযুদ্ধনিয়মানবধানাৎ। নন্নু চিবমন্যায়নিবতাঃ কৌববা যত্নকবিষ্যন্নেব নিয়মভঙ্গম্, তর্হি কথমবক্ষিষ্যতাং প্রাণান্ কৃষ্ণার্জ্জুনৌ? শান্তম্, ন্যায়ৈকনিষ্ঠভীষ্মনিযমিতঃ খলু তদানীং কৌববাঃ কথং বিনিয়মং কর্ত্তুমুৎসহেবন্। ঈদৃশোপনিষৎসাবসঙ্কলনে ব্যাস এবানীশ ইতি তূন্মত্তপ্রলাপ এব, ব্রহ্মসূত্রস্য যোগসূত্রভাষ্যস্য চ বিনির্ম্মাণে দৃষ্টশক্তিকত্বাদ্ব্যাসস্য। অথ তযোবপব এব ব্যাসঃ কর্ত্তেতি চেন্ন, প্রমাণাভাবাৎ অত্রত্যসানৎসুজাতাদ্যধ্যাত্মশাস্ত্রবিনির্ম্মাণে তস্য শক্তিদর্শনাচ্চ। কিং বহুনা, একাদৃশী ভাষা, একবিধো ভাবঃ, পূর্ব্বাপবসমানশ্ছন্দোবন্ধঃ, সর্ব্বত্রৈব ব্যাকবণানুসাবী ভূযান্ প্রযোগঃ, শঙ্কব-শ্রীধব-মধুসূদনাদিকৃতব্যাখ্যানবাশিশ্চ ভগবদ্গীতাযা মৌলিকতামেব প্রদ্যোতযতি। নন্নু তর্হি যবদ্বীপাদিগতে মহাভাবতগ্রন্থে গীতা কথং নোপলভ্যতে? সত্যম্, অমূর্ত্তেশ্ববাদবিদিতবৌদ্ধাদিধর্ম্মগ্রহণানন্তবং তত্রত্যৈবেব মূর্ত্তেশ্ববাভিহিতা গীতা মহাভাবতগ্রন্থান্নিষ্কাশিতা, পূর্ব্বং বৌদ্ধাদিধর্ম্মগ্রহণে তু গীতাং পবিহায তৈর্মহাভাবতং নীতমিতি সমীচীনঃ সিদ্ধান্তঃ। কিঞ্চ সন্ত্যত্র মহাভাবত এব গীতাযা ভূযাংস এব শ্লোকাঃ স্থানে স্থানে বিকীর্ণাঃ। অথ তানেব সংগৃহ্য পবং কশ্চিদত্র গীতানাম্না প্রক্ষিপ্তবানিত্যপি ন বক্তব্যম্,

"পর্ব্বোক্তং ভগবদ্গীতা, পর্ব্ব ভীষ্মবধস্ততঃ"

ইত্যাদিপর্ব্বণি পর্ব্বসংগ্রহাধ্যাযে স্বযমেব মহর্ষিণা ভগবদ্গীতাযা উল্লেখাৎ, তদনন্তবঞ্চ—

"কশ্মলং যত্র পার্থস্য বাসুদেবো মহামতিঃ।
মোহজং নাশযামাস হেতুভির্মোক্ষদর্শিভিঃ॥"

ইতি তদধ্যাযে মহর্ষিণৈব গীতাবৃত্তান্তসংগ্রহাৎ, আশ্বমেধিকে পর্ব্বণ্যনুগীতাপ্রকবণে—

ভারতকৌমুদী

"পূর্ব্বমপ্যেতদেবোক্তং যুদ্ধকাল উপস্থিতে।
ময়া তব মহাবাহো। তস্মাদত্র মনঃ কুরু॥"

ইতি কৃষ্ণেনার্জ্জুনং প্রতি ভগবদ্গীতায়া এব স্মরণার্থমভিধানাচ্চ। ঈদৃগ্‌দৃঢ়প্রমাণপ্রমিতত্বাদ্গীতায়াঃ প্রক্ষিপ্তিবাদো নির্যুক্তিকঃ স্বৈরবাদ এব। অথাদিপর্ব্বাদেস্তত্তদ্বচনমপি প্রক্ষিপ্তমেবেতি চেত্তর্হি সর্ব্বং মহাভারতমেব প্রক্ষিপ্তমুচ্যতাম্, অস্তু চাস্মাকং নিস্তার ইতি।

ভগবদ্গীতাসম্বন্ধে প্রক্ষিপ্তবাদের প্রতিবাদ।

দেশের ও বিদেশের অনেক মনস্বীই বলিয়া থাকেন যে, ভগবদ্গীতা মহাভারতের ভীষ্মপর্ব্বে প্রক্ষিপ্ত হইয়াছে। এ সম্বন্ধে গীতার প্রারম্ভেই কিছু আলোচনা করা একান্ত উচিত মনে করিয়া বাদী ও প্রতিবাদীর উক্তি-প্রত্যুক্তিচ্ছলে তাহা এস্থানে লিপিবদ্ধ করা হইল।

প্রক্ষিপ্তবাদী—মহাশয়। ভগবদ্গীতাটা যে ভীষ্মপর্ব্বে প্রক্ষিপ্ত হইয়াছে, তাহা জানেন?

প্রতিবাদী—কি করিয়া জানিব, কাহাকেও প্রক্ষিপ্ত করিতে দেখি নাই, শুনা কথারও কোন মূল্য নাই, প্রক্ষেপের যুক্তিও খুঁজিয়া পাই না।

প্রক্ষিপ্তবাদী—কেন প্রক্ষেপের যুক্তি খুঁজিয়া পাইবেন না, ভীষ্মপর্ব্বের যে স্থানে গীতা সন্নিবেশিত আছে, সে স্থানে গীতা উঠিবার কোন প্রসঙ্গই নাই।

প্রতিবাদী—প্রসঙ্গ নাই—একথা আমরা স্বীকার করিতে পারি না। কারণ, কুরুপাণ্ডব—উভয়পক্ষ যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া কুরুক্ষেত্রে উপস্থিত হইয়াছেন এবং ভীষ্ম কুরুপক্ষের প্রধান সেনাপতির পদ গ্রহণ করিয়াছেন ইত্যাদি সমস্ত ঘটনাই ধৃতরাষ্ট্র জানেন এবং যুদ্ধের সমগ্র বৃত্তান্ত জানিয়া আসিয়া তাহা বলিবার জন্য সঞ্জয়ের উপরে আদেশও করিয়াছেন। এই অবস্থায় দশম দিনের যুদ্ধে ভীষ্ম নিপতিত হইলে, সঞ্জয় আসিয়া ধৃতরাষ্ট্রের নিকট বলিলেন—"মহারাজ। ভীষ্ম আজ শিখণ্ডীর হস্তে যুদ্ধে নিপতিত হইয়াছেন" ইহা শুনিয়া ধৃতরাষ্ট্র বহুতর বিলাপ করিয়া যুদ্ধের আদ্যন্ত বৃত্তান্ত শুনিবার ইচ্ছায় সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিলেন—"আমার পুত্রেরা ও পাণ্ডবেরা যুদ্ধ করিবার ইচ্ছায় কুরুক্ষেত্রে সমবেত হইয়া প্রথমে কি করিলেন?" ধৃতরাষ্ট্রের এই প্রশ্নই ত গীতা উঠিবার প্রসঙ্গ, এইরূপ প্রসঙ্গ লইয়াই ত মহাভারতের এবং অন্যান্য উপাখ্যানময় গ্রন্থের উপাখ্যানগুলি উঠিয়াছে।

প্রক্ষিপ্তবাদী—সে যাহা হউক, উভয়পক্ষের যোদ্ধারাই অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হইয়া আপন আপন সেনাপতির আদেশের প্রতীক্ষা করিতেছেন, সে আদেশ হইলেই যুদ্ধ আরম্ভ হয়, এমন সময়ে উভয় সৈন্যের মধ্যস্থানে থাকিয়া পাণ্ডবপক্ষের প্রধান সহায় কৃষ্ণ গীতা বলিতে আরম্ভ করিলেন, আর প্রধান যোদ্ধা অর্জ্জুন তাহা শুনিতে থাকিলেন। 'ধান ভাণতে মহীপালের গীত আরম্ভ হইয়া গেল' মহাযুদ্ধারম্ভে অধ্যাত্মবিষয়ের আলোচনা চলিতে থাকিল। এমন ঘটনা কি কখনও সম্ভব হইতে পারে? বক্তা ও শ্রোতা উভয়েই নিরুদ্বেগ না হইলে, গীতার মত বিষয়ের আলোচনা হইতেই পারে না।

প্রতিবাদী—মহাশয়। এই ভীষ্মপর্ব্বেরই প্রথম অধ্যায় পর্য্যালোচনা করিলে বোধ হয় আপনি এরূপ অসামঞ্জস্যের অবতারণা করিতেন না। উভয়পক্ষ মিলিত হইয়া যুদ্ধের প্রারম্ভে যে সকল নিয়ম করিয়াছিলেন, তাহা ভীষ্মপর্ব্বের প্রথম অধ্যায়ে লিখিত আছে, তাহার মধ্যে এই কথাটুকুও আছে যে, "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" অর্থাৎ 'আমরা বলিয়া কহিয়া বিপক্ষের উপরে প্রহার করিব এবং কোন বিপক্ষ বিশ্বস্ত বা বিহ্বল থাকিলে; তাহার উপরে প্রহার করিব না', সুতরাং কৃষ্ণ ও অর্জ্জুনের এইরূপ দৃঢ় বিশ্বাসই ছিল যে, আমাদিগকে না জানাইয়া কেহই প্রহার করিবে না, অতএব কৃষ্ণ ও অর্জ্জুন উভয়েই তখনও নিরুদ্বেগ ছিলেন বলিয়া তাঁহাদের অধ্যাত্মবিষয়ের আলোচনাও সম্ভবপর হইয়াছিল।

প্রক্ষিপ্তবাদী—মহাশয়। আসামীপক্ষের অনেক উকীলেরই মনে মনে এমন প্রতিজ্ঞা থাকে যে, 'আমার মক্কেল দোষীই হউন আর নির্দোষই হউন, আমি তাঁহাকে নির্দোষ বলিয়াই প্রতিপন্ন করিব' আপনারও যদি সেইরূপই প্রতিজ্ঞা থাকে যে, আমি গীতাকে মূলগ্রন্থ বলিয়াই প্রতিপন্ন করিব, তাহা হইলে আমার আর আলোচনার প্রয়োজন নাই।

প্রতিবাদী—'গ্রন্থকার জীবিত নাই বা উপস্থিত নাই, গ্রন্থ নিজেও অচেতন পদার্থ বলিয়া কোন প্রতিবাদ করিতে পারিবে না, সুতরাং এই সুযোগে গবেষকনাম বাহির করিয়া লই' এইরূপ ইচ্ছার বশবর্ত্তী হইয়া আপনারাও যদি মূলগ্রন্থ গীতাকে প্রক্ষিপ্ত বলিতে চান, তাহা হইলে আমারও বিবাদে প্রয়োজন নাই। তবে, সর্ব্বপ্রযত্নে গীতাকে মূলগ্রন্থ বলিয়াই প্রতিপন্ন করিতে হইবে, এরূপ কোন প্রতিজ্ঞা আমার নাই বা সেরূপ ইচ্ছাও নাই।

প্রক্ষিপ্তবাদী—তাহা হইলে বলুন দেখি, যে দুর্য্যোধন বাল্যকাল হইতেই বিদ্বেষের বশবর্ত্তী হইয়া পাণ্ডবদিগকে বিষপ্রয়োগ, জলে নিক্ষেপ এবং অগ্নিতে দগ্ধ করিয়া মারিয়া ফেলিবার চেষ্টা করিয়াছে, সেই দুর্য্যোধনপ্রভৃতিরই "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" এই কথাটুকুর উপরে বিশ্বাস করিয়া ঐরূপ সময়ে কৃষ্ণ ও অর্জ্জুনের মত লোকচরিত্রাভিজ্ঞ বুদ্ধিমান্ লোকদের অন্যমনস্ক হওয়া কি সম্ভবপর হয়?

প্রতিবাদী—অবশ্যই হয়। কেন না, সে সময়ে অসাধারণ ধার্ম্মিক ভীষ্ম কৌরবপক্ষের প্রধান সেনাপতি ছিলেন এবং তিনিও সেই নিয়মপ্রবর্ত্তকদের মধ্যে অন্যতম ছিলেন, সুতরাং তাঁহার আদেশ ব্যতীত কৌরবপক্ষের কাহারও কিছু করিবার ক্ষমতা ছিল না। তা'র পর, কৃষ্ণ ও অর্জ্জুন কচি খোকা ছিলেন না। উভয়েই অতিরথ ও অদ্বিতীয় মহাবীর ছিলেন, একথা সকলেই জানিত। অতএব দৌড়াইয়া যাইয়া তাঁহাদিগকে সংহার করিবার সাহস বা তীর ছুটাইয়া মারিয়া ফেলিবার ভরসা কাহারও হয় নাই, কিংবা তাঁহারাও সেরূপ আশঙ্কা করেন নাই। তাই তাঁহাদের গীতার আলোচনায় অন্যমনস্ক হওয়া অসম্ভব হয় নাই।

প্রক্ষিপ্তবাদী—আচ্ছা যাউক। পুরাণরচয়িতা বেদব্যাস চিরকালই সাপের গল্প ও ব্যাঙের গল্প প্রভৃতিই লিখিয়া আসিয়াছেন, এ অবস্থায় তিনি যে গীতার মত সমস্ত সম্প্রদায়ের উপযোগী মূল্যবান্ গ্রন্থ রচনা করিতে পারিয়াছিলেন, ইহা কি করিয়া বিশ্বাস করিতে পারি?

প্রতিবাদী—এইবার আধুনিক রুচির অনুরূপ কথাই বলিয়া ফেলিয়াছেন।

প্রক্ষিপ্তবাদী—আপনার সেকেলে ধরণের কথা শুনিব বলিয়া।

প্রতিবাদী—মহাশয়। সে কাল যে হিন্দুর স্বর্ণযুগ ছিল, তাহা জানেন? সে যাহা হউক, বেদব্যাস কেবল পুরাণই রচনা করিয়া যান নাই, তিনি অধ্যাত্মবিষয়ের চরম গ্রন্থ বেদান্তদর্শন এবং পাতঞ্জলভাষ্যপ্রভৃতিও লিখিয়া গিয়াছেন।

প্রক্ষিপ্তবাদী—তবে কি আপনি মনে করেন যে, বেদব্যাস একজনই ছিলেন?

প্রতিবাদী—বেদব্যাস একজন বা অনেক জন ছিলেন, এবিষয় লইয়া আলোচনা করা এ প্রবন্ধের উদ্দেশ্য নহে, তবে এইমাত্র বলিতে পারি যে, এই মহাভারতেরই উদ্যোগপর্ব্বে 'সানৎসুজাত'-নামে যে অধ্যাত্মশাস্ত্র দেখিতে পাই, তাহা যদি বেদব্যাস রচনা করিতে পারিয়া থাকেন, তবে এই গীতাও যে তিনি রচনা করিতে পারিয়াছিলেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই, বেদব্যাসের মত জ্ঞানী লেখক ভারতবর্ষে আর কেহ জন্মিয়াছিলেন বলিয়াও মনে হয় না।

প্রক্ষিপ্তবাদী—সে যাহা হউক। শুনিতে পাই—জাভাদ্বীপের মহাভারতে নাকি ভগবদ্গীতা নাই, সুতরাং ভগবদ্গীতা যদি মহাভারতের মৌলিক অংশই হইত, তবে জাভাদ্বীপের মহাভারতেও তাহা অবশ্যই থাকিত।

প্রতিবাদী—অবশ্যই থাকিত একথা বলিতে পারেন না। কারণ, জাভাদ্বীপবাসীরা প্রথমে হিন্দু ছিল, মধ্যে বৌদ্ধ হইয়াছিল, পরে মুসলমান হইয়াছে। এ অবস্থায় তাহারা যখন হিন্দু ছিল, তখন তাহাদের মহাভারতে ভগবদ্গীতা ছিল বলিয়াই মনে করা যাইতে পারে, তা'র পর, তাহারা যখন বৌদ্ধ এবং মুসলমান হইয়াছিল, সম্ভবতঃ তখন তাহাদের মহাভারত হইতে গীতা এবং ঐরূপ ঈশ্বরের মূর্ত্তিবোধক অংশগুলি নিষ্কাশিত হইয়াছিল। কেন না, বৌদ্ধ ও মুসলমানদের মতে ঈশ্বরের মূর্ত্তি নাই, অথচ ভগবদ্গীতার বক্তা কৃষ্ণ আপনাকে বহু স্থানে ঈশ্বর বলিয়া প্রকাশ করিয়াছেন এবং অর্জ্জুনকে বিশ্বরূপ দেখাইয়া তাহা প্রমাণিতও করিয়াছেন, আবার পার্থসারথিমূর্ত্তিতে সকলের দৃষ্টিগোচরও হইয়াছেন। এ ক্ষেত্রে বৌদ্ধ ও মুসলমানদের ঐ গীতা যে বিরক্তিকর হইবে, তাহাতে আর সন্দেহ কি? আর এক কথা, জাভাদ্বীপের ভাষায় সে দেশের মহাভারতের যখন অনুবাদ হইয়াছিল, তদবধি তাহাদের মহাভারতে বহু উপাখ্যান নূতন প্রবেশ করিয়াছে, অনেক বিষয় নিষ্কাশিত হইয়াছে এবং বহু স্থান অত্যন্ত বিকৃত হইয়াছে। এ অবস্থায় সে দেশের মহাভারতে গীতা না থাকিলেও তাহা গীতার অমৌলিকতা প্রমাণিত করিতে পারে না।

প্রক্ষিপ্তবাদী -ভাল, গীতার মৌলিকতাসম্বন্ধে আপনি কোন নির্দোষ যুক্তি দেখাইতে পারেন কি?

প্রতিবাদী—অবশ্যই পারি। মহাভারতের পূর্ব্বাপর স্থানগুলি পর্য্যালোচনা করিয়া দেখিলে দেখা যাইবে যে, অন্যান্য স্থানে যেরূপ ভাষা, যেমন ভাব, যে প্রকার ছন্দ এবং যে জাতীয় অপাণিনীয় (আর্ষ) প্রয়োগ আছে, গীতাতেও সেইরূপই সে সমস্ত আছে।

প্রক্ষিপ্তবাদী—এ সকল বিষয়ে যথেষ্ট মতভেদও আছে।

প্রতিবাদী—থা'ক, শঙ্করাচার্য্য, শ্রীধরস্বামী ও মধুসূদনসরস্বতীপ্রভৃতি যোগী মহাপুরুষগণ নিঃশঙ্কচিত্তেই এই গীতার ভাষ্য ও টীকা রচনা করিয়া গিয়াছেন, ইহাতেও গীতার মৌলিকতাই প্রমাণিত হয়।

প্রক্ষিপ্তবাদী—গীতা প্রক্ষিপ্ত বা মৌলিকগ্রন্থ—এ বিষয়ে শঙ্করপ্রভৃতি কোন অনুসন্ধান করিয়াছিলেন বলিয়া মনে হয় না। কারণ, তাহা করিয়া থাকিলে, শ্রীধরস্বামী যেমন শ্রীমদ্ভাগবতের প্রথমে তাহার মহাপুরাণত্ব স্থাপনের চেষ্টা করিয়া গিয়াছেন, সেইরূপ গীতার প্রারম্ভেও শঙ্করপ্রভৃতির—অন্ততঃ শ্রীধরস্বামীর কিছু লেখা থাকিত, সুতরাং উঁহাদের ভাষ্য ও টীকা থাকায় এইমাত্র প্রমাণিত হয় যে, উঁহাদের সময়ে মহাভারতে গীতা ছিল।

প্রতিবাদী—তা'র পর, গীতায় যে সকল আধ্যাত্মিক শ্লোক আছে, তাহার প্রায় শ্লোকই মহাভারতের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রসঙ্গে উল্লিখিত রহিয়াছে।

প্রক্ষিপ্তবাদী—ভাল, তাহা হইলে অবশ্যই একথা বলা যায় যে, মহাভারতরচনার পরে কোন বিশিষ্ট বিদ্বান্ লোক মহাভারতের সেই সকল স্থান হইতে আধ্যাত্মিক শ্লোকগুলিকে একত্র করিয়া, মধ্যে মধ্যে নিজেও কিছু কিছু লিখিয়া, 'ভগবদ্গীতা'-নাম দিয়া ভীষ্মপর্ব্বে সন্নিবেশিত করিয়া গিয়াছেন।

প্রতিবাদী—তাহাও হইতে পারে না। কারণ, মহাভারতের আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়টীর নাম—'পর্ব্বসংগ্রহ অধ্যায়'। তাহাতে—কোন্ পর্ব্বে কতগুলি অধ্যায়, কতগুলি শ্লোক, কতগুলি উপপর্ব্ব এবং কি কি বৃত্তান্ত আছে, তাহা মহর্ষি বেদব্যাস নিজেই সূচীপত্রের ভাবে লিখিয়া রাখিয়া গিয়াছেন, তাহাতে দেখিতে পাই—

"পর্ব্বোক্তং ভগবদ্গীতা পর্ব্ব ভীষ্মবধস্ততঃ"

ইহার পরে আবার লেখা আছে—

"কশ্মলং যত্র পার্থস্য বাসুদেবো মহামতিঃ।
মোহজং নাশয়ামাস হেতুভির্মোক্ষদর্শিভিঃ॥"

তা'র পর আবার আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে স্বয়ং কৃষ্ণই অর্জ্জুনের নিকটে বলিয়াছেন—

"পূর্ব্বমপ্যেতদেবোক্তং যুদ্ধকাল উপস্থিতে।
ময়া তব মহাবাহো! তস্মাদত্র মনঃ কুরু॥"

(বঙ্গবাসীর পুস্তকে ও কৃষ্ণঘোষের পুস্তকে আশ্বমেধিকপর্বে অনুগীতাপ্রকরণে ৫১ অধ্যায়ের ৪৯ শ্লোক) অতএব বেদব্যাস আদিপর্ব্বে ভগবদ্গীতাকে একটী উপপর্ব্ব বলিয়াছেন এবং তাহার বৃত্তান্ত লিখিয়াছেন, আবার কৃষ্ণ আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে অর্জ্জুনকে সেই ভগবদ্গীতার বিষয়ই স্মরণ করাইয়া দিয়াছেন, এ অবস্থায় কোনরূপেই ভগবদ্গীতাকে সংগ্রহগ্রন্থ কিংবা প্রক্ষিপ্ত বলা যায় না।

প্রক্ষিপ্তবাদী—(ঈষৎ হাস্য করিয়া) যদি সেই অংশগুলিকেও প্রক্ষিপ্ত বলি?

প্রতিবাদী—তাহা হইলে, সম্পূর্ণ মহাভারতটাকেই কিংবা নিজেকেই প্রক্ষিপ্ত বলিয়া আমাকে নিষ্কৃতি দিয়া যান।

—:*:—

শ্রীমদ্ভগবদ্গীতা।

—:※:—

প্রথমোঽধ্যায়ঃ।

—:※:—

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়।॥১॥

ভারতকৌমুদী

নন্বত্র প্রথমাধ্যায়ে লেশতোঽপ্যধ্যাত্মবিষয়াভাবাৎ কথমস্যোপনিষদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বমিতি চেৎ, সত্যম্, অধ্যাত্মবিষয়াবতারণকারণত্বাদেবাস্য তদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বম্, প্রস্তাবনায়া নাটকাদিশরীরত্ববৎ।

ধর্ম্মেতি। হে সঞ্জয়। ধর্ম্মক্ষেত্রে মহাতীর্থতয়া ধর্ম্মস্থানে, কুরুক্ষেত্রে তদাখ্যে মহাবিশালস্থানে, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছব এব, সমবেতাঃ সম্মিলিতাঃ, মামকা মৎপুত্রাঃ পাণ্ডবাশ্চৈব, কিমকুর্ব্বত যুদ্ধবিষয় এব কিং কৃতবন্তঃ, কিং বাগ্‌যুদ্ধমেব প্রথমং কৃতবন্তঃ? আহোস্বিদায়ুধযুদ্ধমিত্যর্থঃ। অতো যুযুৎসবঃ কিমকুর্বতেতি প্রশ্নস্য নানুপপত্তিঃ। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ॥" ইতি প্রাগুক্তবচনাৎ সম্মুখহতানাং ক্ষত্রিয়াণাং সর্ব্বত্রৈব সদ্‌গতিঃ, ধর্ম্মক্ষেত্রে তু পরাঙ্মুখহতানামপি, ইত্যেতৎপ্রদর্শনেন কুরুক্ষেত্রস্য ধর্ম্মক্ষেত্রতয়া যুদ্ধস্থানত্বানুমোদনার্থং ধর্ম্মক্ষেত্র ইতি বিশেষণম্।

ননু কুরুক্ষেত্রং বিশালায়তনং তত্র যোদ্ধারশ্চাষ্টাদশাক্ষৌহিণ্যঃ সমবেতা ইতি তত্রত্যানাং তেষাং সর্ব্ববৃত্তান্তাবগমো মানুষস্যাসম্ভব এবেতি কথং সঞ্জয়ং ধৃতরাষ্ট্রঃ পৃচ্ছতি স্মেতি চেন্নৈবম্, ব্যাসেন তদানীং সঞ্জয়ং প্রতি সর্ব্বজ্ঞত্ববরদানাৎ "চক্ষুষা সঞ্জয়ো রাজন্। দিব্যেনৈব সমন্বিতঃ। কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি॥" ইতি প্রাগুক্তত্বাৎ॥১॥

ভারতভাবদীপঃ

ওঁ নমো ব্রহ্মাদিভ্যো ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্তৃভ্যো বংশঋষিভ্যো নমো গুরুভ্যঃ। প্রণম্য ভগবৎপাদান্ শ্রীধরাদীংশ্চ সদ্‌গুরূন্। সম্প্রদায়ানুসারেণ গীতাব্যাখ্যাং সমারভে॥ ভারতে সর্ব্ববেদার্থো ভারতার্থশ্চ কৃৎস্নশঃ। গীতায়ামস্তি তেনেয়ং সর্ব্বশাস্ত্রময়ী মতা॥ কর্ম্মোপাস্তিজ্ঞানভেদৈঃ শাস্ত্রং কাণ্ডত্রয়াত্মকম্। অন্ত্যে তূপাসনাকাণ্ডাত্তৃতীয়ো নাতিবিচ্যতে॥ তদেব

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। আমার পুত্রগণ ও পাণ্ডবগণ ধর্ম্মস্থান কুরুক্ষেত্রে যুদ্ধ করিবার ইচ্ছায় সমবেত হইয়া যুদ্ধবিষয়েই প্রথমে কি করিয়াছিলেন?" ॥১॥

সঞ্জয় উবাচ ।
দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢং দুর্য্যোধনস্তদা ।
আচার্য্যমুপসংগম্য রাজা বচনমব্রবীৎ ॥২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। রাজা দুর্য্যোধনঃ, তদা উভয়সৈন্যসন্নাহকালে, পাণ্ডবানামনীকং সৈন্যম্, ব্যূঢং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্, দৃষ্ট্বা তু, আচার্য্যং প্রধানাস্ত্রশিক্ষকং দ্রোণম্, উপসংগম্য, বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। সমবসমুত্থমে প্রধানযোদ্ধৃণাং তুষ্টিবাবশ্যকীতি সৈনাপত্যবিধানেনৈব ভীষ্মস্য তুষ্টিঃ কৃতা, ইদানীন্তু স্বয়মুপগমেন রাজ্ঞো বিনয়ঃ তন্নিবন্ধনা দ্রোণস্য তুষ্টিশ্চ সূচিতা। দ্রোণ-কৃপযোরুভয়োরেবাচার্য্যত্বেঽপি "ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ" ইতি পরত্রাভি-ধানাদাচার্য্যোঽত্র দ্রোণ এব ॥২॥

ভারতভাবদীপঃ

ব্রহ্ম বিদ্ধি ত্বং নেদং যত্তদুপাসতে। ইতি শ্রুত্যৈব বেদ্যস্য হ্যপাস্যাদন্যতেরিতা ॥ ইয়মষ্টাদশা-ধ্যায়ী ক্রমাৎ ষট্কত্রিকেণ হি। কর্ম্মোপাস্তিজ্ঞানকাণ্ডত্রিতয়াত্মা নিগদ্যতে॥ তত্র যুদ্ধোদ্যমং শ্রুত্বৌৎসুক্যাদগ্রিমং বৃত্তান্তং বুভুৎসুর্ধৃতরাষ্ট্র উবাচ—ধর্ম্মক্ষেত্র ইতি। তত্র বেদে তেষাং কুরুক্ষেত্রং দেবযজনমাসেতি কর্ম্মকাণ্ডপ্রসিদ্ধং কুরুক্ষেত্রমন্যৎ। "অবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমিত্যবিমুক্তাখ্যং ব্রহ্মপ্রাপ্তিস্থানভূতং কুরুক্ষেত্রমন্যৎ। ব্রহ্মসদনত্বং চান্যত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষীভবতী"তি বাক্যশেষেণ ব্যুৎপাদিতম্ এতদ্ব্যাবৃত্ত্যর্থং ধর্ম্মক্ষেত্রে ইতি বিশেষণম্। কুরুদেশান্তরগতং হি কুরুক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রমেব ন তু তৎ ব্রহ্ম-সদনং প্রবর্গ্যকাণ্ডে তস্য ধর্ম্মক্ষেত্রত্বমাত্রশ্রবণাৎ। তত্র সমবেতাঃ মিলিতাঃ যুযুৎসবো যোদ্ধু-মিচ্ছবঃ। পাণ্ডবানাং পৃথগ্ গ্রহণং তেষু মমত্বাভাবসূচনার্থম্ ॥১॥ ব্যূঢং ব্যূহরচনয়া স্থিতম্, আচার্য্যং দ্রোণম্। রাজা দুর্য্যোধনঃ। রাজাঽব্রবীদিত্যেব সিদ্ধে বচনপদেন সংক্ষিপ্ত-বহ্বর্থত্বাদিগুণবত্ত্বং বাক্যস্য সূচ্যতে ॥২॥ দ্রুপদপুত্রেণেতি। পূর্ব্বৈবৈরসূচনেন ক্রোধোদ্দীপ-

---

তাৎপর্য্য—ক্ষত্রিয় সর্ব্বত্রই সম্মুখযুদ্ধে নিহত হইয়া সদ্গতি লাভ করেন, কিন্তু ধর্ম্ম-স্থানে পরাঙ্মুখভাবে নিহত হইয়াও সেই স্থানের গুণেই সদ্গতি লাভ করিতে পারেন, অতএব যুদ্ধ যখন অবশ্যকর্ত্তব্য বলিয়াই স্থির হইয়াছিল, তখন তাহা মহাতীর্থ কুরুক্ষেত্রে আরম্ভ করাই ভাল হইয়াছে। সে যাহা হউক, উঁহারা যুদ্ধার্থী হইয়া যুদ্ধবিষয়েই প্রথম কি করিয়াছিলেন, সঞ্জয়। তাহা তুমি বল ॥১॥

সঞ্জয় কহিলেন—"রাজা দুর্য্যোধন তখন পাণ্ডবগণের সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া দ্রোণাচার্য্যের নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

তাৎপর্য্য—যুদ্ধের সময়ে প্রধান যোদ্ধাদিগকে সন্তুষ্ট রাখাই রাজার কর্ত্তব্য; সুতরাং ভীষ্মকে সেনাপতি করাতেই তাঁহাকে সন্তুষ্ট রাখা হইয়াছে, এখন রাজা দুর্য্যোধন নিজেই দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইয়া বিনয় প্রকাশ করিলেন এবং তাহাতে দ্রোণকেও সন্তুষ্ট করা হইল। না হইলে, দ্রোণকে ডাকিতেও পারিতেন ॥২॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য। মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥৩॥
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥৪॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥৫॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রোণমুত্তেজয়তি পশ্যেতি। হে আচার্য্য। অস্ত্রশিক্ষক। তব শিষ্যেণ ছাত্রেণ, ধীমতা বুদ্ধিমতা, দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন, ব্যূঢাং ব্যূহরূপেণ স্থাপিতাম্, পাণ্ডুপুত্রাণাম্, এতাং মহতীং প্রশস্তাম্, চমূং সেনাং পশ্য। ধীমান্ শিষ্যঃ কদাচিদ্‌গুরুতুল্যো গুরোরধিকো বা ভবতি। তেন চ রচিতো ব্যূহঃ প্রশস্ত এব সঞ্জাতঃ, বিশেষতশ্চাসৌ ধৃষ্টদ্যুম্নস্তব শত্রোর্দ্রুপদস্যৈব পুত্রস্ত্বদ্বধার্থমুৎপন্নশ্চ। অতস্ত্বয়া পাণ্ডবস্নেহাদ্‌যুদ্ধে উদাসীনেন ন ভাব্যং সাবধানেন স্থাতব্যং গরীয়ান্ ক্রোধশ্চ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩॥

পাণ্ডবচমূমহত্ত্বং সূচয়তি অত্রেতি। অত্র চম্বাম্, যুধি যুদ্ধে, ভীমার্জ্জুনাভ্যাং সমাস্তুল্যাঃ, ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ, করণে ঘঞ্, মহান্ত ইষ্বাসা ধনূংষি যেষাং তে মহাধনুর্দ্ধরা ইত্যর্থঃ, শূরা বীরাঃ সন্তীতি শেষঃ। কে তে ইত্যাহ—যুযুধান ইত্যাদি। যুযুধানঃ সাত্যকিঃ, বিরাটদ্রুপদৌ প্রসিদ্ধৌ, মহারথলক্ষণং প্রাগুক্তম্ (উদ্‌যোগপর্ব্বণি ১৪১৩ পৃষ্ঠে ভারতকৌমুদীটীকায়াম্), ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ, চেকিতানঃ কেকয়রাজপুত্রঃ, বীর্য্যবান্ কাশীরাজশ্চ, পুরুজিৎ রাজবিশেষঃ, কুন্তিভোজশ্চ রাজা, নরপুঙ্গবঃ শৈব্যশ্চ রাজা, বিক্রান্তো যুধামন্যুশ্চ, বীর্য্যবান্ উত্তমৌজাশ্চ পাঞ্চালদেশীয়ৌ, সৌভদ্রঃ সুভদ্রাপুত্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ, চকারাদ্‌ঘটোৎকচাদয়শ্চ, এতে সর্ব্ব এব মহারথাঃ পাণ্ডব-সেনায়াং সন্তীতি শেষঃ। অতঃ পাণ্ডবচমূমহত্ত্বান্মহোৎসাহেনৈব ভবদ্ভির্যোদ্ধব্যমিত্যাশয়ঃ।

"আচার্য্য। আপনি পাণ্ডবগণের এই মহাসেনার প্রতি দৃষ্টিপাত করুন; দ্রুপদরাজার পুত্র এবং আপনার বুদ্ধিমান্ শিষ্য ধৃষ্টদ্যুম্ন এই সেনাকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়াছেন ॥৩॥

তাৎপর্য্য—আচার্য্য। দ্রুপদরাজা আপনার চিরশত্রু, এই ধৃষ্টদ্যুম্ন তাঁহারই পুত্র এবং আপনার বধের জন্যই উৎপন্ন হইয়াছেন, বিশেষতঃ এই ধৃষ্টদ্যুম্ন আপনার বুদ্ধিমান্ শিষ্য বলিয়া যুদ্ধে আপনারই তুল্য হইয়াছেন, আর ব্যূহটাকেও সুন্দর করিয়া সাজাইয়াছেন, সুতরাং আপনি পাণ্ডবগণের স্নেহে, বিশেষতঃ অর্জ্জুনের প্রতি গুরুতর স্নেহবশতঃ যুদ্ধে উদাসীন থাকিতে পারিবেন না, বিশেষ সতর্ক হইয়া বিশেষ উৎসাহ সহকারেই আপনার যুদ্ধ করা কর্ত্তব্য ॥৩॥

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭॥
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥৮॥

ভারতকৌমুদী

অত্র সন্তীত্যেকয়াধ্যাহর্ত্তব্যয়া ক্রিয়য়া ত্রয়াণাং শ্লোকানামন্বয়াদ্বিশেষকং নামেদং মেলনম্। তথা চ সাহিত্যদর্পণঃ—"ছন্দোবদ্ধপদং পদ্যং তেনৈকেন চ মুক্তকম্। দ্বাভ্যান্তু যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকম্। কলাপকং চতুর্ভিঃ স্যাত্তদূর্দ্ধং কুলকং স্মৃতম্॥" ॥৪—৬॥

তর্হি কিং তব সেনা পাণ্ডবসেনাতো নিকৃষ্টেত্যাহ—অস্মাকমিতি। হে দ্বিজোত্তম। ব্রাহ্মণ-শ্রেষ্ঠ। অস্মাকং পক্ষে তু যে যোদ্ধারো বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ তান্ নিবোধ শৃণু। কিঞ্চ মম সৈন্যস্য যে নায়কাঃ পরিচালিকাঃ, তে তব, সংজ্ঞার্থং তেষাং সম্যগ্জ্ঞানার্থম্, তান্ ব্রবীমি। অতো মৎসেনায়া নিকর্ষাশঙ্কা ন কার্য্যেতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নার্থং বিশেষণম্ ॥৩॥ মহেষ্বাসাঃ মহান্ত ইষ্বাসাঃ ধনূংষি যেষাং তে। যুযুধানঃ সাত্যকিঃ। দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ ॥৪॥ ধৃষ্টকেত্বাদয়ঃ ষট্ ॥৫॥ যুধামন্যুত্তমৌজসৌ সৌভদ্রোঽভিমন্যুঃ পঞ্চ দ্রৌপদেয়াঃ প্রতিবিন্ধ্যাদয়শ্চেত্যষ্টৌ। চকারাৎ পাণ্ডবা ঘটোৎকচাদয়শ্চাতিপ্রসিদ্ধা গ্রাহ্যাঃ। সর্ব্বেঽপি মহারথা এব। তল্লক্ষণন্তু—"একো দশসহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স বৈ প্রোক্তো মহারথঃ॥ অমিতান্ যোধয়েদ্যস্তু সম্প্রোক্তোঽতিরথস্তু সঃ। রথস্ত্বেকেন যোদ্ধা স্যাত্তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥" ইতি ॥৬॥ বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ। নিবোধ বুধ্যস্ব। ভৌবাদিকস্য

যুদ্ধে ভীম ও অর্জ্জুনের তুল্য অনেক মহাধনুর্দ্ধর বীর এই সৈন্যমধ্যে রহিয়াছেন। যথা—মহারথ সাত্যকি, বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ এবং ঘটোৎকচপ্রভৃতি, ইহারা সকলেই মহারথ ॥৪—৬॥

তাৎপর্য্য—অতএব আচার্য্য। আপনাদের সকলেরই বিশেষ উৎসাহের সহিত যুদ্ধ করিতে হইবে ॥৪—৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমাদের পক্ষে যে সকল শ্রেষ্ঠ যোদ্ধা আছেন, আপনি তাঁহাদের নাম শ্রবণ করুন, আর আমার সৈন্যের যাঁহারা পরিচালক হইয়াছেন, আপনার পরিচয়ের জন্য তাঁহাদের নামও আমি বলিতেছি—॥৭॥

তাৎপর্য্য—অতএব আপনি পাণ্ডবসৈন্য অপেক্ষা আমার সৈন্যকে নিকৃষ্ট মনে করিবেন না ॥৭॥

---

(৮) সৌমদত্তিস্তথৈব চ—দাক্ষিণাত্যপুস্তকবিশেষে পাঠঃ।

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥৯॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥১০॥

ভারতকৌমুদী

অথ কে তে ইত্যাহ—ভবানিতি। সমিতিং যুদ্ধং জয়তীতি সমিতিঞ্জয়ঃ, "নাম্নি তৃভৃ" ইত্যাদিনা খশ্, এতদ্বিশেষণঞ্চ সর্ব্বত্র সম্বধ্যতে। তেন চান্যত্র লব্ধজয়া অত্রাপি জেষ্যন্তীতি ভাবঃ। ভবান্ দ্রোণঃ, ভীষ্মশ্চ, কর্ণশ্চ। ভীষ্মেণ কর্ণঃ শস্ত্রং ত্যাজিতোঽপি ভীষ্মানন্তরমসৌ যোৎস্যত এবেতি সোঽপি গ্রাহ্য ইত্যাশয়ঃ। কৃপশ্চ, অশ্বত্থামা, বিকর্ণশ্চ স্বভ্রাতা, সোমদত্তস্যাপত্যমিতি সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, জয়দ্রথশ্চ। এতে বিশিষ্টা ইতি ভাবঃ ॥৮॥

নন্বু তথাপি পাণ্ডবপক্ষীয়বিশিষ্টাপেক্ষয়া ত্বৎপক্ষীয়া বিশিষ্টা অল্পা ইত্যাহ—অন্য ইতি। অন্যে শৈল্যকৃতবর্ম্মাদয়ো বহবঃ শূরাশ্চ, মদর্থে, ত্যক্তানি ত্যাগযোগ্যতানি জীবিতানি জীবনানি যৈস্তে তাদৃশাঃ। সর্ব্ব এব চ তে, নানা বহুবিধানি শস্ত্রাণি সন্নিধৌ হিংসাসাধনানি শূলাদীনি প্রহরণানি বাণাদীন্যস্ত্রাণি চ যেষাং তে, যুদ্ধবিশারদাশ্চ ॥৯॥

অপি চাহ—অপর্য্যাপ্তমিতি। অস্মাকং তদেতৎ বলং সৈন্যম্, পরিত আপ্তং প্রাপ্তুং শক্তমিতি পর্য্যাপ্তমল্পং ন পর্য্যাপ্তমপর্য্যাপ্তম্। একাদশাক্ষৌহিণীসংখ্যকত্বাদধিকমিত্যর্থঃ, ভীষ্মেণ অভি সর্ব্বতো রক্ষিতঞ্চ। কিন্তু এতেষাং পাণ্ডবানাম্, ইদং বলং সৈন্যম্, পর্য্যাপ্তং সপ্তাক্ষৌহিণীপরিমিতত্বাদল্পম্, ভীমেন অভিরক্ষিতঞ্চ। একতো মৎসৈন্যং সংখ্যয়াধিকম্, দ্বিতীয়তো মহাবুদ্ধিনা ভীষ্মেণাভিরক্ষিতঞ্চ, পাণ্ডবসৈন্যন্তু একতঃ সংখ্যয়াল্পম্, দ্বিতীয়তশ্চপলবুদ্ধিনা ভীমেনাভিরক্ষিতঞ্চ। অতোঽস্মাকং জয় এবাবশ্যম্ভাবীতি ভাবঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

পরস্মৈপদিনো বুধেরিদং রূপম্। সংজ্ঞার্থম্ অস্মৎপক্ষেঽপি শূরাঃ সন্তীতি জ্ঞাপনার্থম্, পরেষু প্রাবল্যং দৃষ্ট্বা তবোৎসাহভঙ্গো মাভূদিত্যর্থঃ ॥৭॥ বিকর্ণঃ স্বভ্রাতা। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। জয়দ্রথপদস্থানে তথৈব চেতি ক্বচিৎ পাঠঃ ॥৮॥ অন্যে শল্যকৃতবর্ম্মপ্রভৃতয়ঃ। শস্ত্রাণি বিদারকাণি খড়্গাদীনি, প্রহরণানি কেবলং প্রহারার্থানি গদাদীনি নানাবিধানি যেষাং তে নানাশস্ত্রপ্রহরণাঃ ॥৯॥ পর্য্যাপ্তং পরিত আপ্তং পরিবেষ্টিতং পাণ্ডবসৈন্যং হি সপ্তাক্ষৌহিণী-

---

যুদ্ধবিজয়ী আপনি, ভীষ্ম কর্ণ, কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ, ভূরিশ্রবা এবং জয়দ্রথ (ইঁহারা বিশিষ্ট) ॥৮॥

তাৎপর্য্য—ইঁহারা অনেক যুদ্ধে জয় লাভ করিয়াছেন, সুতরাং এ যুদ্ধেও যে জয় লাভ করিবেন, এরূপ আশা করা যায় ॥৮॥

শল্য ও কৃতবর্ম্মপ্রভৃতি আরও বহুতর বীর আমার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছেন এবং তাঁহারা সকলেই নানাবিধ অস্ত্রশস্ত্রধারী ও যুদ্ধে সুনিপুণ ॥৯॥

তাৎপর্য্য—অতএব তাঁহারা প্রাণপণেই যুদ্ধ করিবেন, এইরূপই আশা করি ॥৯॥

অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি ॥১১॥
তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥১২॥

ভারতকৌমুদী

ইদানীং কর্ত্তব্যমাহ—অয়নেষ্বিতি। এব হি শব্দদ্বয়মত্যন্তাবধারণং সূচয়তি, "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ" ইত্যাদিবৎ। ভবন্তঃ সর্ব্ব এব হি যোদ্ধারঃ, সর্ব্বেষু চ অয়নেষু অস্মাকং ব্যূহমার্গেষু, যথাভাগং বিভক্তং স্বং স্বং স্থানমনতিক্রম্য অবস্থিতাঃ সন্তঃ, ভীষ্মমেব অভিরক্ষন্তু। পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চ যথা পরো ন হন্যাৎ তথা রক্ষিতঃ সর্ব্বাগ্রবর্ত্তী সেনাপতির্ভীষ্মঃ স্বপক্ষং রক্ষন্ পরপক্ষং নির্বিঘ্নং হন্যাদিতি ভাবঃ। "অয়নং বর্ত্ম মার্গাধ্বপন্থানঃ পদবী সৃতিঃ" ইত্যমরঃ। অয়তে গচ্ছত্যনেনেতি অয়নং করণে ল্যুট্ ॥১১॥

এতদবসরবৃত্তান্তমাহ—তস্যেতি। অস্মিন্নবসর এব কুরুষু কুরুবংশেষু বৃদ্ধঃ কুরুবৃদ্ধঃ প্রতাপবাংশ্চ, পিতামহঃ যুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাং পিতামহভ্রাতা ভীষ্মঃ, তস্য দুর্য্যোধনস্য, হর্ষমানন্দম্, সংজনয়ন্ স্বোৎসাহসূচনেন সম্যগুৎপাদয়ন্, উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য কৃত্বা, শঙ্খং দধ্মৌ বাদয়ামাস। সেনাপতেরুৎসাহদর্শনেন রাজ্ঞ আনন্দঃ স্বত এব ভবতীতি ভাবঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মিতত্বাদল্পম্, বহুনৈকাদশাক্ষৌহিণীমিতেনাস্মৎসৈন্যেন বেষ্টয়িতুং শক্যং ন তু তদীয়েনাস্মদীয়মিত্যর্থঃ। এবঞ্চ পর্য্যাপ্তমিত্যস্য পারণীয়মিত্যর্থঃ ॥১০॥ অয়নেষু ব্যূহরচনয়া স্থিতে সৈন্যে প্রবেশমার্গেষু স্বে স্বে স্থানে স্থিতা যূয়ং মধ্যস্থং ভীষ্মমেবাভিরক্ষন্তু। অস্য সেনাপতেশ্চাঞ্চল্যে সর্ব্বাঽপি সেনা আকুলীভবেৎ তৎস্থৈর্য্যে স্থিরা চ ভবেদতঃ স এব রক্ষ্য ইত্যর্থঃ ॥১১॥ তস্যৈবং বদতো দুর্য্যোধনস্য সঞ্জয়বাক্যমিদম্। সিংহনাদমিতি ণমুলন্তম্, তেন বিনদ্যেত্যস্যানুপ্রয়োগঃ

আমাদের এই সৈন্য সংখ্যায় অধিক, বিশেষতঃ ভীষ্ম ইহাকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন, আর পাণ্ডবদের এই সৈন্য সংখ্যায় অল্প এবং ভীম উহাকে রক্ষা করিতেছেন ॥১০॥

তাৎপর্য—আমার সৈন্য এগার অক্ষৌহিণী এবং মহাবুদ্ধি ভীষ্ম ইহাকে রক্ষা করিতেছেন, আর পাণ্ডবদের সৈন্য মাত্র সাত অক্ষৌহিণী, তাহাতে আবার একটা গোঁয়ার (ভীম) উহার রক্ষক হইয়াছে, অতএব নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥১০॥

আপনারা সকলেই আমাদের ব্যূহের সকল পথে আপন আপন নির্দ্দিষ্ট স্থানে অবস্থিত হইয়া ভীষ্মকেই সকল দিক্ হইতে রক্ষা করিতে থাকুন" ॥১ ॥

তাৎপর্য্য—তৎকালে সেনাপতিরা সমস্ত সৈন্যের সম্মুখে থাকিতেন, তাহাতে ঘটনাক্রমে বিপক্ষেরা পার্শ্বে বা পিছনে আসিয়া সেই সেনাপতিগণকে আঘাত করিবার সুযোগ পাইত। এ ক্ষেত্রে সেরূপ না ঘটে এই জন্য দুর্য্যোধন প্রথমেই ভীষ্মকে রক্ষা করিবার উপদেশ দিলেন ॥১১॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥১৩॥
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ কৌরবপক্ষে শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাশ্চ তদানীন্তনা বাদ্যবিশেষাঃ, সহসা তৎক্ষণাদেব, অভ্যহন্যন্ত তত্তদ্বাদকৈরতাড্যন্ত। পরঞ্চ স শব্দঃ, তুমুল একীভূতঃ সুমহানভবৎ। ভীষ্মস্য শঙ্খনাদশ্রবণেনাবসরাবগমাৎ কৌরবপক্ষীয়াঃ সর্ব্বে বাদকা যুগপদেব স্বং স্বং বাদ্যং বাদয়ামাসুরিত্যাশয়ঃ ॥১৩॥

তত ইতি। ততঃ, শ্বেতৈঃ, হয়ৈরশ্বৈর্যুক্তে, মহতি উত্তমে, স্যন্দনে রথে স্থিতৌ, মাধবঃ কৃষ্ণঃ, পাণ্ডবঃ কৃষ্ণসাহচর্য্যাদর্জ্জুনশ্চ উভৌ, দিব্যৌ উত্তমৌ শঙ্খৌ, প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ, বিপক্ষাণামাহ্বানরূপ্যেণৈব স্বপক্ষোৎসাহসূচনস্য ন্যায্যত্বাদিত্যাশয়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

কষাদিত্বাৎ "সমূলকাষঙ্কষতি স্ম দৈত্যান্" ইত্যাদিবৎ। কুরুবৃদ্ধো ভীষ্মঃ প্রাগ্ বিরাটনগরাদৌ দৃষ্টপ্রভাবান্ পাণ্ডবান্ দৃষ্ট্বা রাজ্ঞো ভয়ং মাভূদিতি শঙ্খং দধ্মৌ। হর্ষং যুদ্ধোৎসাহং জনয়ন্ হেত্বর্থে শতৃপ্রত্যয়ঃ, হর্ষজননার্থমিত্যর্থঃ ॥১২॥ অভ্যহন্যন্ত অভিহতাঃ, কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ

কুরুকুলবৃদ্ধ প্রতাপশালী ভীষ্ম তখন দুর্য্যোধনের আনন্দ জন্মাইতে থাকিয়া উচ্চস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥১২॥

তাৎপর্য্য—সেনাপতির উৎসাহ দেখিলে, রাজার আনন্দ হওয়া স্বাভাবিক, সুতরাং ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া দুর্য্যোধন বিশেষ আনন্দিত হইলেন ॥১২॥

তদনন্তর বাদ্যবাদকেরা একদাই শঙ্খ, ভেরী, পণব, আনক ও গোমুখপ্রভৃতি বাদ্য বাজাইয়া উঠিল; তখন সেই ধ্বনি তুমুল হইয়া পড়িল ॥১৩॥

তাৎপর্য্য—কুরুপক্ষীয় বাদ্যবাদকেরা সেনাপতি ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া 'ইহাই বাদ্যধ্বনি আরম্ভ করিবার সময়' এইরূপ মনে করিয়া যুগপৎ সকল দিক্ হইতেই রণবাদ্য বাজাইতে আরম্ভ করিয়াছিল ॥১৩॥

তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত উত্তম রথে থাকিয়া উত্তম শঙ্খযুগলের ধ্বনি করিলেন ॥১৪॥

তাৎপর্য্য—উদযোগপর্ব্বে লিখিত আছে—কৌরবপক্ষে ভীষ্ম এবং পাণ্ডবপক্ষে অর্জ্জুন প্রধান সেনাপতি নির্বাচিত হইয়াছিলেন, সুতরাং ভীষ্ম যেমন শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ সূচনা করিলেন, অর্জ্জুনও তেমনই শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ জানাইলেন। তা'র পর, কৌরবপক্ষের ন্যায় পাণ্ডবপক্ষেও প্রধান যোদ্ধারা শঙ্খধ্বনি করিয়া আপনাদের উৎসাহ প্রকাশ করিলেন ॥১৪॥

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জযঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদবঃ ॥১৫॥
অনন্তবিজযং বাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিবঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥১৬॥ (যুগ্মকম্)
কাশ্যশ্চ পবমেষ্বাসঃ শিখণ্ডী চ মহাবথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিবাটশ্চ সাত্যকিশ্চাপবাজিতঃ ॥১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥ (যুগ্মকম্)
স ঘোষো ধার্ত্তবাষ্ট্রাণাং হৃদযাণি ব্যদাবযৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদযন্ ॥১৯॥

ভারতকৌমুদী

কৃষ্ণার্জ্জুনশঙ্খযোর্নামনির্দ্দেশপূর্ব্বকমন্যেষাং শঙ্খবাদনমাহ—পাঞ্চেতি। হৃষীকেশঃ কৃষ্ণঃ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, ধনঞ্জযোঽর্জ্জুনশ্চ, দেবদত্তং নাম শঙ্খম্, দধ্মৌ। ভীমং হিডিম্ববধাদিকং কর্ম্ম যস্য স তাদৃশো বৃকোদবো ভীমশ্চ, পৌণ্ড্রং নাম মহাশঙ্খং দধ্মৌ, তথা কুন্তীপুত্রো বাজা যুধিষ্ঠিবঃ, অনন্তবিজযং নাম শঙ্খম্, নকুলঃ সহদেবশ্চ, সুঘোষমণিপুষ্পকৌ নাম শঙ্খৌ, যথাসংখ্যং দধ্মৌ ॥১৫—১৬॥

কাশ্য ইতি। হে পৃথিবীপতে। বাজন্। ধৃতবাষ্ট্র। পবম উত্তম ইষ্বাসো ধনুর্যস্য স তাদৃশঃ, কাশ্যঃ কাশীবাজশ্চ, মহাবথঃ শিখণ্ডী চ, ধৃষ্টদ্যুম্নঃ, বিবাটশ্চ, অপবাজিতঃ সাত্যকিশ্চ দ্রুপদঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদযঃ পঞ্চ চ, মহাবাহুঃ সৌভদ্রঃ সুভদ্রায়াঃ পুত্রোঽভিমন্যুশ্চ, এতে, সর্বশঃ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ, পৃথক্ পৃথক্, শঙ্খান্ দধ্মুঃ ॥১৭—১৮॥

স ইতি। তুমুলঃ সঙ্কীর্ণঃ, স ঘোবঃ পাণ্ডবপক্ষীযঃ শঙ্খনাদঃ, নভো গগনঞ্চ, পৃথিবীঞ্চ, অভ্যনুনাদযন্ আপূবযন্ সন্, ধার্ত্তবাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং ত্বৎপুত্রাণাম্, হৃদয়ানি, ব্যদাবয়ৎ বিদীর্ণানীবাকবোৎ, নির্যাতিতানাং সর্ব্বথা দুর্বলীভূতানাঞ্চ পাণ্ডবানাং মহোৎ-

---

কৃষ্ণ পাঞ্চজন্য শঙ্খ এবং অর্জ্জুন দেবদত্তনামক শঙ্খ বাজাইয়াছিলেন। ক্রমে ভীমকর্ম্মা ভীমসেন পৌণ্ড্রনামক মহাশঙ্খ, কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় শঙ্খ, নকুল সুঘোষশঙ্খ এবং সহদেব মণিপুষ্পনামক শঙ্খ বাজাইলেন ॥১৫—১৬॥

মহারাজ। তৎপরে মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, অপরাজিত সাত্যকি, দ্রুপদ, দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং মহাবাহু অভিমন্যু—ইহারাও সকল দিক্ হইতে পৃথক্ পৃথক্ ভাবে শঙ্খধ্বনি করিলেন ॥১৭— ৮॥

---

(১৯) তুমুলো ব্যনুনাদয়ন্—ইতি কুত্রচিদ্দাক্ষিণাত্যপুস্তকে পাঠঃ।

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ ॥২০॥
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে।।

অর্জ্জুন উবাচ।

সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত। ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাহাডম্বরপ্রকাশাদিতি ভাবঃ। অন্যেষান্তু তাদৃশবিদ্বেষাভাবান্ন তথেতি সূচয়িতুং ধার্ত্তরাষ্ট্র-মাত্রোক্তিঃ ॥১৯॥

অথেতি। হে মহীপতে। ধৃতরাষ্ট্র। অথ ধার্ত্তরাষ্ট্রহৃদয়বেদনানন্তরম্, পাণ্ডবঃ কপিধ্বজঃ অর্জুনঃ, ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ ত্বৎপুত্রান্, ব্যবস্থিতান্ যুদ্ধকরণায় বিদ্যমানান্ দৃষ্ট্বা, ধনুঃ, উদ্যম্য উত্তোল্য ধৃত্বা, শস্ত্রসম্পাতে অস্ত্রক্ষেপে, প্রবৃত্তে প্রক্রান্তে ভাবিনি, তদা হৃষীকেশং কৃষ্ণম্, ইদং বাক্যম্ আহ ব্রবীতি স্ম। কিং তদ্বাক্যমিত্যাহ—সেনয়োরিত্যাদি। হে অচ্যুত। জীবেষু ন্যায্যপথাদভ্রষ্ট। কৃষ্ণ। মে মম রথম্, উভয়োঃ সেনয়োর্মধ্যে স্থাপয়। অত্র পূর্ব্ব-শ্লোকান্বয়িন্যা আহেতি ক্রিয়ায়াঃ পরশ্লোকে স্থিতের্যুগ্মকত্বমেব। অর্জ্জুন উবাচ ইতি বাক্যান্তরস্য মধ্যে স্থিতৌ তু গদ্যপদ্যয়োঃ সঙ্কীর্ণতামাত্রম্। ঈদৃশমুদাহরণং মহাভারতে পূর্ব্বাপরয়োর্বহুত্র দৃষ্টম্। কপিধ্বজ আহ ইত্যনেনৈব নির্ব্বাহে 'অর্জ্জুন উবাচ' ইতি পুনরুক্তিস্তু মুনেঃ স্বাভাবিকী ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

॥১৩—১৯॥ ব্যবস্থিতান্ ভয়োদ্বিগ্নতয়া বৈষম্যেণাবস্থিতান্। কপিধ্বজপাণ্ডবপদাভ্যাং ভীষণধ্বজত্বং শৌর্য্যঞ্চ প্রদৃশ্যতে ॥২০॥ হৃষীকেশং সর্ব্বেষামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকত্বেন পরচিত্তাভিজ্ঞং ন তু কঞ্চিদর্থমিতি দ্যোতনার্থং বাক্যপদম্। বাক্যমেবাহ—সেনয়োরিতি ॥২১॥

সেই তুমুল শঙ্খধ্বনি আকাশ ও পৃথিবী পরিপূর্ণ করিতে থাকিয়া ধার্ত্তরাষ্ট্র-গণের হৃদয় যেন বিদীর্ণ করিল ॥১৯॥

তাৎপর্য্য—ধার্ত্তরাষ্ট্রগণের নানা কৌশলে পাণ্ডবগণ নির্য্যাতিত, বনবাসী ও সহায়শূন্য হইয়াছিলেন, তাহাতে তাঁহাদের হৃদয় দুর্ব্বল হইবারই সম্ভাবনা ছিল। পাণ্ডবপক্ষ হইতেই সন্ধির প্রস্তাব করায় ধার্ত্তরাষ্ট্রেরা পাণ্ডবদের সে দুর্ব্বলতা দৃঢ়রূপেই ধারণা করিয়াছিলেন, কিন্তু এখন সেই পাণ্ডবেরাই প্রচুর সৈন্য ও যুদ্ধোপকরণ সংগ্রহ করিয়া অনুরূপ তুমুল শঙ্খনাদ দ্বারা কৌরবশঙ্খনাদের উপযুক্ত প্রত্যুত্তরই দিলেন, ইহাতে পাণ্ডবদের সবলতা প্রকাশ পাওয়ায় ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয়ে নৈরাশ্য উপস্থিত হইল ॥১৯॥

রাজা! তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন ধার্ত্তরাষ্ট্রগণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিয়া ধনু উত্তোলন করিয়া অস্ত্রক্ষেপ আরম্ভ হইবার পূর্ব্বে তখন কৃষ্ণের নিকট এই কথা বলিয়াছিলেন। অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ! আমার রথখানাকে উভয় সৈন্যের মধ্যস্থানে রাখ ॥২০—২১॥"

যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥২২॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।।
সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥২৪॥

ভারতকৌমুদী

ননূভয়োঃ সেনয়োর্মধ্যে কিয়ন্তং কালং রথং স্থাপয়ামি কথং বা স্থাপয়ামীত্যাহ—যাবদিতি। অহম্, যাবৎ যাবন্তং কালম্, এতান্ যোদ্ধুকামান্ সতঃ অবস্থিতান্ যোধান্, নিরীক্ষে পশ্যামি, তাবৎ স্থাপয়েত্যর্থঃ। তথাপি যাবচ্ছব্দস্য উত্তরবাক্যগতত্বেন তাবচ্ছব্দানপেক্ষণান্ন যুগ্মকত্বম্, "আত্মা জানাতি, যৎ পাপম্" ইতি সাহিত্যদর্পণোদাহরণবৎ। অস্মিন্ রণসমুদ্যমে যুদ্ধোদ্যোগে, কৈর্বীরৈঃ সহ ময়া যোদ্ধব্যম্। তন্নিরূপণার্থমেব নিরীক্ষণমিতি ভাবঃ ॥২২॥

উক্তপ্রায়মেবার্থং কিঞ্চিদ্বিশেষসূচনায় পুনরাহ—যোৎস্যেতি। যে এতে, দুর্বুদ্ধেঃ পরদ্রব্যে লোভকরণাৎ চিরমন্যায্যাচরণাচ্চ দুষ্টমতেঃ, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, প্রিয়ং কার্য্যং কর্ত্তুমিচ্ছব ইতি প্রিয়চিকীর্ষবঃ সন্তঃ, অত্র যুদ্ধে, সমাগতাঃ, তান্ যোৎস্যমানান্ যুদ্ধং করিষ্যতো যোধান্, অহম্ অবেক্ষে পশ্যামি। যে কিল দুর্বুদ্ধের্দুর্য্যোধনস্য প্রীতিবিধানেচ্ছয়ৈব যুযুৎসবঃ, তৈঃ সহৈব ময়া সাগ্রহং যোদ্ধব্যম্, ন পুনরস্বাবসিকেচ্ছয়া যুদ্ধপ্রবৃত্তৈর্ভীষ্মাদিভিঃ সহেত্যাশয়ঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

রথস্থাপনপ্রয়োজনমাহ—যাবদিতি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ময়া সহ বা কৈর্যোদ্ধব্যমিত্যুভয়ত্র সহশব্দসম্বন্ধঃ। কে বা মাং জেতুং যতন্তে, ময়া বা কে জেতব্যা ইত্যালোচনার্থমিত্যর্থঃ ॥২২॥ যোৎস্যমানান্ ন তু শান্তিকামান্ যতো দুর্বুদ্ধেঃ প্রিয়ং চিকীর্ষন্তি তেন তেষামপি তত্তুল্যত্বং

তাৎপর্য্য—ধনু উত্তোলন করায় এ পর্য্যন্তও অর্জ্জুনের যুদ্ধপ্রবৃত্তি প্রবল ছিল—ইহা সূচিত হইয়াছে ॥২১॥

যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই যোদ্ধাদিগকে আমি যে পর্য্যন্ত দেখিয়া লই, সেই পর্য্যন্ত তুমি রথখানা রাখ; এই যুদ্ধের উপক্রমে কাহাদের সহিত আমি যুদ্ধ করিব, (তাহা স্থির করা আবশ্যক) ॥২২॥

এই যাহারা দুর্বুদ্ধি দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার ইচ্ছাবশতই এই যুদ্ধে আসিয়াছে, সেই যুদ্ধার্থীদিগকে আমি একবার দেখিয়া লইব" ॥২৩॥

তাৎপর্য্য—যাহারা দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার জন্যই যুদ্ধে আসিয়াছে, তাহারাই আমাদের বাস্তবিক শত্রু, সুতরাং তাহাদের সহিতই আমি মনোযোগ সহকারে যুদ্ধ করিব। আর যাঁহারা অনিচ্ছায় যুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, সেই ভীষ্মপ্রভৃতির সহিত কেবল যুদ্ধের অভিনয় করিয়া যাইব। এই জন্যই আমার এই নিরীক্ষণ ॥২৩॥

ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ। পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥২৫॥ (যুগ্মকম্)
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥২৬॥

ভারতকৌমুদী

এবমিতি। হে ভারত। ভরতবংশ্য। ধৃতরাষ্ট্র। গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন নিয়ন্ত্রা ধর্ম্মাদৌ সর্ব্বদা সতর্কেণার্জ্জুনেনেত্যর্থঃ, এবমুক্তঃ, হৃষীকা মায়া তস্যা ঈশো নিয়ন্তা কৃষ্ণঃ, উভয়োঃ সেনয়োর্মধ্যে, ভীষ্মদ্রোণয়োঃ প্রমুখতঃ সম্মুখে, সর্ব্বেষাং মহীক্ষিতাং যুযুৎসূনাং রাজ্ঞাঞ্চ প্রমুখতঃ, রথোত্তমং স্থাপয়িত্বা, হে পার্থ। অর্জ্জুন। সমবেতান্ এতান্ কুরূন্ পশ্য, ইত্যর্জ্জুনমুবাচ। যেন খলু ভক্ত্যা ভগবান্ মায়েশো বশীকৃতঃ, তস্য মায়াবৃত্তিবিশেষরূপায়া নিদ্রায়া জয়ঃ সুকর এবেতি পূর্ব্বশ্লোকপূর্ব্বার্দ্ধভাবঃ ॥২৪—২৫॥

তত্রেতি। অথ তত্র তদানীম্, পার্থঃ অর্জ্জুনঃ, উভয়োরপি সেনয়োর্যথাসম্ভবং স্থিতান্, পিতৄন্ পিতৃপর্য্যায়ান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ তৎপর্য্যায়ান্ ভীষ্মসোমদত্তাদীন্, আচার্য্যান্ দ্রোণকৃপপ্রভৃতীন্, মাতুলান্ শল্যশকুন্যাদীন্, ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্, পুত্রান্ অভিমন্যুলক্ষ্মণাদীন্, পৌত্রান্ ঘটোৎকচপুত্রাঞ্জনপর্ব্বপ্রভৃতীন্, সখীন্ অশ্বত্থামাদীন্, শ্বশুরান্ দ্রুপদাদীন্, সুহৃদঃ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতীংশ্চ, অপশ্যৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

সূচিতম্ ॥২৩॥ রথোত্তমং স্থাপয়িত্বা উবাচেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥২৪॥ মহীক্ষিতাং পৃথিবীশ্বরাণাম্ ॥২৫॥ পিতৄন্ পিতৃব্যাদীন্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্। পিতামহান্ ভীষ্মাদীন্। মাতুলান্ শল্যাদীন্। ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্। পুত্রান্ লক্ষ্মণাদীন্। পৌত্রান্ লক্ষ্মণাদিপুত্রান্।

সঞ্জয় কহিলেন—"ভরতনন্দন। অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ উভয় সৈন্যের মধ্যস্থানে ভীষ্ম, দ্রোণ এবং অন্য সকল রাজার সম্মুখে উত্তম রথখানাকে রাখিয়া অর্জ্জুনকে বলিলেন—'এই সমবেত কৌরবগণকে দর্শন কর" ॥২৪—২৫॥

তাৎপর্য্য—ভগবান্ চিৎস্বরূপ এবং মায়া জড়, সুতরাং ভগবানের অধিষ্ঠান ব্যতীত মায়া কিছুই করিতে পারে না, তাই মায়া ভগবানের অধীন, আর ভগবান্ মায়ার ঈশ্বর বা নিয়ন্তা। হৃষীকাশব্দের অর্থ—মায়া, মায়ার ঈশ—নিয়ন্তা। অতএব হৃষীকেশ—কৃষ্ণ। তা'র পর, ভগবান্ ভক্তের অধীন, (তাহার প্রমাণ এই খানেই—কৃষ্ণ অর্জ্জুনের অধীন) মায়া আবার ভগবানের অধীন, নিদ্রা সেই মায়ারই একটী বৃত্তি বা কার্য্য; সুতরাং ভগবদ্ভক্ত অর্জ্জুন যে নিদ্রাকে জয় করিবেন, তাহাতে আর সন্দেহ কি। তাই অর্জ্জুনকে 'গুড়াকেশ' (নিদ্রাবিজয়ী) বলা হইয়াছে ॥২৪॥

তাহার পর তখন অর্জ্জুন দেখিলেন—পিতৃপর্য্যায়, পিতামহপর্য্যায়, আচার্য্য,

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥২৭॥

অর্জ্জুন উবাচ। *

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ। যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥২৮॥
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাত্ত্বক্ চৈব পরিদহ্যতে ॥২৯॥

ভারতকৌমুদী

তানিতি। স কৌন্তেয়ঃ অর্জ্জুনঃ, যুযুৎসয়া অবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্, সমীক্ষ্য দৃষ্ট্বা, পরয়া অত্যন্তয়া কৃপয়া, আবিষ্ট আশ্রিতঃ, অতএব বিষীদন্ হন্তং বিষাদং প্রাপ্নুবন্ সন্, ইদং বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। বন্ধুবধে বিষাদঃ স্বাভাবিক এবেতি ভাবঃ ॥২৭॥

দৃষ্ট্বেতি। হে কৃষ্ণ। যুযুৎসূন্ যোদ্ধুমিচ্ছূন্ সতঃ সমবস্থিতান্ ইমান্ স্বজনান্, দৃষ্ট্বা বিদ্যমানস্যেতি শেষঃ, মম গাত্রাণি অঙ্গানি, সীদন্তি প্রহর্ত্তব্যত্বধারণয়া অবসন্নানি ভবন্তি, মুখঞ্চ পরিশুষ্যতি শোকানলাবির্ভাবেন শুষ্কীভবতি। যেষাদরো বিধেয়ঃ, তেষ্বেব প্রহারো দেয় ইত্যবসাদহেতুরিত্যাশয়ঃ। এবমুত্তরত্রাপি ॥২৮॥

বেপথুরিতি। মে মম শরীরে, বেপথুঃ কম্পশ্চ, রোমহর্ষো রোমাঞ্চশ্চ, জায়তে। গাণ্ডীবং ধনুঃ, হস্তাৎ, স্রংসতে নিপততি, ত্বক্ চর্ম্ম চ, পরিদহ্যতে শোকানলাবির্ভাবেন সন্তপ্যতে, সর্ব্বত্র ইমান্ দৃষ্ট্বেত্যনুবৃত্তিঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

সখীন্ অশ্বত্থামাদীন্। সুহৃদঃ কৃতবর্ম্মাদীন্ ॥২৬॥ কৃপয়া স্নেহেন, স চ স্বজনমিতি বিশেষণেন প্রদর্শ্যতে ॥২৭॥ সীদন্তি নিশ্চেষ্টানি ভবন্তি। রোমহর্ষো রোমাঞ্চঃ ॥২৮—২৯॥

মাতুলপর্য্যায়, ভ্রাতা, পুত্র, পৌত্রপর্য্যায়, সখা, শ্বশুর ও সুহৃদ্গণ যথাসম্ভব উভয়সৈন্যমধ্যে রহিয়াছেন ॥২৬॥

অর্জ্জুন, উভয়সৈন্যমধ্যে অবস্থিত সেই সকল বন্ধুকে দেখিয়া অত্যন্ত দয়াবিষ্ট ও বিষণ্ণ হইয়া এই কথা বলিলেন" ॥২৭॥

তাৎপর্য্য—বন্ধুবধ করিতে হইলে, দয়া ও বিষাদ উপস্থিত হওয়া স্বাভাবিক ॥২৭॥

অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ। যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই বন্ধুবর্গকে দেখিয়া আমার অঙ্গ সকল অবসন্ন হইতেছে এবং মুখ শুকাইয়া যাইতেছে ॥২৮।

তাৎপর্য্য—ভক্তি, স্নেহ বা প্রণয়বশতঃ যাঁহাদের আদর করা উচিত, তাঁহাদিগকেই প্রহার করিতে হইবে; এইরূপ ধারণা হওয়াতেই অর্জ্জুনের অবসাদ ও মুখশোষ উপস্থিত হইয়াছিল। (পরশ্লোকেও এইরূপ তাৎপর্য্যই বুঝিতে হইবে) ॥২৮॥

---

* অয়ং পাঠো দাক্ষিণাত্যপুস্তকবিশেষে নাস্তি। (২৮) দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ। যুযুৎসুং সমুপস্থিতম্—নি।

ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব। ॥৩০॥
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ। ন চ রাজ্যং সুখানি চ।
কিং নো রাজ্যেন গোবিন্দ। কিং ভোগৈর্জীবিতেন বা ॥৩১॥
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ।
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। অপি চেতি চার্থঃ। অহম্ অবস্থাতুং দণ্ডায়মানঃ সন্ স্থাতুমপি ন শক্নোমীব। মে মম মনশ্চ, ভ্রমতীব ঘূর্ণত ইব, উভয়ত্রাপি স্বজনহননসম্ভাবনয়া অবসাদশোকাতিশয়াগমাদিতি ভাবঃ। ননু প্রস্বাপনাস্ত্রক্ষেপাদিনা বিনাশমন্তরেণাপি জয়সম্ভবাৎ কথং তব স্বজনবিনাশাশঙ্কয়া শোকাবসাদাবিত্যাহ—নিমিত্তানীতি। কেশব। বিপরীতানি প্রতিকূলানি, নিমিত্তানি বামবাহুবামনয়নস্পন্দনাদীনি দুর্লক্ষ্যাণি, পশ্যামি অনুভবামি। অতঃ খল্বন্যেষামস্ত্রান্তরপ্রয়োগাদিনা স্বজনবিনাশোঽবশ্যম্ভাবীত্যাশয়ঃ ॥৩০॥

নন্বাস্তাং স্বজনবিনাশঃ, তথাপি বিজয়ো রাজ্যলাভশ্চ ভবেদিত্যাহ—ন চেতি। আহবে যুদ্ধে, স্বজনম্ আত্মীয়লোকং হত্বা চ, শ্রেয়ো মঙ্গলম্, নানুপশ্যামি ভাবিত্বেন নাবগচ্ছামি, লাভাপেক্ষয়া ক্ষতেরতিরেকাদিতি ভাবঃ। অতএব হে কৃষ্ণ। স্বজনং হত্বা বিজয়ং ন কাঙ্ক্ষে নেচ্ছামি, রাজ্যং সুখানি চ, ন চ নৈব কাঙ্ক্ষে। অতএব চ হে গোবিন্দ। নঃ অস্মাকম্, রাজ্যেন কিম্, ভোগৈঃ কিম্, জীবিতেন জীবনেন বা কিং প্রয়োজনম্, কিমপি নেত্যর্থঃ, সুখাভাবাদিত্যাশয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

আমার শরীরে কম্প ও রোমাঞ্চ আবির্ভূত হইয়াছে, হস্ত হইতে গাণ্ডীবধনু নিপতিত হইতেছে এবং চর্ম্মদাহ উপস্থিত হইয়াছে ॥২৯॥

কৃষ্ণ! আমি আর যেন দাঁড়াইয়া থাকিতে পারিতেছি না এবং আমার মন যেন ঘুরিতেছে আর লক্ষণগুলিও প্রতিকূলই দেখিতেছি ॥৩০॥

তাৎপর্য্য—আত্মীয়স্বজনের বিনাশের আশঙ্কায় আমার যেন মূর্চ্ছা আসিতেছে এবং বহুতর দুর্লক্ষণ দেখিতে থাকায় সর্ব্বনাশ হইবে বলিয়াই মনে হইতেছে ॥৩০॥

কৃষ্ণ! যুদ্ধে আত্মীয় স্বজনকে বধ করিয়া আমি মঙ্গল দেখিতে পাই না; অতএব আমি জয় চাহি না, রাজ্য চাহি না এবং সুখও চাহি না। গোবিন্দ! আত্মীয়স্বজনকে বধ করিয়া আমাদের রাজ্য, ভোগ কিংবা জীবনদ্বারা কি হইবে? ॥৩১॥

তাৎপর্য্য—আত্মীয়স্বজনকে সংহার করিয়া রাজ্যলাভ করিলেও তাহাতে সুখ হইবে না ॥৩১॥

আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ।
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা ॥৩৩॥ (যুগ্মকম্)
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন।।
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিং নু মহীকৃতে ॥৩৪॥

ভারতকৌমুদী

অথ রাজ্যাদিভিঃ সুখানুৎপত্তিরেব কুত ইত্যাহ—যেষামিতি। নঃ অস্মাভিঃ, যেষাম্ অর্থে নিমিত্তে, রাজ্যং ভোগাঃ সুখানি চ এতৎ সর্ব্বম্, কাঙ্ক্ষিতম্ অভিলষিতম্, তে ইমে, আচার্য্যা দ্রোণাদযঃ, পিতরঃ পিতৃপর্য্যাযা ভূরিশ্রবঃপ্রভৃতযঃ, পুত্রাঃ পুত্রপর্য্যাযা লক্ষ্মণাদয়ঃ, তথৈব চ পিতামহাঃ পিতামহপর্য্যাযা ভীষ্মসোমদত্তাদয়ঃ, মাতুলা মাতুলপর্য্যাযাঃ শল্যশকুনিপ্রভৃতয়ঃ, শ্বশুরা দ্রুপদাদযঃ, পৌত্রাঃ পৌত্রপর্য্যাযা অঙ্গনপর্ব্বাদযঃ, শ্যালা ধৃষ্টদ্যুম্নাদযঃ, তথা সম্বন্ধিনো বৈবাহিকবিরাটাদযশ্চ, প্রাণান্ প্রাণাশাম্, ধনানি চ ধনভোগাশাঞ্চ ত্যক্ত্বা, যুদ্ধে অবস্থিতাঃ। স্বজনৈঃ সহ সুখভোগ এব মধুরাযতে, ন পুনরেকাকিন ইতি ভাবঃ। অথবা রাজ্যাদিভির্যাবৎ সুখম্, স্বজননাশেন ততোঽধিকং দুঃখম্। তেন চ অতিরিক্ততিক্তমিশ্রিতস্য মধুরদ্রব্যস্য ভক্ষণে তিক্তস্বাদ ইব, অতিরিক্তদুঃখসংসৃষ্টস্য সুখস্য ভোগে দুঃখানুভব এব সম্পদ্যত ইতি ভাবঃ ॥৩২—৩৩॥

এতানিতি। হে মধুসূদন। মহীকৃতে কেবলপৃথিবীরাজ্যলাভনিমিত্তম্, কিং নু বক্তব্যম্, ত্রৈলোক্যরাজ্যস্য ত্রিভুবনরাজত্বলাভস্য হেতোরপি, ঘ্নতোঽপি অস্মান্ হন্তুং

ভারতভাবদীপঃ

নিমিত্তানি লোকক্ষযকরাণি ভূমিকম্পাদীনি ॥৩০—৩২॥ শ্যালা ইতি শ্যালশব্দো দন্ত্যাদিঃ। বিজামাতুরুতথাস্যালাদিতি মন্ত্রবর্ণাৎ। শ্যাল্লাজানাবপতীতি বা লাজা লাজতেঃ স্যং শূর্পং স্যতেরিতি যাস্কঃ ॥৩৩॥ হন্তুম্ ইচ্ছাঽপি মম ন ভবতি কিমুত হন্তৃত্বমিত্যর্থঃ। মহীকৃতে

আমরা যাঁহাদের জন্য রাজ্য, ভোগ ও সুখ কামনা করি, এই সেই আচার্য্যগণ, পিতৃপর্য্যায, পুত্রপর্য্যায়, পিতামহপর্য্যায়, মাতুলপর্য্যায়, শ্বশুরগণ, পৌত্রপর্য্যায়,, শ্যালকগণ ও অন্যান্য সম্বন্ধিগণ প্রাণ ও ধনের আশা ত্যাগ করিয়া সমরাঙ্গনে রহিয়াছেন ॥৩২—৩৩॥

তাৎপর্য্য—আত্মীযস্বজনকে বিনাশ করিযা রাজ্য লাভ করিলে, যতটুকু সুখ হইবে, তাহা অপেক্ষা দুঃখ হইবে অত্যন্ত অধিক, অতএব অতিরিক্ত তিক্তমিশ্রিত মিষ্টদ্রব্য ভক্ষণ করিলে যেমন তিক্ত স্বাদই পাওয়া যায়, তেমন সে রাজ্যলাভে দুঃখই অনুভূত হইবে ॥৩২—৩৩॥

মধুসূদন। ইহারা যদি আমাদিগকে বধ করিতে প্রবৃত্তও হন, তথাপি আমি কেবল পৃথিবীর রাজ্যের জন্য কেন—সমগ্র ত্রিভুবনের রাজ্যের জন্যও ইহাদিগকে বধ করিতে ইচ্ছা করি না ॥৩৪॥

নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ! ।
পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

প্রবর্ত্তমানানপি, এতানাচার্য্যাদীন্, হন্তুং ন ইচ্ছামি, রাজ্যলাভসুখাপেক্ষয়া এতেষাং হনননিবন্ধনশোকদুঃখস্যাতিরেকাদিতি ভাবঃ ॥৩৪॥

অথ শত্রুবধ এবৈকং সুখমিত্যাহ—নিহত্যেতি। হে জনার্দ্দন! ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ দুর্য্যোধনাদীন্, নিহত্য স্থিতানাম্, নঃ অস্মাকম্, কা নাম প্রীতিরানন্দঃ স্যাৎ, অপি তু কাপি নেত্যর্থঃ, দুর্য্যোধনদুঃশাসনয়োঃ শত্রুত্বেঽপি অন্যেষাং তাদৃশশত্রুত্বাভাবাৎ ভ্রাতৃত্বস্য তু সর্ব্বেষ্বেবাবস্থিতত্বাদিত্যাশয়ঃ। ননু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষডেতে আততায়িনঃ॥" ইতি স্মৃত্যুক্তং ষড্‌বিধমাততায়িত্বমেব যুষ্মাকং ধার্ত্তরাষ্ট্রেষস্তি। অতস্তন্নিহননং যুক্তমেবেত্যাহ—পাপমিতি। আততা বিস্তৃতবধসাধনাঃ সন্ত আযন্তীতি আততায়িনঃ, আততশব্দপূর্ব্বকাৎ আঙ্‌পূর্ব্বকাচ্চ ইণ্‌ধাতোর্ণিন্। তথা চ আততায়িনঃ সতোঽপি এতান্ ধার্ত্তরাষ্ট্রান্, হত্বা স্থিতান্ অস্মান্, পাপমেব কর্ত্তৃ, আশ্রয়েৎ অবলম্বেত, "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুতেরিতি ভাবঃ। অথ "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি স্মৃত্যনুমিতশ্রুতিবিরোধাদুক্তশ্রুতেরাততায়ীতরবিষয়ত্বৈব কল্পনীয়েতি চেন্নৈবম্, স্মৃতিমূলত্বেনানুমিতায়াঃ শ্রুতেরনুবোধেন প্রত্যক্ষশ্রুতেঃ সঙ্কোচকল্পনায়া অন্যায্যত্বাৎ উক্তস্মৃতের্যুক্তিমূলকত্বস্যাপি সুবচত্বাচ্চ। অথবা হন্তুরপেক্ষয়া হন্তব্যাততায়িনো ন্যূনগুণকত্বে সমানগুণকত্বে বা বধবিধিঃ, অধিকগুণকত্বে তু অর্জ্জুনোক্তপাপাশ্রয়ত্বম্, অধিকগুণবধে সর্ব্বত্র পাপাধিক্যদর্শনাৎ। অতএব দারাপহারিত্বেনাততায়িনো রাবণস্য বধে তস্য ব্রাহ্মণপুত্রতয়া অধিকগুণত্বেন পাপোৎপত্তেস্তৎক্ষয়ার্থং রামচন্দ্রস্য অশ্বমেধাচরণম্, শস্ত্রপাণিত্বেনাততায়িনোঽপি ব্রাহ্মণত্বাদিনা অধিকগুণস্য দ্রোণস্য পিতামহত্বব্রহ্মচারিত্বাদিভিরধিকগুণস্য ভীষ্মাদের্বধেন পাপোৎপত্তের্যুধিষ্ঠিরস্যাপি তত্তৎপাপক্ষয়ায়াশ্বমেধাচরণমিতি সাধীয়ান্ সিদ্ধান্তঃ। শ্রীধরস্বামী তু অর্থশাস্ত্রাদ্ধর্ম্মশাস্ত্রস্য বলবত্ত্বেনাততায়িবধেঽপি পাপমেবেত্যাহ। তথাত্বে "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্" ইতি বিধের্নির্বিষয়তাপত্তির্যুক্তিবিরোধশ্চ। নীলকণ্ঠস্তু উক্তশ্রীধরমতমেব প্রাগনুসৃত্য পশ্চাৎ "অস্মান্ হত্বা এতানাততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা" ইতি কল্পান্তরমাহ স্ম। তথাত্বে তু এতদুক্তেরেব নৈরর্থক্যাপত্তিঃ, হিংসামাত্র এব পাপাশ্রয়তায়াঃ সর্ব্ববিদিতত্বাৎ ॥৩৫॥

তাৎপর্য্য—রাজ্যলাভে যতটুকু সুখ হইবে, তদপেক্ষা সহস্রগুণ অধিক দুঃখ হইবে ইহাদিগকে বধ করিলে, সুতরাং ইহাদিগকে বধ করিয়া আমি রাজ্য লাভ করিতে ইচ্ছা করি না ॥৩৪॥

জনার্দ্দন! ধৃতরাষ্ট্রের পুত্রগণকে বধ করিয়া আমাদের কি আনন্দই বা হইবে? বরং এই আততায়িগণকে বধ করিলে আমাদের পাপই হইবে ॥৩৫॥

তাৎপর্য্য—ধৃতরাষ্ট্রের পুত্রগণের মধ্যে কেবল দুর্য্যোধন ও দুঃশাসনই আমাদের

তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব। ॥৩৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ অধিকগুণকাততায়িবধেঽপি পাপসম্ভবাৎ, বয়ম্ বান্ধবৈঃ শকুনি-প্রভৃতিভিঃ সহেতি সবান্ধবাস্তান্ ধার্ত্তরাষ্ট্রান্, হন্তুং নার্হা ন যোগ্যাঃ। ননু পাপসত্ত্বেঽপি শত্রুবধেন সুখসম্ভবাৎ শ্যেনযাগাদাবিব ধার্ত্তরাষ্ট্রবধে প্রবর্ত্তস্বেত্যাহ—স্বজনমিতি। হি যস্মাৎ, হে মাধব। বয়ম্, স্বজনং জ্ঞাতিং হত্বা, কথং সুখিনঃ স্যাম ভবেম, অপি তু কথমপি ন, ধার্ত্তরাষ্ট্রাণাং শত্রুত্বেঽপি জ্ঞাতিত্বেন বধনিবন্ধনসুখাপেক্ষয়া দুঃখাতিরেকস্যৈব সম্ভবাদিত্যাশয়ঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

পৃথিব্যর্থে ॥৩৪॥ আততায়িনঃ—"অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারহরশ্চৈব ষড়েতে আততায়িনঃ॥ আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি। যদ্যপ্যেবং তথাপি এতান্ হত্বা অস্মান্ পাপমেব আশ্রয়েৎ আততায়িবধো হি অর্থশাস্ত্রবিহিতঃ। "ন হিংস্যাৎ সর্ব্বভূতানি" ইতি তু ধর্ম্মশাস্ত্রং তচ্চ পূর্ব্বস্মাৎ প্রবলম্। যথোক্তং যাজ্ঞবল্ক্যেন "স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ॥" ইতি অস্মান্ হত্বা এতান্ আততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা।

নানাপ্রকার অনিষ্ট করিয়া শত্রু বলিয়া গণ্য হইয়াছে, কিন্তু অন্যেরা সেরূপ শত্রু নহে, অথচ উহারা সকলেই আমাদের স্বজন, সুতরাং উহাদিগকে বধ করিলে আমাদের কোন আনন্দই হইবে না। তা'র পর যাহারা অগ্নি, বিষ ও অস্ত্রদ্বারা হত্যা করিবার চেষ্টা করে, কিংবা ধন, ভূমি ও ভার্য্যা হরণ করে, তাহাদিগকে আততায়ী বলে, অতএব ধার্ত্তরাষ্ট্রেরা সর্ব্বপ্রকারেই আমাদের নিকট আততায়ী বটে; সুতরাং আততায়ীকে বধ করায় কোন দোষ হয় না, এ কথা শাস্ত্রেও লিখিত আছে বটে, তবে তাহা নির্গুণ বা সমানগুণ আততায়ীর বধের বেলায়ই বুঝিতে হইবে, কিন্তু অধিকগুণবান্ আততায়ীকে বধ করিলেও পাপই হইবে। তাহার প্রমাণ—রামচন্দ্র, দারাপহারী আততায়ী রাবণকে বধ করিয়া সেই পাপক্ষয়ের জন্য অশ্বমেধযজ্ঞ করিয়াছিলেন। কেন না, রাবণ ছিলেন ব্রাহ্মণের পুত্র, সুতরাং এ ক্ষেত্রেও দ্রোণ, কৃপ, অশ্বত্থামা এবং ভীষ্ম অস্ত্র ধারণ করিয়া আমাদিগকে বধ করিতে আসায় আততায়ী হইয়াছেন বটে, তথাপি দ্রোণপ্রভৃতি ব্রাহ্মণ ও অগ্নিহোত্রী এবং ভীষ্ম—পিতামহ ও ব্রহ্মচারী, অতএব উহাদিগকে বধ করিলে পাপ হইবেই ॥৩৫॥

অতএব কৃষ্ণ! আমরা, বান্ধবগণের সহিত ধার্ত্তরাষ্ট্রগণকে বধ করিতে পারি না। কারণ, আমরা আত্মীয়স্বজনকে বধ করিয়া কি প্রকারে সুখী হইব? ॥৩৬॥

---

(৩৬) ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্—ইতি দাক্ষিণাত্যপুস্তকান্তরে পাঠঃ।

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥৩৭॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ! ॥৩৮॥ (যুগ্মকম্)
কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥৩৯॥

ভারতকৌমুদী

ননু ধার্ত্তরাষ্ট্রাঃ কিং স্বজনবধদুঃখং ন পশ্যন্তি, যদ্যুষ্মাকং বধে প্রবর্ত্তন্ত ইত্যাহ—যদ্যপীতি। হে জনার্দ্দন। লোভেন রাজ্যলিপ্সাকর্ষণেন উপহতানি নাশিতবিবেকানি চেতাংসি যেষাং তে, এতে ধার্ত্তরাষ্ট্রাঃ, যদ্যপি, কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকং ন পশ্যন্তি, তথাপি কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভিরস্মাভিঃ, অস্মাৎ স্বজনবধনিবন্ধনাৎ পাপাৎ নিবর্ত্তিতুম্, কথং ন জ্ঞেয়ং বুদ্ধির্ন কর্ত্তব্যা, অপি ত্ববশ্যমেব জ্ঞেয়মিত্যর্থঃ, পাণ্ডবধার্ত্তরাষ্ট্রয়োর্বিশেষর্বৈষম্যাদিত্যাশয়ঃ ॥৩৭—৩৮॥

ননু কুলক্ষয়ে কো দোষ ইত্যপেক্ষায়াং ক্রমেণ মহান্তমনর্থমাহ পঞ্চভিঃ। কুলেতি। কুলক্ষয়ে যুদ্ধাদিনা কুলগতোপদেশকযুববৃদ্ধনাশে সতি, সনাতনাঃ পরম্পরাগতাঃ, কুলধর্ম্মাঃ

ভারতভাবদীপঃ

যিনি নিজেই নিজের মনকে জয় করিতে পারিযাছেন, তাঁহার নিজের মনই নিজের বন্ধু, আর যিনি নিজের মনকে জয় করিতে পারেন নাই, তাঁহার মনই শত্রুর তুল্য অপকার করিতে প্রবৃত্ত থাকে ॥৬॥

তাৎপর্য্য—মনকে জয় করিতে পারিলে, সেই মনই মানুষকে সৎপথে চালিত করে; আর মনকে জয় করিতে না পারিলে সেই মনই মানুষকে অসৎপথে চালিত করিয়া থাকে, অতএব বশীকৃত মনই মানুষের বন্ধু এবং উচ্ছৃঙ্খল মনই মানুষের শত্রু ॥৬॥

যিনি মনকে বশীভূত করিতে পারিয়াছেন, যাঁহার রাগ ও দ্বেষ নাই এবং যিনি শীত-গ্রীষ্ম, সুখ-দুঃখ ও মান-অপমানে সমান থাকেন, কেবল তাঁহার মনই সমাধি লাভ করিতে পারে ॥৭॥

তাৎপর্য্য—বিক্ষেপক থাকিলে মন একাগ্রতা লাভ করিতে পারে না, সুতরাং সেই বিক্ষেপক দূর করিতে হইলে প্রথম মনকে বশীভূত করিতে হইবে, মন বশীভূত হইলেই তাহাতে আর রাগদ্বেষাদি আসিতে পারে না এবং শীতগ্রীষ্মপ্রভৃতি দ্বন্দ্বসহিষ্ণুতা উপস্থিত হয়, তখন সেই মনে ঈশ্বরের প্রতি একাগ্রতা জন্মে ॥৭॥

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চেলাজিনকুশোত্তরম্ ॥১১॥
তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্‌যোগমাত্মবিশুদ্ধয়ে ॥১২॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

ইদানীং পঞ্চমাধ্যাযশেষপ্রস্তুতং ধ্যানযোগং বিবৃণোতি "স যোগী পরমো মতঃ" ইত্যন্তেন। যোগীতি। যোগী ধ্যানযোগী, রহসি নির্জনে স্থিতঃ, একাকী সহায়রহিতঃ, যতৌ সংযতৌ চিত্তাত্মানৌ মনোদেহৌ যেন সঃ, নিরাশীঃ নিষ্কামঃ, অপরিগ্রহঃ কন্থাকম্বলাদ্যতিরিক্তোপকরণ-শূন্যশ্চ সন্, আত্মানং মনঃ, সততং যুঞ্জীত পরমাত্মনি নিদধ্যাৎ ॥১০॥

ধ্যানপরিপাটীমাহ যুগ্মকেন শুচাবিতি। অধিকৃতো যোগী, শুচৌ পবিত্রে দেশে, নাত্যুচ্ছ্রিতং নাত্যুচ্চম্, নাতিনীচম্, চেলাজিনে কুশেভ্য উত্তরে যস্য তৎ আদৌ কুশাস্তদুপরি মৃগাদিচর্ম্ম তদুপরি চ বস্ত্রমিত্যেবংক্রমেণেত্যর্থঃ, স্থিরমচলম্, আত্মন আসনম্, প্রতিষ্ঠাপ্য পাতয়িত্বা, তত্র আসনে উপবিশ্য, মন একাগ্রং ব্রহ্মৈকতানং কৃত্বা, যতা নিরুদ্ধাশ্চিত্তস্য ইন্দ্রিয়াণাঞ্চ ক্রিয়া বিষয়ান্তরবৃত্তয়ো যেন তাদৃশঃ সন্, আত্মনো মনসঃ বিশুদ্ধয়ে বিক্ষেপ-শূন্যতয়া ব্রহ্মদর্শনায, যোগং ধ্যানযোগম্, যুঞ্জ্যাদভ্যস্যেৎ ॥১১—১২॥

ভাবতভাবদীপঃ

যোগীতি। যোগী যোগাভ্যাসপরো রহসি একান্তে স্থিতঃ সন্ আত্মানং বুদ্ধিং যুঞ্জীত সমাদধ্যাৎ সততমিতি নৈরন্তর্য্যমুক্তম্। নিরাশীর্যোগসিদ্ধেরন্যদপ্রার্থযানস্তদেকনিষ্ঠ ইতি যাবত্তেন সৎকার উক্তঃ। একাকী অসহায়ঃ সন্ন্যাসীত্যর্থঃ। যতৌ স্থিরীকৃতৌ চিত্তং মন আত্মা সেন্দ্রিয়ং শরীরং যেন স যতচিত্তাত্মা। তথা অপরিগ্রহঃ একাকিত্বেঽপি কন্থাপুস্তকাদি-বহুপরিগ্রহশূন্যঃ ॥১০॥ যোগং যুঞ্জীতেত্যুক্তং তৎকথমিত্যাকাঙ্ক্ষাযাং তাদাত্ম্যাসনাদীন্যাহ— শুচৌ দেশে ইত্যাদিনা। শুচৌ স্বভাবতঃ সংস্কারতো বা পুণ্যে দেশে স্থানে প্রতিষ্ঠাপ্য সুস্থিতং কৃত্বা স্থিরং নিশ্চলম্ আস্তেঽস্মিন্নিত্যাসনং স্থণ্ডিলং নিশ্চলমিত্যনেন মৃন্ময়মেবস্থণ্ডিলং ন তু কাষ্ঠময়ং পীঠম্ আসনমিতি পরাসনব্যাবৃত্ত্যর্থং নাত্যুচ্ছ্রিতং নাত্যুচ্চং নাতিনীচং চৈলাজিনকুশা উত্তরে উপর্য্যুপরি যস্য তচ্চেলাজিনকুশোত্তরম্ অজিনাদুপরি চৈলং কুশেভ্য

যোগী মন ও দেহকে সংযত রাখিয়া, সমস্ত কামনা পরিত্যাগ করিয়া কন্থা ও কম্বল ভিন্ন অন্য উপকরণ না রাখিয়া, নির্জনে একাকী থাকিয়া, সর্ব্বদাই চিত্তকে পরব্রহ্মে সমাহিত করিবেন ॥১০॥

তাৎপর্য্য—নিকটে অন্য লোক থাকিলে, কোন বিষয়ের কামনা করিলে, কিংবা বহু আসবাব রাখিলে, চিত্তবিক্ষেপ হইবেই হইবে, এই জন্যই এইরূপ উপদেশ করিলেন ॥১০॥

যোগী কোন পবিত্র স্থানে আপনার আসন স্থাপন করিবেন। সে আসন অধিক উঁচুও হইবে না এবং অধিক নীচুও হইবে না। তাহাতে প্রথমে কুশ, তাহার উপরে হরিণপ্রভৃতির চর্ম্ম এবং তাহার উপরে বস্ত্র পাতিতে হইবে।

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্ ॥১৩॥
প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উক্তোপবেশনপ্রকারমাহ যুগ্মকেন। সমমিতি। যুক্তঃ প্রক্রান্তো ধ্যানযোগী, সমং সরলম্, অচলং নিষ্কম্পম্, কায উপবিশ্য আসীতেত্যভিধানাৎ মূলাধারাবধিবাহুমূলপর্য্যন্তো দেহমধ্যভাগঃ শিরো গ্রীবা চ তৎ ধারয়ন্, স্থিরো ব্রহ্মসাক্ষাৎকারে স্থিরপ্রযত্নঃ, স্বং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্য, দিশশ্চ অনবলোকয়ন্, চিত্তবিক্ষেপভয়াদিতি ভাবঃ, প্রশান্তো রাগদ্বেষাদিবর্জ্জিত আত্মা মনো যস্য সঃ, বিগতা ভীঃ কর্ম্মত্যাগনিবন্ধনং ভয়ং যস্য সঃ, ব্রহ্মচারিব্রতে অষ্টবিধমৈথুন-ত্যাগ গুরুশুশ্রূষা-ভিক্ষাটনাদিনিয়মে স্থিতঃ, মনঃ সংযম্য বিষয়ান্তরান্নিরুধ্য, ময়ি পরমাত্মন্যেব চিত্তং যস্য সঃ, অহমেব পরঃ প্রধান আরাধ্যঃ প্রিয়ো বা যস্য স তাদৃশশ্চ সন্, আসীত সম্প্রজ্ঞাতসমাধিমান্ সন্ উপবিশেৎ। তদ্বিশেষস্তু পাতঞ্জলযোগশাস্ত্রে দ্রষ্টব্যঃ ॥১৩—১৪॥

ভারতভাবদীপঃ

উপরি অজিনং স্থণ্ডিলস্থোপরি কুশা ইত্যর্থঃ ॥২১॥ প্রতিষ্ঠাপ্য কিং কুর্য্যাদিতি তত্রাহ—তত্রেতি। তত্রাসনে পদ্মস্বস্তিকাদ্যন্যতমেনাসনেনোপবিশ্য। যতাঃ নিগৃহীতাশ্চিত্তস্য ক্রিয়া বিষয়াণাং স্মরণানি ইন্দ্রিয়ক্রিয়াস্তেষাং গ্রহণং যেনাসৌ যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ। অতএব মনো বাহ্যাভ্যন্তরবিষয়ানুপরক্ততয়া একং ধ্যেয়মেব প্রত্যক্তত্ত্বমগ্রে যস্য স্ফুরতি নান্যৎ তদেকাগ্রং বৃত্ত্যন্তরানন্তরিতব্রহ্মৈকাকারবৃত্তিপ্রবাহি কৃত্বা আত্মবিশুদ্ধয়ে চিত্তশুদ্ধ্যর্থং যোগং বৃত্তিপ্রবাহস্যাপি নিরোধং যুঞ্জ্যাদনুতিষ্ঠেচ্চিত্তস্য স্থৈর্য্যতাপাদনেন ॥১২॥ আসন উপবিশ্যেত্যুক্তং তৎকথমিত্যত আহ—সমমিতি। কায়ঃ শরীরমধ্যং শিরো গ্রীবা চ কায়শিরোগ্রীবং সমং মূলাধারমারভ্য মূর্দ্ধান্তম্ অবক্রম্ অচলং নিষ্কম্পং ধারয়ন্ স্থিরো ভূত্বা সম্প্রেক্ষ্য নাসিকাগ্রং স্বমিতি নাসিকাগ্রা-বেক্ষণং ন বিধীয়তে কিন্তু নিমীলনে লয়ভয়মুন্মীলনে বিক্ষেপভয়মতো দিশোঽপি স্ত্র্যাদিবিক্ষেপকবিষয়দর্শনভয়াদনবলোকয়ন্নর্দ্ধোন্মীলিতনেত্র আসীতেতি উত্তরেণান্বয়ঃ ॥১৩॥

যোগী এইরূপ আসনে উপবেশনপূর্ব্বক মন ও অন্যান্য ইন্দ্রিয়ের ক্রিয়া নিরুদ্ধ করিয়া একাগ্রচিত্ত হইয়া ব্রহ্মসাক্ষাৎকারের জন্য ধ্যানযোগ অভ্যাস করিবেন ॥১১—১২॥

তাৎপর্য্য—চিত্তবিক্ষেপনিবৃত্তির জন্যই পবিত্র স্থানপ্রভৃতির প্রয়োজন ॥১১—১২॥

যোগী ব্রহ্মসাক্ষাৎকারে স্থিরপ্রতিজ্ঞ হইয়া, মেরুদণ্ড, মস্তক ও গ্রীবাটাকে সরল ও নিশ্চল রাখিয়া, স্বকীয় নাসিকাগ্র দর্শন করিতে থাকিয়া, কোন দিকে দৃষ্টিপাত না করিয়া, রাগদ্বেষাদিশূন্যচিত্ত ও নির্ভয় হইয়া, ব্রহ্মচারীর নিয়মে থাকিয়া, মনকে সংযত রাখিয়া, মদ্‌গতচিত্ত হইয়া এবং আমাকেই আরাধ্য ভাবিয়া সেই আসনে উপবেশন করিয়া থাকিবেন ॥১৩—১৪॥

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ।
শান্তিং নির্ব্বাণপরমাং মৎসংস্থামধিগচ্ছতি ॥১৫॥

ভারতকৌমুদী

নম্বীদৃশং ধ্যানং কুত ইত্যাহ—যুঞ্জন্নিতি। নিয়তং বিষয়ান্তরান্নিরুদ্ধং মানসং মনো যেন স তাদৃশঃ, যোগী ধ্যানযোগী, সদা, এবমিত্থম্, আত্মানং মনঃ যুঞ্জন্ পরমাত্মনি সমাহিতং কুর্ব্বন্ সন্, নির্ব্বাণমেব পরমং চরমফলং যস্যাস্তাম্, মৎসংস্থাং ময়ি পরমাত্মন্যবস্থিতিরূপাম্, শান্তিং নির্বৃতিম্, অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥১৫॥

ভারতভাবদীপঃ

এবমাসনে উপবিষ্টেন যৎকর্ত্তব্যং তদাহ—প্রশান্তাত্মেতি। যোগযুক্তো যোগী ব্রহ্মচারিব্রতে ভৈক্ষচর্য্যায়াং স্থিতঃ সন্ন্যাসীত্যর্থঃ। মচ্চিত্তো ময়ি পরমে চিত্তং যস্য স এবম্ভূতো মষ্যেব মনঃ সংযম্য মৎপর আসীত স প্রশান্তাত্মা ভূত্বা বিগতভীর্ভবতীতি যোজনা। ভবতি হি কশ্চিদাত্মনোঽন্যমীশ্বরং মত্বা তচ্চিত্তস্তমেবারাধ্যত্বেনাভিগতস্তত্রৈব চ মনসঃ সংযমং করোতি ন তু স তৎপরস্তমেব পরমপুরুষার্থতয়া প্রাপ্যত্বেন মন্যতে কিন্তু তৎপ্রীত্যান্যদেব ফলং কাময়তে। অয়ন্তু মচ্চিত্তো মষ্যেব মনঃ সংযম্য মৎপরো মামেব সর্ব্বান্তরং প্রত্যগদ্বয়ং কাময়ত ইতি। যতো মৎপরোঽতএব প্রশান্তাত্মা প্রকর্ষেণ বাহ্যাভ্যন্তরবিষয়ত্যাগেন সমাধিসুখাস্বাদত্যাগেন চ শান্ত উপরতঃ আত্মা চিত্তং যস্য সোঽস্মিতামাত্রাবশেষো বিগতভীর্ভবতি। ইয়মেবাবস্থা সত্ত্বপুরুষান্যতাখ্যাতিরিতি ব্রহ্মসাক্ষাৎকার ইতি চ বিকল্প্যতে। সর্ব্বথা তস্যাং সিদ্ধায়াং পুরুষঃ পরমপুরুষার্থভাগ্ ভবতি ॥১৪॥ অস্যাঃ ফলমাহ—যুঞ্জন্নিতি। এবমনেন প্রকারেণ সদা নিরন্তরং দীর্ঘকালং চাত্মানং মনো যুঞ্জন্ সমাদধানো যোগী নিয়তং খ্যাতিফলাদপি নিগৃহীতং মানসং যেন স নিয়তমানসঃ শান্তিং পরমবৈরাগ্যবলাৎ খ্যাতিমপি নিরুধ্য নির্ব্বিকল্পং পদং নির্ব্বাণং মোক্ষস্তদেব পরমা নিষ্ঠা যস্যাঃ শান্তেস্তাং মৎসংস্থাং মষ্যেব সংস্থা একীভাবেনাবস্থানং সমাপ্তির্বা যস্যাস্তামধিগচ্ছতি প্রাপ্নোতি। খ্যাতিফলঞ্চ সূত্রকৃতা দর্শিতং প্রসংখ্যানেঽপ্য-

তাৎপর্য্য—মেরুদণ্ড, মস্তক ও গ্রীবা বক্র বা চঞ্চল হইলে দীর্ঘকাল বসিয়া থাকিতে পারা যায় না; নাসিকাগ্র দর্শন না করিয়া নানাদিকে দৃষ্টিপাত করিতে থাকিলে চিত্তবিক্ষেপ উপস্থিত হয়, চিত্তে রাগ, দ্বেষ বা ভয় জন্মিতে থাকিলে একাগ্রতা জন্মে না, ব্রহ্মচারীর নিয়মে না থাকিলে চিত্তবিক্ষেপ অনিবার্য্য হয় এবং মন নানাদিকে ছুটাছুটি করিতে থাকিলে ধ্যানই হইতে পারে না, এই সকল কারণে উক্তরূপ উপদেশ করা হইয়াছে। ঈশ্বর বলিয়া নিজের উপরে অর্জ্জুনের দৃঢ় বিশ্বাস হইবে বলিয়াই কৃষ্ণ 'মচ্চিত্তঃ' এবং 'মৎপরঃ' এইরূপ বলিলেন ॥১৩—১৪॥

যোগী মনকে অন্য বিষয় হইতে নিবৃত্ত রাখিয়া এবং সর্ব্বদা সেই মনকে আমাতে সমাহিত করিয়া আমাতে অবস্থানরূপ পরম নির্ব্বাণমুক্তি লাভ করেন ॥১৫॥

তাৎপর্য্য—এইরূপ ধ্যান করিতে করিতে যোগীর জীবাত্মা দেহ ত্যাগ করিয়া পরমাত্মাতে যাইয়া লয় পায়, ধ্যানের মহিমাই এইরূপ ॥১৫॥

নাত্যশ্নতস্তু যোগোঽস্তি ন চৈকান্তমনশ্নতঃ।
ন চাতিস্বপ্নশীলস্য জাগ্রতো নৈব চার্জ্জুন। ॥১৬॥
যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্ম্মসু।
যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা ॥১৭॥

ভারতকৌমুদী

ইদানীং যোগিনো ভোজননিয়মমাহ—নেতি। হে অর্জ্জুন! অত্যশ্নতঃ অধিকং ভুঞ্জানস্য জনস্য তু, যোগো ধ্যানম্, নাস্তি ন সম্ভবতি, অজীর্ণতারোগোৎপত্তেঃ। একান্তমনশ্নত অত্যল্পং ভুঞ্জানস্য উপবাসং কুর্ব্বাণস্য চ যোগো নাস্তি, দৌর্ব্বল্যদোষাৎ। অতিস্বপ্নশীলস্য অত্যন্তনিদ্রান্বিতস্য যোগো নাস্তি, আলস্যাগমাৎ। অতিজাগ্রতঃ সর্ব্বথা নিদ্রাহীনস্য চ যোগো নাস্তি, তস্যৈব প্রতিবন্ধাৎ ॥১৬॥

তর্হি কস্য যোগো ভবতীত্যাহ—যুক্তেতি। যুক্তৌ উপযুক্তপরিমাণৌ নির্দ্দিষ্টকালৌ চ আহারবিহারৌ ভোজনগমনে যস্য তস্য। "পূরয়েদশনেনার্দ্ধং তৃতীয়মুদকেন তু। বায়োঃ সঞ্চারণার্থন্তু চতুর্থমবশেষয়েৎ ॥" ইত্যাহারপরিমাণম্, "যোজনান্ন পরং গচ্ছেৎ" ইতি চ গমনপরিমাণম্। কর্ম্মসু স্নানাদিষু, যুক্তচেষ্টস্য উপযুক্তব্যাপারস্য নির্দ্দিষ্টকালস্য চ। যুক্তৌ উপযুক্তৌ নির্দ্দিষ্টকালৌ চ স্বপ্নাববোধৌ নিদ্রাজাগরণে যস্য তস্য চ, দুঃখহা সংসারদুঃখনাশকো যোগো ভবতি সিধ্যতি ॥১৭॥

ভারতভাবদীপঃ

কুসীদস্য সর্ব্বথা বিবেকখ্যাতের্ধর্ম্মমেঘঃ সমাধিরিতি তৎপরং পুরুষখ্যাতের্গুণবৈতৃষ্ণ্যমিতি সত্ত্বপুরুষান্যতাখ্যাতিমাত্রাৎ সর্ব্বজ্ঞাতৃত্বং সর্ব্বভাবাধিষ্ঠাতৃত্বঞ্চেতি সূত্রত্রয়েণ প্রসংখ্যানে ধ্যানে অকুসীদস্য বণিজ ইব ফলানিচ্ছোঃ সর্ব্বথা বিবেকখ্যাতিরেব ভবতি তস্যাশ্চ ফলং ধর্ম্মমেঘঃ সমাধিঃ স চ প্রাগেব ব্যাখ্যাতঃ। তদ্বৈরাগ্যং পরসঙ্গং পুরুষখ্যাতেঃ ফলম্। তস্য লক্ষণং গুণেষু দিব্যাদিব্যবিষয়েষু বৈতৃষ্ণ্যম্। এতস্যৈব হি নান্তরীয়কং ফলং কৈবল্যমিতি যোগা বদন্তি। তৃতীয়সূত্রোক্তং ফলং সার্ব্বজ্ঞ্যাদিকং ত্বভিপ্রেত্য শ্রূয়তে। কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানঃ সর্ব্বস্যাধিপতিরিত্যাদিকম্ ॥১৫॥ এবং যোগাভ্যাসনিষ্ঠস্যাহারাদিনিয়মমাহ—দ্বাভ্যাং নাত্যশ্নত ইতি। একান্তমতিশয়েন জাগ্রত ইত্যত্রাপ্যতিশব্দো যোজ্যঃ ॥১॥ যুক্তাঃ পরিমিতা আহারাদয়ো যস্য স তথা ॥১৭॥ নির্ব্বাণ-

---

অর্জ্জুন! যে লোক অধিক ভোজন করে, যে লোক অল্প বা একেবারেই ভোজন করে না, কিংবা যে লোক অধিক নিদ্রা যায় বা যে লোক অধিক জাগরণ করে, তাহাদের যোগ হইতে পারে না ॥১৬॥

তাৎপর্য্য—যে কোন কার্য্য সাধন করিতে হইলেই শরীর সুস্থ রাখা আবশ্যক, সুতরাং যোগসাধনের জন্য অধিক ভোজনপ্রভৃতি করিবেন না। কেন না, তাহাতে শরীর অসুস্থ হইতে পারে ॥১৬॥

যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিঃস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা ॥১৮॥
যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্য যুঞ্জতো যোগমাত্মনঃ ॥১৯॥

ভাবতকৌমুদী

এতাবতা সম্প্রজ্ঞাতসমাধিমভিধায়েদানীমসম্প্রজ্ঞাতসমাধিমভিধত্তে যদেতি। বিনিযতং বিষয়ান্তরাদ্বিশেষেণ নিবর্ত্তিতং যোগিনশ্চিত্তম্, যদা, আত্মন্যেব ব্রহ্মণ্যেব নিশ্চলমবতিষ্ঠতে, যদা চাসৌ যোগী সর্ব্বকামেভ্য ঐহিকপারলৌকিকভোগ্যেভ্যো নিঃস্পৃহো ভবতি, তদা সঃ, যুক্তঃ অসম্প্রজ্ঞাতসমাধিমান্ ইত্যুচ্যতে ॥১৮॥

যোগিচিত্তস্য সাদৃশ্যং দর্শয়তি যথেতি। নিবাতে বায়ুশূন্যে দেশে তিষ্ঠতীতি স তাদৃশো দীপো যথা, ন ইঙ্গতে ন কম্পতে, সা, আত্মনঃ পরমাত্মসম্বন্ধিনম্, যোগং ধ্যানম্, যুঞ্জতঃ কুর্ব্বতঃ, যোগিনো ধ্যানিনঃ, যতম্ আত্মন্যেব নিবদ্ধং যচ্চিত্তং তস্য, উপমা স্মৃতা, ধ্যানিচিত্তং নিবাতস্থদীপ ইব স্থিরং তিষ্ঠতীত্যর্থঃ ॥১৯॥

ভাবতভাবদীপঃ

পরমাং শান্তিং প্রাপ্তস্য লক্ষণান্যাহ যদেত্যাদিভিঃ ষড়্ভিঃ। বিনিযতং বিশেষেণ একাগ্রতাভূমেরপি নিরুদ্ধমাত্মনি প্রত্যগাত্মন্যেবাবতিষ্ঠতে ন স্বস্মিতাদিরূপেণ উদ্রিচ্যতে তদা যোগী সর্ব্বেভ্যো জাগ্রৎস্বপ্নসবীজসমাধিষূপস্থিতেভ্যঃ। ল্যব্‌লোপে পঞ্চমী। সার্ব্বাত্ম্যপ্রাপ্ত্যৈব তান্ প্রাপ্য তেষু নিঃস্পৃহো ভবতি তদা যুক্তো নির্ব্বিকল্পক ইত্যুচ্যতে ॥১৮॥ এবাগ্রতাবস্থায়াং যোগিচিত্তস্যোপমামাহ—যথেতি। নেঙ্গতে ন চলতি তদ্বৎ যতঞ্চ তচ্চিত্তঞ্চ যতচিত্তং তস্য একাগ্রতাং প্রাপ্তং চিত্তং নিবাতপ্রদীপবন্ন চলতীত্যর্থঃ। আত্মনো যোগং সমাধিং যুঞ্জতোঽনুতিষ্ঠতঃ

যিনি নির্দ্দিষ্ট সময়ে উপযুক্ত পরিমাণে ভোজন ও গমন করেন, নির্দ্দিষ্ট সময়ে উপযুক্ত পরিমাণে স্নানাদি কার্য্য করিয়া থাকেন এবং যথাসময়ে উপযুক্ত পরিমাণে নিদ্রা যান ও জাগরণ করেন, তাঁহারই দুঃখনাশক যোগ হইয়া থাকে ॥১৭॥

তাৎপর্য্য—ঐরূপ লোকের সর্ব্বদাই শরীর সুস্থ থাকে বলিয়া যোগাভ্যাস সম্ভব হয় ॥১৭॥

যোগীর সংযত চিত্ত যখন পরব্রহ্মেই অবস্থান করে এবং তিনি যখন ঐহিক ও পারত্রিক সমস্ত ভোগ্যবস্তুতে স্পৃহাবিহীন হন, তখনই তাঁহাকে [illegible] ধ্যানযোগী বলা হয় ॥১৮॥

তাৎপর্য্য—যোগী যখন ঐহিক পুত্র, কলত্র, ধন ও জনপ্রভৃতি [illegible] কিংবা পরলোকেও স্বর্গ চাহেন না এবং তাঁহার চিত্ত যখন [illegible] পরমাত্মাতেই অবস্থান করে, সেই সময়েই তিনি বাস্তবিক ধ্যানযোগী হন, [illegible]

যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি ॥২০॥
সুখমাত্যন্তিকং যত্তদ্‌বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥২১॥
যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে ॥২২॥

ভারতকৌমুদী

অথ যোগশব্দস্য কো নাম মুখ্যোঽর্থ ইত্যাকাঙ্ক্ষায়াং চতুর্ভিঃ কলাপকেন তমেবাহ যত্রেতি। যোগসেবয়া ধ্যানাভ্যাসেন, নিরুদ্ধং বিষয়ান্তরান্নিবর্ত্তিতম্, যোগিনশ্চিত্তম্, যত্র অবস্থাবিশেষে, উপরমতে উপশাম্যতি, যত্র চ অবস্থাবিশেষে, যোগী, আত্মনা মনসা, আত্মানং ব্রহ্ম পশ্যন্, আত্মন্যেব তুষ্যতি, যত্র চ অবস্থাবিশেষে, অতীন্দ্রিয়ং নয়নাদ্যবিষয়ীভূতম্, বুদ্ধিগ্রাহ্যং বুদ্ধিমাত্রবেদ্যম্, আত্যন্তিকং নিরবচ্ছিন্নম্, যৎ সুখং প্রসিদ্ধমিতি শেষঃ, তৎ সুখম্,

ভাবতভাবদীপঃ

॥১৯॥ যত্রেতি। এবং চিত্তমেকাগ্রীভূতং সৎ যোগসেবয়া নিরুদ্ধং যত্র যস্যামবস্থায়ামুপরমতে বিলীনং ভবতি যত্র বা আত্মনা চিত্তেনাত্মানং নির্ব্বিকল্পং পশ্যন্নাত্মনি তুষ্যতি ন বাহ্যার্থে তুষ্টিং ভজতে ॥২০॥ কিঞ্চ সুখমিতি আত্যন্তিকমনন্তং তৎকেবলং বুদ্ধিগ্রাহ্যং সৌষুপ্তসুখবদ্‌যতোঽতীন্দ্রিয়মিন্দ্রিয়াগোচরং যত্র সুখে স্থিতোঽয়ং ন বেত্তি বেদ্যাভাবান্ন কিঞ্চিদনুভবতি নাপি তত্ত্বতশ্চলতি। বুদ্ধিতাদাত্ম্যাধ্যাসকালে চলতীবেতি ভাতি পরন্তু তত্ত্বতো ন চলতি। তথা চ শ্রুতিঃ—"ধ্যায়তীব লেলায়তীবে"তীবশব্দং প্রযুঞ্জানা ধ্যানাদেবতাত্ত্বিকত্বং দর্শয়তি বুদ্ধৌ ধ্যায়ন্ত্যাং ধ্যায়তীবেতি লেলায়ন্ত্যাং লেলায়তীবেতী শ্রুত্যর্থঃ। যদ্বা তৎ সুখং যত্রায়ং

বায়ুশূন্য-স্থান-স্থিত দীপ যেমন কম্পিত হয় না, সেইরূপ পরমাত্মধ্যাননিষ্ঠ যোগীর চিত্তও বিচলিত হয় না ॥১৯॥

তাৎপর্য্য—বায়ুবিহীন স্থানে যে প্রদীপ থাকে, সে যেমন কম্পিত হয় না, সেইরূপ পরমাত্মনিষ্ঠ যোগীর চিত্তও বিচলিত হয় না, একভাবে পরমাত্মাতেই অবস্থান করে ॥১৯॥

ধ্যানাভ্যাস করিতে থাকিয়া নিরুদ্ধ চিত্ত যে অবস্থায় শান্তি লাভ করে, যে অবস্থায় যোগী চিত্তদ্বারা পরমাত্মদর্শন করিতে থাকিয়া সেই আত্মাতেই সন্তুষ্ট থাকেন; অতীন্দ্রিয় বুদ্ধিমাত্রবেদ্য আত্যন্তিক যে সুখ আছে, তাহা যোগী যে অবস্থায় জানিতে থাকেন, যোগী যে অবস্থায় থাকিয়া তত্ত্বভ্রষ্ট হন না;

তাৎপর্য্য—জগতে ভোগ্য বিষয় অসংখ্য, সেগুলিকে ভোগ করিতে থাকিলে কখনও সুখ, কখনও দুঃখ এবং কখনও অন্যান্য ভাব হইতে থাকে, তাহাতে মন শান্তি লাভ করিতে পারে না, কিন্তু যোগসেবাদ্বারা সে মনকে নিরুদ্ধ করিতে পারিলে, সে ক্রমশঃ শান্তি লাভ করে। তা'র পর, বিষয়সুখ যেমন অল্প, তেমন ক্ষণিক, আর পরমাত্মস্পর্শসুখ যেমন অসীম,

তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্।
স নিশ্চয়েন যোক্তব্যো যোগোঽনির্বিণ্ণচেতসা ॥২৩॥ (কলাপকম্)
সঙ্কল্পপ্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ ॥২৪॥

ভাবতকৌমুদী

বেত্তি যোগী জানাতি, যত্র চাবস্থাবিশেষে, স্থিতঃ অয়ং যোগী, তত্ত্বতঃ ব্রহ্মতঃ, ন চলতি ধ্যানকালে ন ভ্রশ্যতি, যমবস্থাবিশেষং লব্ধ্বা যোগী, ততঃ অধিকমপরং লাভং ন মন্যতে, যস্মিন্নবস্থাবিশেষে, স্থিতো যোগী, গুরুণা মহতাপি, দুঃখেন শীতোষ্ণাদিকষ্টেন, ন বিচাল্যতে ধ্যানান্ন প্রচ্যাব্যতে, দুঃখসংযোগস্য সর্ব্ববিধদুঃখসম্বন্ধস্য বিয়োগঃ অভাবো যস্মিন্ তম্, "অভাববিরহাত্মত্বং বস্তুনঃ প্রতিযোগিতা" ইত্যত্র বিরহশব্দস্যেবাত্র বিয়োগশব্দস্য অভাবার্থকত্বম্। তমবস্থাবিশেষম্, যোগসংজ্ঞিতং যোগাখ্যম্, বিদ্যাৎ জানীযাৎ। অনির্ব্বিণ্ণং বিষয়সুখাপ্রাপ্তাবপি স্বাবমাননাবহিতং চেতো যস্য তেন যোগিনা, স যোগঃ, নিশ্চয়েন, যোক্তব্যো মোক্ষলাভায় অভ্যসনীয়ঃ ॥২০—২৩॥

ভাবতভাবদীপঃ

ন চৈব বেত্তি কিমপি নৈবানুভবতি। যত্রেত্যাদিভিন্নং বাক্যম্ ॥২১॥ দুঃখেন শস্ত্রপাতাদি লক্ষণেন গুরুণা মহতা ॥২২॥ তমিতি। যত্রোপরমতে চিত্তমিত্যাদিনা উক্তলক্ষণং তং দুঃখসংযোগস্যাপ্যান্তঃকরণসম্বন্ধস্য বিয়োগমেব সন্তং বিরুদ্ধলক্ষণয়া যোগসংজ্ঞিতং বিদ্যাৎ যোগফলমুপসংহৃত্য পুনর্নিশ্চয়ানির্ব্বেদয়োঃ সাধনত্ববিধানপূর্ব্বকং তমেব শতকৃত্বোঽপি পথ্যাং বদিতব্যমিতি ন্যায়েন বিধত্তে—স ইত্যাদিনা। স যোগো নিশ্চয়েনাধ্যবসায়েনানির্ব্বিণ্ণং নির্ব্বেদরহিতং চেতো যস্য তেন যোক্তব্যোঽভ্যসনীয়ঃ। যদ্বা শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বা আত্মন্যেবাত্মানং পশ্যেদিতি শ্রুতিবিহিতং শ্রুত্যন্তবদৃষ্টং শ্রদ্ধাবিত্তপদোপেতং শমাদিষট্কমত্র ক্রমতো বিধীয়তে। তত্র নিশ্চয়েনেতি গুরুবেদবাক্যাদৌ কলাবশ্যম্ভাবনিশ্চয়-লক্ষণা শ্রদ্ধাঽত্র নিশ্চয়পদেন গৃহ্যতে। তথা নির্ব্বিণ্ণচেতসেতি বৈরাগ্যেণ দ্বন্দ্বসহিষ্ণুত্বলক্ষণা তিতিক্ষা বিধীয়তে ইতি জ্ঞেয়ম্ ॥২৩॥ অথ শমদমোপরমসমাধানানি ক্রমেণ শ্লোকদ্বয়েন

যোগী যে অবস্থা লাভ করিয়া তাহা অপেক্ষা আর কোন লাভকে অধিক মনে করেন না এবং যে অবস্থায় থাকিয়া যোগী গুরুতর কষ্টেও বিচলিত হন না, দুঃখসম্বন্ধশূন্য সেই অবস্থাবিশেষের নামই 'যোগ' ইহা জানিবে। যোগী উৎফুল্ল-চিত্তে মোক্ষলাভের জন্য নিশ্চিতরূপে সেই যোগ অভ্যাস করিবেন ॥২০—২৩॥

তেমনি চিরস্থায়ী; সুতরাং সেই পরমাত্মস্পর্শসুখ একবার পাইলে, মন তাহাতেই ডুবিয়া থাকে, আর উঠিয়া আসে না, কিংবা তাহা অপেক্ষা অধিক লাভ কিছু আছে বলিয়া ধারণা করে না, অথবা বাহিরের শীত-গ্রীষ্মে বিচলিত হয় না, অতএব স্থায়ী নিরবচ্ছিন্ন মহাসুখ লাভ করিতে হইলে যোগী—'এ জন্মে না হউক, পরজন্মে অবশ্যই হইবে' এইরূপ নিশ্চয় করিয়া যোগভ্যাসে প্রবৃত্ত হইবেন ॥২০—২৩॥

শনৈঃ শনৈরুপরমেদ্‌বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥২৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

ধ্যানস্যাপি পরিপাটীমাহ যুগ্মকেন। সঙ্কল্পেতি। এবং করোতি তৎ কথমহং ন করোমীত্যেবং মানসী বৃত্তিরত্র সঙ্কল্পস্তস্মাৎ প্রভবন্তীতি তান্, সর্ব্বান্ কামান্ বিষয়ভোগাভিলাষান্, অশেষত এব ত্যক্ত্বা তৈজসপাত্রাত্তৈলে ত্যক্তে তৎপাত্রস্থং তৈললেপং যথা বস্ত্রাদিনা প্রোঞ্ছ্য শেষমপি ন রক্ষতি তথা শেষভূতং কামসংস্কারমপি ন রক্ষিষ্যেত্যর্থঃ, মনসৈব সমন্ততঃ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ, ইন্দ্রিয়াণাং গ্রামং সমূহম্, বিনিয়ম্য বিশেষেণ নিবর্ত্ত্য, মনঃ, আত্মসংস্থং পরমাত্মনি সম্যক্ স্থিতং নিশ্চলং কৃত্বা, ইদানীং ন সিধ্যতি জন্মান্তরে তু সেৎস্যত্যেবেত্থং ধারণা ধৃতিস্তয়া গৃহীতয়া যুক্তয়া বুদ্ধ্যা, শনৈঃ শনৈর্মন্দং মন্দম্, উপরমেৎ বিষয়েভ্যো নিবর্ত্তেত, মনসা চ কিঞ্চিদপি ন চিন্তয়েৎ ॥২৪—২৫॥

ভাবতভাবদীপঃ

বিধত্তে—সঙ্কল্পেতি। সঙ্কল্প ইদং মে ভূয়াদিতি চেতোবৃত্তিস্তত উদ্ভবো যেষাং তান্ কামান্ কাম্যমানান্ বিষয়ানশেষতো বাসনোচ্ছেদপূর্ব্বকং সংকল্পনিরোধেন ত্যক্ত্বা। এতেনান্তরিন্দ্রিয়নিগ্রহলক্ষণঃ শম উক্তঃ। বাহ্যেন্দ্রিয়নিগ্রহলক্ষণং দমমাহ—মনসৈবেতি। বিষয়দোষদর্শিনা মনসৈব সর্ব্বতঃ সর্ব্বপ্রকারেণ শ্রোত্রাদিকমিন্দ্রিয়গ্রামং সমন্ততঃ সর্ব্বেভ্যো বিষয়েভ্যো বিনিয়ম্য উপরমেদিত্যুত্তরেণান্বয়ঃ ।২৪। শনৈঃ শনৈরিতি ভূমিকাজয়ক্রমেণ দিব্যাদিব্যবিষয়েভ্য উপরমেৎ ব্যাবৃত্তো ভবেৎ কথং ধৃতিগৃহীতয়া বুদ্ধ্যেতি ধৃতিঃ "ধৃত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ। যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী" ত্যুক্তলক্ষণা তয়া গৃহীতয়া বশীকৃতয়া বুদ্ধ্যা উপরমেৎ। তথা এবমুপরতং মনঃ আত্মনি স্বরূপে সংস্থং স্থিতির্বস্তু ন তু দৃশ্যে দ্রষ্টরি বা তত্থা আত্মৈকাকারমেকাগ্রমিত্যর্থঃ। দ্রষ্টৃদৃশ্যোপরক্তং চিত্তং সর্ব্বার্থং সর্ব্বার্থতৈকার্থতয়োঃ ক্ষয়োদয়ৌ চিত্তস্যৈকাগ্রতাপরিণাম ইতি সূত্রিতমেকাগ্রং প্রাপয়েৎ। সূত্রার্থস্তু অহমিদং পশ্যামীত্যনুভবে হি দ্রষ্টা দৃশ্যং দর্শনঞ্চ ভাসতে। তত্র দর্শনভানমপ্রত্যাখ্যেয়মতো দ্রষ্টরি দৃশ্যে

যোগী, সঙ্কল্পজাত সমস্ত কামনা সর্ব্বপ্রকারে ত্যাগ করিয়া, মনদ্বারাই সকল দিক্ হইতে ইন্দ্রিয়সমূহকে নিবৃত্ত রাখিয়া, সে মনটীকে পরমাত্মার উপরে দৃঢ়রূপে স্থাপিত করিয়া, ধৈর্য্যসম্পন্ন বুদ্ধিদ্বারা সমস্ত বিষয় হইতে ধীরে ধীরে নিবৃত্তি পাইবেন, তখন মনে মনেও কোন বিষয়ের চিন্তা করিবেন না ॥২৪—২৫॥

তাৎপর্য্য—তৈজসপাত্র হইতে তেল ঢালিয়া ফেলিলেও তাহাতে সে তেলের লেপ থাকিয়া যায়, তখন যেমন কাপড দিয়া সে লেপও মুছিয়া ফেলান হয়; তেমন সকল কামনা ত্যাগ করিলেও মনে সে কামনার সংস্কার থাকিয়া যায় বলিয়া যোগী সে কামনার সংস্কারও ত্যাগ করিবেন। তা'র পর, 'আমি যোগ করিলাম, ধ্যান করিলাম, কই মুক্তি ত হইল না বা মহাসুখ ত পাইলাম না' এইরূপ ব্যস্ত হইলে চলিবে না, 'এ জন্মে না হউক, পরজন্মে হইবে' এইরূপে ধৈর্য্য ধারণ করিতে হইবে এবং মনদ্বারাই ইন্দ্রিয়গুলিকে সকল দিক হইতে নিবর্ত্তিত-

যতো যতো নিশ্চলতি মনশ্চঞ্চলমস্থিবম্।
ততস্ততো নিযম্যৈতদাত্মন্যেব বশং নযেৎ ॥২৬॥
প্রশান্তমনসং হ্যেনং যোগিনং সুখমুত্তমম্।
উপৈতি শান্তবজসং ব্রহ্মভূতমকল্মষম্ ॥২৭॥

ভাবতকৌমুদী

নন্থ চঞ্চলত্বান্মনস আত্মসংস্থত্বকবণমসম্ভবমেবেত্যাহ—যত ইতি। স্বভাবত এব চঞ্চলম্, ধাধ্যমাণমপ্যস্থিরঞ্চ মনঃ, যতো যতো যস্মিন্ যস্মিন্ বিষযে, নিশ্চলতি নির্গচ্ছতি, ততস্তত এব বিষয়াৎ, নিয়ম্য প্রত্যাহৃত্য, এতন্মনঃ, আত্মন্যেব ধ্যেয়ে ব্রহ্মণ্যেব, বশং নয়েৎ বলেন স্থাপয়েৎ, দুষ্টং গামিব গোষ্ঠে ॥২৬॥

ভাবতভাবদীপঃ

চোপরক্তং চিত্তং সর্ব্বার্থমিতি। ন তু দর্শনোপবক্ততাঽপি সর্ব্বার্থতায়াং গণিতা তদভাবে চিত্তস্থ নাশাপত্তেঃ দ্রষ্টৃদৃশ্যোপবাগাভাবে তু একার্থং তদুচ্যতে। যথা স্বপ্নে তত্র হি দৃশ্যং নাস্তীতি পামরাণামপি প্রসিদ্ধম্। দ্রষ্টাঽপি নাস্তি তদা ইন্দ্রিযাণামভাবাৎ। আত্মেন্দ্রিয-মনোযুক্তং ভোক্তেতি শ্রুত্যৈব ভোক্তৃত্বস্যেন্দ্রিয়সন্নিয়োগশিষ্টত্বাৎ। কিন্তু দ্রষ্টৃদৃশ্যবাসনাবাসিতং চিত্রপটসদৃশমেকং মন এবাস্তি তচ্চ স্বয়ংজ্যোতিষা পুরুষেণ ভাস্যমানং জাগ্রদ্বৎস্বপ্নেঽপি দ্রষ্টৃদৃশ্যোপরাগং প্রকাশয়তি তদ্বাসনাবাসিতত্বাৎ। এবং সতি যদা সর্ব্বার্থতয়োঃ ক্ষয় একার্থ-তায়া উদয়শ্চ তদা চিত্তস্যৈকাগ্রতারূপঃ পরিণামো ভবতীতি। তদেবমাত্মসংস্থং মনঃ কৃত্বেতি সম্প্রজ্ঞাতসমাধিরুক্তঃ। তত্রাপি পূর্ব্বাভ্যাসবশাচ্চিত্তস্য দ্রষ্টৃদৃশ্যোপরাগো বাসনাময়ো ভাতীতি তন্নিবারণেন অসম্প্রজ্ঞাতসমাধিমাহ—ন কিঞ্চিদপি। চিন্তয়েদিতি ধ্যাতৃধ্যানধ্যেয়বিভাগমপি ন স্মরেৎ কিন্তু অখণ্ডৈকবসসম্বিদাত্মনা সুষুপ্তবত্তিষ্ঠেদিত্যর্থঃ ॥২৫॥ শনৈঃ শনৈরিত্যেতৎ শোকং ব্যাচষ্টে—যতো যত ইতি ত্রিভিঃ। যতো যতো হেতোর্যং যং বিষযং গ্রহীতুং মনো নিশ্চরতি বহির্গচ্ছতি ততস্ততস্তত্র তত্র দোষদর্শনেন ততস্ততো বিষয়াৎ এতন্মনো নিয়ম্য প্রত্যাহৃত্য আত্মনি স্বরূপে এব বশং নয়েৎ পর্য্যবস্থাপয়েৎ। এতেন পূর্ব্বার্দ্ধং ব্যাখ্যাতম্ ॥২৬॥

করিতে হইবে, তাহার পর ক্রমে ক্রমে বিভিন্ন বিষয় হইতে নিবৃত্তি পাইতে হইবে এবং অন্য চিন্তাও ত্যাগ করিতে হইবে, তৎপরে মনটীকে পবমাত্মার উপরে সম্যক্ প্রতিষ্ঠিত করিতে পারিলে ধ্যান সিদ্ধ হইবে, (তখন যে বিভূতি জন্মে তাহা পাতঞ্জলদর্শনে দ্রষ্টব্য) ॥২৪—২৫॥

যে মন স্বভাবতই চঞ্চল এবং নিরুদ্ধ কবিলেও অস্থিরই থাকে, সে মন যে যে বিষয়ে যাইয়া পড়িবে, সেই সেই বিষয হইতেই উহাকে আনিযা পরমাত্মাতেই স্থাপন কবিবে ॥২৬॥

তাৎপর্য্য—দুষ্ট গরুকে যেমন বার বার গোষ্ঠে প্রবেশ কবাইলে পব সে স্থিব হয়, সেইরূপ চঞ্চল মনকেও বার বার পবমাত্মাতে স্থাপন করিলে পব সে স্থিব হইবে ॥২৬॥

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ।
সুখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে ॥২৮॥

ভাবতকৌমুদী

ঈদৃশধ্যানফলমাহ—প্রশান্তেতি। উত্তমং নিরতিশয়ম্, সুখমানন্দঃ, প্রশান্তং ব্রহ্মনিষ্ঠতয়া প্রকর্ষেণ শান্তিমাপন্নং মনো যস্য তম্, শান্তং ধ্যানৈরন্তর্ধ্যান্নিবৃত্তং রজো গুণো যস্য তম্, ন বিদ্যতে কল্মষং পাপং স্বর্গনরকজনকতয়া ধর্ম্মাধর্ম্মৌ যস্য তম্, ব্রহ্মভূতং "ব্রহ্মবিদ্‌ব্রহ্মৈব ভবতি" ইতি শ্রুতের্জীবন্মুক্তম্, এনং যোগিনম্, উপৈতি হি প্রাপ্নোত্যেব ॥২৭॥

তদা চাস্য চরিতার্থতামাহ—যুঞ্জন্নিতি। বিগতং জ্ঞানাগ্নিদাহেন বিনষ্টং কল্মষং পাপং স্বর্গনরকজনকতয়া অনর্থীভূতৌ ধর্ম্মাধর্ম্মৌ যস্য স তাদৃশো যোগী, সদা, এবমনেন প্রকারেণ, আত্মানং মনঃ, যুঞ্জন্ ধ্যানেন পরমাত্মনি সম্মেলয়ন্ সন্, সুখেন অনায়াসেন, ব্রহ্মণঃ সংস্পর্শং সাক্ষাৎকারনিবন্ধনম্, অত্যন্তং নিরতিশয়ম্, সুখম্, অশ্নুতে ব্যাপ্ত্যা প্রাপ্নোতি, "এতস্যৈব মাত্রামুপজীবন্তি সর্ব্ব আনন্দাঃ" ইতি শ্রুতেঃ। তদা চ শরীরারম্ভকধর্ম্মাধর্ম্মাভাবেঽপি "চক্রভ্রমণদ্ধৃতশরীরঃ" ইতি সাংখ্যসূত্রানুসারেণ সংস্কারবশাৎ কিয়ন্তং কালং যাবচ্ছরীর-স্থিতিরিত্যবধেয়ম্ ॥২৮॥

ভারতভাবদীপঃ

এবমাত্মবশে মনসি কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ—প্রশান্তেতি। হি যস্মাৎ এনং প্রশান্তমনসং প্রকর্ষেণ উপরতচেতসং যোগিনম্ একাগ্রতাভূমৌ উত্তমং সুখং সম্প্রজ্ঞাতসমাধিফলভূতম্ উপৈতি। ভৌতিকানাং বাহ্যানাং মনোরথিকানামান্তরাণাঞ্চ বিষয়াণাং ত্যাগাৎ শান্তরজসং প্রক্ষীণমোহাদিক্লেশং ব্রহ্মভূতং সদ্বস্তুরূপম্। অকল্মষং ধর্ম্মাধর্ম্মবর্জ্জিতং যথোক্তং যোগভাষ্যে— "যস্ত্বেকাগ্রে চেতসি সদ্ভূতমর্থং প্রদ্যোতয়তি কর্ম্মবন্ধনানি শ্লথয়তি নিরোধমভিমুখীকরোতি ক্ষীণোতি চ ক্লেশান্ স সম্প্রজ্ঞাতো যোগ ইত্যাখ্যায়ত" ইতি। এতেনাত্মসংস্থং মনঃ কৃত্বেতি ব্যাখ্যাতম্ ॥২৭॥ অস্য ফলমাহ—যুঞ্জন্নিতি। এবমনেন প্রকারেণ যোগী আত্মানং মনো যুঞ্জন্ সমাদধানঃ বিগতকল্মষো নিরস্তাবিদ্যাদিক্লেশঃ সুখেন অনায়াসেন ব্রহ্মসংস্পর্শং নির্ব্বিশেষং ব্রহ্মণা ঐক্যং ত্রিবিধোপাধিপ্রবিলয়াৎ অশ্নুতে প্রাপ্নোতি। কীদৃশং ব্রহ্মসংস্পর্শম্ অত্যন্তম্ অন্তো দ্রষ্টৃদৃশ্যভাবেন পরিচ্ছেদস্তমতিক্রান্তং নির্ব্বিশেষং সুখং পরমানন্দৈকরূপম্। এতেন

যোগীর মন যখন পরমাত্মাতে থাকিয়া বিশেষ শান্তি লাভ করিল, রজোগুণ নিবৃত্তি পাইল, পাপ ও পুণ্য তিরোহিত হইল এবং জীবন্মুক্তি আসিয়া পড়িল, তখনই এই যোগীর নিকটে নিরতিশয় সুখ উপস্থিত হয় ॥২৭॥

তাৎপর্য্য—পরমাত্মা শান্তির সাগর, মনকে একবার তাহাতে ডুবাইতে পারিলে, সে মন আর শান্তিলাভের জন্য ছুটাছুটি করে না, তৎকালে সত্ত্বগুণ অত্যন্ত প্রবল হইয়া রজোগুণ ও তমোগুণকে তাড়াইয়া দেয় এবং জ্ঞানাগ্নিতে দগ্ধ হওয়ায় পাপ ও পুণ্য নষ্ট হইয়া যায়, এই সময়ে যোগী জীবন্মুক্ত হইয়া থাকেন, সুতরাং তখন তাঁহার নিরতিশয় সুখ চলিতে থাকে ॥২৭॥

সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ ॥২৯॥

ভাবতকৌমুদী

ক্রমেণ যোগী "তত্ত্বমসি" ইতি মহাবাক্যার্থানুসারেণ জীবব্রহ্মণোরভেদমেব পশ্যতীত্যাহ—সর্ব্বেতি। সর্ব্বত্র ব্রাহ্মণাদিশ্বপাকপর্য্যন্তেষু পদার্থেষু, সমদর্শনঃ "আত্মৈবেদং সর্ব্বম্" "ব্রহ্মৈবেদং সর্ব্বম্" ইত্যাদিশ্রুতিভির্ব্রহ্মদর্শী, যোগেন চিত্তবৃত্তিনিরোধেন যুক্ত আত্মা স্বসংঘাতো যস্য স তাদৃশো যোগী, আত্মানং স্বজীবম্, সর্ব্বভূতস্থং ব্রহ্মাভিন্নতয়া চিদ্রূপেণ সর্ব্বাধিষ্ঠিতম্, সর্ব্বভূতানি সর্ব্বান্ পদার্থাংশ্চ আত্মনি স্বজীবাভিন্নে পরমাত্মনি, ঈক্ষতে পশ্যতি, "তস্মিল্লোঁকাঃ শ্রিতাঃ সর্ব্বে তদু নাত্যেতি কশ্চন" ইতি শ্রুতেঃ ॥২৯॥

ভাবতভাবদীপঃ

ন কিঞ্চিদপি চিন্তয়েদিতি চতুর্থপাদো ব্যাখ্যাতঃ ॥২৮॥ দ্বিবিধস্যাপি যোগস্য ফলমাহ—সর্ব্বেতি। "সোপাধির্নিরুপাধিশ্চ দ্বেধা ব্রহ্মবিদুচ্যতে। সোপাধিকঃ স্যাৎ সর্ব্বাত্মা নিরুপাধ্যো-ঽনুপাধিকঃ ॥" ইতি। বার্ত্তিকোক্তরীত্যা সম্প্রজ্ঞাতে আত্মনঃ সার্ব্বাত্ম্যমনুভবন্ যোগী সর্ব্বেষু ভূতেষু উপাদানতয়া স্থিতম্ আত্মানম্ ঈক্ষতে পশ্যতি। তথা অসম্প্রজ্ঞাতে সর্ব্বাণি ভূতানি ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানি আত্মন্যেকতাং গতানি রজ্জ্বামিবাভ্যস্তসর্পদণ্ডধারাদীনি তত্ত্বং পশ্যতি। যোগযুক্তাত্মা যোগেন সমাহিতচিত্তঃ। অস্যৈব ব্যুত্থানাবস্থামাহ—সর্ব্বত্রেতি। সর্ব্বেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু বিষমেষু ভূতেষু সমং নির্ব্বিশেষং ব্রহ্মাত্মৈকত্ববিষয়ং দর্শনং যস্য স সর্ব্বত্র সমদর্শনঃ। তথা চ শ্রুতয়ঃ—"যস্তু সর্ব্বাণি ভূতানি আত্মন্যেবানুপশ্যতি। সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে ॥ সর্ব্বস্যাত্মা ভবতি। ব্রহ্মদাশা ব্রহ্মদাসা ব্রহ্মেমে কিতবা উত। ইদং সর্ব্বং যদয়মাত্মেত্যাদয় এতমর্থং প্রতিপাদয়ন্তি। যস্তু যো যোগযুক্তাত্মা যো বা সর্ব্বত্র সমদর্শনঃ স আত্মানমীক্ষত ইতি যোগিসমদর্শিনাবাত্মেক্ষণাধিকারিণাবুক্তৌ। [illegible] হি চিত্তবৃত্তিনিরোধঃ সাক্ষিসাক্ষাৎকারহেতুস্তথা জড়বিবেকেন সর্ব্বানুস্যূতচৈতন্যপৃথক্করণমপি [illegible] যোগ [illegible] পেক্ষিত ইতি তত্র। সমাহিতো ভূত্বা আত্মন্যেবাত্মানং পশ্যতি। [illegible] ধ্যায়মান ইত্যাদি শ্রুতিভিঃ সমাধিধ্যানাপরপর্য্যায়যোগস্যৈবাত্মদর্শনহেতুত্বপ্রতিপাদনাৎ। [illegible] কারণং সাংখ্যযোগাভিপন্নং বিদ্যামেতাং যোগবিধিঞ্চ কৃৎস্নমিতি [illegible] সমুচ্চয়াবগমাৎ। ন চ শ্রৌতং যৌক্তিকবিবেকমাত্রাদেবাত্মদর্শনং [illegible] সম্ভবতি সোপাধিকস্য ভ্রমস্য উপাধিনিবৃত্তিমন্তরেণ নিবৃত্ত্যসম্ভবাৎ। [illegible] প্রতিবিম্বাদিভ্রমনিবৃত্ত্যাপত্তেঃ অতএবাধিষ্ঠানজ্ঞানদার্ঢ্যে সতি তত্র [illegible]

পাপ-পুণ্যবিহীন যোগী এই ভাবে সর্ব্বদা মনকে [illegible] অনায়াসে ব্রহ্মসাক্ষাৎকারনিবন্ধন নিরতিশয় সুখ ভোগ করিতে [illegible] ॥২৮॥

তাৎপর্য্য—এইটাই যোগীর জীবন্মুক্ত অবস্থা। [illegible] কিছু কাল কুম্ভকারের চক্র ঘোরে, সেইরূপ জ্ঞানাগ্নিতে [illegible] থাকিলেও কিছু কাল জীবন্মুক্তের শরীরটা থাকে। [illegible] হইতে পারে ॥২৮॥

যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥৩০॥

ভারতকৌমুদী

ঈদৃগ্‌দর্শনস্য ফলমাহ—য ইতি। যো যোগী, সর্ব্বত্র পদার্থে, মাং পরমেশ্বরম্, পশ্যতি সাগরতরঙ্গেষু সূর্য্যপ্রতিবিম্বানিব প্রত্যক্ষীকরোতি, "ওতঞ্চ প্রোতঞ্চ" ইতি শ্রুতেঃ, সর্ব্বং পদার্থঞ্চ, ময়ি পরমেশ্বরে জলাশয়ে তীরবৃক্ষানিব পশ্যতি, "তস্মিল্লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে" ইতি শ্রুতেঃ, অহং তস্য ন প্রণশ্যামি অদৃশ্যো ন ভবামি, স চ মে ন প্রণশ্যতি অদৃশ্যো ন ভবতি সন্নিধৌ চরন্ সর্ব্বদৈব তমনুগৃহ্লামীত্যর্থঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

চাদর্শনমনায়াসেনৈবোপপদ্যত ইতি নিরস্তম্। যোগং বিনাঽধিষ্ঠানজ্ঞানস্যৈবাসম্ভবাৎ। যদাহ দক্ষঃ—"স্বসম্বেদ্যং হি তদ্‌ব্রহ্ম কুমারী স্ত্রীসুখং যথা। অযোগী নৈব জানাতি জাত্যন্ধো হি যথা ঘট"মিতি। যত্তূক্তং ভগবৎপূজ্যপাদৈঃ—ব্রহ্মবিদঃ কুত্রাপি যোগাপেক্ষাং ন ব্যুৎপাদয়াম্বভূবুরিতি। তদথাতো ব্রহ্মজিজ্ঞাসেত্যত্রাথশব্দসূচিতমুমুক্ষুবিশেষণীভূতসাধন-চতুষ্টয়ান্তর্গতং শমাদ্যুপেতসমাধিমদৃষ্ট্বোক্তমিতি ন দোষঃ। দ্বৌ ক্রমাবিতি বশিষ্ঠবাক্যতাৎপর্য্যস্য পরস্পরনিরপেক্ষমার্গদ্বয়োপগমে নান্যঃ পন্থা ইতি শ্রুতিবাধাপত্ত্যা প্রতিপত্তিক্রমভেদমাত্রপরতয়া প্রাগেব বর্ণিতমিতি দিক্। কিঞ্চ যোগপ্রকারেণ যোগানপেক্ষমার্গান্তরপ্রতিপাদনমসঙ্গতম্। ন চ তৎসূচকোঽত্র কশ্চিচ্ছব্দো বর্ত্ততে। সম্ভবতি বা উক্তযুক্তেরতো যো বা সমদর্শন ইতি বাপদাধ্যাহারোঽপ্যসঙ্গত ইতি দিক্ ॥২৯॥ অস্যাত্মৈকত্বদর্শনস্যাপি ফলমাহ—যো মামিতি। সর্ব্বত্রাস্মচ্ছব্দঃ প্রত্যগাত্মপরঃ যো যোগী আত্মানং সর্ব্বত্র পশ্যতি সর্ব্বং চাত্মনি পশ্যতি তস্য যোগিনঃ জ্ঞাত আত্মা ন প্রণশ্যতি অদর্শনং ন গচ্ছতি জ্ঞাত আত্মা ন পুনস্তিরোভবতি। সকৃন্নষ্টস্য মূলাজ্ঞানস্য বীজাভাবেন পুনরুদয়াসম্ভবাদিত্যর্থঃ। নন্বু কার্য্যকারণসঙ্ঘাতাভিমানিনা শুক্তিরূপ্যবদ্‌ব্রহ্মণ্যধ্যস্তেন তদভিমানত্যাগপূর্ব্বকং জ্ঞাতং স্বাধিষ্ঠানভূতং ব্রহ্ম মা তিরোধায়ি বুদ্ধেস্তত্ত্বপক্ষপাতিত্বাৎ। ব্রহ্মদৃষ্ট্যা তু মুক্তজীবস্য নিরন্বয়োচ্ছেদো ভবতীত্যা শঙ্ক্যাহ—স চ মে ন প্রণশ্যতীতি। স চ বিদ্বান্মে মম ন প্রণশ্যতি ন তিরোভবতি মদভিন্নত্বাৎ। ভবেদেতদেবং যদি জীবো ময়ি অধ্যস্তো বা মম বিকারো বা ভবেৎ তদা নিরন্বয়োচ্ছেদং প্রাপ্নুয়াৎ। অহমেব তু সঃ। তত্ত্বমস্যহং ব্রহ্মাস্মি অয়মাত্মা ব্রহ্মেত্যাদিশাস্ত্রাৎ তস্মাদযুক্ত-

---

সর্ব্বত্র ব্রহ্মদর্শী যোগী সমস্ত পদার্থেই আপনাকে দেখিতে পান এবং আপনাতেও সকল পদার্থই দেখিয়া থাকেন ॥২৯॥

তাৎপর্য্য—যিনি জগতের সকল পদার্থকেই ব্রহ্ম বলিয়া ধারণা করেন, তাঁহার নিকটে 'তুমি' 'আমি' 'সে' ইত্যাদি কোন ভেদই থাকিতে পারে না ॥২৯॥

যিনি সর্ব্বত্র আমাকে দর্শন করেন এবং আমাতেও সমস্ত দেখিতে পান, আমি তাঁহার অদৃশ্য হই না, তিনিও আমার অদৃশ্য হন না ॥৩০॥

তাৎপর্য্য—একটী সূর্য্যের প্রতিবিম্বই যেমন সমুদ্রের অসংখ্য তরঙ্গের ভিতরে দেখিতে পাওয়া যায়, সেইরূপ সকল পদার্থে এক আমাকেই যিনি দর্শন করেন, আবার এক

সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে ॥৩১॥
আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ ॥৩২॥

ভাবতকৌমুদী

তস্য সর্ব্বেঽপ্যপবাধা ময়া ক্ষন্তব্য ইত্যাহ—সর্ব্বেতি। একত্বং "তত্ত্বমসি" ইতি বেদান্ত-বাক্যানুসারেণ জীবব্রহ্মণোরভেদম্, আস্থিত আশ্রিতো যো যোগী, সদ্রূপেণ সর্ব্বভূতস্থিত মাং ভজতি, ন পুনর্ব্যাপ্যতয়া সেবতে, স যোগী, সর্ব্বথা বর্ত্তমনোঽপি কর্ম্ম ত্যজন্ বিহিতং কুর্ব্বন্ নিষিদ্ধমাচরন্ বাপি, ময়ি বর্ত্ততে, অবিদ্যানিবৃত্ত্যা পুণ্যাপাপাস্পর্শাজ্জীবন্মুক্ত-স্তিষ্ঠতীত্যর্থঃ ॥৩১॥

এষু মধ্যে কঃ শ্রেষ্ঠ ইত্যাহ—আত্মৌপম্যেনেতি। হে অর্জ্জুন! যো যোগী, আত্মৌপম্যেন নিজসাদৃশ্যেন, সর্ব্বত্র সর্ব্বেষু প্রাণিষু সুখং বা, যদি বা অথবা দুঃখং পশ্যতি, আত্মনো যথা সুখমিষ্টং দুঃখঞ্চানিষ্টম্, অপরেষাং প্রাণিনামপি তথৈব সুখমিষ্টং দুঃখঞ্চানিষ্টমিত্যব-ধারয়ন্ আত্মন ইব পরেষামপি সুখায়ৈব সর্ব্বদা যতত ইত্যর্থঃ, স যোগী, এষু মধ্যে পরমঃ শ্রেষ্ঠো মম মতঃ ॥৩২॥

ভাবতভাবদীপঃ

মুক্তং স চ মে ন প্রণশ্যতীতি ॥৩০॥ যস্মাৎ সর্ব্বাত্মৈকত্বদর্শী অহমেবাতো নাস্য মোক্ষঃ প্রতি-বধ্যত ইত্যাহ—সর্ব্বভূতেতি। সর্ব্বোপাদানতয়া সর্ব্বেষু ভূতেষু সত্তারূপেণ স্ফুরণরূপেণ চ স্থিতং মাং পরমাত্মানমেকত্বং জীবব্রহ্মণোরৈক্যমাস্থিতঃ সন্ ভজতি নির্ব্বিকল্পেন সমাধিনা সেবতে স যোগী ব্যুত্থানদশায়াং প্রারব্ধকর্ম্মবশাৎ বাধিতানুবৃত্ত্যা দেহমারূঢ়ঃ সর্ব্বথা সর্ব্বপ্রকারেণ যাজ্ঞ-বল্ক্যাদিবৎ কর্ম্মত্যাগেন বা বশিষ্ঠজনকাদিবদ্বিহিতকর্ম্মণা বা দত্তাত্রেয়াদিবন্নিষিদ্ধকর্ম্মণা বা বর্ত্তমানোঽপি ব্যবহরন্নপি ময্যেব বর্ত্ততে ন মত্তশ্চ্যুতো ভবতি। যতো দেবেভ্যোঽপি নাস্য ভয়মিতি শ্রূয়তে। "তস্য হ ন দেবাশ্চ নাভূত্যা ঈশত আত্মা হ্যেষাং স ভবতি" ইতি চ। নেত্যব্যয়মপ্যর্থে দেবা অপি তস্য ব্রহ্মবিদঃ অভূত্যৈ অনৈশ্বর্য্যায় ন ঈশতে ন সমর্থা ভবন্তি যতোঽয়মেষামাত্মেতি শ্রুত্যর্থঃ। স ন পুনঃ সংসারী পূর্ব্ববদ্ভবতীত্যর্থঃ ॥৩১॥ যদ্যপি নিষিদ্ধ-

---

জলাশয়ে যেমন অসংখ্য তীরবৃক্ষ দেখা যায়, সেইরূপ এক আমাতেই যিনি সকল পদার্থ দেখিতে পান, সেই মহাপুরুষের সহিত কখনও আমার বিচ্ছেদ ঘটিতে পারে না। কারণ, উক্ত নিয়মে আমিও সর্ব্বদা তাঁহাতে দৃষ্টিগোচর হই, আবার তিনিও আমাতে সর্ব্বদা দৃষ্টি-গোচর হইয়া থাকেন ॥৩০॥

যে যোগী 'জীব ও ব্রহ্ম এক' এইরূপ ধারণা করিয়া সর্ব্বত্রাধিষ্ঠিতরূপে আমার উপাসনা করেন, সেই যোগী সকল অবস্থাতেই আমাতে থাকেন ॥৩১॥

তাৎপর্য্য—যে যোগী 'আমিই ব্রহ্ম' এইরূপ মনে করিয়া সর্ব্বব্যাপি ব্রহ্মরূপে আমার উপাসনা করেন, তিনি কর্ম্মত্যাগই করুন, কিংবা বিহিত কার্য্যই করুন, বা নিষিদ্ধ আচরণই করুন, **জীবন্মুক্তই হইয়া যান ॥৩১॥**

অর্জ্জুন উবাচ।

যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্ ॥৩৩॥
চঞ্চলং হি মনঃ কৃষ্ণ! প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

"আত্মসংস্থং মনঃ কৃত্বা" ইতি প্রাগুক্তযোগস্যাসম্ভবতাং পশ্যন্ তদুপায়জিজ্ঞাসয়া অর্জ্জুন উবাচ য ইতি। হে মধুসূদন! ত্বয়া, সাম্যেন মনসো লয়বিক্ষেপবিহীনতয়া কেবল-ব্রহ্মাকারাবস্থানেন, যোঽয়ং যোগো ধ্যানযোগঃ প্রোক্তঃ, চঞ্চলত্বাৎ স্বভাবত এব মনসশ্চপলত্বাৎ, অহম্, এতস্য যোগস্য, স্থিরাং দীর্ঘকালীনাম্, স্থিতিং ন পশ্যামি ন সম্ভাবয়ামি ॥৩৩॥

উক্তমর্থমেব স্পষ্টয়তি চঞ্চলমিতি। হি তথাহি, হে কৃষ্ণ! মনঃ, চঞ্চলমতিশয়েন চপলম্, প্রমথ্নাতি শরীরমিন্দ্রিয়াণি চ আলোড়য়তি বিষয়েষু বিক্ষিপতীতি প্রমাথি, বলবৎ বলবত্তয়া বিষয়াদানেতুমশক্যম্, দৃঢ়ং বজ্রলেপবৎ বিষয়াদ্বিশ্লেষয়িতুমশক্যঞ্চ। অতএব তরুলতাদীনা-ন্দোলয়তো বায়োর্ঘটাবিব, তস্য মনসঃ, নিগ্রহং নিরোধম্ অহং সুদুষ্করমতিদুষ্করং মন্যে। তদস্য স্থৈর্য্যবিধানোপায়ং ব্রূহীতি ভাবঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

কর্ম্মণাঽপ্যাত্মবিন্ন বধ্যতে তথাপি শীলবানেব যোগী শ্রেষ্ঠ ইত্যাহ—আত্মৌপম্যেনেতি। যথা স্বস্য সুখমিষ্টং দুঃখমনিষ্টং তদ্বৎ পরস্যাপীতি বুদ্ধ্বা যোঽন্যস্মৈ দুঃখং ন প্রযচ্ছতি সোঽহিংসকঃ পরমযোগী মত ইত্যর্থঃ ॥৩২॥ সাম্যযোগমশক্যং মত্বান উপায়ান্তরবুভুৎসয়াঽর্জ্জুন উবাচ—যোঽয়মিতি। যোঽয়ং যোগস্ত্বয়া সাম্যেন প্রোক্তোঽহিংসাপ্রাধান্যেন সন্ন্যাসপূর্ব্বকতয়া বর্ণিতঃ হে মধুসূদন! তস্য যোগস্য সর্ব্ববৃত্তিনিরোধরূপস্য স্থিরাং স্থিতিং ন পশ্যামি মনসশ্চঞ্চলত্বাদিতি শেষঃ ॥৩৩॥ এতদেবোপপাদয়তি—চঞ্চলং হীতি। প্রমাথি বহুদস্যুবদেকস্য প্রমথনশীলম্ ॥৩৪॥

অর্জ্জুন! যিনি নিজের তুলনায় সকল প্রাণীর সুখ বা দুঃখ সমান দেখেন, ইঁহাদের মধ্যে সেই যোগীকেই আমি শ্রেষ্ঠ বলিয়া মনে করি" ॥৩২॥

তাৎপর্য্য—'নিজের যেমন সুখটা প্রিয় এবং দুঃখটা অপ্রিয়, সেইরূপ অন্যান্য সকল প্রাণীরই সুখটা প্রিয় এবং দুঃখটা অপ্রিয়' এইরূপ ভাবিয়া যিনি নিজের ন্যায় পরেরও সুখবিধানেই যত্ন করেন, তিনিই শ্রেষ্ঠ যোগী ॥৩২॥

অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ! মনের ব্রহ্মে স্থিতিরূপ এই যোগের কথা তুমি বলিলে, মন চঞ্চল বলিয়া আমি এই যোগের দীর্ঘকালস্থায়িত্ব হইতে পারে এমন মনে করি না ॥৩৩॥

তাৎপর্য্য—তুমি পূর্ব্বে বলিয়াছ—'আত্মসংস্থং মনঃ কৃত্বা' মনকে পরমাত্মার উপরে সম্যগ্ভাবে অর্থাৎ দীর্ঘকাল যাবৎ স্থাপন করিয়া—ইহাই হইতে পারে না। কারণ, চঞ্চল মন নানাবিষয়ে ছুটাছুটি করিবেই করিবে ॥৩৩॥

শ্রীভগবানুবাচ।

অসংশয়ং মহাবাহো। মনো দুর্নিগ্রহং চলম্।
অভ্যাসেন তু কৌন্তেয়। বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥৩৫॥
অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

অর্জ্জুনোক্তং মনসশ্চঞ্চলত্বাদিকমভ্যুপেত্য তন্নিগ্রহোপায়ং শ্রীভগবানুবাচ অসংশয়মিতি। হে মহাবাহো!। এতেন মহাবাহুতয়া প্রবলশত্রুজয়িত্বান্মনোজয়স্তব সুকর এবেতি সূচিতম্। চলং চঞ্চলম্। এতচ্চ প্রমাথি বলবদ্দৃঢমিত্যেতেষামপ্যুপলক্ষণম্। দুর্নিগ্রহম্, অসংশয়ম্, উক্তার্থে সংশয়ো নাস্তি। তথাপি তু হে কৌন্তেয়।। এতেন পিতৃস্বসৃপুত্রতয়া ত্বামবশ্যমেব মনোনিগ্রহোপায়ং ব্রবীমীতি সূচিতম্। অভ্যাসেন মনসঃ পরমাত্মস্থাপনপৌনঃপুন্যেন, বৈরাগ্যেণ ঐহিকপারলৌকিকসর্ব্ববিষয়ভোগবৈতৃষ্ণ্যেন চ, গৃহ্যতে যোগিনা তাদৃশমপি মনো নিগৃহ্যতে। তথা চ পাতঞ্জলং সূত্রমপি "অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ" ॥৩৫॥

ভাবতভাবদীপঃ

মনসো দুর্গ্রহত্বমভ্যুপেত্য ভগবানুবাচ—যদ্যপ্যেবং তথাপ্যভ্যাসবৈরাগ্যাভ্যাং সমুচ্চিতাভ্যাং দুর্নিগ্রহমপি মনো নিগৃহ্যতে। তত্রাভ্যাসো নাম কস্মিংশ্চিচ্চিত্তভূমৌ সমানপ্রত্যয়া বৃত্তিঃ। বৈরাগ্যন্তু দৃষ্টাদৃষ্টেষ্টভোগেষু সসাধনেষু দোষদর্শনেন বৈতৃষ্ণ্যম্। তত্র যথা কৈদারিকঃ কেদারেষু কুল্যাজলং সঞ্চারয়ন্নেকস্য দ্বারং পিধায়াপরস্যোদ্ঘাটয়তি তদ্বদ্বৈরাগ্যেণ বিষয়স্রোতঃ খিলীক্রিয়তে অভ্যাসেন কল্যাণস্রোত উদ্ঘাট্যত ইতি দ্বয়োরপ্যাবশ্যকত্বম্। তথা চ

কৃষ্ণ। তাহাই দেখ, মন অত্যন্ত চপল, শরীর ও ইন্দ্রিয়গণের ক্ষোভজনক বলবান্ ও বিষয়ে দৃঢসংসক্ত; সুতরাং আমি মনে করি—বায়ুর ন্যায় সেই মনের নিরোধ করা অত্যন্ত দুষ্কর" ॥৩৪॥

তাৎপর্য্য—মন স্বভাবতই নানাবিষয়ে যাইয়া পতিত হয় এবং শরীর ও ইন্দ্রিয়গণকে নানাদিকে চালিত করে, আর বিষয় হইতে উহাকে টানিয়া আনা যায় না এবং বজ্রলেপের ন্যায় উহা বিষয়ের সহিত এমন দৃঢ়ভাবে সংলগ্ন হয় যে, বিভক্ত করাই যায় না, অতএব প্রবল বায়ুকে যেমন কোন ঘটের ভিতরে নিরুদ্ধ করিয়া রাখা অসম্ভব, তেমন মনকেও কোন বস্তুতে স্থির করিয়া রাখা অসম্ভব ॥৩৪॥

কৃষ্ণ বলিলেন—"মহাবাহু অর্জ্জুন! মন যে চঞ্চল, শরীর ও ইন্দ্রিয়গুলির বিক্ষেপকারী, বলবান্ এবং বিষয়ে দৃঢসংসক্ত, এ বিষয়ে কোন সন্দেহ নাই, কিন্তু যোগীরা অভ্যাস ও বৈরাগ্যদ্বারা সে মনকেও নিগৃহীত করিতে পারেন ॥৩৫॥

তাৎপর্য্য—বার বার পরমাত্মচিন্তার নাম—'অভ্যাস' এবং ঐহিক ও পারলৌকিক সুখভোগের ইচ্ছা না করার নাম—'বৈরাগ্য' এই উভয়দ্বারা মন নিগৃহীত হয় ॥৩৫॥

অর্জ্জুন উবাচ।

অযতিঃ শ্রদ্ধযোপেতো যোগাচ্চলিতমানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ। গচ্ছতি ॥৩৭॥

ভাবতকৌমুদী

উক্তমেবার্থং পুনরুক্ত্যা দ্রঢযতি অসংযতেতি। অভ্যাসবৈবাগ্যাভ্যাং ন সংযত আত্মা
চিত্তং যেন তেন জনেন, যোগো ধ্যানযোগঃ, দুষ্প্রাপো দুর্লভ ইতি মে মতিঃ। কিন্তু বশ্যঃ
অভ্যাসবৈবাগ্যাভ্যাং বশীভূত আত্মা মনো যস্য তেন যোগিনা, যততা সিদ্ধ্যর্থং যতমানেন
সতা, উপায়তস্তাভ্যামেবোপাযাভ্যাম্, স যোগোঽবাপ্তুং শক্যঃ ॥৩৬॥

পুনঃ সন্দিহানঃ পৃচ্ছন্নর্জ্জুন উবাচ অযতিবিতি। হে কৃষ্ণ। প্রাক্ শ্রদ্ধয়া ধ্যানেন ব্রহ্ম
প্রাপ্স্যাম্যেবেতি বিশ্বাসেনোপেতো জনঃ, পবন্তু অযতির্বিষয়সৌন্দর্য্যাৎ অজিতেন্দ্রিযঃ
অতএব যোগাৎ পরমাত্মধ্যানাৎ, চলিতং ভ্রষ্টং মানসং মনো যস্য স তাদৃশঃ সন্, যোগসংসিদ্ধিং
ব্রহ্মসাক্ষাৎকাবমপ্রাপ্য, কাং গতিমবস্থাম্, গচ্ছতি প্রাপ্নোতি ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

সূত্রম্—"অভ্যাসবৈবাগ্যাভ্যাং তন্নিবোধঃ" ইতি ॥৩৫॥ অসংযতাত্মনা অজিতচিত্তেন বশ্যাত্মনা
জিতচিত্তেন উপাযতোঽভ্যাসবৈরাগ্যরূপাৎ ॥৩৬॥ মনসো দুর্নিগ্রহত্বাদযোগসিদ্ধৌ বিঘ্নং
পশ্যন্নর্জ্জুন উবাচ—হে কৃষ্ণ। যোগাৎ কর্ম্মযোগাচ্চলিতমানসস্ত্যক্তকর্ম্মা সন্ন্যাসীত্যর্থঃ।
শ্রদ্ধয়োপেতো যোগমার্গং প্রবিষ্টোঽপি অযতিঃ আয়ুযোঽল্পত্বাদ্বা বৈবাগ্যদৌর্বল্যাদ্বা অল্পপ্রযত্নঃ।
অলবণা যবাগূবিতিবদত্রাল্পার্থে নঞ্। স কদাচিৎ যোগসংসিদ্ধিং যোগফলং সম্যক্-
দর্শনমপ্রাপ্য মৃতশ্চেৎ কাং গতিং গচ্ছতি ॥৩৭॥ কচ্চিদিতি। কচ্চিন্নোভয়বিভ্রষ্টঃ কর্ম্ম-

---

যিনি সেই অভ্যাস ও বৈবাগ্যদ্বাবা মনকে দমন করিতে পাবেন নাই,
তাঁহাব পক্ষে ধ্যানযোগ লাভ কবা দুষ্কব, আব যিনি সেই উভযদ্বাবা মনকে
দমন কবিতে পাবিযাছেন এবং সিদ্ধিলাভেব জন্য যত্নও কবেন, তিনি সেই
উপাযে ধ্যানযোগ লাভ করিতে পাবেন, ইহাই আমাব ধাবণা" ॥৩৬॥

তাৎপর্য্য—স্থূল কথা—ধ্যানযোগ লাভ করিতে হইলে, মনটাকে অন্যান্য সকল
বিষয় হইতেই নিরুদ্ধ করিতে হইবে, না হইলে ধ্যানযোগ হইবে না ॥৩৬॥

অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ। কোন লোক প্রথমে শ্রদ্ধাযুক্ত হইযা ধ্যান
আবম্ভ কবিল, পরে ইন্দ্রিয দমন কবিতে না পারায সে ধ্যান হইতে ভ্রষ্টচিত্ত
হইল, এ অবস্থায সে লোক যোগসিদ্ধি লাভ না কবিযা কি অবস্থা প্রাপ্ত
হয? ॥৩৭॥

তাৎপর্য্য—সন্ধ্যাবন্দনাদি নিত্যকার্য্য ত্যাগ করিয়া সে লোক ধ্যান আরম্ভ, কবিয়া-
ছিল, এখন সে ধ্যানেও সিদ্ধি লাভ কবিতে পারিল না, সুতবাং নিত্যকার্য্য না কবার পাপে
সে কি নরকে যায়? না—একটুমাত্র ধ্যান করায় স্বর্গে যাইতে পারে? ইহাই জিজ্ঞাস্য ॥৩৭॥

কচ্চিন্নোভয়বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব নশ্যতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো। বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ॥৩৮॥
এতং মে সংশয়ং কৃষ্ণ। ছেত্তুমর্হস্যশেষতঃ।
ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা ন হ্যুপপদ্যতে ॥৩৯॥
শ্রীভগবানুবাচ।
পার্থ। নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে।
ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাত। গচ্ছতি ॥৪০॥

ভাবতকৌমুদী

সংশয়িতমর্থং স্বয়মেব বিবৃণোতি কচ্চিদিতি। হে মহাবাহো। কৃষ্ণ। ব্রহ্মণঃ পথি ব্রহ্মপ্রাপ্তিমার্গে ধ্যানে, প্রবৃত্তোঽপি বিমূঢ়ো বিষয়াকর্ষণাদিচিন্তীভূতঃ, অতএব উভয়স্মাৎ প্রাক্ কর্ম্মসন্ন্যাসেন কর্ম্মমার্গাৎ ধ্যানোপরমেণ জ্ঞানমার্গাচ্চ বিভ্রষ্টঃ, তত এব চ অপ্রতিষ্ঠো নিরবলম্বনঃ সন্, ছিন্নং বায়ুবেগেন পৃষ্ঠবর্ত্তিমেঘাদ্বিশ্লিষ্টঞ্চ তদভ্রং মেঘশ্চেতি তদিব পৃষ্ঠমেঘাদ্বিশ্লিষ্টঃ সম্মুখমেঘঞ্চাপ্রাপ্তো মেঘ ইবেত্যর্থঃ, ন নশ্যতি ন বিলীয়তে? নশ্যতি বিলীয়তে বা? ইতি কচ্চিৎ বেদিতুমিচ্ছামি, "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ ॥৩৮॥.

অনুনয়তি এতমিতি। হে কৃষ্ণ। ত্বমেতং মে সংশয়ম্, অশেষতঃ সাকল্যেন ছেত্তুমর্হসি সর্ব্বজ্ঞত্বাৎ। হি যস্মাৎ, ত্বদন্যো দেবো মুনির্বা, অস্য সংশয়স্য, ছেত্তা নিবর্ত্তকঃ, ন উপপদ্যতে ন লভ্যতে, অভাবাৎ ॥৩৯॥

ভাবতভাবদীপঃ

মার্গাদ্যোগমার্গাচ্চ বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব পূর্ব্বমপরং বা মেঘসঙ্ঘমপ্রাপ্য মধ্যে এব নশ্যতি তদ্বৎ অপ্রতিষ্ঠো নিরাশ্রয়ঃ, হে মহাবাহো। বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ব্রহ্মপ্রাপ্তিমার্গে ॥৩৮॥ এতৎ এতম্। স্পষ্টমন্যৎ ॥৩৯॥ অত্রোত্তরং ভগবানুবাচ—পার্থেতি। হে তাতেতি বাৎসল্যাৎ সম্বোধয়তি।

মহাবাহু কৃষ্ণ। ব্রহ্মপ্রাপ্তির পথ ধ্যান হইতে যাহার চিত্ত বিচ্যুত হয়, সে লোক কর্ম্মপথ ও জ্ঞানপথ—দুই পথ হইতেই বিচ্যুত হইয়া নিরবলম্বন হইয়া পড়ে, সুতরাং সে কি বিশ্লিষ্ট মেঘের ন্যায় লয়ই পাইয়া যায়? না—লয় পায় না? ॥৩৮॥

তাৎপর্য্য—যে লোক কর্ম্মত্যাগ করিয়া ধ্যানে প্রবৃত্ত হইয়া তাহা হইতে আবার ভ্রষ্ট হয়, তাহার সম্বন্ধে অর্জ্জুনের এই প্রশ্ন বুঝিতে হইবে ॥৩৮॥

কৃষ্ণ। তুমি আমার এই সংশয়টাকে সর্ব্বপ্রকারে ছিন্ন করিয়া দাও। কারণ, তুমি ভিন্ন এই সংশয়ের ছেদক লোক পাওয়া যাইবে না" ॥৩৯॥

তাৎপর্য্য—তুমি সাক্ষাৎ পরমেশ্বর বলিয়া সকলই জান, তাই তোমার পক্ষেই এই সংশয়চ্ছেদন করা সম্ভবপর ॥৩৯॥

---

(৩৯) এতন্মে সংশয়ং কৃষ্ণ।—বা।

প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥৪১॥
অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥৪২॥

ভাবতকৌমুদী

আশ্বাসয়ন্ শ্রীভগবানুত্তরমুবাচ পার্থেতি। হে পার্থ! তস্য উভয়ভ্রষ্টস্যাপি জনস্য, ইহ লোকে, বিনাশো নিত্যকর্ম্মত্যাগেন পাপোৎপত্তেঃ পাতিত্যম্, নৈব বিদ্যতে নৈব ভবতি, অমুত্র পরলোকে, বিনাশো নরকপাতোঽপি চ ন বিদ্যতে ন ভবতি। হি যস্মাৎ, হে তাত! বৎস! শিষ্যত্বাদীদৃশং সম্বোধনম্। কল্যাণকৃৎ শুভকারী কশ্চিদপি জনঃ, দুর্গতিং ন গচ্ছতি। অস্যাপি ধ্যানে প্রবৃত্ত্যা শুভকারিতয়া উভয়বিধোঽপি বিনাশো ন স্যাদিতি ভাবঃ ॥৭০॥

তদা তস্য অল্পকালাভ্যস্তযোগভ্রংশে কা নামাবস্থা স্যাদিত্যাহ—প্রাপ্যেতি। স যোগভ্রষ্টঃ, পুণ্যকৃতাং ধার্ম্মিকাণাং প্রাপ্যান্ লোকান্ স্বর্গান্ প্রাপ্য, তেষু চ শাশ্বতীঃ সমা বহূনি বর্ষাণি, উষিত্বা সুখেন বাসং কৃত্বা, শুচীনাং পবিত্রাণাম্, শ্রীমতাং ধনিনাং গেহে অভিজায়তে ॥৪১॥

অথ দীর্ঘকালাভ্যস্তযোগভ্রংশে তস্য কিং স্যাদিত্যাকাঙ্ক্ষায়াং পক্ষান্তরমাহ—অথবেতি। অথবা স দীর্ঘকালিকযোগভ্রষ্টঃ, ধীমতাং জ্ঞানিনাং যোগিনামেব, কুলে বংশে, ভবতি জায়তে। ঈদৃশং ধীমদ্‌যোগিকুলসম্বদ্ধম্, যজ্জন্ম, এতত্তৎ, লোকে জগতি দুর্লভতরং হি অতিদুর্লভমেব। শুচীনাং শ্রীমতাং গেহে জন্ম তু দুর্লভমিতি তবপ্রত্যয়াশয়ঃ ॥৪২॥

ভাবতভাবদীপঃ

তস্যেহ বিনাশো নীচযোনিপ্রাপ্তিঃ অমুত্র বিনাশো নরকপ্রাপ্তিস্তদুভয়মপি ন জায়তে। হি যতঃ কল্যাণকৃচ্ছুভকৃৎ দুর্গতিং নৈব প্রাপ্নোতি ॥৪০॥ ইহামুত্র চ তস্য মহত্ত্বমেবাস্তীত্যাহ—প্রাপ্যেতি। উষিত্বা বাসং কৃত্বা শাশ্বতীঃ সমাঃ নিত্যান্ বৎসরান্ যোগভ্রষ্টো রাগী চেদল্পকালাভ্যস্তযোগশ্চেৎ শ্রীমতাং গেহে জায়তে। তত্রাপি শ্রীমানধো গচ্ছতীত্যাশঙ্ক্য শুচীনামিত্যুক্তম্। শুচয়ো হি সৎকার্য্যেষ্বেব শ্রিয়মুপযুঞ্জানাঃ পূর্ব্বাপেক্ষয়া মহত্তরং স্থানমাসাদয়ন্তীত্যর্থঃ ॥৭১॥ স যোগী বিরক্তশ্চিরাভ্যস্তযোগো বা চেত্তস্য গতিমাহ—অথবেতি ॥৪২॥ তত্র

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন! সেই যোগভ্রষ্ট লোকের ইহলোকেও অধঃপাত হয় না, পরলোকেও অধঃপাত হয় না। কারণ, শুভকারী কোন লোকই দুর্গতি ভোগ করে না ॥৪০॥

তাৎপর্য্য—যে লোক ধ্যানে প্রবৃত্ত হইয়া আবার কোন কারণে তাহা হইতে ভ্রষ্ট হইয়া পড়ে, তাহারও সেই সৎকার্য্য করার জন্যই কোন দুর্গতি হয় না ॥৪০॥

অল্পকালিক যোগভ্রষ্ট লোক ধার্ম্মিকদিগের লভ্য স্বর্গ লাভ করিয়া এবং সেখানে দীর্ঘকাল থাকিয়া সদাচারসম্পন্ন ধনিগণের গৃহে আসিয়া জন্ম গ্রহণ করেন ॥৪১॥

তাৎপর্য্য—যোগের এতই মহিমা যে, যোগে সিদ্ধিলাভ করিতে পারিলে মুক্তি হয় এবং যোগ হইতে ভ্রষ্ট হইলেও প্রথমে স্বর্গ, তৎপরে উত্তম গৃহে জন্ম হইয়া থাকে ॥৪১॥

তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্ ।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ।।৪৩।।
পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ।।৪৪।।

ভাবতকৌমুদী

নম্বু শুচিধনিগৃহে জন্মাপেক্ষয়া ধীমদ্‌যোগিকুলে জন্মন উৎকর্ষঃ কুত ইত্যাহ—তত্রেতি। হে কুরুনন্দন। তত্র ধীমদ্‌যোগিকুলে জন্মনি, পৌর্ব্বদেহিকং তং বুদ্ধিসংযোগং যোগবিষয়কবুদ্ধি-সম্বন্ধম্, লভতে, স দীর্ঘকালিকযোগভ্রষ্ট ইতি শেষঃ। ততশ্চ ভূয়ঃ পুনরপি সংসিদ্ধৌ সম্যগ্-যোগসিদ্ধৌ মোক্ষে যততে তদভ্যাসাদিনা ।।৪৩।।

অথ কথং সংসিদ্ধৌ যতত ইত্যাহ—পূর্ব্বেতি। তেনৈব, পূর্ব্বঃ পূর্ব্বজন্মসম্বন্ধী যঃ অভ্যাসঃ পুনঃপুনর্যোগানুশীলনং তেন তজ্জনিতসংস্কারেণ, অবশোঽপি বিষয়াধীনোঽপি, স দীর্ঘকালিক-যোগভ্রষ্টঃ, হ্রিয়তে হি যোগমার্গে আকৃষ্যত এব। তদা চাসৌ, যোগস্য স্বরূপাদিকমিতি শেষঃ, জিজ্ঞাসুরপি গুরোঃ সকাশাজ্‌জ্ঞাতুমিচ্ছুরপি সন্, শব্দব্রহ্ম শব্দময়ং ব্রহ্ম কর্ম্মপ্রতিপাদকং বেদমিত্যর্থঃ, অতিবর্ত্ততে অতিক্রামতি, "অহরহঃ সন্ধ্যামুপাসীত" ইত্যাদিবেদবিধিমতিক্রম্য কর্ম্মসন্ন্যাসেন মোক্ষলাভায় যোগ এব প্রবর্ত্ততে পূর্ব্বসংস্কারবশাদেবেত্যাশয়ঃ ।।৪৪।।

ভাবতভাবদীপঃ

দ্বিবিধেঽপি জন্মনী পৌর্ব্বদেহিকং পূর্ব্বদেহপ্রাপ্তং বুদ্ধিসংযোগম্। যাবতী চ যোগভূমিঃ পূর্ব্ব-জন্মনি জিতা তত্র চ যাবান্ বুদ্ধিলাভো জাতস্তাবন্তং বুদ্ধিসংযোগং পূর্ব্বাভ্যাসাদল্পেনৈবা-ভ্যাসেন লভতে তস্মাদপি ভূয়স্যাং বহ্ব্যাং সংসিদ্ধৌ ঊর্দ্ধ্বভূমিলাভার্থমিত্যর্থঃ। যততে যত্নং করোতি ।।৪৩।। কুতো যততেঽশিক্ষিতোঽপীত্যত আহ—পূর্ব্বেতি। অবশোঽপি প্রহ্লাদাদিবৎ পিত্রাদিভিরন্যথানীয়মানোঽপি তেনৈব পূর্ব্বাভ্যাসেন বলবতা হ্রিয়তে যোগপ্রবণঃ ক্রিয়তে।

আর দীর্ঘকালিক-যোগভ্রষ্ট লোক আসিয়া জ্ঞানী যোগীদের বংশেই উৎপন্ন হন। এই প্রকার যে জন্ম, তাহা জগতে অতিদুর্লভই বটে ।।৪২।।

তাৎপর্য্য—সদাচারসম্পন্ন ধনিগণের গৃহে (অল্পকালিক যোগভ্রষ্টের) যে জন্ম বলা হইয়াছে, তাহাও দুর্লভ বটে, তবে তাহা অপেক্ষাও জ্ঞানী যোগীদের বংশ (দীর্ঘকালিক-যোগভ্রষ্টের) জন্ম অধিক দুর্লভ, ইহা বুঝাইবার জন্যই "দুর্লভতরম্" এই 'তর' প্রত্যয় করা হইয়াছে। সে অধিকদুর্লভত্বের কারণ পরে বলা হইতেছে ।৪২।

কারণ, সেই দীর্ঘকালিক-যোগভ্রষ্ট লোক সেই জন্মে পূর্ব্বদেহসম্বন্ধ সেই যোগবুদ্ধি লাভ করেন। কুরুনন্দন! তাহার পর তিনি পুনর্বার যোগে সম্যক্ সিদ্ধিলাভের জন্য যত্ন করিতে থাকেন ।।৪৩।।

তাৎপর্য্য—যোগী পূর্ব্বজন্মে যে যোগাভ্যাস করিয়াছিলেন, তাহাতে তাঁহার একটা সংস্কার জন্মাইয়াছিল, সেই সংস্কারবশতই সেই যোগভ্রষ্ট লোক ইহজন্মে প্রথমে বিনা উপদেশেই যোগ করিবার ইচ্ছা করেন, পরে সেই যোগে সিদ্ধি অর্থাৎ মুক্তি লাভ করিবার জন্য চেষ্টা করিতে থাকেন ।৪৩।

প্রযত্নাদ্যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্ ॥৪৫॥
তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্যোগী ভবার্জ্জুন! ॥৪৬॥

ভাবতকৌমুদী

নন্বিত্থং যোগভ্রষ্টস্য পরমপুরুষার্থলাভে কতিজন্মাতিক্রমণমাবশ্যকমিত্যাহ—প্রযত্নাদিতি। প্রযত্নাৎ পূর্ব্বপূর্ব্বজন্মকৃতাদপি প্রকৃষ্টযত্নাৎ, পরপরজন্মনি অধিকমধিকং যতমানস্তু, যোগী প্রাগ্‌ভবীয়ধ্যানযোগবান্, সংশুদ্ধকিল্বিষ ইহ জন্মন্যপি তৎসংস্কারপ্রাপ্তযোগেন নষ্টপাপঃ, অনেকৈঃ কপিঞ্জলন্যায়েন ত্রিভির্জন্মভিঃ সংসিদ্ধো লব্ধতত্ত্বজ্ঞানঃ সন্, ততো জ্ঞানাদেব, পরামুত্তমাম্, গতিং স্থানং মুক্তিমিত্যর্থঃ, যাতি প্রাপ্নোতি। "তীব্রসংবেগানামাসন্নঃ" ইতি পাতঞ্জলসূত্রমপ্যত্র প্রমাণম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

